ভরতনন্দন! জয়দ্রথ সমস্ত সৈন্যের পিছনে রহিলেন; আর মহাধনুর্দ্ধর কৃপপ্রভৃতি রথীরা তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন ॥৪৮॥

রাজা! দুই জন মহাবীর সেই সিন্ধুরাজের চক্ররক্ষক হইলেন; দক্ষিণে অশ্বত্থামা রহিলেন, আর বামে কর্ণ থাকিলেন ॥৪৯॥

নীতিমন্তো মহেষ্বাসাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ।
সৈন্ধবস্য বিধায়ৈবং রক্ষাং যুযুধিরে ততঃ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ।

—ঃ-০-ঃ—

সঞ্জয় উবাচ।

রাজন্! সংগ্রামমাশ্চর্য্যং শৃণু কীর্ত্তয়তো মম।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ যথা যুদ্ধমবর্ত্তত ॥১॥
ভারদ্বাজং সমাসাদ্য ব্যূহস্য প্রমুখে স্থিতম্।
অযোধয়ন্ রণে পার্থা দ্রোণানীকং বিভিৎসবঃ ॥২॥

ভারতকৌমুদী

নীতীতি। নীতিমন্তো যুদ্ধনীতিজ্ঞাঃ, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

রাজন্নিতি। কীর্ত্তয়তঃ তথা ব্রুবতো মম সকাশাৎ ॥১॥

ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্। প্রমুখে সম্মুখে। বিভিৎসবো ভেত্তুমিচ্ছবঃ ॥২॥

ভূরিশ্রবাপ্রভৃতি বীরগণ এবং কৃপ, বৃষসেন, শল ও দুর্জয় শল্য জয়দ্রথের পৃষ্ঠরক্ষক হইলেন ॥৫০॥

যুদ্ধনীতিজ্ঞ, মহাধনুর্দ্ধর ও যুদ্ধবিশারদ সেই বীরেরা সকলে এইভাবে জয়দ্রথের রক্ষাবিধান করিয়া তাহার পরে যুদ্ধ করিতে লাগিলেন' ॥৫১॥

—ঃ০ঃ—

সঞ্জয় বলিলেন—'রাজা! তখন কৌরব ও পাণ্ডবগণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা আমি বলিতেছি; আপনি সেই আশ্চর্য্য যুদ্ধের বিষয় শ্রবণ করুন ॥১॥

* '…ত্রিনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

রক্ষমাণঃ স্বকং ব্যূহং দ্রোণোঽপি সহসৈনিকঃ।
অযোধয়দ্রণে পার্থান্ প্রার্থয়ানো মহদ্‌যশঃ ॥৩॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বিরাটং দশভিঃ শরৈঃ।
আজঘ্নতুঃ সুসংক্রুদ্ধৌ তব পুত্রহিতৈষিণৌ ॥৪॥
বিরাটশ্চ মহারাজ! তাবুভৌ সমরে স্থিতৌ।
পরাক্রান্তৌ পরাক্রম্য যোধয়ামাস সানুগৌ ॥৫॥
তেষাং যুদ্ধং সমভবদ্দারুণং শোণিতোদকম্।
সিংহস্য দ্বিপমুখ্যাভ্যাং প্রভিন্নাভ্যাং যথা বনে ॥৬॥
বাহ্লীকং রভসং যুদ্ধে যাজ্ঞসেনির্মহাবলঃ।
আজঘ্নে বিশিখৈর্ঘোরৈস্তীক্ষ্ণৈর্মর্ম্মাস্থিভেদিভিঃ ॥৭॥

ভারতকৌমুদী

রক্ষেতি। পার্থান্ পাণ্ডবান্, প্রার্থয়ানঃ প্রার্থয়মানঃ ॥৩॥

বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ ॥৪॥

বিরাট ইতি। পরাক্রম্য বিশেষশক্তিং প্রকাশ্য। সানুগৌ অনুচরসহিতৌ ॥৫॥

তেষামিতি। শোণিতমুদকমিব চলিতং যত্র তৎ। প্রভিন্নাভ্যাং মদস্রাবিভ্যাম্ ॥৬॥

বাহ্লীকমিতি। রভসং বেগবন্তম্, যাজ্ঞসেনিঃ শিখণ্ডী তথৈব প্রাগুক্তেঃ ॥৭॥

পাণ্ডবেরা দ্রোণসৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া ব্যূহের সম্মুখে স্থিত দ্রোণের নিকটে যাইয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥২॥

দ্রোণও সৈন্যগণের সহিত মিলিত হইয়া মহাযশ প্রার্থনা করিয়া আপন ব্যূহ রক্ষা করতঃ পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩॥

আপনার পুত্রের হিতৈষী অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দশটা বাণদ্বারা বিরাটরাজাকে আঘাত করিলেন ॥৪॥

মহারাজ! বিরাটরাজাও পরাক্রম প্রকাশ করিয়া অনুচরসমন্বিত ও পরাক্রমশালী সমরস্থিত সেই দুই জনকেই প্রহার করিতে লাগিলেন ॥৫॥

তখন বনমধ্যে মদস্রাবী দুইটা শ্রেষ্ঠ হস্তীর সহিত সিংহের যেমন দারুণ যুদ্ধ হয়, সেইরূপ তাঁহাদের দারুণ যুদ্ধ হইতে লাগিল। তৎকালে জলের ন্যায় রক্তের প্রবাহ ছুটিল ॥৬॥

মহাবল শিখণ্ডী ভয়ঙ্কর, তীক্ষ্ণ ও মর্ম্মাস্থিভেদী বাণসমূহদ্বারা যুদ্ধে বেগবান্ বাহ্লীককে আঘাত করিলেন ॥৭॥

(৩)···সহ সৈনিকৈঃ···নি।

বাহ্লীকো যাজ্ঞসেনিস্তু হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
আজঘান ভৃশং ক্রুদ্ধো নবভির্নতপর্ব্বভিঃ ॥৮॥
তদ্‌যুদ্ধমভবদ্‌ঘোরং শরশক্তিসমাকুলম্।
ভীরূণাং ত্রাসজননং শূরাণাং হর্ষবর্দ্ধনম্ ॥৯॥
তাভ্যাং তত্র শরৈর্মুক্তৈরন্তরীক্ষং দিশস্তথা।
অভবৎ সংবৃতং সর্ব্বং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥১০॥
শৈব্যো গোবাসনো যুদ্ধে কাশ্যপুত্রং মহারথম্।
সসৈন্যো যোধয়ামাস গজঃ প্রতিগজং যথা ॥১১॥
বাহ্লীকরাজঃ সংক্রুদ্ধো দ্রৌপদেয়ান্ মহারথান্।
মনঃ পঞ্চেন্দ্রিয়াণীব শুশুভে যোধয়ন্ রণে ॥১২॥
অযোধয়ংস্তে সুভৃশং তং শরৌঘৈঃ সমন্ততঃ।
ইন্দ্রিয়ার্থা যথা দেহং শশ্বদ্দেহভৃতাং বর ! ॥১৩॥

ভারতকৌমুদী

বাহ্লীক ইতি। হেমপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। নবভিঃ শরৈরিতি শেষঃ ॥৮॥
তদিতি। শরৈঃ শক্তিভিশ্চ সমাকুলং ব্যাপ্তম্ ॥৯॥
তাভ্যামিতি। ন প্রাজ্ঞায়ত নাদৃশ্যত অন্ধকারাবরণাৎ ॥১০॥
শৈব্য ইতি। শৈব্যঃ শিবিদেশীয়ঃ, গোবাসনো নাম, কাশ্যপুত্রং কাশীরাজপুত্রম্ ॥১১॥
বাহ্লীকেতি। অপরোঽয়ং বাহ্লীকরাজঃ, দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥১২॥

বাহ্লীকও অত্যন্তক্রুদ্ধ হইয়া স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত ও নতপর্ব নয়টা বাণদ্বারা শিখণ্ডীকে প্রহার করিলেন ॥৮॥

শর ও শক্তিসমাকুল সেই যুদ্ধ ভয়ঙ্করভাবে হইতে লাগিল এবং সে যুদ্ধ ভীরুজনের ভয় ও বীরজনের আনন্দবর্দ্ধন করিতে থাকিল ॥৯॥

তাঁহাদের নিক্ষিপ্ত বাণসমূহে আকাশ ও সমস্ত দিক্ আবৃত হইয়া গেল। সুতরাং তখন কিছুই দেখা গেল না ॥১০॥

হস্তী যেমন অপর হস্তীর সহিত যুদ্ধ করে, সেইরূপ শিবিরাজ গোবাসন সৈন্যগণের সহিত মিলিত হইয়া মহারথ কাশীরাজের পুত্রের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১১॥

মন যেমন পঞ্চ ইন্দ্রিয়ের সহিত যুদ্ধ করিতে থাকিয়া শোভা পায়, সেইরূপ ক্রুদ্ধ বাহ্লীকরাজ দ্রৌপদীর পঞ্চ মহারথ পুত্রের সহিত যুদ্ধ করিতে থাকিয়া শোভা পাইতে থাকিলেন ॥১২॥

(১৩)···ইন্দ্রিয়াণি যথা দেহম্···নি।

বার্ষ্ণেয়ং সাত্যকিং যুদ্ধে পুত্রো দুঃশাসনস্তব।
আজঘ্নে সায়কৈস্তীক্ষ্ণৈর্নবভির্নতপর্ব্বভিঃ ॥১৪॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসো মহেষ্বাসেন ধন্বিনা।
ঈষন্মূর্চ্ছাং জগামাশু সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥১৫॥
সমাশ্বস্তস্তু বার্ষ্ণেয়স্তব পুত্রং মহারথম্।
বিব্যাধ দশভিস্তূর্ণং সায়কৈঃ কঙ্কপত্রিভিঃ ॥১৬॥
তাবন্যোন্যং দৃঢ়ং বিদ্ধাবন্যোন্যশরবিক্ষতৌ।
রেজতুঃ সমরে রাজন্! পুষ্পিতাবিব কিংশুকৌ ॥১৭॥
অলম্বুষস্তু সংক্রুদ্ধঃ কুন্তিভোজশরার্দ্দিতঃ।
অশোভত ভৃশং লক্ষ্ম্যা পুষ্পাঢ্য ইব কিংশুকঃ ॥১৮॥

ভারতকৌমুদী

অযোধয়ন্নিতি। ইন্দ্রিয়ার্থাঃ শব্দস্পর্শরূপরসগন্ধাঃ। শশ্বৎ সর্বদা ॥১৩॥
বার্ষ্ণেয়মিতি। বার্ষ্ণেয়ং বৃষ্ণিবংশীয়ম্। নতপর্ব্বভিঃ ঈষদ্বক্রোপাঙ্গৈঃ ॥১৪॥
স ইতি। মহেষ্বাসেন মহাধনুর্দ্ধরতয়া প্রসিদ্ধেন, ধন্বিনা তদানীং ধনুষ্মতা ॥১৫॥
সমাশ্বস্ত ইতি। বার্ষ্ণেয়ঃ সাত্যকিঃ। কঙ্কস্য পক্ষিণঃ পত্রাণি পক্ষা এষাং সন্তীতি তৈঃ ॥১৬॥
তাবিতি। বিদ্ধৌ তাড়িতৌ। পুষ্পিতৌ সঞ্জাতপুষ্পৌ ॥১৭॥
অলম্বুষ ইতি। লক্ষ্ম্যা রক্তশোভয়া ॥১৮॥

দেহধারিশ্রেষ্ঠ! আবার পঞ্চ ইন্দ্রিয়বিষয় যেমন সর্ব্বদা দেহের সহিত যুদ্ধ করে, সেইরূপ দ্রৌপদীর পঞ্চ পুত্রও সকল দিক্ হইতে বাণসমূহদ্বারা বাহ্লীকরাজের সহিত গুরুতর যুদ্ধ করিতে লাগিলেন ॥১৩॥

আপনার পুত্র দুঃশাসন তীক্ষ্ণ ও নতপর্ব নয়টা বাণদ্বারা যুদ্ধে বৃষ্ণিবংশীয় সাত্যকিকে আঘাত করিলেন ॥১৪॥

মহাধনুর্দ্ধর বলিয়া প্রসিদ্ধ এবং তৎকালে ধনুঃসমন্বিত দুঃশাসন অত্যন্ত বিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর ও যথার্থবিক্রমশালী সাত্যকি সত্বর অল্প মূর্চ্ছিত হইলেন ॥১৫॥

পরক্ষণেই তিনি সুস্থ হইয়া সত্বর কঙ্কপক্ষযুক্ত দশটা বাণদ্বারা আপনার পুত্র মহারথ দুঃশাসনকে বিদ্ধ করিলেন ॥১৬॥

রাজা! তখন তাঁহারা পরস্পর দৃঢ় বিদ্ধ ও পরস্পর বাণবিক্ষত হইয়া পুষ্পযুক্ত দুইটা পলাশবৃক্ষের ন্যায় সমরাঙ্গনে শোভা পাইতে লাগিলেন ॥১৭॥

(১৫) সোঽতিবিদ্ধো বলবতা...বা নি। (১৭)...অন্যোন্যশরপীড়িতৌ...বা নি।

কুন্তিভোজং তথা বিদ্ধা রক্ষো বহুভিরাশুগৈঃ।
অনদদ্ভৈরবং নাদং বাহিন্যাঃ প্রমুখে তব ॥১৯॥
ততস্তৌ সমরে শূরৌ যোধয়ন্তৌ পরস্পরম্।
দদৃশুঃ সর্বসৈন্যানি শক্রজম্ভৌ যথা পুরা ॥২০॥
শকুনিং রভসং যুদ্ধে কৃতবৈরঞ্চ ভারত!।
মাদ্রীপুত্রৌ সুসংরব্ধৌ শরৈরার্দ্দয়তাং ভৃশম্ ॥২১॥
তুমুলঃ সুমহান্ রাজন্! প্রাবর্ত্তত জনক্ষয়ঃ।
ত্বয়া সংজনিতো রাজন্! কর্ণেন চ বিবর্দ্ধিতঃ ॥২২॥
রক্ষিতস্তব পুত্রৈশ্চ ক্রোধমূলো হুতাশনঃ।
য ইমাং পৃথিবীং রাজন্! দগ্ধুং সর্বাং সমুদ্যতঃ ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কুন্তীতি। রক্ষো রাক্ষসোঽলম্বুষঃ, আশুগৈর্বাণৈঃ। অনদদকরোৎ ॥১৯॥
তত ইতি। সর্বসৈন্যানি কর্ত্তৃণি, শক্রজম্ভৌ ইন্দ্রজম্ভাসুরৌ ॥২০॥
শকুনিমিতি। রভসং বেগবন্তম্, কৃতবৈরং কপটদ্যূতক্রীড়য়া। সুসংরব্ধাবতীবক্রুদ্ধৌ ॥২১॥
তুমুল ইতি। সংজনিতো দ্যূতক্রীড়ানুমোদনাৎ, বিবর্দ্ধিতঃ প্রোৎসাহনাৎ। রক্ষিতো দ্রৌপদ্যা বস্ত্রহরণাদিতঃ। হুতাশনশ্চ প্রাবর্ত্ততেত্যনুবৃত্তিঃ যো হুতাশনঃ ॥২২—২৩॥

ভারতভাবদীপঃ

রাজন্নিতি ॥১—২২॥ হুতাশনঃ প্রাবর্ত্ততেত্যনুষজ্যতে ॥২৩—৩১॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৩॥

ওদিকে অলম্বুষ কুন্তিভোজের বাণে পীড়িত ও ক্রুদ্ধ হইয়া পুষ্পসমন্বিত পলাশবৃক্ষের ন্যায় রক্তশোভায় বিশেষ শোভিত হইল ॥১৮॥

পরে অলম্বুষ বহুতর বাণদ্বারা কুন্তিভোজকে বিদ্ধ করিয়া আপনার সৈন্যের সম্মুখে ভয়ঙ্কর গর্জন করিতে লাগিল ॥১৯॥

তদনন্তর পূর্বকালে সমস্ত দেবাসুরসৈন্য যেমন ইন্দ্র ও জম্ভাসুরকে দেখিয়াছিল, সেইরূপ দুই পক্ষের সমস্ত সৈন্যই পরস্পর যুধ্যমান বীর কুন্তীভোজ ও অলম্বুষকে দেখিতে থাকিল ॥২০॥

ভরতনন্দন! অন্যদিকে অত্যন্তক্রুদ্ধ নকুল ও সহদেব বাণদ্বারা বেগবান্ ও কৃতবৈর শকুনিকে গুরুতর পীড়ন করিতে লাগিলেন ॥২১॥

রাজা! তৎকালে তুমুল ও গুরুতর লোকক্ষয় হইতে লাগিল। কারণ,

(১৯) কুন্তিভোজং ততো রক্ষো বিদ্ধা বহুভিরায়সৈঃ···বা নি। (২১)···মাদ্রীপুত্রৌ চ সংরব্ধৌ শরৈশ্চার্দ্দয়তাং ভৃশম্—বা নি। (২২)···ত্বয়া সংজনিতোঽত্যর্থম্···বা নি।

শকুনিঃ পাণ্ডুপুত্রাভ্যাং কৃতঃ স বিমুখঃ শরৈঃ।
ন স্ম জানাতি কর্ত্তব্যং যুদ্ধে কিঞ্চিৎ পরাক্রমম্ ॥২৪॥
বিমুখঞ্চৈনমালোক্য মাদ্রীপুত্রৌ মহারথৌ।
ববর্ষতুঃ পুনর্বাণৈর্যথা মেঘৌ মহাগিরিম্ ॥২৫॥
স বধ্যমানো বহুভিঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
সংপ্রায়াজ্জবনৈরশ্বৈর্দ্রোণানীকায় সৌবলঃ ॥২৬॥
ঘটোৎকচস্তথা শূরো রাক্ষসং তং হ্বলায়ুধম্।
অভ্যয়াদ্রভসং যুদ্ধে বেগমাস্থায় মধ্যমম্ ॥২৭॥
তয়োর্যুদ্ধং মহারাজ! চিত্ররূপমিবাভবৎ।
যাদৃশন্তু পুরা বৃত্তং রামরাবণয়োর্মৃধে ॥২৮॥

ভারতকৌমুদী

শকুনিরিতি। পাণ্ডুপুত্রাভ্যাং নকুলসহদেবাভ্যাম্। ন জানাতি ন বুধ্যতে স্ম ॥২৪॥
বিমুখমিতি। এনং শকুনিম্। ববর্ষতুরিতি বর্ষ এব ধাতুঃ পরস্মৈপদঞ্চার্যম্ ॥২৫॥
স ইতি। বধ্যমান আহন্যমানঃ। জবনৈর্বেগবদ্ভিঃ। সৌবলঃ শকুনিঃ ॥২৬॥
ঘটোৎকচ ইতি। রভসং বেগবন্তম্। মধ্যমং বেগমাস্থায় অনাস্থয়া ॥২৭॥
তয়োরিতি। চিত্ররূপমাশ্চর্য্যপ্রকারম্। বৃত্তং ভূতম্। মৃধে রণস্থলে ॥২৮॥

রাজা! প্রথমে আপনি উৎপাদন করেন, কর্ণ বর্দ্ধিত করেন এবং আপনার পুত্রেরা অক্ষুণ্ণ রাখেন, এ হেন ক্রোধাগ্নি জ্বলিতেছিল; রাজা! যে ক্রোধাগ্নি এই সমগ্র পৃথিবীটাকেই দগ্ধ করিতে উদ্যত হইয়াছিল ॥২২—২৩॥

শকুনি পরাক্রম প্রকাশ করিতে থাকিলেও নকুল এবং সহদেব বাণদ্বারা তাঁহাকে পরাঙ্মুখ করিলেন। তখন শকুনি যুদ্ধে কোন কর্ত্তব্য নিশ্চয় করিতে পারিলেন না ॥২৪॥

মহারথ নকুল ও সহদেব শকুনিকে পরাঙ্মুখ দেখিয়া—দুইটা মেঘ যেমন বিশাল পর্ব্বতের উপরে বারি বর্ষণ করে, সেইরূপ শকুনির উপরে শর বর্ষণ করিতে লাগিলেন ॥২৫॥

নকুল ও সহদেব বহুতর নতপর্ব্ব বাণদ্বারা আঘাত করিতে লাগিলে, শকুনি বেগবান্ অশ্বের গুণে বেগে দ্রোণসৈন্যের দিকে চলিয়া গেলেন ॥২৬॥

আর এক দিকে বীর ঘটোৎকচ মধ্যম বেগ অবলম্বন করিয়া মহাবেগে সেই রাক্ষস অলায়ুধের দিকে চলিল ॥২৭॥

(২৫)···কিঞ্চিৎ পরাক্রমম্—বা নি। (২৬) বিমুখঞ্চৈবমালোক্য · বঙ্গ বর্দ্ধ।

ততো যুধিষ্ঠিরো রাজা মদ্ররাজানমাহবে।
বিদ্ধা পঞ্চাশতা বাণৈঃ পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥২৯॥
তয়োঃ প্রববৃতে যুদ্ধং রাজ্ঞোরত্যদ্ভুতং নৃপ ! ।
যথা পূর্বং মহদ্‌যুদ্ধং শম্বরামররাজয়োঃ ॥৩০॥
বিবিংশতিশ্চিত্রসেনো বিকর্ণশ্চ তবাত্মজঃ।
অযোধয়ন্ ভীমসেনং মহত্যা সেনয়া বৃতাঃ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ভারতকৌমুদী

তত ইতি। মদ্ররাজানং শল্যম্। অদন্তত্বাভাব আর্ষঃ ॥২৯॥

তয়োরিতি। শম্বরামররাজয়োঃ শম্বরাসুরেন্দ্রয়োঃ ॥৩০॥

বিবিংশতিরিতি। অযোধয়ন্ প্রাহরন্। "যুধ সম্প্রহারে" স্বার্থে ইন্ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

মহারাজ! পূর্ব্বকালে রণস্থলে রাম ও রাবণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ ঘটোৎকচ এবং অলায়ুধেরও যেন বিচিত্ররূপ যুদ্ধ হইতে লাগিল ॥২৮॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির পঞ্চাশটা বাণদ্বারা যুদ্ধে শল্যকে বিদ্ধ করিয়া পুনরায় সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২৯॥

রাজা! পূর্ব্বকালে ইন্দ্র ও শম্বরাসুরের যেরূপ মহাযুদ্ধ হইয়াছিল, তৎকালে শল্য ও যুধিষ্ঠিরের সেইরূপ অত্যাশ্চর্য্য মহাযুদ্ধ হইতে থাকিল ॥৩০॥

মহারাজ! অন্যদিকে আপনার পুত্র বিবিংশতি, চিত্রসেন ও বিকর্ণ বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া ভীমসেনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন' ॥৩১॥

———০:::০———

* '...চতুর্নবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, 'ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

চতুরশীতিতমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

তথা তস্মিন্ প্রবৃত্তে তু সংগ্রামে রোমহর্ষণে।
কৌরবেয়াংস্ত্রিধা ভূতান্ পাণ্ডবাঃ সমুপাদ্রবন্ ॥১॥
জলসন্ধং মহাবাহুং ভীমসেনোঽভ্যবৰ্ত্তত।
যুধিষ্ঠিরঃ সহানীকঃ কৃতবর্ম্মাণমাহবে ॥২॥
কিরংস্তু শরবর্ষাণি রোচমান ইবাংশুমান্।
ধৃষ্টদ্যুম্নো মহারাজ! দ্রোণমভ্যদ্রবদ্রণে ॥৩॥
ততঃ প্রববৃতে যুদ্ধং ত্বরতাং সর্ব্বধন্বিনাম্।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ সংক্রুদ্ধানাং পরস্পরম্ ॥৪॥
সংক্ষয়ে তু তথা ভূতে বৰ্ত্তমানে মহাভয়ে।
দ্বন্দ্বীভূতেষু সৈন্যেষু যুধ্যমানেষ্বভীতবৎ ॥৫॥

ভারতকৌমুদী

প্রাগুক্তং স্মরয়তি তথেতি। ত্রিধা ভূতান্ জলসন্ধকৃতবর্ম্মদ্রোণানাশ্রিত্য ভাগত্রয়েণ বিভক্তান্ ॥১॥

জলেতি। সহানীকঃ সসৈন্যঃ, আহবে রণস্থলে ॥২॥

কিরন্নিতি। কিরন্ বিক্ষিপন্, রোচমানো দীপ্যমানঃ, অংশুমান্ কিরণবান্ সূর্য্যঃ ॥৩॥

তত ইতি। ত্বরতাং প্রহারায় ত্বরমাণানাম্ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই রোমহর্ষণ যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, তিন ভাগে বিভক্ত কৌরবসৈন্যগণের প্রতি পাণ্ডবেরা ধাবিত হইলেন ॥১॥

ভীমসেন মহাবাহু জলসন্ধের দিকে চলিলেন এবং যুধিষ্ঠির সৈন্যগণের সহিত মিলিত হইয়া কৃতবর্ম্মার দিকে গমন করিলেন ॥২॥

মহারাজ! আর ধৃষ্টদ্যুম্ন বাণ বর্ষণ করিতে থাকিয়া কিরণযুক্ত দীপ্যমান সূর্য্যের ন্যায় দ্রোণের প্রতি ধাবিত হইলেন ॥৩॥

তদনন্তর পরস্পর ক্রুদ্ধ, ত্বরান্বিত ও ধনুর্দ্ধারী কৌরবগণ ও পাণ্ডবগণের যুদ্ধ উপস্থিত হইল ॥৪॥

দ্রোণঃ পাঞ্চালপুত্রেণ বলী বলবতা সহ।
যদক্ষিপৎ পৃষৎকৌঘাংস্তদদ্ভুতমিবাভবৎ ॥৬॥ (যুগ্মকম্)
পুণ্ডরীকবনানীব বিধ্বস্তানি সমন্ততঃ।
চক্রাতে দ্রোণপাঞ্চাল্যৌ নৃণাং শীর্ষাণ্যনেকশঃ ॥৭॥
বিনিকীর্ণানি বীরাণামনীকেষু সমন্ততঃ।
বস্ত্রাভরণশস্ত্রাণি ধ্বজবর্ম্মায়ুধানি চ ॥৮॥
তপনীয়বিচিত্রাঙ্গাঃ সংসিক্তা রুধিরেণ চ।
সংসক্তা ইব দৃশ্যন্তে মেঘসংঘাঃ সবিদ্যুতঃ ॥৯॥
কুঞ্জরাশ্বনরানন্যে পাতয়ন্তি স্ম পত্রিভিঃ।
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহারথাঃ ॥১০॥
অসিচর্ম্মাণি চাপানি শিরাংসি কবচানি চ।
বিপ্রকীর্য্যন্ত শূরাণাং সংপ্রহারে মহাত্মনাম্ ॥১১॥

ভারতকৌমুদী

সংক্ষয় ইতি। দ্বন্দ্বীভূতেষু একৈকেন সহ একৈকভাবেন মিলিতেষু। পৃষৎকা বাণাঃ ॥৫-৬॥

পুণ্ডেতি। পুণ্ডরীকাণাং পদ্মানাং বনানি। চক্রাতে চিচ্ছিদতুঃ। "কৃঞ্ হিংসায়াম্" ইত্যস্য রূপম্ ॥৭॥

বিনীতি। বিনিকীর্ণানি বীরৈশ্ছিত্ত্বা বিক্ষিপ্তানি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু ॥৮॥

তপনীয়েতি। তপনীয়ৈঃ স্বর্ণভূষণৈর্বিচিত্রাণি অঙ্গানি যেষাং তে ॥৯॥

কুঞ্জরেতি। পত্রিভির্বাণৈঃ। তালমাত্রাণি হস্তচতুষ্টয়প্রমাণানি ॥১০॥

সেইরূপ মহাভীষণ লোকক্ষয় চলিতে লাগিলে এবং উভয়পক্ষের সৈন্যেরা দুই দুই হইয়া নির্ভয়ের ন্যায় যুদ্ধ করিতে থাকিলে, বলশালী দ্রোণ বলবান্ ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইয়া যে বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন, তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইতে থাকিল ॥৫—৬॥

দ্রোণ ও ধৃষ্টদ্যুম্ন সকল দিকে বিধ্বস্ত পদ্মসমূহের ন্যায় সৈন্যগণের অনেক মস্তক ছেদন করিলেন ॥৭॥

বীরগণের বস্ত্র, অলঙ্কার, অস্ত্র, শস্ত্র, ধ্বজ ও বর্ম্ম সকল সৈন্যমধ্যেই ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতে লাগিল ॥৮॥

স্বর্ণভূষণে বিচিত্রগাত্র ও রুধিরসংসিক্ত বীরগণকে বিদ্যুৎসমন্বিত ও পরস্পর মিলিত মেঘসমূহের ন্যায় দেখা যাইতে থাকিল ॥৯॥

অপর মহারথেরা হস্তচতুষ্টয়প্রমাণ ধনু আকর্ষণ করতঃ বাণদ্বারা হস্তী, অশ্ব ও মনুষ্যগণকে নিপাতিত করিতে লাগিলেন ॥১০॥

উত্থিতান্যগণেয়ানি কবন্ধানি সমন্ততঃ।
অদৃশ্যন্ত মহারাজ! তস্মিন্ পরমসঙ্কুলে ॥১২॥
গৃধ্রাঃ কঙ্কা বলাঃ শ্যেনা বায়সা জম্বুকাস্তথা।
বহবঃ পিশিতাশাশ্চ তত্রাদৃশ্যন্ত মারিষ! ॥১৩॥
ভক্ষয়ন্তশ্চ মাংসানি পিবন্তশ্চাপি শোণিতম্।
বিলুঞ্চন্তঃ স্ম কেশাংশ্চ মজ্জাশ্চ বহুধা নৃপ! ॥১৪॥
আকর্ষন্তঃ শরীরাণি শরীরাবয়বাংস্তথা।
নরাশ্বগজসংঘানাং শিরাংসি চ ততস্ততঃ ॥১৫॥ (বিশেষকম্)
কৃতাস্ত্রা রণশিক্ষাভির্দীক্ষিতাঃ শরশালিনঃ।
রণে জয়ং প্রার্থয়ন্তো ভৃশং যুযুধিরে তদা ॥১৬॥
অসিমার্গান্ বহুবিধান্ বিচেরুঃ সৈনিকা রণে।
ঋষ্টিভিঃ শক্তিভিঃ প্রাসৈঃ শূলতোমরপট্টিশৈঃ ॥১৭॥

ভারতকৌমুদী

অসীতি। বিপ্রকীর্য্যন্ত ব্যক্ষিপ্যন্ত। অড়ভাব আর্ষঃ, সম্প্রহারে রণস্থলে ॥১১॥
উত্থিতানীতি। অগণেয়ানি অসংখ্যেয়ানি। পরমসঙ্কুলে যুদ্ধে ॥১২॥
গৃধ্রা ইতি। পিশিতাশাঃ কুকুরাদয়োঽপি মাংসভোজিনঃ। হে মারিষ! আর্য্য!। বিলুঞ্চন্তঃ অপসারয়ন্ত আকর্ষন্তশ্চ। শরীরাণামবয়বানঙ্গানি ॥১৩—১৫॥
কৃতেতি। কৃতাস্ত্রা আয়ত্তীকৃতাস্ত্রাঃ, দীক্ষিতা যুদ্ধে প্রবৃত্তাঃ ॥১৬॥

সেই যুদ্ধে মহাত্মা বীরগণের অসি, চর্ম্ম, ধনু, মস্তক ও কবচ সকল নানাদিকে বিক্ষিপ্ত হইতে থাকিল ॥১১॥

মহারাজ! সেই পরমসঙ্কুল যুদ্ধে সকল দিকেই অসংখ্য কবন্ধ (মস্তকশূন্য দেহ) উত্থিত হইতেছে দেখা গেল ॥১২॥

মাননীয় রাজা! তখন গৃধ্র, কঙ্ক, বল, শ্যেন, কাক, শৃগাল ও অন্যান্য বহুতর মাংসভোজী জন্তু দৃষ্টিগোচর হইতে লাগিল। তাহারা নানাদিকে মনুষ্য, অশ্ব ও হস্তিগণের মাংসভক্ষণ, রক্ত পান, কেশ অপসারণ, মজ্জা আহরণ এবং শরীর, শরীরাবয়ব ও মস্তক আকর্ষণ করিতে থাকিল ॥১৩—১৫॥

যুদ্ধশিক্ষা করায় অস্ত্রে সুশিক্ষিত, তৎকালে যুদ্ধে প্রবৃত্ত ও প্রচুরবাণসমন্বিত যোদ্ধারা যুদ্ধে জয় প্রার্থনা করতঃ যুদ্ধ করিতে লাগিলেন ॥১৬॥

---

(১৩) গৃধ্রাঃ কঙ্কা বকাঃ···বা নি। (১৪)···বিলুম্পমানাঃ কেশাংশ্চ···বা নি। (১৬) কৃতাস্ত্রা রণদীক্ষাভির্দীক্ষিতাঃ···পি বর্দ্ধ।

গদাভিঃ পরিঘৈশ্চান্যে ব্যায়ুধাশ্চ ভুজৈরপি।
অন্যোন্যং জঘ্নিরে ক্রুদ্ধা যুদ্ধরঙ্গগতা নরাঃ ॥১৮॥ (যুগ্মকম্)
রথিনো রথিভিঃ সার্দ্ধমশ্বারোহাশ্চ সাদিভিঃ।
মাতঙ্গা বরমাতঙ্গৈঃ পাদাতাশ্চ পদাতিভিঃ ॥১৯॥
ক্ষীবা ইবান্যে চোন্মত্তা রঙ্গেষ্বিব চ বারণাঃ।
উচ্চুক্রুশুরথান্যোন্যং জঘ্নুরন্যোন্যমেব চ ॥২০॥
তেষাং যুদ্ধে বর্ত্তমানে ঘোররূপে বিশাংপতে!।
ধৃষ্টদ্যুম্নো হয়ানশ্বৈর্দ্রোণস্য ব্যত্যমিশ্রয়ৎ ॥২১॥
তে হয়াঃ সাধ্বশোভন্ত মিশ্রিতা বাতরংহসঃ।
পারাবতসবর্ণাশ্চ রক্তশোণাশ্চ সংযুগে ॥২২॥

ভারতকৌমুদী

অসীতি। অসিমার্গান্ অসিযুদ্ধপথান্। ব্যায়ুধা অস্ত্রশূন্যাঃ ॥১৭—১৮॥
রথিন ইতি। সাদিভিরশ্বারোহিভিঃ। যুযুধিরে ইতি শেষঃ ॥১৯॥
ক্ষীবা ইতি। ক্ষীবা মত্তাঃ। বারণা গজাঃ। উচ্চুক্রুশুঃ উচ্চরবং চক্রুঃ ॥২০॥
তেষামিতি। ব্যত্যমিশ্রয়ৎ পরস্পরমমেলয়ৎ অতীবাসন্নোঽভবদিত্যর্থঃ ॥২১॥
ত ইতি। পারাবতসবর্ণা ধৃষ্টদ্যুম্নস্য, রক্তানি রুধিরাণীব শোণা লোহিতা দ্রোণস্য ॥২২॥

সৈন্যেরা নানাবিধ অসিযুদ্ধপথে বিচরণ করিতে থাকিল এবং যুদ্ধরঙ্গবর্ত্তী অন্য যোদ্ধারা ক্রুদ্ধ হইয়া ঋষ্টি, শক্তি, প্রাস, শূল, তোমর, পট্টিশ, গদা ও পরিঘদ্বারা, আর অস্ত্রশূন্য বীরেরা কেবল বাহুদ্বারা পরস্পর সংহার করিতে থাকিলেন ॥১৭—১৮॥

রথীরা রথীদের সহিত, অশ্বারোহীরা অশ্বারোহীদের সঙ্গে, গজারোহীরা গজারোহিগণের সহিত এবং পদাতিরা পদাতিদিগের সঙ্গে যুদ্ধ করিতে লাগিল ॥১৯॥

রঙ্গালয়ের ন্যায় সেই রণস্থলে মত্ত ও উন্মত্ত অন্য হস্তিগণ পরস্পর উচ্চরব ও পরস্পর সংহার করিতে থাকিল ॥২০॥

নরনাথ! তাহাদের ভয়ঙ্কর যুদ্ধ চলিতে থাকিলে, ধৃষ্টদ্যুম্ন যাইয়া নিজের অশ্বগুলিকে দ্রোণের অশ্বগুলির সঙ্গে সম্মিলিত করিলেন ॥২১॥

তখন বায়ুর ন্যায় বেগবান্ এবং কপোতের তুল্য ধূসরবর্ণ ধৃষ্টদ্যুম্নের অশ্বগুলি ও রুধিরের সমান রক্তবর্ণ দ্রোণের অশ্বগণ পরস্পর মিলিত হইয়া রণস্থলে বিশেষ শোভা পাইতে লাগিল ॥২২॥

(১৮)…অন্যৈরায়ুধৈশ্চ…বা নি। (২১)…নির্মর্য্যাদে বিশাংপতে!…বা নি।

পারাবতসবর্ণাস্তে রক্তশোণবিমিশ্রিতাঃ।
হয়াঃ শুশুভিরে রাজন্! মেঘা ইব সবিদ্যুতঃ ॥২৩॥
ধৃষ্টদ্যুম্নস্তু সংপ্রেক্ষ্য দ্রোণমভ্যাসমাগতম্।
অসিচর্ম্মাদদে বীরো ধনুরুৎসৃজ্য ভারত! ॥২৪॥
চিকীর্ষুর্দুষ্করং কর্ম্ম পার্ষতঃ পরবীরহা।
ঈশয়া সমতিক্রম্য দ্রোণস্য রথমাবিশৎ ॥২৫॥
অতিষ্ঠদ্‌যুগমধ্যে স যুগসন্নহনেষু চ।
জঘানার্দ্ধেষু চাশ্বানাং তৎ সৈন্যান্যভ্যপূজয়ন্ ॥২৬॥
খড়্গেন চরতস্তস্য শোণাশ্বানধিতিষ্ঠতঃ।
দদর্শ নান্তরং দ্রোণস্তদদ্ভুতমিবাভবৎ ॥২৭॥

ভারতকৌমুদী

উক্তমেবার্থং সাদৃশ্যপ্রদর্শনায় পুনরাহ পারেতি। রক্তশোণৈর্দ্রোণাশ্বৈর্বিমিশ্রিতাঃ ॥২৩॥

ধৃষ্টেতি। অভ্যাসং সমীপম্। আদদে জগ্রাহ ॥২৪॥

চিকীর্ষুরিতি। কর্ম্ম দ্রোণবধম্, পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। ঈশয়া স্বরথস্য উর্দ্ধস্তম্ভপার্শ্বেন। আবিশৎ প্রবেষ্টুমৈচ্ছৎ ॥২৫॥

অতিষ্ঠদিতি। যুগমধ্যে তির্য্যগ্‌দারুমধ্যস্থানে, যুগসন্নহনেষু তৎসংযোগস্থানে ॥২৬॥

খড়্গেনেতি। শোণাশ্বান্ দ্রোণস্য রক্তাশ্বান্। অন্তরং প্রহারাবকাশম্ ॥২৭॥

রাজা! কপোতের ন্যায় ধূসরবর্ণ ধৃষ্টদ্যুম্নের সেই অশ্বগুলি, দ্রোণের রক্তবর্ণ অশ্বগুলির সঙ্গে মিলিত হইয়া বিদ্যুৎসমন্বিত মেঘের তুল্য শোভা পাইতে থাকিল ॥২৩॥

ভরতনন্দন! বীর ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে নিকটবর্ত্তী দেখিয়া ধনু পরিত্যাগ করিয়া অসি ও চর্ম্ম গ্রহণ করিলেন ॥২৪॥

পরে বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন দুষ্কর কার্য্য (দ্রোণবধ) করিবার ইচ্ছায় নিজ রথস্তম্ভের পার্শ্ব দিয়া লাফাইয়া যাইয়া দ্রোণের রথের ভিতরে প্রবেশ করিবার ইচ্ছা করিলেন ॥২৫॥

তখন তিনি নিজরথের যুগকাঠের মধ্যস্থানে এক চরণ ও তাহার সংযোগ-স্থানে অন্য চরণ রাখিয়া দাঁড়াইলেন এবং দ্রোণের অশ্বগুলির মধ্যদেশে তরবারির আঘাত করিলেন; সৈন্যেরা তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিল ॥২৬॥

ধৃষ্টদ্যুম্ন যখন তরবারি লইয়া যাইয়া দ্রোণের রক্তবর্ণ অশ্বগুলির উপরে

(২৬)···জঘানাঙ্গেষু চাশ্বানাম্·· পি,···জঘনার্দ্ধেষু চাশ্বানাম্···নি।

যথা শ্যেনস্য পতনং বনেষামিষগৃদ্ধিনঃ।
তথৈবাসীদভীসারস্তস্য দ্রোণং জিঘাংসতঃ ॥২৮॥
ততঃ শরশতেনাস্য শতচন্দ্রং সমাক্ষিপৎ।
দ্রোণো দ্রুপদপুত্রস্য খড়্গঞ্চ দশভিঃ শরৈঃ ॥২৯॥
অথাস্মৈ ত্বরিতো বাণমপরং জীবিতান্তকম্।
আকর্ণপূর্ণং চিক্ষেপ বজ্রং বজ্রধরো যথা ॥৩০॥
তং চতুর্দ্দশভির্বাণৈর্বাণং চিচ্ছেদ সাত্যকিঃ।
গ্রস্তমাচার্য্যমুখ্যেন ধৃষ্টদ্যুম্নং বিমোচয়ন্ ॥৩১॥
সিংহেনেব মৃগং গ্রস্তং নরসিংহেন মারিষ!।
দ্রোণেন মোচয়ামাস পাঞ্চাল্যং শিনিপুঙ্গবঃ ॥৩২॥

ভারতকৌমুদী

যথেতি। আমিষগৃদ্ধিনো মাংসলোভিনঃ। অভীসার আক্রমণম্ ॥২৮॥
তত ইতি। শতচন্দ্রং শতচন্দ্রচিহ্নযুক্তং চর্ম্ম, সমাক্ষিপৎ ন্যপাতয়ৎ ॥২৯॥
অথেতি। আকর্ণপূর্ণং ধনুষ আকর্ণপূর্ণাকর্ষণপূর্ব্বকম্। বজ্রধর ইন্দ্রঃ ॥৩০॥
তমিতি। আচার্য্যমুখ্যেন দ্রোণেন, বিমোচয়ন্ উদ্ধরন্ ॥৩১॥
সিংহেনেতি। নরসিংহেন মনুষ্যশ্রেষ্ঠেন। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্ ॥৩২॥

পড়িলেন, তখন দ্রোণ তাঁহাকে আঘাত করিবার ফাঁক্ পাইলেন না; তাহা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥২৭॥

বনমধ্যে মাংসলোভী শ্যেনপক্ষীর পতনের ন্যায় দ্রোণজিঘাংসু ধৃষ্টদ্যুম্নের সেই আক্রমণ হইয়াছিল ॥২৮॥

তদনন্তর দ্রোণ একশতবাণদ্বারা ধৃষ্টদ্যুম্নের চর্ম্ম-(ঢাল) খানাকে এবং দশটা বাণদ্বারা তাঁহার তরবারিকে হস্ত হইতে বিচ্যুত করিলেন ॥২৯॥

তদনন্তর ইন্দ্র যেমন বজ্র নিক্ষেপ করেন, সেইরূপ দ্রোণ ত্বরান্বিত হইয়া কর্ণপর্য্যন্ত ধনু আকর্ষণ করিয়া জীবননাশক অন্য একটা বাণ ধৃষ্টদ্যুম্নের প্রতি নিক্ষেপ করিলেন ॥৩০॥

তখন সাত্যকি আচার্য্যশ্রেষ্ঠ দ্রোণের কবলগত ধৃষ্টদ্যুম্নকে মুক্ত করিবার জন্য চৌদ্দটা বাণদ্বারা দ্রোণের সেই বাণটাকে ছেদন করিলেন ॥৩১॥

মাননীয় রাজা! এইভাবে শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি সিংহগ্রস্ত হরিণের ন্যায় নরসিংহ-দ্রোণ-গ্রস্ত ধৃষ্টদ্যুম্নকে মুক্ত করিলেন ॥৩২॥

(৩০)···ধৃষ্টদ্যুম্নায় চিক্ষেপ ··নি। (৩১) তং চতুর্দ্দশভিস্তীক্ষ্ণৈর্বাণৈশ্চিচ্ছেদ· ·ব্যমোচয়ৎ—বা নি। (৩২)···দ্রোণাদ্বৈ···নি।

সাত্যকিং প্রেক্ষ্য গোপ্তারং পাঞ্চাল্যস্য মহাহবে।
শরাণাং ত্বরিতো দ্রোণঃ ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ ॥৩৩॥
ততো দ্রোণং শিনেঃ পৌত্রো গ্রসন্তমিব সৃঞ্জয়ান্।
প্রত্যবিধ্যচ্ছিতৈর্বাণৈঃ ষড়্‌বিংশত্যা স্তনান্তরে ॥৩৪॥
ততঃ সর্ব্বে রথাস্তূর্ণং পাঞ্চালা জয়গৃদ্ধিনঃ।
সাত্বতাভিসৃতে দ্রোণে ধৃষ্টদ্যুম্নমবাক্ষিপন্ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ধৃষ্টদ্যুম্নমোক্ষণে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ভারতকৌমুদী

সাত্যকিমিতি। গোপ্তারং রক্ষিতারম্। সমার্পয়ৎ সাত্যকিমেবাপীড়য়ৎ ॥৩৩॥

তত ইতি। শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৩৪॥

তত ইতি। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ। সাত্বতেন সাত্যকিনা অভিসৃতে আক্রান্তে ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

তথেতি ॥১—৯॥ কুঞ্জরাশ্বনরানিতি কাকাক্ষিবদুভয়ত্র যথাবিভক্তি সংবধ্যতে ॥১০—২৫॥ যুগসন্নহনেষু যুগবন্ধেষু ॥২৬—৩৪॥ অবাক্ষিপন্ অপনীতবন্তঃ ॥৩৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৪॥

——:০:——

সেই সময়ে সাত্যকি মহাযুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে রক্ষা করিলেন দেখিয়া দ্রোণ ত্বরান্বিত হইয়া ছাব্বিশটা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিলেন ॥৩৩॥

এবং দ্রোণ যেন সৃঞ্জয়গণকে গ্রাস করিতে লাগিলেন। সুতরাং সাত্যকিও ছাব্বিশটা বাণদ্বারা দ্রোণের বক্ষস্থল প্রতিবিদ্ধ করিলেন ॥৩৪॥

সাত্যকি দ্রোণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলে, তখন জয়াভিলাষী পাঞ্চাল-দেশীয় রথীরা সকলে সত্বর ধৃষ্টদ্যুম্নকে অপসারিত করিলেন' ॥৩৫॥

———০::০———

(৩৪)···গ্রসন্তমপি ··বা নি। * '···পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···সপ্তনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

ধৃতরাষ্ট্র উবাচ।

বাণে তস্মিন্ নিকৃত্তে তু ধৃষ্টদ্যুম্নে চ মোক্ষিতে।
তেন বৃষ্ণিপ্রবীরেণ যুযুধানেন সঞ্জয়! ॥১॥
অমর্ষিতো মহেষ্বাসঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
নরব্যাঘ্রে শিনেঃ পৌত্রে দ্রোণঃ কিমকরোত্তদা ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

সংপ্রদ্রুতঃ ক্রোধবিষো ব্যাদিতাস্যশরাসনঃ।
তীক্ষ্ণধারেষুদশনঃ শিতনারাচদংষ্ট্রবান্ ॥৩॥
সংরম্ভামর্ষতাম্রাক্ষো মহোরগ ইব শ্বসন্।
নরবীরঃ প্রমুদিতৈঃ শোণৈরশ্বৈর্মহাজবৈঃ ॥৪॥
উৎপতদ্ভিরিবাকাশং ক্রামদ্ভিরিব পর্ব্বতান্।
রুক্মপুঙ্খান্ শরানস্যন্ যুযুধানমুপাদ্রবৎ ॥৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বাণ ইতি। নিকৃত্তে ছিন্নে। যুযুধানেন সাত্যকিনা। শিনেঃ পৌত্রে সাত্যকৌ ॥১—২॥

সংপ্রেতি। অত্র মহোরগ ইবেত্যুপমানুসারাৎ সর্ব্বত্রোপমিতসমাস এব কার্য্যঃ। তথা চ ক্রোধো বিষমিব যস্য সঃ, ব্যাদিতাস্যং প্রকটিতবদনমিব শরাসনমাকৃষ্টং ধনুর্যস্য সঃ, তীক্ষ্ণধারা

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! বৃষ্ণিবংশের প্রধান বীর সেই সাত্যকি দ্রোণের সেই বাণটাকে ছেদন এবং ধৃষ্টদ্যুম্নকে মোচন করিলে, তখন ক্রুদ্ধ, মহাধনুর্দ্ধর ও সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ নরশ্রেষ্ঠ সাত্যকির উপরে কিরূপ আচরণ করিলেন?' ॥১—২॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! নরবীর দ্রোণ তখন ক্রোধে ও অসহিষ্ণুতায় আরক্তনয়ন হইয়া দ্রুতগামী মহাসর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া স্বর্ণ-পুঙ্খ বাণ সকল নিক্ষেপ করতঃ ধৃষ্টদ্যুম্নের প্রতি ধাবিত হইলেন। তৎকালে দ্রোণের ক্রোধ হইয়াছিল বিষের তুল্য, আকৃষ্ট ধনুখানা ছিল—প্রকটিত মুখের

(২)…শিনেঃ পৌত্রম্…নি। (৩) সংপ্রশ্রুতক্রোধবিষঃ…নি। (৫)…আকাশে…পর্বতম্…নি।

শরপাতমহাবর্ষং রথঘোষবলাহকম্।
কার্ম্মুকাকর্ষবিক্ষেপং নারাচবহুবিদ্যুতম্ ॥৬॥
শক্তিখড়্গাশনিধরং ক্রোধবেগসমুত্থিতম্।
দ্রোণমেঘমনাবার্য্যং হয়মারুতচোদিতম্ ॥৭॥
দৃষ্ট্বৈবাভিপতন্তং তং শূরঃ পরপুরঞ্জয়ঃ।
উবাচ সূতং শৈনেয়ঃ প্রহসন্ যুদ্ধদুর্ম্মদঃ ॥৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ইষবো বাণা দশনা দন্তা ইব যস্য সঃ, শিতাঃ সুধারা নারাচা দংষ্ট্রো দংষ্ট্রেব অস্য সন্তীতি সঃ। সংরম্ভেণ ক্রোধেন অমর্ষেণ অসহিষ্ণুতয়া চ তাম্রে তাম্রবর্ণে অক্ষিণী চক্ষুষী যস্য স তাদৃশশ্চ, নরবীরো দ্রোণঃ, সংপ্রক্রন্তো ধাবিতঃ, মহোরগো মহাসর্প ইব শ্বসন্, রুক্মপুঙ্খান্ স্বর্ণখচিত-মূলদেশান্ শরান্, অস্যন্ নিক্ষিপন্, প্রমুদিতৈর্হৃষ্টৈঃ, শোণৈ রক্তবর্ণৈঃ, মহাজবৈর্মহাবেগৈঃ, আকাশমুৎপতদ্ভিরিব, পর্বতান্ ক্রামদ্ভির্লঙ্ঘয়দ্ভিরিব চ অশ্বৈঃ, যুযুধানং সাত্যকিম্, উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩—৫॥

শরেতি। অত্রাপি দৃষ্ট্বৈবেত্যুপমায়াঃ সাধকত্বাৎ রূপকস্য চ বাধকত্বাদুপমিতসমাস এব কর্ত্তব্যঃ। শূরো যুদ্ধদুর্ম্মদঃ পরপুরঞ্জয়শ্চ শৈনেয়ঃ সাত্যকিঃ, শরাণাং পাতো বর্ষণং মহাবর্ষমিব যস্য তম্, রথঘোষো বলাহকো মেঘো মেঘনির্ঘোষ ইব যস্য তম্, কার্ম্মুকস্য আকর্ষ আকর্ষণং বিক্ষেপো বায়ুনা চালনমিব যস্য তম্, নারাচা বহবো বিদ্যুত ইব যস্য তম্, শক্তয়ঃ খড়্গাশ্চ অশনয়ো বজ্রা ইব তান্ ধরতীতি তম্, ক্রোধস্য বেগো বেগ ইব তেন সমুত্থিতমাগতম্, হয়া অশ্বা মারুতা বায়ব ইব তৈশ্চোদিতং প্রেরিতঞ্চ, অনাবার্য্যমন্যৈর্বারয়িতুমশক্যম্, তম্, দ্রোণো মেঘ ইব তম্, অভিপতন্তমাগচ্ছন্তম্, দৃষ্ট্বৈব, প্রহসন্, সূতং সারথিমুবাচ ॥৬—৮॥

সমান, তীক্ষ্ণধার বাণগুলি ছিল—দন্তসমূহের সদৃশ এবং সুধার নারাচগুলি ছিল—দংষ্ট্রার (মাড়ীর) তুল্য। আর তাঁহার হৃষ্ট, রক্তবর্ণ ও বেগবান্ অশ্বগণ যেন তৎকালে আকাশে উঠিতেছিল এবং পর্ব্বত লঙ্ঘন করিতেছিল ॥৩—৫॥

তখন মেঘের বিশাল বারিবর্ষণের ন্যায় দ্রোণের শরবর্ষণ চলিতেছিল, মেঘগর্জ্জনের তুল্য তাঁহার রথধ্বনি হইতেছিল, ধনুর আকর্ষণ বায়ুসঞ্চালনের সমান দেখা যাইতেছিল এবং নারাচগুলি বিদ্যুতের তুল্য প্রকাশ পাইতেছিল। আর দ্রোণ বজ্রের তুল্য শক্তি ও তরবারি ধারণ করিতেছিলেন, বায়ুবেগতুল্য ক্রোধবেগে উপস্থিত হইতেছিলেন এবং বায়ুর সমান অশ্বগণকর্ত্তৃক চালিত হইয়াছিলেন। এ হেন অনিবার্য্য দ্রোণকে মেঘের ন্যায় আসিতে দেখিয়াই বীর, যুদ্ধদুর্দ্ধর্ষ ও বিপক্ষনগরবিজয়ী সাত্যকি হাস্য করতঃ তাঁহার সারথিকে বলিলেন—॥৬—৮॥

এতং বৈ ব্রাহ্মণং ক্রূরং স্বকর্ম্মণ্যনবস্থিতম্।
আশ্রয়ং ধার্ত্তরাষ্ট্রস্য রাজ্ঞো দুঃখভয়াবহম্ ॥৯॥
শীঘ্রং প্রজবিতৈরশ্বৈঃ প্রত্যুদ্যাহি প্রহৃষ্টবৎ।
আচার্য্যং রাজপুত্রাণাং সততং শূরমানিনম্ ॥১০॥ (যুগ্মকম্)
ততো রজতসঙ্কাশা মাধবস্য হয়োত্তমাঃ।
দ্রোণস্যাভিমুখাঃ শীঘ্রমগচ্ছন্ বাতরংহসঃ ॥১১॥
ততস্তৌ দ্রোণশৈনেয়ৌ যুযুধাতে পরন্তপৌ।
শরৈরনেকসাহস্রৈস্তাড়য়ন্তৌ পরস্পরম্ ॥১২॥
ইষুজালাবৃতং ব্যোম চক্রতুঃ পুরুষর্ষভৌ।
পূরয়ামাসতুর্বীরাবুভৌ দশ দিশঃ শরৈঃ ॥১৩॥
মেঘাবিবাতপাপায়ে ধারাভিরিতরেতরম্।
ন স্ম সূর্য্যস্তদা ভাতি ন ববৌ চ সমীরণঃ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতমিতি। স্বকর্ম্মণি ব্রাহ্মণকার্য্যে যাজনাদাবনবস্থিতম্। অত এবানেন সহ যুদ্ধে নাস্তি দোষ ইতি ভাবঃ। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। প্রজবিতৈর্বেগবদ্ভিঃ ॥৯—১০॥

তত ইতি। রজতসঙ্কাশা রৌপ্যবৎ শুভ্রাঃ, মাধবস্য মধুবংশীয়স্য সাত্যকেঃ ॥১১॥

তত ইতি। দ্রোণশৈনেয়ৌ দ্রোণসাত্যকী ॥১২॥

ইষ্বিতি। ইষুজালাবৃতং বাণসমূহাচ্ছাদিতম্। তপাপায়ে গ্রীষ্মাবসানে ॥১৩—১৪॥

'সারথি! এই ব্রাহ্মণ ক্রূরপ্রকৃতি, আপন কার্য্যে অনবস্থিত, দুর্য্যোধনের আশ্রয়, যুধিষ্ঠিরের দুঃখ ও ভয়ের কারণ, রাজপুত্রগণের অস্ত্রগুরু এবং সর্ব্বদা বীরাভিমানী। সুতরাং তুমি আনন্দিতের ন্যায় হইয়া বেগবান্ অশ্বগণের গুণে সত্বর উঁহার দিকে গমন কর' ॥৯—১০॥

তাহার পর রৌপ্যের ন্যায় শুভ্রবর্ণ এবং বায়ুর তুল্য বেগবান্ সাত্যকির উত্তম অশ্বগণ সত্বর দ্রোণের অভিমুখে গমন করিল ॥১১॥

তদনন্তর শত্রুসন্তাপকারী দ্রোণ ও সাত্যকি বহুসহস্র বাণদ্বারা পরস্পর তাড়ন করিতে থাকিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥১২॥

গ্রীষ্মাবসানে দুইটা মেঘ যেমন ধারাবর্ষণদ্বারা আকাশ আবৃত করে, সেইরূপ পুরুষশ্রেষ্ঠ দুই বীরই আকাশটাকে বাণজালে আবৃত করিলেন এবং বাণদ্বারা দশটা দিক্‌কেই পূর্ণ করিয়া ফেলিলেন। তখন সূর্য্য প্রকাশ পান নাই বা বায়ুও বহিত হয় নাই ॥১৩—১৪॥

(৯) এনং বৈ···ধর্ম্মরাজভয়াবহম্—নি, এনং বৈ···রাজ্ঞো দুঃখভয়াপহম্—বা।

ইষুজালাবৃতং ঘোরমন্ধকারং সমন্ততঃ।
অনাধৃষ্যমিবান্যেষাং শূরাণামভবত্তদা ॥১৫॥
অন্ধকারীকৃতে লোকে দ্রোণশৈনেয়য়োঃ শরৈঃ।
তয়োঃ শীঘ্রাস্ত্রবিদুষোর্দ্রোণসাত্বতয়োস্তদা।
নান্তরং শরবৃষ্টীনাং দদৃশে নরসিংহয়োঃ ॥১৬॥
ইষূণাং সন্নিপাতেন শব্দো ধারাভিঘাতজঃ।
শুশ্রুবে শক্রমুক্তানামশনীনামিব স্বনঃ ॥১৭॥
নারাচৈর্ব্যতিবিদ্ধানাং শরাণাং রূপমাবভৌ।
আশীবিষ-বিদষ্টানাং সর্পাণামিব ভারত! ॥১৮॥
তয়োর্জ্যাতলনির্ঘোষঃ শুশ্রুবে যুদ্ধশৌণ্ডয়োঃ।
অজস্রং শৈলশৃঙ্গাণাং বজ্রেণাহন্যতামিব ॥১৯॥
উভয়োস্তৌ রথৌ রাজন্! তে চাশ্বাস্তৌ চ সারথী।
রুক্মপুঙ্খৈঃ শরৈশ্ছন্নাশ্চিত্ররূপা বভুস্তদা ॥২০॥

ভারতকৌমুদী

ইষিতি। যদা ব্যোম ইষুজালাবৃতমভবদিতার্থঃ। অনাধৃষ্যমনিবার্য্যম্ ॥১৫॥

অন্ধেতি। সাত্বতঃ সাত্বতবংশীয়ঃ সাত্যকিঃ। অন্তরং ছিদ্রম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

ইষূণামিতি। ধারয়া যোঽভিঘাত আঘাতস্তজ্জঃ। শক্রমুক্তানামিন্দ্রনিক্ষিপ্তানাম্ ॥১৭॥

নারাচৈরিতি। ব্যতিবিদ্ধানাং তাড়নানন্তরং শ্লিষ্টানাম্। আশীবিষৈর্বিদষ্টানাং মুখেন ধৃতানাম্ ॥১৮॥

তয়োরিতি। যুদ্ধে শৌণ্ডয়োর্মত্তয়োঃ। আহন্যতাম্ আহন্যমানানাম্ ॥১৯॥

উভয়োরিতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, ছন্না আবৃতাঃ ॥২০॥

আকাশ যখন বাণজালে আবৃত হইয়া গেল, তখন সকল দিকেই অন্য বীরগণের অনিবার্য্য ঘোর অন্ধকার হইয়া পড়িল ॥১৫॥

দ্রোণ ও সাত্যকির বাণ সমরভূমিকে অন্ধকারময় করিয়া ফেলিলে, সেই নরশ্রেষ্ঠ ও শীঘ্রাস্ত্রবিৎ দ্রোণ ও সাত্যকির বাণবৃষ্টির ফাঁক্ দেখা গেল না ॥১৬॥

বাণসমূহের পরস্পর আঘাতজাত শব্দ, ইন্দ্রনিক্ষিপ্ত বজ্রশব্দের ন্যায় শুনা যাইতে লাগিল ॥১৭॥

ভরতনন্দন! নারাচ যাইয়া বাণগুলিকে বিদ্ধ করিলে, তীক্ষ্ণবিষ-সর্প-মুখ-সংস্পৃষ্ট অপর সর্পগণের ন্যায় সেগুলির আকৃতি প্রকাশ পাইতে থাকিল ॥১৮॥

বজ্রাহত পর্ব্বতশৃঙ্গের শব্দের ন্যায় যুদ্ধমত্ত দ্রোণ ও সাত্যকির ধনুষ্টঙ্কার অনবরত শুনা যাইতে লাগিল ॥১৯॥

নির্ম্মলানামজিহ্মানাং নারাচানাং বিশাংপতে ! ।
নির্ম্মুক্তাশীবিষাভানাং সম্পাতোঽভূৎ সুদারুণঃ ॥২১॥
উভয়োঃ পতিতে ছত্রে তথৈব পতিতৌ ধ্বজৌ ।
উভৌ রুধিরসিক্তাঙ্গাবুভৌ চ বিজয়ৈষিণৌ ॥২২॥
স্রবদ্ভিঃ শোণিতং গাত্রৈঃ প্রস্রুতাবিব বারণৌ ।
অন্যোন্যমভ্যবিধ্যেতাং জীবিতান্তকরৈঃ শরৈঃ ॥২৩॥
গর্জিতোৎক্রুষ্টসন্নাদাঃ শঙ্খদুন্দুভিনিস্বনাঃ ।
উপারমন্মহারাজ ! ব্যাজহার ন কশ্চন ॥২৪॥
তূষ্ণীম্ভূতান্যনীকানি যোধা যুদ্ধাদুপারমন্ ।
দদৃশুর্দ্বৈরথং তাভ্যাং জাতকৌতূহলা জনাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

নির্ম্মলানামিতি। অজিহ্মানাং সরলানাম্। নির্ম্মুক্তাস্ত্যক্তত্বচো যে আশীবিষাস্তীক্ষ্ণবিষ, দীর্ঘাকৃতয়ঃ সর্পাস্তদাভানাং তত্তুল্যানাম্, সম্পাতঃ পরস্পরসংঘর্ষঃ ॥২১॥

উভয়োরিতি। অভবতামিতি সর্ব্বত্র শেষঃ ॥২২॥

স্রবদ্ভিরিতি। স্রবদ্ভির্নিঃসারয়দ্ভিঃ। প্রস্রুতৌ মদস্রাবিণৌ, বারণৌ গজৌ ॥২৩॥

গর্জিতেতি। গর্জিতং গর্জনমুৎক্রুষ্টমাহ্বানঞ্চ তদ্রূপাঃ সন্নাদাঃ। ব্যাজহার উবাচ ॥২৪॥

তূষ্ণীমিতি। উপারমন্ বিরতাঃ। কুত ইত্যাহ দদৃশুরিতি। তাভ্যাং তয়োঃ ॥২৫॥

রাজা ! দ্রোণ ও সাত্যকি দুই জনেরই সেই রথ দুইখানা, সেই অশ্বগণ এবং সেই সারথি দুই জন স্বর্ণপুঙ্খ বাণে আবৃত হইয়া বিচিত্ররূপে প্রকাশ পাইতে থাকিল ॥২০॥

নরনাথ ! খোলসশূন্য সর্পের ন্যায় নির্ম্মল ও সরল নারাচসমূহের অতিদারুণ সংঘর্ষ হইতে লাগিল ॥২১॥

দ্রোণ ও সাত্যকি দুই জনেরই ছত্র ও ধ্বজ পতিত হইল এবং দুই জনেরই গাত্র রক্তে সিক্ত হইয়া গেল ; তথাপি তাঁহারা দুই জনই জয় করিবার চেষ্টা করিতে লাগিলেন ॥২২॥

দুইটা হাতীর গাত্র হইতে যেমন মদজল নির্গত হয়, সেইরূপ দুই জনের গাত্র হইতেই রক্ত নির্গত হইতে লাগিল। তথাপি তাঁহারা জীবননাশক বাণসমূহদ্বারা পরস্পর বিদ্ধ করিতে থাকিলেন ॥২৩॥

মহারাজ ! তৎকালে গর্জন ও আহ্বানের শব্দ এবং শঙ্খ ও দুন্দুভির ধ্বনি বিরত হইল ; আর কেহই কোন কথা কহিতে লাগিল না ॥২৪॥

(২৫)···দদর্শ দ্বৈরথম্···জাতকৌতূহলো জনঃ—বা নি,·· দদৃশে···কৌতূহলো জনঃ—পি।

রথিনো হস্তিযন্তারো হয়ারোহাঃ পদাতিনঃ।
অবৈক্ষন্তাচলৈর্নেত্রৈঃ পরিবার্য্য রথর্ষভৌ ॥২৬॥
হস্ত্যনীকান্যতিষ্ঠন্ত তথানীকানি বাজিনাম্।
তথৈব রথবাহিন্যঃ প্রতিব্যূহ্য ব্যবস্থিতাঃ ॥২৭॥
মুক্তাবিদ্রুমচিত্রৈশ্চ মণিকাঞ্চনভূষিতৈঃ।
ধ্বজৈরাভরণৈশ্চিত্রৈঃ কবচৈশ্চ হিরণ্ময়ৈঃ ॥২৮॥
বৈজয়ন্তীপতাকাভিঃ পরিস্তোমাঙ্গকম্বলৈঃ।
বিমলৈর্নিশিতৈঃ শস্ত্রৈর্হয়ানাঞ্চ প্রকীর্ণকৈঃ ॥২৯॥
জাতরূপময়ীভিশ্চ রাজতীভিশ্চ মূর্দ্ধসু।
গজানাং কুম্ভমালাভির্দন্তবেষ্টৈশ্চ ভারত! ॥৩০॥
সবলাকাঃ সখদ্যোতাঃ সৈরাবতশতহ্রদাঃ।
অদৃশ্যন্তোষ্ণপর্য্যায়ে মেঘানামিব বাগুরাঃ ॥৩১॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

রথিন ইতি। হস্তিনাং যন্তারশ্চালকাঃ, হয়ারোহা অশ্বারোহিণঃ ॥২৬॥

হস্তীতি। অনীকানি সৈন্যানি। রথানাং বাহিন্যঃ সৈন্যানি ॥২৭॥

মুক্তেতি। হিরণ্ময়ৈঃ স্বর্ণময়ৈঃ। বৈজয়ন্ত্যো বিচিত্রাঃ পতাকাঃ, পতাকাশ্চ তদিতরাস্তাভিঃ, পরিস্তোমানি গজাদীনাং পৃষ্ঠাস্তরণানি অঙ্গকম্বলানি চ তৈঃ। প্রকীর্ণকৈশ্চামরৈঃ। জাত-রূপময়ীভিঃ স্বর্ণময়ীভিঃ, রাজতীভিঃ রৌপ্যময়ীভিঃ। দন্তবেষ্টৈর্দন্তাবরণৈশ্চ হেতুভিঃ। বলাকয়া বকশ্রেণ্যা সহেতি সবলাকাঃ। মুক্তারজতাদীনাং সাদৃশ্যার্থমিদম্। খদ্যোতৈ-

ভারতভাবদীপঃ

বাণ ইতি ॥১—৫॥ কার্ম্মুকাকর্ষ এব বিক্ষেপ আসারপ্রধানং যস্য ॥৬—১৫॥ অন্তর-মবচ্ছেদঃ ॥১৬—২৬॥ রথবাহিন্যো রথসেনাঃ ॥২৭—২৮॥ বৈজয়ন্তীবিলক্ষণাভিঃ পতাকাভিঃ

সমস্ত সৈন্যই নীরব হইল, যোদ্ধারা যুদ্ধ হইতে বিরত হইলেন এবং সমস্ত লোক কৌতূহলান্বিত হইয়া তাঁহাদের দ্বৈরথ যুদ্ধ দেখিতে লাগিল ॥২৫॥

রথীরা, হস্তিচালকেরা, অশ্বারোহীরা ও পদাতিরা সেই রথিশ্রেষ্ঠ দুই জনকে পরিবেষ্টন করিয়া নির্নিমেষ নয়নে তাঁহাদের যুদ্ধ দেখিতে থাকিলেন ॥২৬॥

হস্তিসৈন্য, অশ্বসৈন্য এবং রথিসৈন্যেরাও ব্যূহ রচনা করিয়া অবস্থান করিতে লাগিল ॥২৭॥

ভরতনন্দন! মুক্তা ও প্রবালে খচিত থাকায় বিচিত্র এবং মণি ও স্বর্ণে ভূষিত ধ্বজ, বিচিত্র অলঙ্কার, স্বর্ণময় কবচ, বিচিত্র পতাকা, সাধারণ পতাকা,

(২৬)·· হয়ারোহাঃ পদাতয়ঃ···বা নি।

অপশ্যন্নস্মদীয়াশ্চ তে চ যৌধিষ্ঠিরাঃ স্থিতাঃ।
তদ্‌যুদ্ধং যুযুধানস্য দ্রোণস্য চ মহাত্মনঃ ॥৩২॥
বিমানাগ্রগতা দেবা ব্রহ্মসোমপুরোগমাঃ।
সিদ্ধচারণসংঘাশ্চ বিদ্যাধরমহোরগাঃ ॥৩৩॥
গতপ্রত্যাগতাক্ষেপৈশ্চিত্রৈঃ শস্ত্রবিঘাতিভিঃ।
বিবিধৈর্বিস্ময়ং জগ্মুস্তয়োঃ পুরুষসিংহয়োঃ ॥৩৪॥ (যুগ্মকম্)
হস্তলাঘবমস্ত্রেষু দর্শয়ন্তৌ মহাবলৌ।
অন্যোন্যমভ্যবিধ্যেতাং শরৈস্তৌ দ্রোণসাত্যকী ॥৩৫॥
ততো দ্রোণস্য দাশার্হঃ শরাংশ্চিচ্ছেদ সংযুগে।
পত্রিভিঃ সুদৃঢ়ৈরাশু ধনুশ্চৈব মহাদ্যুতেঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

জ্যোতিরিঙ্গণৈঃ সহেতি সখদ্যোতাঃ। মণিকাঞ্চনাদীনাং সাম্যার্থমিদম্। ঐরাবতেন ইন্দ্রধনুষা শতহ্রদয়া বিদ্যুতা চ সহেতি সৈরাবতশতহ্রদাঃ। বিক্রমাদীনামৌপম্যার্থমেতৎ। অদৃশ্যন্ত সেনাঃ, উষ্ণপর্য্যায়ে গ্রীষ্মাবসানে, বাগুরা জালানি ॥২৮—৩১॥

অপশ্যন্নিতি। অস্মদীয়াঃ সৈনিকাঃ। যুযুধানস্য সাত্যকেঃ ॥৩২॥

বিমানেতি। সোমশ্চন্দ্রঃ। আক্ষেপ আকর্ষণম্। বিবিধৈর্ব্যাপারৈঃ ॥৩৩—৩৪॥

হস্তেতি। অস্ত্রেষু অস্ত্রপ্রয়োগেষু, হস্তয়োর্লাঘবং দ্রুতত্বম্ ॥৩৫॥

হস্তী ও অশ্বপ্রভৃতির পৃষ্ঠের আস্তরণ ও গাত্রকম্বল, নির্ম্মল ও সুধার অস্ত্র, অশ্বের চামর এবং হস্তিমস্তকের স্বর্ণময় ও রৌপ্যময় কুসুমমালা, আর দন্তের আবরণ থাকায় বর্ষাকালে বকশ্রেণী, খদ্যোতপঙ্‌ক্তি, ইন্দ্রধনু ও বিদ্যুৎসমন্বিত মেঘমালার ন্যায় সেই সেনাকে দেখা যাইতে লাগিল ॥২৮—৩১॥

আমাদের ও যুধিষ্ঠিরের সৈন্যেরা দাঁড়াইয়া দাঁড়াইয়া মহাত্মা দ্রোণ ও সাত্যকির সেই যুদ্ধ দেখিতে থাকিল ॥৩২॥

আর বিমানস্থিত ব্রহ্মা ও চন্দ্রপ্রভৃতি দেবতারা, সিদ্ধ ও চারণগণ এবং বিদ্যাধর ও নাগসমূহ সেই পুরুষশ্রেষ্ঠ দ্রোণ ও সাত্যকির বিচিত্র গমন, প্রত্যাগমন ও পরস্পর আকর্ষণ, আর অস্ত্রনিবারক নানাবিধ ব্যাপার দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥৩৩—৩৪॥

সেই মহাবল দ্রোণ ও সাত্যকি অস্ত্রপ্রয়োগে হস্তলাঘব দেখাইতে থাকিয়া বাণদ্বারা পরস্পর বিদ্ধ করিতে লাগিলেন ॥৩৫॥

(৩৫)···অন্যোন্যমভিবিধ্যেতাম্···বা নি।

নিমেষান্তরমাত্রেণ ভারদ্বাজোঽপরং ধনুঃ ।
সজ্যং চকার তদপি চিচ্ছেদাস্য স সাত্যকিঃ ॥৩৭॥
ততস্ত্বরন্ পুনর্দ্রোণো ধনুর্হস্তো ব্যতিষ্ঠত ।
সজ্যং সজ্যং ধনুশ্চাস্য চিচ্ছেদ নিশিতৈঃ শরৈঃ ॥৩৮॥
ততোঽস্য সংযুগে দ্রোণো দৃষ্ট্বা কর্ম্মাতিমানুষম্ ।
যুযুধানস্য রাজেন্দ্র ! মনসৈতদচিন্তয়ৎ ॥৩৯॥
এতদস্ত্রবলং রামে কার্ত্তবীর্য্যে ধনঞ্জয়ে ।
ভীষ্মে বা পুরুষব্যাঘ্রে যদিদং সাত্বতাং বরে ।
তচ্চাস্য মনসা দ্রোণঃ পূজয়ামাস বিক্রমম্ ॥৪০॥

ভারতকৌমুদী

তত ইতি। দাশার্হো দাশার্হবংশীয়ঃ সাত্যকিঃ। পত্রিভির্বাণৈঃ ॥৩৬॥
নিমেষেতি। ভারদ্বাজো দ্রোণঃ। সজ্যম্ আরোপিতগুণকম্ ॥৩৭॥
তত ইতি। ত্বরন্ ত্বরমাণঃ। চিচ্ছেদ সাত্যকিরেব ॥৩৮॥
তত ইতি। সংযুগে যুদ্ধে। যুযুধানস্য সাত্যকেঃ ॥৩৯॥
এতদিতি। রামে জামদগ্ন্যে। সাত্বতাং বরে সাত্যকৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

তদনন্তর সাত্যকি অতিদৃঢ় বাণসমূহদ্বারা সত্বর মহাতেজা দ্রোণের বাণ সকল ও ধনু ছেদন করিলেন ॥৩৬॥

পরে দ্রোণ নিমেষমধ্যে অন্য ধনু লইয়া তাহাতে গুণারোপণ করিলেন; সাত্যকি তাহাও ছেদন করিয়া ফেলিলেন ॥৩৭॥

তাহার পর দ্রোণ পুনরায় সত্বর অন্য ধনু গ্রহণ করিয়া দাঁড়াইলেন; কিন্তু সাত্যকি নিশিত শরসমূহদ্বারা তাহাও ছেদন করিলেন। এইভাবে দ্রোণ যত বার ধনু লইয়া গুণারোপণ করিলেন, ততবারই সাত্যকি তাহা ছেদন করিলেন ॥৩৮॥

রাজশ্রেষ্ঠ! তৎপরে দ্রোণ যুদ্ধে সাত্যকির সেই অলৌকিক কার্য্য দেখিয়া মনে মনে এইরূপ চিন্তা করিলেন ॥৩৯॥

'সাত্বতশ্রেষ্ঠ সাত্যকির এই যে অস্ত্রবল দেখিতেছি, ঈদৃশ অস্ত্রবল পরশুরাম, কার্ত্তবীর্য্যার্জ্জুন ও পুরুষশ্রেষ্ঠ ভীষ্মের ছিল এবং অর্জ্জুনের আছে'। পরে দ্রোণ মনে মনে সাত্যকির সেই বিক্রমের প্রশংসা করিলেন ॥৪০॥

(৩৮)…চিচ্ছেদ নব সপ্ত চ—বঙ্গ বর্দ্ধ। ইতঃ পরম্ "এবমেকশতং ছিন্নং ধনুষাং দৃঢ়ধন্বিনা। ন চান্তরং তয়োর্দৃষ্টং সন্ধানে চ্ছেদনেঽপি চ॥" অয়মধিকঃ শ্লোকঃ বা নি।

লাঘবং বাসবস্যেব সংপ্রেক্ষ্য দ্বিজসত্তমঃ।
তুতোষাস্ত্রবিদাং শ্রেষ্ঠস্তথা দেবাঃ সবাসবাঃ ॥৪১॥
ন তামালক্ষয়ামাসুর্লঘুতাং চিত্রযোধিনঃ।
দেবাশ্চ যুযুধানস্য গন্ধর্বাশ্চ বিশাংপতে!।
সিদ্ধচারণসংঘাশ্চ বিদুর্দ্রোণস্য কর্ম্ম তৎ ॥৪২॥
ততোঽন্যদ্ধনুরাদায় দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ।
অস্ত্রৈরস্ত্রবিদাং শ্রেষ্ঠো যোধয়ামাস ভারত! ॥৪৩॥
তস্যাস্ত্রাণ্যস্ত্রমায়াভিঃ প্রতিহত্য স সাত্যকিঃ।
জঘান নিশিতৈর্বাণৈস্তদদ্ভুতমিবাভবৎ ॥৪৪॥
তস্যাতিমানুষং কর্ম্ম দৃষ্ট্বান্যৈরসমং রণে।
যুক্তং যোগেন যোগজ্ঞাস্তাবকাঃ সমপূজয়ন্ ॥৪৫॥

ভারতকৌমুদী

লাঘবমিতি। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্, বাসবস্য ইন্দ্রস্য ॥৪১॥
নেতি। আলক্ষয়ামাসুরন্যত্র দদৃশুঃ। তৎ তাদৃশম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৪২॥
তত ইতি। যোধয়ামাস যুযুধে। স্বার্থে ইন্ ॥৪৩॥
তস্যেতি। অস্ত্রাণাং মায়াভিঃ কৌশলৈঃ। একদোভয়করণমেবাদ্ভুতম্ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

পরিস্তোমৈর্বর্ণকম্বলৈঃ অঙ্গকম্বলৈঃ সূক্ষ্মকম্বলৈঃ ॥২৯—৩০॥ ঐরাবতমিন্দ্রধনুঃ ॥৩১॥ উঞ্ছস্য পর্য্যায়ে অপগমে ॥৩২-৩৩॥ প্রত্যাগতং নিবর্ত্তনম্, অক্ষেপঃ প্রহরণম্ ॥৩৪-৪১॥ আলক্ষয়ামাসু-

তখন ব্রাহ্মণশ্রেষ্ঠ ও অস্ত্রজ্ঞ প্রধান দ্রোণ ইন্দ্রের ন্যায় সাত্যকির সেই লঘুহস্ততা দেখিয়া সন্তুষ্ট হইলেন এবং ইন্দ্রের সহিত দেবতারাও সন্তোষ লাভ করিলেন ॥৪১॥

নরনাথ! ক্রমে দেবগণ, গন্ধর্ব্বগণ ও সিদ্ধচারণগণ বিচিত্রযোধী দ্রোণ ও সাত্যকি ভিন্ন অন্যত্র সেরূপ লঘুহস্ততা দেখেন নাই বলিয়া দ্রোণ এবং সাত্যকিরই সেইরূপ কার্য্য হইতে পারে এইরূপ মনে করিলেন ॥৪২॥

ভরতনন্দন! তাহার পর অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ ও ক্ষত্রিয়বিজয়ী দ্রোণ অন্য ধনু লইয়া নানাবিধ অস্ত্রদ্বারা যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৩॥

তখন সাত্যকি আপন অস্ত্রনৈপুণ্যে দ্রোণের অস্ত্র প্রতিহত করিয়া সুধার বাণসমূহদ্বারা তাঁহাকে আঘাত করিতে থাকিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৪৪॥

যদস্ত্রমস্যতি দ্রোণস্তদেবাস্যতি সাত্যকিঃ।
তমাচার্য্যোঽপ্যসংভ্রান্তোঽযোধয়চ্ছত্রুতাপনঃ ॥৪৬॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! ধনুর্ব্বেদস্য পারগঃ।
বধায় যুযুধানস্য দিব্যমস্ত্রমুদৈরয়ৎ ॥৪৭॥
তদাগ্নেয়ং মহাঘোরং রিপুঘ্নমুপলক্ষ্য সঃ।
দিব্যমস্ত্রং মহেষ্বাসো বারুণং সমুদৈরয়ৎ ॥৪৮॥
হাহাকারো মহানাসীদ্দৃষ্ট্বা দিব্যাস্ত্রধারিণৌ।
ন বিচেরুস্তদাকাশে ভূতান্যাকাশগান্যপি ॥৪৯॥
অস্ত্রে তে বারুণাগ্নেয়ে তাভ্যাং বাণাসনাহিতে।
ন তাবদভ্যপদ্যেতাং ব্যাবর্ত্তদথ ভাস্করঃ ॥৫০॥

ভারতকৌমুদী

তস্যেতি। যোগেন অস্ত্রপ্রয়োগোপায়েন, যোগজ্ঞা অস্ত্রপ্রয়োগোপায়বিদঃ ॥৪৫॥
যদিতি। অস্যতি ক্ষিপতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ ॥৪৬॥
তত ইতি। যুযুধানস্য সাত্যকেঃ। উদৈরয়ৎ নিক্ষেপ্তুমুদযচ্ছৎ ॥৪৭॥
তদিতি। দিবি ভবং দিব্যমলৌকিকম্। সমুদৈরয়ৎ নিক্ষেপ্তুমুদ্যুক্তবান্ ॥৪৮॥
হাহেতি। আকাশগানি ভূতানি বিহঙ্গাদয়ঃ প্রাণিনোঽপি ॥৪৯॥

মহারাজ! আপনার পক্ষের অস্ত্রোপায়জ্ঞ লোকেরা সাত্যকির সেই অলৌকিক, অন্যের সহিত অতুলনীয় ও উপায়যুক্ত কর্ম্ম দেখিয়া তাহার প্রশংসা করিতে লাগিল ॥৪৫॥

দ্রোণ যে অস্ত্র ক্ষেপ করেন, সাত্যকিও সেই অস্ত্রই ক্ষেপ করেন। শত্রুতাপন আচার্য্যও অবিচলিত থাকিয়া সাত্যকির সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৬॥

মহারাজ! তদনন্তর ধনুর্ব্বেদের পারগামী দ্রোণ ক্রুদ্ধ হইয়া সাত্যকিকে বধ করিবার জন্য অলৌকিক অস্ত্র নিক্ষেপ করিবার উদ্‌যোগ করিলেন ॥৪৭॥

মহাভয়ঙ্কর ও শত্রুনাশক সেই আগ্নেয় অস্ত্র দেখিয়া মহাধনুর্দ্ধর সাত্যকিও অলৌকিক বারুণাস্ত্র ক্ষেপ করিবার আয়োজন করিলেন ॥৪৮॥

তখন দ্রোণ ও সাত্যকিকে অলৌকিকাস্ত্রধারী দেখিয়া উভয়সৈন্যমধ্যেই বিশাল হাহাকার উপস্থিত হইল এবং আকাশগামী প্রাণীরাও ভয়ে আকাশে বিচরণ করিতে লাগিল না ॥৪৯॥

(৪৬)...তমাচার্য্যোঽথ সংভ্রান্তঃ...বা নি। (৫০)...ন যাবদভ্যপদ্যেতাম্...পি,...বাণসমাহিতে। ন যাবৎ...বা,...বাণৈঃ সমাহিতে। ন যাবৎ...নি।

ততো যুধিষ্ঠিরো রাজা ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
নকুলঃ সহদেবশ্চ পর্য্যরক্ষন্ত সাত্যকিম্ ॥৫১॥
ধৃষ্টদ্যুম্নমুখৈঃ সার্দ্ধং বিরাটশ্চ সকেকয়ঃ।
মৎস্যাঃ শাল্বেয়সেনাশ্চ দ্রোণমাজগ্মুরঞ্জসা ॥৫২॥
দুঃশাসনং পুরস্কৃত্য রাজপুত্রাঃ সহস্রশঃ।
দ্রোণমভ্যুপপদ্যন্ত সপত্নৈঃ পরিবারিতম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

নন্থ তয়োর্দিব্যাস্ত্রয়োঃ কা কা নাম ক্রিয়া তদানীমভবৎ, যেন মহান্ হাহাকার আসী-দিত্যাহ অস্ত্রে ইতি। তাভ্যাং সাত্যকিদ্রোণাভ্যাম্, বাণান্ অস্যতঃ ক্ষিপত আভ্যামিতি বাণাসনে ধন্নুষী তয়োরাহিতে স্থাপিতে, তে বারুণাগ্নেয়ে অস্ত্রে, ন তাবৎ অভ্যপদ্যেতাং ক্ষেপানন্তরমপি প্রভাবং নালভেতাম্, বারুণাস্ত্রেণাগ্নেয়াস্ত্রপ্রতিহননাৎ, তেনৈব বারুণাস্ত্রস্যাপ্যুপক্ষীণত্বাদিত্যাশয়ঃ। অথ অনন্তরম্, ভাস্করো ব্যাবর্ত্তৎ ব্যাবর্ত্তত গগনপশ্চিমভাগে অপাসরদিত্যর্থঃ ॥৫০॥

তত ইতি। পাণ্ডবপদমপরযুধিষ্ঠিরাদিব্যাবৃত্তার্থম্ ॥৫১॥

ধৃষ্টেতি। দ্রোণমাক্রমিতুমিতি শেষঃ, অঞ্জসা দ্রুতম্ ॥৫২॥

দুঃশাসনমিতি। অভ্যুপপদ্যন্ত রক্ষিতুং প্রাপ্নুবন্। অড়াগমাভাব আর্ষঃ। সপত্নৈঃ শত্রুভিঃ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

র্লক্ষিতবন্তঃ। বিদুর্নৈত্যানুযজ্যতে ॥৪২—৪৪॥ যোগেন সঙ্গত্যা ॥৪৫—৪৯॥ ন তাবদন্বযজ্যেতাং যাবদেব ন পরাভূতে ব্যাবর্ত্তৎ মধ্যাহ্নতঃ পরাবৃতোঽভূৎ ॥৫০—৫৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৫॥

দ্রোণ ও সাত্যকি আপন আপন ধনুতে সেই আগ্নেয়াস্ত্র ও বারুণাস্ত্র স্থাপনপূর্ব্বক নিক্ষেপ করিলেও (পরস্পর প্রতিহত হইয়া গেল বলিয়া) কোন প্রভাব প্রকাশ করিতে পারে নাই। তাহার পর সূর্য্য আকাশের পশ্চিম দিকে সরিয়া গেলেন ॥৫০॥

তদনন্তর পাণ্ডুনন্দন রাজা যুধিষ্ঠির, ভীমসেন, নকুল ও সহদেব আসিয়া সকল দিক্ হইতে সাত্যকিকে রক্ষা করিতে প্রবৃত্ত হইলেন ॥৫১॥

বিরাটরাজা, কেকয়গণ এবং মৎস্য ও শাল্বদেশীয় সৈন্যগণ ধৃষ্টদ্যুম্নপ্রভৃতির সহিত মিলিত হইয়া সত্বর দ্রোণকে আক্রমণ করিবার জন্য আগমন করিলেন ॥৫২॥

এদিকেও সহস্র সহস্র রাজপুত্র দুঃশাসনকে অগ্রবর্ত্তী করিয়া শত্রুপরিবেষ্টিত দ্রোণকে রক্ষা করিবার জন্য উপস্থিত হইলেন ॥৫৩॥

ততো যুদ্ধমভূদ্রাজন্! তেষাং তব চ ধন্বিনাম্।
রজসা সংবৃতে লোকে শরজালৈঃ সমাবৃতে ॥৫৪॥
সর্ব্বমাবিগ্নমভবন্ন প্রাজ্ঞায়ত কিঞ্চন।
সৈন্যে চ রজসা ধ্বস্তে নির্ম্মর্য্যাদমবর্ত্তত ॥৫৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে সাত্যকিপরাক্রমে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ষড়শীতিতমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।
বিবর্ত্তমানে ত্বাদিত্যে তত্রাস্তশিখরং প্রতি।
রজসা কীর্য্যমাণে চ মন্দীভূতে দিবাকরে ॥১॥
তিষ্ঠতাং যুধ্যমানানাং পুনরাবর্ত্ততামপি।
ভজ্যতাং জয়তাঞ্চৈব জগাম তদহঃ শনৈঃ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। রজসা ধূল্যা, লোকে উভয়পক্ষীয়যোদ্ধৃজনে ॥৫৪॥

সর্বমিতি। আবিগ্নমুদ্বিগ্নম্। ধ্বস্তে তিরোহিতে, নির্ম্মর্য্যাদং বিশৃঙ্খলং যুদ্ধম্ ॥৫৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ইত্থং ব্যূহসম্মুখযুদ্ধমভিধায়েদানীং প্রস্তুতমেবার্জ্জুনস্য জয়দ্রথাভিগমনমভিধাতুমাহ

রাজা! তৎপরে উভয়পক্ষের যোদ্ধারাই ধূলিজাল ও শরজালে আবৃত হইয়া গেলে, পাণ্ডবপক্ষের ও আপনার পক্ষের ধনুর্দ্ধরগণের যুদ্ধ হইতে লাগিল ॥৫৪॥

সকলেই উদ্বিগ্ন হইল; আর সৈন্যেরা ধূলিজালে আবৃত হইয়া গেলে, কিছুই জানা গেল না এবং বিশৃঙ্খলভাবে যুদ্ধ চলিতে লাগিল' ॥৫৫॥

———০::০———

সঞ্জয় বলিলেন—'তখন সূর্য্য অস্তাচলশৃঙ্গের দিকে যাইতে লাগিলে, ধূলি

* 'ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...অষ্টনবতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

তথা তেষু বিষক্তেষু সৈন্যেষু জয়গৃদ্ধিষু।
অর্জ্জুনো বাসুদেবশ্চ সৈন্ধবায়ৈব জগ্মতুঃ ॥৩॥
রথমার্গপ্রমাণন্তু কৌন্তেয়ো নিশিতৈঃ শরৈঃ।
চকার তত্র পন্থানং যযৌ যেন জনার্দ্দনঃ ॥৪॥
যত্র যত্র রথো যাতি পাণ্ডবস্য মহাত্মনঃ।
তত্র তত্রৈব দীর্য্যন্তে সেনাস্তব বিশাংপতে! ॥৫॥
রথশিক্ষান্তু দাশার্হো দর্শয়ামাস বীর্য্যবান্।
উত্তমাধমমধ্যানি মণ্ডলানি বিদর্শয়ন্ ॥৬॥
তে তু নামাঙ্কিতাঃ পীতাঃ কালজ্বলনসন্নিভাঃ।
স্নায়ুনদ্ধাঃ সুপর্বাণঃ পৃথবো দীর্ঘগামিনঃ ॥৭॥

ভারতকৌমুদী

বিবর্ত্তেতি। বিবর্ত্তমানে গচ্ছতি। রজসা ধূলিজালেন, কীর্য্যমাণে সৈন্যে আব্রিয়মাণে, মন্দীভূতে অল্পীভূততাপে চ সতি। আবর্ত্ততাং যুদ্ধায়াগচ্ছতাম্। ভজ্যতাং পরাজীয়মানানাম্ ॥১—২॥

তথেতি। বিষক্তেষু পরস্পরং মিলিতেষু, জয়গৃদ্ধিষু জয়াভিলাষিষু ॥৩॥

রথেতি। কৌন্তেয়োঽর্জ্জুনঃ। চকার সৈন্যসংহারেণেত্যর্থঃ ॥৪॥

পথঃ করণস্য সৌকর্য্যমপ্যাহ যত্রেতি। দীর্য্যন্তে ভয়াদপসরন্তি স্ম।৫॥

রথেতি। রথশিক্ষাং রথচালনদক্ষতাম্, দাশার্হঃ কৃষ্ণঃ।৬।

উঠিয়া সৈন্যগণকে আবৃত করিলে এবং সূর্য্যের উত্তাপ অল্প হইয়া গেলে, উভয়পক্ষেরই বহুসৈন্য দাঁড়াইয়া রহিল, অনেকে যুদ্ধ করিতে লাগিল, কতকগুলি আবার ফিরিয়া আসিল, কেহ কেহ পরাজিত হইল এবং বহু যোদ্ধা জয় করিল; এই অবস্থায় সেই দিনটা ধীরে ধীরে চলিয়া যাইতে লাগিল ॥১—২॥

জয়াভিলাষী সেই সৈন্যেরা সেইভাবে পরস্পর মিলিত হইলে, অর্জ্জুন ও কৃষ্ণ জয়দ্রথের দিকেই যাইতে লাগিলেন ॥৩॥

অর্জ্জুন সুধার বাণসমূহদ্বারা রথ চলিবার পরিমাণে পথ করিতে লাগিলেন, যে পথে কৃষ্ণ যাইতে থাকিলেন ॥৪॥

নরনাথ! মহাত্মা অর্জ্জুনের রথ যেখানে যেখানে যাইতে লাগিল, সেইখানে সেইখানেই আপনার সৈন্যেরা বিদীর্ণ হইয়া অপসৃত হইতে থাকিল ॥৫॥

বলবান্ কৃষ্ণ উত্তম, মধ্যম ও অধম মণ্ডলগতি দেখাইতে থাকিয়া রথচালননৈপুণ্য দেখাইতে থাকিলেন ॥৬॥

(৭)···স্নায়ুবদ্ধাঃ···বঙ্গ বৰ্দ্ধ।

বৈণবাশ্চায়সাশ্চোগ্রা গ্রসন্তো বিবিধানরীন্।
রুধিরং পতগৈঃ সার্দ্ধং প্রাণিনাং পপুরাহবে ॥৮॥ (যুগ্মকম্)
রথস্থিতোঽগ্রতঃ ক্রোশং যানস্তত্যর্জ্জুনঃ শরান্।
রথে ক্রোশমতিক্রান্তে তস্য তে ঘ্নন্তি শাত্রবান্ ॥৯॥
তার্ক্ষ্যমারুতরংহোভির্ব্বাজিভিঃ সাধুবাহিভিঃ।
তদাগচ্ছদ্ধৃষীকেশঃ কৃৎস্নং বিস্মাপয়ন্ জগৎ ॥১০॥
ন তথা গচ্ছতি রথস্তপনস্য বিশাংপতে!।
নেন্দ্রস্য ন চ রুদ্রস্য নাপি বৈশ্রবণস্য চ ॥১১॥
নান্যস্য সমরে রাজন্! গতপূর্ব্বস্তথা রথঃ।
যথা যযাবর্জ্জুনস্য মনোঽভিপ্রায়শীঘ্রগঃ ॥১২॥

ভারতকৌমুদী

ত ইতি। তে অর্জ্জুনশরাঃ, পীতাঃ প্রাক্ পীতরক্তাঃ, কালজ্বলনসন্নিভাঃ প্রলয়কালীনাগ্নি-তুল্যাঃ। স্নায়ুনদ্ধাঃ ক্ষুদ্রপশুনাড়ীবদ্ধকঙ্কপক্ষাঃ, সুপর্ব্বাণঃ সুন্দরোপান্তদেশাঃ, পৃথবো বিশালাঃ, দীর্ঘগামিনো দূরগামিনঃ। বৈণবা বংশনির্ম্মিতাঃ, আয়সা লৌহময়াশ্চ ॥৭—৮॥

অথ চতুর্ভিঃ শ্লোকৈ রথবেগং বর্ণয়তি রথেতি। ক্রোশং ক্রোশদূরে, অস্যতি ক্ষিপতি ॥৯॥

তার্ক্ষ্যেতি। তার্ক্ষ্যমারুতরংহোভির্গরুড়বায়ুতুল্যবেগৈঃ ॥১০॥

নেতি। তপনস্য সূর্য্যস্য। বৈশ্রবণস্য কুবেরস্য ॥১১॥

নেতি। অন্যস্য কার্ত্তবীর্য্যাদেঃ। মনোঽভিপ্রায় ইব শীঘ্রং গচ্ছতীতি সঃ ॥১২॥

অর্জ্জুনের নামাঙ্কিত, রক্তপায়ী, প্রলয়কালের অগ্নির তুল্য, সূক্ষ্মনাড়ী-বেষ্টিতকঙ্কপক্ষ, সুন্দরপ্রান্তভাগ, দীর্ঘ ও দূরগামী বংশনির্ম্মিত ও লৌহময় ভীষণ বাণ সকল বহুতর শত্রু সংহার করতঃ পক্ষিগণের সহিত প্রাণিগণের রক্ত পান করিতে লাগিল ॥৭—৮॥

অর্জ্জুন রথে থাকিয়া একক্রোশ দূরে যে সকল বাণ ক্ষেপ করিতে লাগিলেন, রথ সেই একক্রোশ অতিক্রম করিলে পর অর্জ্জুনের সেই বাণগুলি শত্রু সংহার করিতে থাকিল ॥৯॥

কৃষ্ণ তখন গরুড় ও বায়ুর তুল্য বেগবান্ ও সুন্দরবহনকারী অশ্বগণের গুণে সমগ্র জগৎকে বিস্মিত করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥১০॥

নরনাথ! সূর্য্য, ইন্দ্র, রুদ্র বা কুবেরের রথও সেভাবে গমন করিতে পারে না ॥১১॥

রাজা! অন্য কোন বীরের রথও পূর্ব্বে সেভাবে যুদ্ধে গমন করে নাই, যেভাবে মনের ন্যায় দ্রুতগামী অর্জ্জুনের রথ গমন করিতেছিল ॥১২॥

প্রবিশ্য তু রণে রাজন্! কেশবঃ পরবীরহা।
সেনামধ্যে হয়াংস্তূর্ণং চোদয়ামাস ভারত! ॥১৩॥
ততস্তস্য রথৌঘস্য মধ্যং প্রাপ্য হয়োত্তমাঃ।
কৃচ্ছ্রেণ রথমূহুস্তং ক্ষুৎপিপাসাশ্রমান্বিতাঃ ॥১৪॥
ক্ষতাশ্চ বহুভিঃ শস্ত্রৈর্যুদ্ধশৌণ্ডৈরনেকশঃ।
মণ্ডলানি বিচিত্রাণি বিচেরুস্তে মুহুর্মুহুঃ ॥১৫॥
হতানাং বাজিনাগানাং রথানাঞ্চ নরৈঃ সহ।
উপরিষ্টাদতিক্রান্তাঃ শৈলাভানাং সহস্রশঃ ॥১৬॥
এতস্মিন্নন্তরে বীরাবাবন্ত্যৌ ভ্রাতরৌ নৃপ!।
সহসেনৌ সমার্চ্ছেতাং পাণ্ডবং ক্লান্তবাহনম্ ॥১৭॥
তাবর্জ্জুনং চতুঃষষ্ট্যা সপ্তত্যা চ জনার্দ্দনম্।
শরাণাঞ্চ শতৈরশ্বানবিধ্যেতাং মুদা যুতৌ ॥১৮॥

ভারতকৌমুদী

প্রবিশ্যেতি। হয়ানশ্বান্, চোদয়ামাস প্রেরয়ামাস ॥১৩॥
তত ইতি। তস্য বিপক্ষসম্বন্ধিনঃ। উহুর্বহন্তি স্ম ॥১৪॥
ক্ষতা ইতি। যুদ্ধেষু শৌণ্ডৈর্মত্তৈঃ। মণ্ডলানি কুর্বন্ত ইতি শেষঃ ॥১৫॥
হতানামিতি। বাজিনাগানামশ্বগজানাম্। শৈলাভানাং স্তূপীভূতত্বাৎ ॥১৬॥
এতস্মিন্নিতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ বিন্দানুবিন্দৌ। সমার্চ্ছেতামাবৃণুতাম্ ॥১৭॥

ভরতনন্দন রাজা! বিপক্ষবীরহন্তা কৃষ্ণ যুদ্ধে প্রবেশ করিয়া সত্বর বিপক্ষ-সৈন্যমধ্যে অশ্বগুলিকে চালাইয়া দিলেন ॥১৩॥

তদনন্তর ক্ষুধা, পিপাসা ও পরিশ্রমে কাতর সেই উত্তম অশ্বগণ বিপক্ষরথ-সমূহমধ্যে উপস্থিত হইয়া কষ্টে সেই অর্জ্জুনের রথখানা বহন করিতে লাগিল ॥১৪॥

যুদ্ধমত্ত বীরেরা বহু অস্ত্রদ্বারা অনেক বার ক্ষত-বিক্ষত করিয়াছিলেন; তথাপি সেই অশ্বগণ বিচিত্র মণ্ডলাকারে বিচরণ করিতে লাগিল ॥১৫॥

নিহত সহস্র সহস্র পর্ব্বতপ্রমাণ হস্তী, অশ্ব, রথ ও পদাতির উপর দিয়া সেই অশ্বগুলি চলিতে থাকিল ॥১৬॥

রাজা! এই সময়ে অবন্তিদেশীয় বীর বিন্দ ও অনুবিন্দ দুই ভ্রাতা সৈন্যের সহিত আসিয়া বাণদ্বারা ক্লান্তবাহন অর্জ্জুনকে আবৃত করিলেন ॥১৭॥

(১৪)…ক্ষুৎপিপাসাসমন্বিতাঃ—বা নি। (১৮)…মুদান্বিতৌ—বা নি।

তাবর্জ্জুনো মহারাজ! নবভির্নতপর্ব্বভিঃ।
আজঘান রণে ক্রুদ্ধো মর্ম্মজ্ঞো মর্ম্মভেদিভিঃ ॥১৯॥
ততস্তৌ তু শরৌঘেণ বীভৎসুং সহকেশবম্।
আচ্ছাদয়েতাং সংরব্ধৌ সিংহনাদঞ্চ চক্রতুঃ ॥২০॥
তয়োস্তু ধনুষী চিত্রে ভল্লাভ্যাং শ্বেতবাহনঃ।
চিচ্ছেদ সমরে তূর্ণং ধ্বজৌ চ কনকোজ্জ্বলৌ ॥২১॥
অথান্যে ধনুষী রাজন্! প্রগৃহ্য সমরে তদা।
পাণ্ডবং ভৃশসংক্রুদ্ধাবর্দ্দয়ামাসতুঃ শরৈঃ ॥২২॥
তয়োস্তু ভৃশসংক্রুদ্ধঃ শরাভ্যাং পাণ্ডুনন্দনঃ।
ধনুষী চিচ্ছিদে তূর্ণং ভূয় এব ধনঞ্জয়ঃ ॥২৩॥

ভারতকৌমুদী

তাবিতি। মুদা যুতৌ ক্লান্তপ্রতিপক্ষলাভাদিত্যাশয়ঃ ॥১৮॥
তাবিতি। নতপর্ব্বভিরীষদ্বক্রোপান্তৈঃ শরৈঃ। মর্ম্মজ্ঞো যুদ্ধরহস্যবিৎ ॥১৯॥
তত ইতি। বীভৎসুমর্জ্জুনম্। সংরব্ধৌ ক্রুদ্ধৌ ॥২০॥
তয়োরিতি। চিত্রে স্বর্ণখচিতত্বাৎ, শ্বেতবাহনোঽর্জ্জুনঃ ॥২১॥
অথেতি। পাণ্ডবমর্জ্জুনং প্রকরণাৎ। অর্দ্দয়ামাসতুর্বিন্দানুবিন্দৌ ॥২২॥

তাঁহারা আনন্দিত হইয়া চৌষট্টিটা বাণদ্বারা অর্জ্জুনকে, সত্তরটা বাণদ্বারা কৃষ্ণকে এবং একশত বাণদ্বারা অর্জ্জুনের অশ্বগুলিকে বিদ্ধ করিলেন ॥১৮॥

মহারাজ! তখন যুদ্ধমর্ম্মজ্ঞ অর্জ্জুনও ক্রুদ্ধ হইয়া নতপর্ব ও মর্ম্মভেদী নয়টা বাণদ্বারা যুদ্ধে তাঁহাদিগকে আঘাত করিলেন ॥১৯॥

তদনন্তর তাঁহারা অত্যন্তক্রুদ্ধ হইয়া বাণসমূহদ্বারা কৃষ্ণের সহিত অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন এবং সিংহনাদ করিয়া উঠিলেন ॥২০॥

তখন অর্জ্জুন দুই দুইটা ভল্লদ্বারা যুদ্ধে তাঁহাদের বিচিত্র ধনু দুইখানাকে এবং স্বর্ণসমুজ্জ্বল ধ্বজ দুইটাকে সত্বর ছেদন করিলেন ॥২১॥

রাজা! তদনন্তর বিন্দ ও অনুবিন্দ অত্যন্তক্রুদ্ধ হইয়া অন্য দুই খানা ধনু লইয়া বহুতর বাণদ্বারা অর্জ্জুনকে পীড়ন করিলেন ॥২২॥

এই সময়ে পাণ্ডুনন্দন অর্জ্জুনও অত্যন্তক্রুদ্ধ হইয়া দুইটা বাণদ্বারা আবারও সত্বরই তাঁহাদের ধনু দুইখানা ছেদন করিলেন ॥২৩॥

---

(২১)···ধনুষী মুষ্টৌ···তূর্ণং ভূয় এব ধনঞ্জয়ঃ—নি।

অথাস্যৈর্বিশিখৈস্তূর্ণং রুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
জঘানাশ্বাংস্তথা সূতৌ পার্ষ্ণী চ সপদানুগৌ ॥২৪॥
জ্যেষ্ঠস্য চ শিরঃ কায়াৎ ক্ষুরপ্রেণ ন্যকৃন্তত।
স পপাত হতঃ পৃথ্ব্যাং বাতরুগ্ণ ইব দ্রুমঃ ॥২৫॥
বিন্দং তু নিহতং দৃষ্ট্বা হ্যনুবিন্দঃ প্রতাপবান্।
হতাশ্বং রথমুৎসৃজ্য গদাং গৃহ্য মহাবলঃ ॥২৬॥
অভ্যদ্রবত সংগ্রামে ভ্রাতুর্বধমনুস্মরন্।
গদয়া রথিনাং শ্রেষ্ঠো নৃত্যন্নিব মহারথঃ ॥২৭॥ (যুগ্মকম্)
অনুবিন্দস্তু গদয়া ললাটে মধুসূদনম্।
স্পৃষ্ট্বা নাকম্পয়ৎ ক্রুদ্ধো মৈনাকমিব পর্ব্বতম্ ॥২৮॥

ভারতকৌমুদী

তয়োরিতি। ভূয় এব পুনরপি ॥২৩॥
অথেতি। সূতৌ সারথী, পার্ষ্ণী পৃষ্ঠরক্ষকৌ, সপদানুগৌ অনুচরসহিতৌ ॥২৪॥
জ্যেষ্ঠস্যেতি। জ্যেষ্ঠস্য বিন্দস্য। ন্যকৃন্তত অচ্ছিনৎ। বাতরুগ্ণো বায়ুভগ্নঃ ॥২৫॥
বিন্দমিতি। গৃহ্য গৃহীত্বা। অভ্যদ্রবত অভ্যধাবৎ ॥২৬—২৭॥
অন্বিতি। স্পৃষ্ট্বা তেনেনাঘাতস্য কৃষ্ণে অদৃঢ়ত্বং সূচিতং মধুসূদনত্বেনাতিবলত্বাৎ ॥২৮॥

তৎপরে অর্জ্জুন স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত অন্য বহুতর বাণদ্বারা তাঁহাদের অশ্বগুলিকে, সারথিদ্বয়কে এবং অনুচরবর্গের সহিত পৃষ্ঠরক্ষক দুই জনকে বধ করিলেন ॥২৪॥

পরে তিনি একটা ক্ষুরপ্রদ্বারা বিন্দের দেহ হইতে মস্তকটাকে ছেদন করিয়া ফেলিলেন। তখন বায়ুভগ্ন বৃক্ষের ন্যায় বিন্দ ভূতলে পতিত হইলেন ॥২৫॥

বিন্দকে নিহত দেখিয়া প্রতাপশালী, মহাবল, রথিশ্রেষ্ঠ ও মহারথ অনুবিন্দ হতাশ্ব রথ পরিত্যাগপূর্ব্বক গদা ধারণ করিয়া তাহাদ্বারা নৃত্য করতই যেন ভ্রাতৃবধ স্মরণ করিতে করিতে রণস্থলে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥২৬—২৭॥

ক্রমে ক্রুদ্ধ অনুবিন্দ যাইয়া গদাদ্বারা কৃষ্ণের ললাট স্পর্শ করিয়াও মৈনাক-পর্বতের ন্যায় তাঁহাকে বিচলিত করিতে পারিলেন না ॥২৮॥

---

(২৭) অভ্যবর্ত্তত সংগ্রামে···বা নি।

তস্যার্জ্জুনঃ শরৈঃ ষড়্ভির্গ্রীবাং পাদৌ ভুজৌ শিরঃ।
বিচকর্ত্ত স সংছিন্নঃ পপাতাদ্রিচয়ো যথা ॥২৯॥
ততস্তৌ নিহতৌ দৃষ্ট্বা তয়ো রাজন্! পদানুগাঃ।
অভ্যদ্রবন্ত সংক্রুদ্ধাঃ কিরন্তঃ শতশঃ শরান্ ॥৩০॥
তানর্জ্জুনঃ শরৈস্তীক্ষ্ণৈর্নিহত্য ভরতর্ষভ!।
ব্যরোচত যথা বহ্নির্দাবং দগ্ধ্বা হিমাত্যয়ে ॥৩১॥
তয়োঃ সেনামতিক্রম্য কৃচ্ছ্রাদিব ধনঞ্জয়ঃ।
বিবভৌ জলদান্ ভিত্ত্বা দিবাকর ইবোদিতঃ ॥৩২॥
তং দৃষ্ট্বা কুরবস্ত্রস্তাঃ প্রহৃষ্টাশ্চাভবন্ পুনঃ।
অভ্যবর্ত্তন্ত পার্থঞ্চ সমন্তাদ্ভরতর্ষভ! ॥৩৩॥

ভারতকৌমুদী

তস্যেতি। বিচকর্ত্ত চিচ্ছেদ। অদ্রিচয়ঃ অদ্র্যঙ্গপাষাণসমূহঃ ॥২৯॥
তত ইতি। পদানুগা অনুচরাঃ। অভ্যদ্রবন্ত অর্জ্জুনমভ্যধাবন্ ॥৩০॥
তানিতি। দাবং বনম্, "দবদাবৌ বনারণ্যবহ্নী" ইত্যমরঃ। হিমাত্যয়ে বসন্তে ॥৩১॥
তয়োরিতি। কৃচ্ছ্রাদিব রিপূণাং বহুত্বাদ্বীরত্বাচ্চেতি ভাবঃ। উদিত আবির্ভূতঃ ॥৩২॥
তমিতি। প্রহৃষ্টাঃ, ক্লান্তত্বদর্শনাদিত্যাশয়ঃ। সমন্তাৎ সর্বাভ্য এব দিগ্ভ্যঃ ॥৩৩॥

এবমিতি। রাজা দুর্য্যোধনঃ, মর্ম্ম হৃদয়ং ভিত্ত্বা অতিগচ্ছন্তীতি তৈঃ ॥৮১॥
বাস্বিতি। স্তনয়োরন্তরে বক্ষসি। প্রতোদম্ অশ্বতাড়নদণ্ডম্ ॥৮২॥
তমিতি। চতুর্দশভিঃ শরৈরিত্যনুবৃত্তিঃ। অস্য দুর্য্যোধনস্য ॥৮৩॥
তেষামিতি। প্রাহিণোৎ পার্থ এব ন্যক্ষিপৎ ॥৮৪॥

লোকে আমাদের অসমক্ষে প্রভুর সৎকারযুক্ত তোমার যে সকল কার্য্যের উল্লেখ করে, তুমি এখন সেই সকল কার্য্য দেখাও' ॥৮০॥

সঞ্জয় বলিলেন—'রাজা দুর্য্যোধন এইরূপ বলিয়া মহাবেগশালী ও মর্ম্মভেদী তিনটা বাণদ্বারা অর্জ্জুনকে এবং চারিটা বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥৮১॥

আর দশটা বাণদ্বারা কৃষ্ণের বক্ষস্থলে তাড়নপূর্ব্বক একটা ভল্লদ্বারা কৃষ্ণের কশাটাকে ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৮২॥

তখন অর্জ্জুন আকুল না হইয়া বিচিত্রপুঙ্খ ও শিলাশাণিত চতুর্দ্দশ বাণদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন। কিন্তু সে বাণগুলি দুর্য্যোধনের বর্ম্মে লাগিয়া পড়িয়া গেল ॥৮৩॥

অর্জ্জুন সেই বাণগুলিকে নিষ্ফল দেখিয়া পুনরায় চৌদ্দটা সুধার বাণ নিক্ষেপ করিলেন; সেগুলিও দুর্য্যোধনের বর্ম্মে সংলগ্ন হইয়া পতিত হইল ॥৮৪॥

(৮১) অভ্যবিধ্যন্মহাবেগৈঃ···বা নি। (৮৩)···তে চাভ্রশ্যন্ত বর্ম্মণি—বা নি। (৮৪) ···তেঽস্যাভ্রশ্যন্ত বর্ম্মণঃ—বঙ্গ বর্দ্ধ,···তে চাপ্রশ্যন্ত বর্ম্মণঃ—বা নি।

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

দ্রোণপর্ব্ব

সপ্তমখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকসুরিবর্ম্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৪ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

অষ্টাবিংশত্তু তান্ বাণানস্তান্ বিপ্রেক্ষ্য নিষ্ফলান্।
অব্রবীৎ পরবীরঘ্নঃ কৃষ্ণোঽর্জ্জুনমিদং বচঃ ॥৮৫॥
অদৃষ্টপূর্ব্বং পশ্যামি শিলানামিব সর্পণম্।
ত্বয়া সংপ্রেষিতাঃ পার্থ! নার্থং কুর্বন্তি পত্রিণঃ ॥৮৬॥
কচ্চিদ্গাণ্ডীবজঃ প্রাণস্তথৈব ভরতর্ষভ!।
মুষ্টিশ্চ তে যথা পূর্ব্বং ভুজয়োশ্চ বলং তব ॥৮৭॥
ন বা কচ্চিদয়ং কালঃ প্রাপ্তঃ স্যাদস্য পশ্চিমঃ।
তব চৈবাস্য শত্রোশ্চ তন্মমাচক্ষ্ব পৃচ্ছতঃ ॥৮৮॥
বিস্ময়ো মে মহান্ পার্থ! তব দৃষ্ট্বা শরানিমান্।
ব্যর্থান্ নিপতিতান্ সংখ্যে দুর্য্যোধনরথং প্রতি ॥৮৯॥
বজ্রাশনিসমা ঘোরাঃ পরকায়াবদারণাঃ।
শরাঃ কুর্বন্তি তে নার্থং পার্থ! কাদ্য বিড়ম্বনা ॥৯০॥

ভারতকৌমুদী

অষ্টেতি। অস্তান্ অর্জ্জুনেন নিক্ষিপ্তান্। "অসু ক্ষেপণে" ইত্যস্য ক্তে প্রয়োগঃ ॥৮৫॥
অদৃষ্টেতি। সর্পণং জলোপরি প্লবনম্। অর্থং শত্রুদেহবিদারণরূপং প্রয়োজনম্ ॥৮৬॥
কচ্চিদিতি। প্রাণো বলম্, তথৈব পূর্ববদেবাস্তীতি শেষঃ ॥৮৭॥
নেতি। প্রাপ্ত উপস্থিতঃ, পশ্চিমঃ শেষঃ, পরস্পরদর্শনবিষয় ইত্যাশয়ঃ ॥৮৮॥
বিস্ময় ইতি। দুর্য্যোধনস্য রথং প্রতি রথসমীপে নিপতিতান্ ॥৮৯॥
বজ্রেতি। অশনির্বিদ্যুৎ, "অশনির্বজ্রবিদ্যুতোঃ" ইতি হেমচন্দ্রঃ। অর্থং প্রয়োজনম্ ॥৯০॥

তখন বিপক্ষবীরহন্তা কৃষ্ণ অর্জ্জুননিক্ষিপ্ত সেই অষ্টাবিংশতি বাণকে নিষ্ফল দেখিয়া অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥৮৫॥

'অর্জ্জুন! জলের উপরে পাথর ভাসার ন্যায় অদৃষ্টপূর্ব ব্যাপার দেখিতেছি! তোমার নিক্ষিপ্ত বাণগুলি কোন প্রয়োজন সাধন করিল না! ॥৮৬॥

ভরতশ্রেষ্ঠ! গাণ্ডীবের শক্তি সেইরূপই আছে ত? এবং তোমার মুষ্টি ও বাহুযুগলের বল পূর্ব্ববৎ রহিয়াছে ত? ॥৮৭॥

আমি জিজ্ঞাসা করিতেছি—আজ তোমার ও এই শত্রুর পরস্পর সন্দর্শন-বিষয়ে এই শেষ কাল উপস্থিত হইল না কি? তাহা আমার নিকট বল ॥৮৮॥

পৃথানন্দন! তোমার এই বাণগুলিকে ব্যর্থ ও দুর্য্যোধনের রথের নিকটে নিপতিত দেখিয়া আমার গুরুতর বিস্ময় জন্মিয়াছে ॥৮৯॥

(৮৭) কচ্চিদ্গাণ্ডীবতঃ প্রাণঃ…পি বা বঙ্গ বর্দ্ধ। (৮৮) ন বা কশ্চিদয়ং কালঃ…পি বঙ্গ বর্দ্ধ। (৯০)…পরকায়াবভেদিনঃ…বা নি।

অর্জ্জুন উবাচ।

দ্রোণেনৈষা মতিঃ কৃষ্ণ ! ধার্ত্তরাষ্ট্রে নিবেশিতা।
অভেদ্যা হি মমাস্ত্রাণামেষা কবচধারণা ॥৯১॥
অস্মিন্নন্তর্হিতং কৃষ্ণ ! ত্রৈলোক্যমপি বর্ম্মণি।
একো দ্রোণো হি বেদৈতদহং তস্মাচ্চ সত্তমাৎ ॥৯২॥
ন শক্যমেতৎ কবচং বাণৈর্ভেত্তুং কথঞ্চন।
অপি বজ্রেণ গোবিন্দ ! স্বয়ং মঘবতা যুধি ॥৯৩॥
জানংস্ত্বমপি বৈ কৃষ্ণ ! মাং বিমোহয়সে কথম্।
যদ্‌বৃত্তং ত্রিষু লোকেষু যচ্চ কেশব ! বর্ত্ততে ॥৯৪॥
তথা ভবিষ্যদ্‌যচ্চৈব তৎ সর্ব্বং বিদিতং তব।
ন ত্বেবং বেদ বৈ কশ্চিদ্‌যথাহং মধুসূদন ! ॥৯৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দ্রোণেনেতি। এষা এতৎকবচবন্ধনবিষয়া। কবচধারণা ধৃতং কবচমিত্যর্থঃ ॥৯১॥
অস্মিন্নিতি। অন্তর্হিতমিব ভবতি কিমপি কর্ত্তুমশক্তত্বাৎ ॥৯২॥
নেতি। কিং বহুনা মঘবতা ইন্দ্রেণ বজ্রেণাপি ভেত্তুং ন শক্যমিতি সম্বন্ধঃ ॥৯৩॥
জানন্নিতি। বিমোহয়সে প্রশ্নেন। বৃত্তং জাতম্। এবং তব মাহাত্ম্যম্ ॥৯৪—৯৫॥

অর্জ্জুন ! বজ্র ও বিদ্যুতের তুল্য ভয়ঙ্কর এবং বিপক্ষশরীরবিদারক তোমার বাণ সকল কোন প্রয়োজন সাধন করিল না ! আজ এ কি বিড়ম্বনা' ॥৯০॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ ! আমার ধারণা এই যে, দ্রোণ দুর্য্যোধনের গাত্রে এই কবচ বন্ধন করিয়া দিয়াছেন। যদি তাহাই হয়, তবে এই কবচ আমার অস্ত্রের অভেদ্য ॥৯১॥

কৃষ্ণ ! সমগ্র ত্রিভুবনও যেন এই কবচের ভিতরে অন্তর্হিত হইয়া যায়। তা'র পর একমাত্র দ্রোণই এই কবচ জানেন, আমিও সেই বীরশ্রেষ্ঠের নিকট অবগত হইয়াছি ॥৯২॥

গোবিন্দ ! বাণদ্বারা কোন প্রকারেই এই কবচ ভেদ করা যায় না, এমন কি স্বয়ং ইন্দ্র বজ্রদ্বারাও যুদ্ধে ইহা ভেদ করিতে পারেন না ॥৯৩॥

কৃষ্ণ ! তুমি ইহা জানিয়াও আমাকে মোহিত করিতেছ কেন ? কেশব ! ত্রিভুবনে যাহা হইয়া গিয়াছে, যাহা হইতেছে এবং যাহা হইবে, সে সমস্তই ত তোমার জানা আছে। মধুসূদন ! আমি যেমন তোমার এই মাহাত্ম্য জানি, তেমন আর কেহ জানে না ॥৯৪—৯৫॥

(৯৪)…যথা ত্বং মধুসূদন !—বা নি।

এষ দুর্য্যোধনঃ কৃষ্ণ! দ্রোণেন বিহিতামিমাম্।
তিষ্ঠত্যভীতবৎ সংখ্যে বিভ্রৎ কবচধারণাম্ ॥৯৬॥
যত্ত্বত্র বিহিতং কার্য্যং নৈষ তদ্বেত্তি মাধব!।
স্ত্রীবদেষ বিভর্ত্ত্যেতাং যুক্তাং কবচধারণাম্ ॥৯৭॥
পশ্য বাহ্বোশ্চ মে বীর্য্যং ধনুষশ্চ জনার্দ্দন!।
পরাজয়িষ্যে কৌরব্যং কবচেনাপি রক্ষিতম্ ॥৯৮॥
ইদমঙ্গিরসে প্রাদাদ্দেবেশো বর্ম্ম ভাস্বরম্।
তস্মাদ্বৃহস্পতিঃ প্রাপ ততঃ প্রাপ পুরন্দরঃ।
পুনর্দদৌ সুরপতির্মহ্যং বর্ম্ম সসংগ্রহম্ ॥৯৯॥
দৈবং যদ্যস্য বর্ম্মৈতদ্ব্রহ্মণা বা স্বয়ং কৃতম্।
নৈনং গোপ্স্যতি দুর্বুদ্ধিমদ্য বাণহতং ময়া ॥১০০॥

ভারতকৌমুদী

এষ ইতি। বিভ্রৎ ধারয়ন্, কবচস্য ধারণাং বন্ধম্ ॥৯৬॥

যদিতি। এষ দুর্য্যোধনঃ। যুক্তাং দ্রোণেন প্রযুক্তাম্ ॥৯৭॥

পশ্যেতি। পরাজয়িষ্যে পরাজেষ্যে, কৌরব্যং দুর্য্যোধনম্ ॥৯৮॥

আত্মনোঽপি তৎকবচাগমমাহ ইদমিতি। দেবেশো ব্রহ্মা, ভাস্বরমুজ্জ্বলম্। সংগৃহ্যতে ধ্রিয়তে অনেনেতি সংগ্রহো মন্ত্রস্তেন সহেতি তৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৯॥

দৈবমিতি। দৈবং দ্রোণদ্বারা দৈবাদুপস্থিতম্, অস্য দুর্য্যোধনস্য। বাশব্দ এবার্থে, "বা

ভারতভাবদীপঃ

যমিতি যদস্ত্রৈঃ সংকরণং তেন যুক্তানি যোগ্যতাং গতানি ॥৮০॥ এবমীদৃশপ্রভাবম্ ॥৮১—৯৬॥ যুক্তাম্ অন্যপ্রযুক্তাম্ ॥৯৭—৯৮॥ সসংগ্রহং সোপদেশম্ ॥৯৯॥ দৈবং দেবৈঃ

কৃষ্ণ! এই দুর্য্যোধন দ্রোণকৃত এই কবচবন্ধন ধারণকরতঃ যুদ্ধে নির্ভয়ের ন্যায় অবস্থান করিতেছে ॥৯৬॥

কিন্তু মাধব! এ অবস্থায় যে কার্য্য বিহিত আছে, তাহা এ জানে না। কেবল স্ত্রীলোকের ন্যায় অন্যবদ্ধ কবচ ধারণ করিতেছে ॥৯৭॥

জনার্দ্দন! তুমি আমার বাহুযুগলের ও ধনুর বল দেখ। দুর্য্যোধন কবচদ্বারা রক্ষিত হইলেও আমি উহাকে পরাজয় করিব ॥৯৮॥

প্রথমে ব্রহ্মা এই উজ্জ্বল কবচ অঙ্গিরাকে দান করেন, তাঁহার নিকট হইতে বৃহস্পতি প্রাপ্ত হন, তাঁহার নিকট হইতে ইন্দ্র লাভ করেন, ইন্দ্র আবার মন্ত্রের সহিত এই কবচ আমাকে দান করেন ॥৯৯॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনো বাণানভিমন্ত্র্য ব্যকর্ষয়ৎ।
মানবাস্ত্রেণ মানার্হস্তীক্ষ্ণাবরণভেদিনা ॥১০১॥
বিকৃষ্যমাণাংস্তেনৈব ধনুর্মধ্যগতান্ শরান্।
তানস্যাস্ত্রেণ চিচ্ছেদ দ্রৌণিঃ সর্বাস্ত্রঘাতিনা ॥১০২॥
তান্ নিকৃত্তানিষূন্ দৃষ্ট্বা দূরতো ব্রহ্মবাদিনা।
ন্যবেদয়ৎ কেশবায় বিস্মিতঃ শ্বেতবাহনঃ ॥১০৩॥
নৈতদস্ত্রং ময়া শক্যং দ্বিঃ প্রয়োক্তুং জনার্দ্দন !।
অস্ত্রং মামেব হন্যাদ্ধি হন্যাচ্চৈব বলং মম ॥১০৪॥

ভারতকৌমুদী

স্যাদ্বিকল্পোপমযোরেবার্থে চ সমুচ্চয়ে" ইতি বিশ্বঃ। স্বয়ং ব্রহ্মণৈব কৃতম্ আবিষ্কৃতম্. গোপ্স্যতি রক্ষিষ্যতি ॥১০০॥

এবমিতি। মানবাস্ত্রেণ মানবাস্ত্রমন্ত্রেণ। তীক্ষ্ণশ্চাসৌ আবরণভেদী চেতি তেন ॥১০১॥

বিকৃষ্যেতি। অস্য অর্জ্জুনস্য, দ্রৌণিরশ্বত্থামা ॥১০২॥

তানিতি। নিকৃত্তান্ ছিন্নান্। ব্রহ্মবাদিনা বেদবাদিনা ব্রাহ্মণেনাশ্বত্থাম্না ॥১০৩॥

নেতি। প্রয়োক্তুং নিক্ষেপ্তুম্। অস্ত্রং কর্তৃ। হি যস্মাৎ ॥১০৪॥

ব্রহ্মার আবিষ্কৃত এই কবচ যদিও উহার নিকট দৈববশতঃ উপস্থিত হইয়া থাকে, তথাপি আজ আমি বাণদ্বারা নিহত করিলে, এই কবচ এ দুর্বুদ্ধিকে রক্ষা করিতে পারিবে না' ॥১০০॥

সঞ্জয় বলিলেন—'সম্মানযোগ্য অর্জ্জুন এইরূপ বলিয়া তীক্ষ্ণ ও আবরণভেদী মানবাস্ত্রের মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া কতকগুলি বাণ আকর্ষণ করিলেন ॥১০১॥

অর্জ্জুন তূণ হইতে কতকগুলি বাণ আকর্ষণপূর্ব্বক আনিয়া গাণ্ডীবধনুর মধ্যস্থানে রাখিলে, অশ্বত্থামা সর্বাস্ত্রনাশক এক অস্ত্রদ্বারা সেই বাণগুলিকে ছেদন করিলেন ॥১০২॥

অশ্বত্থামা দূর হইতে সেই বাণগুলিকে ছেদন করিয়াছেন দেখিয়া অর্জ্জুন বিস্মিত হইয়া কৃষ্ণকে জানাইলেন—॥১০৩॥

'কৃষ্ণ! আমি এই অস্ত্র দুই বার নিক্ষেপ করিতে পারি না। কারণ, তাহা হইলে এ অস্ত্র আমাকেই বধ করিবে এবং আমার সৈন্যদিগকেও সংহার করিবে' ॥১০৪॥

(১০১) দ্বিতীয়ার্দ্ধং পি বা বঙ্গ বর্দ্ধ নাস্তি। (১০৪) হন্যাচ্চাপি···বা নি।

ততো দুর্য্যোধনঃ কৃষ্ণৌ নবভির্নতপর্ব্বভিঃ।
অবিধ্যত রণে রাজন্! শরৈরাশীবিষোপমৈঃ ॥১০৫॥
ভূয় এবাভ্যবর্ষচ্চ সমরে কৃষ্ণপাণ্ডবৌ।
শরবর্ষেণ মহতা ততোঽহৃষ্যন্ত তাবকাঃ।
চক্রুর্বাদিত্রনিনদান্ সিংহনাদরবাংস্তথা ॥১০৬॥
ততঃ ক্রুদ্ধো রণে পার্থঃ সৃক্কণী পরিলেলিহন্।
নাপশ্যত তদস্যাঙ্গং যন্ন স্যাদ্বর্ম্মরক্ষিতম্ ॥১০৭॥
ততোঽস্য নিশিতৈর্বাণৈঃ সুমুক্তৈরন্তকোপমৈঃ।
হয়াংশ্চকার নির্দ্দেহানুভৌ চ পার্ষ্ণিসারথী ॥১০৮॥
ধনুরস্যাচ্ছিনচ্চিত্রং হস্তাবাপঞ্চ বীর্য্যবান্।
রথঞ্চ শকলীকর্ত্তুং সব্যসাচী প্রচক্রমে ॥১০৯॥

ভারতকৌমুদী

তত ইতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, নতপর্বভিরীষদ্বক্রোপাগ্রৈঃ ॥১০৫॥
ভূয় ইতি। অভ্যবর্ষং দুর্য্যোধন ইত্যনুবৃত্তিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০৬॥
তত ইতি। সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ, পরিলেলিহন্ বারং বারং রসনয়া স্পৃশন্ ॥১০৭॥
তত ইতি। সুমুক্তৈঃ সুষ্ঠু নিক্ষিপ্তৈঃ। নির্দ্দেহান্ ছিন্নগাত্রান্, পার্ষ্ণিসারথী পৃষ্ঠ-রক্ষৌ ॥১০৮॥

রাজা! তাহার পর দুর্য্যোধন যুদ্ধে নতপর্ব ও সর্পতুল্য নয়টা বাণদ্বারা কৃষ্ণ ও অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥১০৫॥

পুনরায় তিনি কৃষ্ণ ও অর্জ্জুনের উপরে বিশাল শরবর্ষণ করিতে লাগিলেন। তাহাতে আপনার পক্ষের যোদ্ধারা আনন্দিত হইলেন এবং বাদ্যধ্বনি ও সিংহনাদ করিতে থাকিলেন ॥১০৬॥

তদনন্তর অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া—দুর্য্যোধনের যে অঙ্গ বর্ম্মাবৃত ছিল না, সে অঙ্গ দেখিতেই পাইলেন না ॥১০৭॥

তৎপরে অর্জ্জুন যমতুল্য সুধার বাণসমূহদ্বারা দুর্য্যোধনের অশ্বচতুষ্টয় ও পৃষ্ঠসারথিদ্বয়ের শরীর ছিন্ন-ভিন্ন করিলেন ॥১০৮॥

পরে বলবান্ অর্জ্জুন দুর্য্যোধনের বিচিত্র ধনু ও হস্তাবরণ ছেদন করিয়া ফেলিলেন এবং রথখানাকে খণ্ড খণ্ড করিবার উপক্রম করিলেন ॥১০৯॥

(১০৫)…নবভির্নবভিঃ শরৈঃ…বা নি। (১০৭)…সৃক্কিণী পরিসংলিহন্…বা নি। (১০৯)…অচ্ছিনত্তর্ণম্…বা নি।

দুর্য্যোধনঞ্চ বাণাভ্যাং তীক্ষ্ণাভ্যাং বিরথীকৃতম্।
অবিধ্যদ্ধস্ততলয়োরুভয়োরর্জ্জুনস্তদা ॥১১০॥
তং কৃচ্ছ্রামাপদং প্রাপ্তং দৃষ্ট্বা পরমধন্বিনঃ।
সমাপেতুঃ পরীপ্সন্তো ধনঞ্জয়শরার্দ্দিতম্ ॥১১১॥
তে রথৈর্ব্বহুসাহস্রৈঃ কল্পিতৈঃ কুঞ্জরৈর্হয়ৈঃ।
পদাত্যোঘৈশ্চ সংরব্ধৈঃ পরিবব্রুর্ধনঞ্জয়ম্ ॥১১২॥
অথ নার্জ্জুনগোবিন্দৌ রথো বাপি ব্যদৃশ্যত।
অস্ত্রবর্ষেণ মহতা জনৌঘৈশ্চাপি সংবৃতৌ ॥১১৩॥
ততোঽর্জ্জুনোঽস্ত্রবর্ষেণ নিজঘ্নে তাং বরূথিনীম্।
তত্র ব্যঙ্গীকৃতাঃ পেতুঃ শতশোঽথ রথদ্বিপাঃ ॥১১৪॥

ভারতকৌমুদী

ধন্বিতি। হস্তাবাপং চর্ম্মনির্ম্মিতহস্তাবরণম্। শকলীকর্ত্তুং খণ্ডখণ্ডীকর্ত্তুম্ ॥১০৯॥
দুর্য্যোধনমিতি। হস্ততলয়োঃ, তয়োর্বর্ম্মানাবরণাদিত্যাশয়ঃ ॥১১০॥
তমিতি। কৃচ্ছ্রাং কষ্টকরীম্। পরমধন্বিনঃ কর্ণাদয়ঃ। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥১১১॥
ত ইতি। কল্পিতৈঃ সজ্জিতৈঃ। সংরব্ধৈঃ সোৎসাহৈঃ ॥১১২॥
অথেতি। রথঃ অর্জ্জুনস্যৈব। সংবৃতৌ পরিবেষ্টিতৌ ॥১১৩॥
তত ইতি। বরূথিনীং কৌরবসেনাম্। ব্যঙ্গীকৃতাশ্ছেদনেন ॥১১৪॥

আর অর্জ্জুন তখন দুইটা তীক্ষ্ণ বাণদ্বারা রথবিহীন দুর্য্যোধনের দুই হস্তের তলদেশ বিদ্ধ করিলেন ॥১১০॥

সেই সময়ে দুর্য্যোধনকে কষ্টকর বিপদে পতিত এবং অর্জ্জুনের বাণে পীড়িত দেখিয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য মহাধনুর্দ্ধরেরা আসিয়া পড়িলেন ॥১১১॥

তাঁহারা বহুসহস্র রথ, সুসজ্জিত হস্তী ও অশ্ব এবং পদাতিসমূহদ্বারা অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥১১২॥

তদনন্তর বিশাল অস্ত্রবর্ষণে এবং লোকসমূহের পরিবেষ্টনে কৃষ্ণ, অর্জ্জুন ও তাঁহাদের রথখানাকে আর দেখা গেল না ॥১১৩॥

তৎপরে অর্জ্জুন অস্ত্রবর্ষণ করিয়া সেই কৌরবসেনা সংহার করিতে লাগিলেন। তখন শত শত রথ ও হস্তী অঙ্গবিহীন হইয়া পতিত হইতে থাকিল ॥১১৪॥

(১১১)…পরমধন্বিনম্…পি বঙ্গ বর্দ্ধ। (১১২) তং রথৈঃ…বা নি। (১১৩)…ন রথো বা ব্যদৃশ্যত · বা নি,…শরৌঘৈশ্চাপি সংবৃতৌ—নি।

তে হতা হন্যমানাশ্চ ন্যগৃহ্ণংস্তং রথোত্তমম্।
স রথঃ স্তম্ভিতস্তস্থৌ ক্রোশমাত্রে সমন্ততঃ ॥১১৫॥
ততোঽর্জ্জুনং বৃষ্ণিবীরস্ত্বরিতো বাক্যমব্রবীৎ।
ধনুর্বিস্ফারয়াত্যর্থমহং ধ্মাস্যামি চাম্বুজম্ ॥১১৬॥
ততো বিস্ফার্য্য বলবদ্‌গাণ্ডীবং জঘ্নিবান্ রিপূন্।
মহতা শরবর্ষেণ তলশব্দেন চার্জ্জুনঃ ॥১১৭॥
পাঞ্চজন্যঞ্চ বলবান্ দধ্মৌ তারেণ কেশবঃ।
রজসা ধ্বস্তপক্ষ্মাক্ষঃ প্রস্বিন্নবদনো ভৃশম্ ॥১১৮॥
তস্য শঙ্খস্য নাদেন ধনুষো নিস্বনেন চ।
নিঃসত্ত্বাশ্চ সসত্ত্বাশ্চ ক্ষিতৌ পেতুস্তদা জনাঃ ॥১১৯॥

ভারতকৌমুদী

তে ইতি। ন্যগৃহ্ণন্ অবারুন্ধন্। ক্রোশমাত্রে জয়দ্রথাদিত্যর্থঃ ॥১১৫॥

তত ইতি। বৃষ্ণিবীরঃ কৃষ্ণঃ। ধ্মাস্যামি বাদয়িষ্যামি, অম্বুজং শঙ্খম্ ॥১১৬॥

তত ইতি। বলবৎ দৃঢ়ম্। তলশব্দেন হস্তাবাপশব্দেন ॥১১৭॥

পাঞ্চেতি। রজসা ধূল্যা, ধ্বস্তানি আবৃতানি পক্ষ্মাক্ষীণি নয়নলোমনয়নানি যস্য সঃ, ভৃশং প্রস্বিন্নবদনো ঘর্ম্মাক্তমুখশ্চ, বলবান্ কেশবঃ, তারেণ উচ্চস্বরেণ, পাঞ্চজন্যং নাম শঙ্খম্, দধ্মৌ বাদয়ামাস চ ॥১১৮॥

ভারতভাবদীপঃ

কৃতম্ ॥১০০—১০৭॥ নির্দেহান্ নিকৃত্তাবয়বান্ ॥১০৮—১১৪॥ ক্রোশমাত্রে সৈন্ধবতোঽর্থাৎ ॥১১৫—১২৭॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৮॥

হত ও হন্যমান সেই সৈন্যেরা অর্জ্জুনের সেই উত্তম রথখানাকে অবরুদ্ধ করিল। তখন জয়দ্রথ হইতে একক্রোশ দূরে সেই রথখানা স্তম্ভিত হইয়া রহিল ॥১১৫॥

তাহার পর কৃষ্ণ সত্বর অর্জ্জুনকে এই কথা বলিলেন—'অর্জ্জুন! তুমি তোমার ধনুখানাকে অত্যন্ত বিস্ফারিত করিতে থাক; আমি শঙ্খধ্বনি করিব' ॥১১৬॥

পরে অর্জ্জুন সুদৃঢ় গাণ্ডীবধনু বিস্ফারিত করিয়া বিশাল বাণবর্ষণ ও তলশব্দদ্বারা শত্রুসংহার করিতে লাগিলেন ॥১১৭॥

তৎকালে কৃষ্ণের নয়নলোম ও নয়ন ধূলিজালে আবৃত হইয়া গিয়াছিল এবং তাঁহার মুখমণ্ডল অত্যন্ত ঘর্ম্মাক্ত হইয়াছিল; সেই অবস্থায় তিনি উচ্চস্বরে শঙ্খধ্বনি করিলেন ॥১১৮॥

তৈর্বিমুক্তো রথো রেজে বায়ীরিত ইবাম্বুদঃ।
জয়দ্রথস্য গোপ্তারস্ততঃ ক্রুদ্ধাঃ সহানুগাঃ ॥১২০॥
তে দৃষ্ট্বা সহসা পার্থং গোপ্তারঃ সৈন্ধবস্য তু।
চক্রুর্নাদান্ মহেষ্বাসাঃ কম্পয়ন্তো বসুন্ধরাম্ ॥১২১॥
বাণশব্দবরাংশ্চোগ্রান্ বিমিশ্রান্ শঙ্খনিস্বনৈঃ।
প্রাদুশ্চক্রুর্মহাত্মানঃ সিংহনাদরবানপি ॥১২২॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং তাবকানাং সমুত্থিতম্।
প্রদধ্মতুস্তদা শঙ্খৌ বাসুদেবধনঞ্জয়ৌ ॥১২৩॥
তেন শব্দেন মহতা পূরিতেয়ং বসুন্ধরা।
সশৈলা সার্ণবদ্বীপা সপাতালা বিশাংপতে! ॥১২৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। নিঃসত্ত্বা দুর্ব্বলাঃ, সসত্ত্বাঃ সবলাশ্চ ॥১১৯॥

তৈরিতি। বায়ুনা ঈরিতশ্চালিতঃ। গোপ্তারো রক্ষকাঃ কর্ণাদয়ঃ, ক্রুদ্ধা অভবন্ ॥১২০॥

ত ইতি। নাদান্ সিংহনাদান্, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥১২১॥

বাণেতি। মহাত্মানো সৈন্ধবস্য গোপ্তারঃ ॥১২২॥

তমিতি। তাবকানাং তব সৈন্যানাম্। প্রদধ্মতুর্বাদয়ামাসতুঃ ॥১২৩॥

তেনেতি। অত্র বসুন্ধরাপূরণাসম্বন্ধেঽপি তৎসম্বন্ধোক্তেরতিশয়োক্তিরলঙ্কারঃ ॥১২৪॥

তখন তাঁহার শঙ্খধ্বনিতে এবং অর্জ্জুনের ধনুর শব্দে সবল ও দুর্ব্বল লোকেরা ভূতলে পতিত হইল ॥১১৯॥

তাহারা রথের পথ ছাড়িয়া দিলে, বায়ুচালিত মেঘের ন্যায় সেই রথখানা শোভা পাইতে লাগিল। তৎপরে অনুচরগণের সহিত জয়দ্রথের রক্ষকেরা ক্রুদ্ধ হইলেন ॥১২০॥

জয়দ্রথের রক্ষক সেই মহাধনুর্দ্ধরেরা সহসা অর্জ্জুনকে দেখিয়া পৃথিবী কাঁপাইয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥১২১॥

আর সেই মহাত্মারা শঙ্খধ্বনিমিশ্রিত ভীষণ বাণশব্দ ও সিংহনাদ করিতে থাকিলেন ॥১২২॥

তখন আপনার সৈন্যমধ্যে উত্থিত সেই ভয়ঙ্কর নাদ শুনিয়া কৃষ্ণ এবং অর্জ্জুনও আপন আপন শঙ্খধ্বনি করিলেন ॥১২৩॥

নরনাথ! সেই বিশাল শব্দ পর্ব্বত, সমুদ্র, দ্বীপ ও পাতালের সহিত এই পৃথিবীটাকে পূর্ণ করিল ॥১২৪॥

(১২২) বাণশব্দরবান্···বা নি বঙ্গ বর্দ্ধ। (১২৩)···প্রদধ্মতুঃ শঙ্খবরৌ···বা নি।

স শব্দো ভরতশ্রেষ্ঠ! ব্যাপ্য সর্বা দিশো দশ।
প্রতিসস্বান তত্রৈব কুরুপাণ্ডবয়োর্বলে ॥১২৫॥
তাবকা রথিনস্তত্র দৃষ্ট্বা কৃষ্ণধনঞ্জয়ৌ।
সংভ্রমং পরমং প্রাপ্তাস্ত্বরমাণা মহারথাঃ ॥১২৬॥
অথ কৃষ্ণৌ মহাভাগৌ তাবকাঃ প্রেক্ষ্য দংশিতৌ।
অভ্যদ্রবন্ত সংক্রুদ্ধৌ তদদ্ভুতমিবাভবৎ ॥১২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে দুর্য্যোধনপরাজয়ে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

ভারতকৌমুদী

স ইতি। প্রতিসস্বান প্রতিধ্বনিং চকার। বলে সৈন্যে ॥১২৫॥

তাবকা ইতি। সম্ভ্রমং ব্যস্ততাম্ ॥১২৬॥

অথেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। দংশিতৌ সন্নদ্ধৌ। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। জগত্যদ্বিতীয়বীরয়োঃ কৃষ্ণয়োরভিধাবনমেবাদ্ভুতমিত্যাশয়ঃ ॥১২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

এবং ভরতশ্রেষ্ঠ! সেই শব্দ সমগ্র দশ দিক্ ব্যাপ্ত করিয়া সেই কুরুপাণ্ডবসৈন্যমধ্যেই প্রতিধ্বনি উৎপাদন করিল ॥১২৫॥

মহারাজ! তখন আপনার পক্ষের রথী ও মহারথেরা কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়া গুরুতর ব্যস্ততা প্রাপ্ত হইলেন ॥১২৬॥

তাহার পর আপনার পক্ষের যোদ্ধারা যুদ্ধসজ্জায় সজ্জিত ও অত্যন্তক্রুদ্ধ মহাভাগ কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়া তাঁহাদের দিকে ধাবিত হইলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল' ॥১২৭॥

—০::০—

(১২৭)…তাবকা বীক্ষ্য…সংক্রুদ্ধাঃ…বা নি। * '…একাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গবর্দ্ধ, '…ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

উননবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তাবকা হি সমীক্ষ্যৈব বৃষ্ণিসিংহকুরূত্তমৌ।
প্রাগত্বরন্ জিঘাংসন্তস্তথৈব বিজয়ঃ পরান্ ॥১॥
সুবর্ণচিত্রৈর্বৈয়াঘ্রৈঃ স্বনবদ্ভির্মহারথৈঃ।
দীপয়ন্তো দিশঃ সর্ব্বা জলদ্ভিরিব পাবকৈঃ ॥২॥
রুক্মপৃষ্ঠৈশ্চ দুষ্প্রেক্ষ্যৈঃ কার্ম্মুকৈঃ পৃথিবীপতে!।
কূজদ্ভিরতুলান্ নাদান্ রোষিতৈরুরুগৈরিব ॥৩॥ (বিশেষকম্)
ভূরিশ্রবাঃ শলঃ কর্ণো বৃষসেনো জয়দ্রথঃ।
কৃপশ্চ মদ্ররাজশ্চ দ্রৌণিশ্চ রথিনাং বরঃ ॥৪॥
তে পিবন্ত ইবাকাশমশ্বৈরষ্টৌ মহারথাঃ।
ব্যরাজয়ন্ দশ দিশো বৈয়াঘ্রৈর্হৈমচন্দ্রকৈঃ ॥৫॥

ভারতকৌমুদী

তাবকা ইতি। বৃষ্ণিসিংহকুরূত্তমৌ কৃষ্ণার্জ্জুনৌ। বিজয়োঽর্জ্জুনঃ। বৈয়াঘ্রৈর্ব্যাঘ্রচর্ম্ম-পরিবেষ্টিতৈঃ। রুক্মপৃষ্ঠৈঃ স্বর্ণখচিতপৃষ্ঠদেশৈঃ কার্ম্মুকৈশ্চ দীপয়ন্তঃ। কূজদ্ভিঃ কুর্বদ্ভিঃ ॥১—৩॥

অথ কে তে তাবকা ইত্যাহ ভূরীতি। মদ্ররাজঃ শল্যঃ, দ্রৌণিরশ্বত্থামা ॥৪॥

ত ইতি। হেম্নঃ স্বর্ণস্য চন্দ্রাশ্চন্দ্রাকারচিহ্নানি যেষু তৈ রথৈরিতি শেষঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়াই প্রজ্বলিত অগ্নির ন্যায় স্বর্ণবিচিত্র, ব্যাঘ্রচর্ম্মাবৃত ও গম্ভীরশব্দকারী বিশাল রথসমূহ এবং কোপিত সর্পের ন্যায় ভীষণশব্দজনক, স্বর্ণখচিতপৃষ্ঠ ও দুষ্প্রেক্ষ্য কার্ম্মুকসমূহদ্বারা সকল দিক্ উদ্ভাসিত করিয়া বধ করিবার ইচ্ছায় প্রথমে অর্জ্জুনের দিকে সত্বর ধাবিত হইলেন; আবার অর্জ্জুনও সেইরূপই তাঁহাদের দিকে দ্রুত চলিলেন ॥১—৩॥

ভূরিশ্রবা, শল, কর্ণ, বৃষসেন, জয়দ্রথ, কৃপ, শল্য ও রথিশ্রেষ্ঠ অশ্বত্থামা এই আট জন মহারথ ধাবিত হইয়াছিলেন ॥৪॥

(১) তাবকাস্ত্বভিসংপ্রেক্ষ্য বৃষ্ণ্যন্ধককুরূদ্বহৌ। সত্বরাস্তে…নি। (৩)…কূজদ্ভি-বিপুলান্…পি বঙ্গ বর্দ্ধ।

তে দংশিতাঃ সুসংরব্ধা রথৈর্মেঘৌঘনিস্বনৈঃ।
সমাবৃণ্বন্ দিশঃ সর্ব্বাঃ পার্থস্য নিশিতৈঃ শরৈঃ ॥৬॥
কুলীনাশ্চ হয়াশ্চিত্রা বহন্তস্তান্ মহারথান্।
ব্যশোভন্ত তদা শীঘ্রা দীপয়ন্তো দিশো দশ ॥৭॥
আজানেয়ৈর্মহাবেগৈর্নানাদেশসমুত্থিতৈঃ।
পার্ব্বতীয়ৈর্নদীজৈশ্চ সৈন্ধবৈশ্চ মহাহয়ৈঃ ॥৮॥
কুরুযোধবরা রাজন্! তব পুত্রং পরীপ্সবঃ।
ধনঞ্জয়রথং শীঘ্রং সর্ব্বতঃ সমবারয়ন্ ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। দংশিতাঃ সন্নদ্ধাঃ, সুসংরব্ধা অতীবোৎসাহিনঃ ॥৬॥

কুলীনা ইতি। কুলীনা উত্তমাশ্বকুলোৎপন্নাঃ। শীঘ্রাঃ শীঘ্রগামিনঃ ॥৭॥

আজেতি। আজানেয়ৈঃ কুলীনৈঃ, নানাদেশেষু সমুত্থিতৈরুৎপন্নৈঃ। নদীজৈর্নদীমধ্য-দেশজাতৈঃ, সৈন্ধবৈঃ সিন্ধুদেশীয়ৈঃ। পরীপ্সবো রক্ষিতুমিচ্ছবঃ। সমবারয়ন্নবেষ্টয়ন্ ॥৮—৯॥

ভারতভাবদীপঃ

তাবিতি। প্রাগগ্র এব সমীক্ষ্যেত্যন্বয়ঃ ॥১॥ বৈয়াঘ্রৈঃ ব্যাঘ্রচর্ম্মচিত্রৈঃ ॥২—৬॥ কৌলূতকাঃ কুলূতদেশজাঃ পার্ব্বতীয়সমানলক্ষণাঃ ॥৭॥ আজানেয়ৈরিতি। সত্বরলক্ষণকান্তযোজিতক্রোধাঃ শ্বরযুতাজিতেন্দ্রিয়ক্ষুত্তৃষাশ্চাচিতশরীরশ্চাপি নো দুঃখং জানন্তি। আজানেয়া এতে নির্দ্দিষ্ট-বাজিনো ধীরৈঃ বাহাস্তে পার্ব্বতীয়াবলান্বিতাঃ স্নিগ্ধকেশাশ্চ বৃত্তাস্তে দৃঢ়পাদা মহাজবাস্তেতি

সেই আট জন মহারথ অশ্বগুলিদ্বারা যেন আকাশ পান করিতে থাকিয়া ব্যাঘ্রচর্ম্মবেষ্টিত এবং স্বর্ণচন্দ্রচিহ্নিত রথসমূহদ্বারা দশ দিক্ আলোকিত করিলেন ॥৫॥

যুদ্ধসজ্জায় সজ্জিত ও অত্যন্ত উৎসাহী সেই মহারথেরা মেঘসমূহের ন্যায় গম্ভীরনাদী রথসমূহে অগ্রসর হইয়া নিশিত শরনিকরদ্বারা অর্জ্জুনের সকল দিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥৬॥

উত্তমাশ্বকুলোৎপন্ন, বিচিত্রবর্ণ ও দ্রুতগামী অশ্ব সকল সেই মহারথগণকে বহন করিতে থাকিয়া দশ দিক্ আলোকিত করতঃ তৎকালে শোভা পাইতে লাগিল ॥৭॥

রাজা! কৌরবপক্ষের প্রধান যোদ্ধারা আপনার পুত্র দুর্য্যোধনকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সত্বর সকল দিকে সৎকুলজাত, মহাবেগশালী, নানাদেশ-

(৭) কৌলূতকা হয়াশ্চিত্রাঃ···বা নি। (৮)···সৈন্ধবৈশ্চ হয়োত্তমৈঃ—বা নি। (৯)··· সর্বতঃ সমুপাদ্রবন্—বা নি।

তে প্রগৃহ্য মহাশঙ্খান্ দধ্মুঃ পুরুষসত্তমাঃ।
পূরয়ন্তো দিবং রাজন্! পৃথিবীঞ্চ সসাগরাম্ ॥১০॥
তথৈব দধ্মতুঃ শঙ্খৌ বাসুদেবধনঞ্জয়ৌ।
প্রবরৌ সর্ব্বভূতানাং সর্ব্বশঙ্খবরৌ ভুবি।
দেবদত্তঞ্চ কৌন্তেয়ঃ পাঞ্চজন্যঞ্চ কেশবঃ ॥১১॥
শব্দস্তু দেবদত্তস্য ধনঞ্জয়সমীরিতঃ।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ দিশশ্চৈব সমাবৃণোৎ ॥১২॥
তথৈব পাঞ্চজন্যোঽপি বাসুদেবসমীরিতঃ।
সর্বশব্দানতিক্রম্য পূরয়ামাস রোদসী ॥১৩॥
তস্মিংস্তথা বর্ত্তমানে দারুণে নাদসঙ্কুলে।
ভীরূণাং ত্রাসজননে শূরাণাং হর্ষবর্দ্ধনে ॥১৪॥
বাদিতাসু চ ভেরীষু ঝর্ঝরেষ্বানকেষু চ।
মৃদঙ্গেষু চ রাজেন্দ্র! বাদ্যমানেষ্বনেকশঃ ॥১৫॥

ভারতকৌমুদী

ত ইতি। দধ্মুর্বাদয়ামাসুঃ। দিবমাকাশম্ ॥১০॥
তথেতি। সর্বভূতানাং প্রবরৌ বাসুদেবধনঞ্জয়াবিতি সম্বন্ধঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
শব্দ ইতি। দেবদত্তস্য তদাখ্যস্য শঙ্খস্য, ধনঞ্জয়েন সমীরিতঃ কৃতঃ ॥১২॥
তথেতি। পাঞ্চজন্যঃ পাঞ্চজন্যশব্দঃ। রোদসী নভঃপৃথিব্যৌ ॥১৩॥

সমুৎপন্ন, পার্ব্বত্য, নদীময়দেশজাত ও সিন্ধুদেশীয় উত্তম অশ্বগণদ্বারা অর্জ্জুনের রথখানাকে বেষ্টন করিলেন ॥৮—৯॥

নরনাথ! তাহার পর সেই পুরুষশ্রেষ্ঠেরা সমুদ্রের সহিত পৃথিবী ও আকাশ পূর্ণ করতঃ মহাশঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥১০॥

সেইরূপই সর্বভূতশ্রেষ্ঠ কৃষ্ণ এবং অর্জ্জুনও মর্ত্ত্যলোকের মধ্যে সমস্ত শঙ্খের শ্রেষ্ঠ শঙ্খযুগলের ধ্বনি করিতে থাকিলেন। অর্থাৎ অর্জ্জুন দেবদত্তশঙ্খ এবং কৃষ্ণ পাঞ্চজন্যশঙ্খ বাজাইতে লাগিলেন ॥১১॥

অর্জ্জুনকৃত দেবদত্তশঙ্খের ধ্বনি পৃথিবী, আকাশ ও সমস্ত দিক্ ব্যাপ্ত করিল ॥১২॥

সেইরূপই কৃষ্ণকৃত পাঞ্চজন্যশঙ্খের শব্দও অপর সমস্ত শব্দকে অতিক্রম করিয়া আকাশ ও ভূতল পূর্ণ করিল ॥১৩॥

(১১)···প্রবরৌ সর্ব্বদেবানাম্···বা নি। (১৫) প্রবাদিতাসু ভেরীষু···বা নি।

মহারথাঃ সমাখ্যাতা দুর্য্যোধনহিতৈষিণঃ।
অমৃষ্যমাণাস্তং শব্দং ক্রুদ্ধাঃ পরমধম্বিনঃ ॥১৬॥ (বিশেষকম্)
নানাদেশ্যা মহীপালাস্ত্বৎসৈন্যপরিরক্ষিণঃ।
অমর্ষিতা মহাশঙ্খান্ দধ্মুর্বীরা মহারথাঃ।
কৃতে প্রতিকরিষ্যন্তঃ কেশবস্যার্জ্জুনস্য চ ॥১৭॥
বভূব তব তৎ সৈন্যং শঙ্খশব্দসমীরিতম্।
উদ্বিগ্ননরনাগাশ্বমস্বস্থমিব চ প্রভো! ॥১৮॥
তৎ প্রবিদ্ধমিবাকাশং শূরৈঃ শঙ্খনিনাদিতম্।
বভূব ভৃশমুদ্বিগ্নং নির্ঘাতৈরিব নাদিতম্ ॥১৯॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। নাদসঙ্কুলে বিমিশ্রশব্দে। ভের্য্যাদীনি তদানীন্তনবাদ্যনামানি। সমাখ্যাতা বিখ্যাতাঃ। অমৃষ্যমাণা অসহমানাঃ। ক্রুদ্ধা অভবন্নিতি শেষঃ ॥১৪—১৬॥

নানেতি। কৃতে অপকারে, প্রতিকরিষ্যন্তঃ প্রত্যপকারং করিষ্যন্তঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

বভূবেতি। শঙ্খশব্দেন সমীরিতং সঞ্চালিতচিত্তম্। অস্বস্থমস্বভাবস্থম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

বিখ্যাতাঃ, নদীজৈর্নদীতীরজৈঃ অশ্বাঃ সকর্ণিকারৈঃ নদীতীরদেশজাঃ সমুদ্দিষ্টাঃ পূর্বার্দ্ধেঽদগ্রাঃ পশ্চার্দ্ধে বানতাঃ কিঞ্চিৎ ॥৮—১৮॥ প্রবিদ্ধমাক্ষিপ্তম্ ॥১৯—৩৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥৮৯॥

রাজশ্রেষ্ঠ! ভীরুগণের ভয়জনক এবং বীরগণের হর্ষবর্দ্ধক সেই দারুণ মিশ্রিত শব্দ চলিতে থাকিলে এবং অনেক ভেরী, ঝর্ঝর, আনক ও মৃদঙ্গ বাদিত হইতে লাগিলে, মহারথ বলিয়া বিখ্যাত ও দুর্য্যোধনের হিতৈষী মহাধনুর্দ্ধরেরা সেই শব্দ সহ্য করিতে না পারিয়া ক্রুদ্ধ হইলেন ॥১৪—১৬॥

মহারাজ! তখন আপনার সৈন্যপরিরক্ষক নানাদেশীয় বীর এবং মহারথ রাজারাও ক্রুদ্ধ হইয়া কৃষ্ণ ও অর্জ্জুনকৃত অপকারের প্রত্যপকার করিবেন বলিয়া মহাশঙ্খ বাজাইতে লাগিলেন ॥১৭॥

রাজা! তৎকালে সেই শঙ্খের শব্দে আপনার সৈন্যমধ্যে পদাতি, হস্তী ও অশ্বগণ বিচলিতচিত্ত, উদ্বিগ্ন ও অসুস্থের ন্যায় হইয়া পড়িল ॥১৮॥

(১৬) মহারথাঃ সমাহূতাঃ...বা, মহারথসমাখ্যাতাঃ ..নি। (১৭)...স্বসৈন্যপরিরক্ষিণঃ ..বা, কর্ণাদয়ো মহেষ্বাসাস্ত্বৎসৈন্যপরিরক্ষিণঃ...নি। (১৮) শঙ্খশব্দে সমীরিতে...নি,... উদ্বিগ্নরথ · বা নি।

স শব্দঃ সুমহান্ রাজন্! দিশঃ সর্ব্বা নিনাদয়ন্।
ত্রাসয়ামাস তৎ সৈন্যং যুগান্ত ইব সংভৃতঃ ॥২০॥
ততো দুর্য্যোধনোঽষ্টৌ চ রাজানস্তে মহারথাঃ।
জয়দ্রথস্য রক্ষার্থং পাণ্ডবং পর্য্যবারয়ন্ ॥২১॥
ততো দ্রৌণিস্ত্রিসপ্তত্যা বাসুদেবমতাড়য়ৎ।
অর্জ্জুনঞ্চ ত্রিভির্ভল্লৈর্ধ্বজমশ্বাংশ্চ পঞ্চভিঃ ॥২২॥
তমর্জ্জুনঃ পৃষৎকানাং শতৈঃ ষড়্ভিরতাড়য়ৎ।
অত্যর্থমিব সংক্রুদ্ধঃ প্রতিবিদ্ধে জনার্দ্দনে ॥২৩॥
কর্ণঞ্চ দশভির্বিদ্ধা বৃষসেনং ত্রিভিস্তথা।
শল্যস্য সশরং চাপং মুষ্টৌ চিচ্ছেদ বীর্য্যবান্।
গৃহীত্বা ধনুরন্যত্তু শল্যো বিব্যাধ পাণ্ডবম্ ॥২৪॥

ভারতকৌমুদী

তদিতি। প্রবিদ্ধং তাড়িতম্। উদ্বিগ্নং বিচলিতম্, নির্ঘাতৈঃ বাতাহতবাতপাতৈঃ ॥১৯॥
স ইতি। যুগান্তে প্রলয়কালে, সংভৃতো মহাবায়ুপ্রভৃতিজনিতঃ ॥২০॥
তত ইতি। তে ভূরিশ্রবঃপ্রভৃতয়ঃ। অরাজানোঽপি কৃপাদয়ো রাজসাহচর্য্যেণ রাজান উচ্যন্তে ছত্রিন্যায়াৎ। পাণ্ডবমর্জ্জুনম্, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥২১॥
তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। ধ্বজমশ্বাংশ্চার্জ্জুনস্যৈব ॥২২॥
তমিতি। পৃষৎকানাং বাণানাম্। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥২৩॥

বীরেরা নির্ঘাতশব্দের ন্যায় শঙ্খের শব্দ করিলে আকাশটাও যেন তাড়িত এবং গুরুতর উদ্বিগ্ন হইল ॥১৯॥

রাজা! প্রলয়কালের বায়ুপ্রভৃতির শব্দের ন্যায় সেই অতিবিশাল শব্দ সমস্ত দিক্ নিনাদিত করিয়া সেই সৈন্যগণকে ত্রস্ত করিয়া ফেলিল ॥২০॥

তাহার পর দুর্য্যোধন এবং সেই আট জন মহারথ জয়দ্রথকে রক্ষা করিবার জন্য অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥২১॥

তাহার পর অশ্বত্থামা ত্রিসপ্ততিসংখ্যক ভল্লদ্বারা কৃষ্ণকে, তিনটা ভল্লদ্বারা অর্জ্জুনকে এবং পাঁচটা ভল্লদ্বারা তাঁহার ধ্বজ ও চারিটা অশ্বকে তাড়ন করিলেন ॥২২॥

অশ্বত্থামা কৃষ্ণকে তাড়ন করিলে, অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া একেবারে ছয় শত বাণদ্বারা অশ্বত্থামাকে পীড়ন করিলেন ॥২৩॥

(২০)···যুগান্ত ইব সংবৃতঃ—পি বঙ্গ বর্দ্ধ।

ভূরিশ্রবাস্ত্রিভির্ব্বাণৈর্হেমপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
কর্ণো দ্বাত্রিংশতা চৈব বৃষসেনশ্চ পঞ্চভিঃ ॥২৫॥
জয়দ্রথস্ত্রিসপ্তত্যা কৃপশ্চ দশভিঃ শরৈঃ।
মদ্ররাজশ্চ দশভির্বিব্যধুঃ ফাল্গুনং রণে ॥২৬॥ (যুগ্মকম্)
ততঃ শরাণাং ষষ্ট্যা তু দ্রৌণিঃ পার্থমবাকিরৎ।
বাসুদেবঞ্চ সপ্তত্যা পুনঃ পার্থঞ্চ পঞ্চভিঃ ॥২৭॥
প্রহসংস্তু নরব্যাঘ্রঃ শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ।
প্রত্যবিধ্যৎ স তান্ সর্ব্বান্ দর্শয়ন্ পাণিলাঘবম্ ॥২৮॥
কর্ণং দ্বাদশভির্বিদ্ধা বৃষসেনং ত্রিভিঃ শরৈঃ।
শল্যস্য সশরং চাপং মুষ্টিদেশে ন্যকৃন্তত ॥২৯॥

ভারতকৌমুদী

কর্ণমিতি। দশভির্বাণৈঃ। বীর্য্যবানর্জ্জুনঃ। পাণ্ডবমর্জ্জুনম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
ভূরীতি। হেমপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ। ফাল্গুনমর্জ্জুনম্ ॥২৫—২৬॥
তত ইতি। দ্রৌণির্দ্রোণপুত্রোঽশ্বথামা, অবাকিরৎ প্রাহিরৎ ॥২৭॥
প্রেতি। শ্বেতাশ্বোঽর্জ্জুনঃ। পাণিলাঘবং হস্তয়োর্দ্রুতবাণক্ষেপযোগ্যতাম্ ॥২৮॥
কর্ণমিতি। ন্যকৃন্তত অচ্ছিনৎ ॥২৯॥

ক্রমে বলবান্ অর্জ্জুন দশটা বাণদ্বারা কর্ণকে এবং তিনটা বাণদ্বারা বৃষসেনকে বিদ্ধ করিয়া শল্যের বাণযুক্ত ধনুর মুষ্টিদেশ ছেদন করিয়া ফেলিলেন। তখন শল্য অন্য ধনু গ্রহণ করিয়া অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥২৪॥

এই সময়ে ভূরিশ্রবা স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত তিনটা বাণদ্বারা, কর্ণ বত্রিশটা, বৃষসেন পাঁচটা, জয়দ্রথ ত্রিসপ্ততিটা, কৃপ দশটা এবং শল্যও দশটা বাণদ্বারা যুদ্ধে অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥২৫—২৬॥

তদনন্তর অশ্বত্থামা ষাটটা বাণদ্বারা অর্জুনকে, সত্তরটা বাণদ্বারা কৃষ্ণকে, আবার পাঁচটা বাণদ্বারা অর্জুনকে প্রহার করিলেন ॥২৭॥

তখন নরশ্রেষ্ঠ কৃষ্ণসারথি অর্জুন লঘুহস্ততা দেখাইতে থাকিয়া হাস্য করিতে করিতে তাঁহাদের সকলকেই প্রতিবিদ্ধ করিলেন ॥২৮॥

পরে তিনি বারটা বাণদ্বারা কর্ণকে এবং তিনটা বাণদ্বারা বৃষসেনকে বিদ্ধ করিয়া শল্যের বাণযুক্ত ধনুখানার মুষ্টিদেশ ছেদন করিয়া ফেলিলেন ॥২৯॥

(২৫)…বৃষসেনশ্চ সপ্তভিঃ…বা নি। (২৭)…বাসুদেবঞ্চ বিংশত্যা…বা নি।

সৌমদত্তিং ত্রিভির্বিদ্ধা শল্যঞ্চ দশভিঃ শরৈঃ।
শিতৈরগ্নিশিখাকারৈর্দ্রৌণিং বিব্যাধ চাষ্টভিঃ ॥৩০॥
গৌতমং পঞ্চবিংশত্যা সৈন্ধবঞ্চ শতেন হ।
পুনর্দ্রৌণিঞ্চ সপ্তত্যা শরাণাং সোঽভ্যতাড়য়ৎ ॥৩১॥
ভূরিশ্রবাস্তু সংক্রুদ্ধঃ প্রতোদং চিচ্ছিদে হরেঃ।
অর্জ্জুনঞ্চ ত্রিসপ্তত্যা বাণানামাজঘান হ ॥৩২॥
ততঃ শরশতৈস্তীক্ষ্ণৈস্তানরীন্ শ্বেতবাহনঃ।
প্রত্যষেধত সংক্রুদ্ধো মহাবাতো ঘনানিব ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ববণি জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(:*:)——

ভারতকৌমুদী

সৌমেতি। সৌমদত্তিং সোমদত্তপুত্রং ভূরিশ্রবসম্। শিতৈঃ সুধারীকৃতৈঃ ॥৩০॥
গৌতমমিতি। গৌতমং গৌতমগোত্রং কৃপম্, সৈন্ধবং সিন্ধুরাজং জয়দ্রথম্ ॥৩১॥
ভূরীতি। প্রতোদম্ অশ্বতাড়নদণ্ডম্, চিচ্ছিদে চিচ্ছেদ ॥৩২॥
তত ইতি। শ্বেতবাহনোঽর্জ্জুনঃ। প্রত্যষেধত ন্যবারয়ৎ। ঘনান্ মেঘান্ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

তৎপরে সুধার তিনটা বাণদ্বারা ভূরিশ্রবাকে এবং দশটাদ্বারা শল্যকে তাড়ন করিয়া অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল আটটা বাণদ্বারা অশ্বত্থামাকে পীড়ন করিলেন ॥৩০॥

ক্রমে তিনি পঁচিশটা বাণদ্বারা কৃপকে, একশত বাণদ্বারা জয়দ্রথকে এবং সত্তরটা বাণদ্বারা আবার অশ্বত্থামাকে তাড়ন করিলেন ॥৩১॥

পরে ভূরিশ্রবা অত্যন্তক্রুদ্ধ হইয়া কৃষ্ণের কশা ছেদন করিলেন এবং ত্রিসপ্ততি বাণদ্বারা অর্জুনকে আঘাত করিলেন ॥৩২॥

তদনন্তর মহাবায়ু যেমন মেঘ নিবারণ করে, সেইরূপ অর্জুন বহুসংখ্যক তীক্ষ্ণ বাণদ্বারা সেই শত্রুগণকে নিবারণ করিতে লাগিলেন' ॥৩৩॥

——:০:——

(৩৩)···প্রত্যষেধদ্রুতং ক্রুদ্ধঃ···বা নি। * '··দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '···চতুরধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

নবতিতমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

ধ্বজান্ বহুবিধাকারান্ ভ্রাজমানানতিশ্রিয়া।
পার্থানাং মামকানাঞ্চ ত্বং সমাচক্ষ্ব সঞ্জয়! ॥১॥

সঞ্জয় উবাচ।

ধ্বজান্ বহুবিধাকারান্ শৃণু তেষাং মহাত্মনাম্।
রূপতো বর্ণতশ্চৈব নামতশ্চ নিবোধ মে ॥২॥
তেষান্তু রথমুখ্যানাং রথেষু বিবিধা ধ্বজাঃ।
প্রত্যদৃশ্যন্ত রাজেন্দ্র! জ্বলিতা ইব পাবকাঃ ॥৩॥
কাঞ্চনাঃ কাঞ্চনাপীড়াঃ কাঞ্চনস্রগলঙ্কৃতাঃ।
কাঞ্চনানীব শৃঙ্গাণি কাঞ্চনস্য মহাগিরেঃ ॥৪॥
অনেকবর্ণা বিবিধা ধ্বজাঃ পরমশোভনাঃ।
তে ধ্বজাঃ সংবৃতাস্তেষাং পতাকাভিঃ সমন্ততঃ।
নানাবর্ণবিরাগাভিরশোভন্ত সমুচ্ছ্রিতাঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কৌতুকেন জিজ্ঞাসতে ধ্বজানিতি। বহুবিধাকারানিতি সম্ভাব্যমানমুক্তম্ ॥১॥
ধ্বজানিতি। রূপত আকৃত্যা। এবমন্যত্র। নিবোধ জানীহি ॥২॥
তেষামিতি। তেষামর্জ্জুনাদীনাম্, রথমুখ্যানাং রথিশ্রেষ্ঠানাম্ ॥৩॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! তুমি পাণ্ডবপক্ষ ও আমার পক্ষের নানাবিধাকৃতি ও অতিসৌন্দর্য্যে শোভমান ধ্বজগুলির বর্ণনা কর' ॥১॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! সেই মহাত্মাদের নানাবিধাকৃতি ধ্বজগুলির বিষয় আপনি শ্রবণ করুন এবং সেগুলির আকৃতি, বর্ণ ও নাম আমার নিকট অবগত হউন ॥২॥

রাজশ্রেষ্ঠ! সেই রথিশ্রেষ্ঠগণের রথে প্রজ্বলিত অগ্নির ন্যায় নানাবিধ ধ্বজ দেখা যাইতেছিল ॥৩॥

(১)…তান্ মমাচক্ষ্ব সঞ্জয়!—বা রা নি। (৫)…নানাবর্ণবিকারাভিঃ…পি. বঙ্গ বৰ্দ্ধ,… উচ্চৈঃ সর্ব্বতো বৃতাঃ—বা নি।

পতাকাশ্চ ততস্তাস্তু শ্বসনেন সমীরিতাঃ।
নৃত্যমানাঃ স্ম দৃশ্যন্তে রঙ্গমধ্যে বিলাসিকাঃ ॥৬॥
ইন্দ্রায়ুধসবর্ণাভাঃ পতাকা ভরতর্ষভ!।
দোধূয়মানা রথিনাং শোভয়ন্তি মহারথান্ ॥৭॥
সিংহলাঙ্গূলমুগ্রাস্যং ধ্বজং বানরলক্ষণম্।
ধনঞ্জয়স্য সংগ্রামে প্রত্যপশ্যাম ভৈরবম্ ॥৮॥
স বানরবরো রাজন্! পতাকাভিরলঙ্কৃতঃ।
ত্রাসয়ামাস তৎ সৈন্যং ধ্বজো গাণ্ডীবধন্বনঃ ॥৯॥

ভারতকৌমুদী

কাঞ্চনা ইতি। কাঞ্চনাঃ স্বর্ণময়াঃ, কাঞ্চনাপীড়াঃ স্বর্ণময়শেখরাঃ। কাঞ্চনস্য স্বর্ণময়স্য সুমেরোঃ। নানাবর্ণৈর্বিশিষ্টো রাগো রঞ্জনং যাসাং তাভিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪—৫॥
পতাকা ইতি। শ্বসনেন বায়ুনা, সমীরিতাঃ সঞ্চালিতাঃ। বিলাসিকা নর্ত্তক্য ইব ॥৬॥
ইন্দ্রেতি। ইন্দ্রায়ুধসবর্ণা শক্রধনুস্তুল্যরূপা আভা যাসাং তাঃ। দোধূয়মানা বায়ুনা ॥৭॥
সিংহেতি। সিংহলাঙ্গূলমুগ্রাস্যঞ্চ বানরং বিভ্রতমিতি শেষঃ। অতএব বানরলক্ষণম্ ॥৮॥
স ইতি। বানরাণাং বরো যস্মিন্ সঃ। তৎ কৌরবীয়ম্। গাণ্ডীবধন্বনোঽর্জ্জুনস্য ॥৯॥

মহাগিরি সুমেরুর স্বর্ণময় শৃঙ্গসমূহের ন্যায় স্বর্ণময়, স্বর্ণশেখর, স্বর্ণমালায় অলঙ্কৃত, নানাবর্ণ ও নানাপ্রকার পরমসুন্দর ধ্বজ প্রকাশ পাইতেছিল এবং নানাবর্ণরঞ্জিত পতাকাসমূহদ্বারা আবৃত সেই উত্তোলিত ধ্বজগুলি সকল দিকে শোভা পাইতেছিল ॥৪—৫॥

সেই পতাকাগুলি আবার বায়ুসঞ্চালিত হইয়া—রঙ্গালয়ে নৃত্যকারিণী নর্ত্তকীগণের ন্যায় দৃষ্টিগোচর হইতেছিল ॥৬॥

ভরতশ্রেষ্ঠ! রথিগণের ইন্দ্রধনুতুল্য নানাবর্ণযুক্ত পতাকা সকল বায়ুকর্ত্তৃক অনবরত সঞ্চালিত হইতে থাকিয়া সেই মহারথগণকে শোভিত করিতেছিল ॥৭॥

মহারাজ! আমরা রণস্থলে অর্জ্জুনের ভয়ঙ্কর ধ্বজটা দেখিতেছিলাম; তাহার উপরে একটা বানর ছিল, তাহার লাঙ্গূলটা সিংহের লাঙ্গূলের ন্যায় এবং মুখখানাও সিংহের মুখের তুল্য ভীষণ ছিল ॥৮॥

রাজা! বানরশ্রেষ্ঠযুক্ত ও পতাকাশোভিত অর্জ্জুনের সেই ধ্বজটা কৌরব-সৈন্যের ভয় জন্মাইতেছিল ॥৯॥

---

(৬)…নৃত্যমানা ব্যদৃশ্যন্ত…বা নি। (৮) সিংহলাঙ্গূল উগ্রাস্যো ধ্বজো বানরলক্ষণঃ।… প্রত্যদৃশ্যত ভারত!—নি।

তথৈব সিংহলাঙ্গূলং দ্রোণপুত্রস্য ভারত!।
ধ্বজাগ্রং সমপশ্যাম বালসূর্য্যসমপ্রভম্ ॥১০॥
কাঞ্চনং পবনোদ্ধূতং শক্রধ্বজসমদ্যুতিম্।
নন্দনং কৌরবেন্দ্রাণাং দ্রৌণের্লক্ষ্ম সমুচ্ছ্রিতম্ ॥১১॥
হস্তিকক্ষা পুনর্হৈমী বভূবাধিরথের্ধ্বজঃ।
আহবে খং মহারাজ! দদৃশে পূরয়ন্নিব ॥১২॥
পতাকা কাঞ্চনী স্রগ্বী ধ্বজঃ কর্ণস্য সংযুগে।
নৃত্যতীব রথোপস্থে শ্বসনেন সমীরিতঃ ॥১৩॥
আচার্য্যস্য চ পাণ্ডূনাং ব্রাহ্মণস্য যশস্বিনঃ।
গোবৃষো গৌতমস্যাসীৎ কৃপস্য চ পরিষ্কৃতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তথেতি। সিংহস্য লাঙ্গূলং চিহ্নভূতং যস্মিন্ তৎ ॥১০॥
কাঞ্চনমিতি। কাঞ্চনং স্বর্ণময়ম্। নন্দনমানন্দজনকম্। লক্ষ্ম চিহ্নং পতাকেত্যর্থঃ ॥১১॥
হস্তীতি। হস্তিনঃ কক্ষা মধ্যবন্ধনরজ্জুঃ, হৈমী স্বর্ণময়ী, আধিরথেঃ কর্ণস্য ॥১২॥
পতাকেতি। স্রগ্বী মালাবান্। রথস্য উপস্থে উপরিভাগে, শ্বসনেন বায়ুনা ॥১৩॥
আচার্য্যস্যেতি। চকারাৎ কুরূণাঞ্চ। গোবৃষঃ প্রধানবৃষচিহ্নম্। পরিষ্কৃতো মার্জ্জিতঃ ॥১৪॥

ভরতনন্দন! সেইরূপই আমরা অশ্বত্থামার ধ্বজটা দেখিলাম; সেটা নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং সিংহলাঙ্গূলচিহ্নিত ছিল ॥১০॥

স্বর্ণখচিত, বায়ুসঞ্চালিত, ইন্দ্রধ্বজের ন্যায় নানাবর্ণ এবং কৌরবশ্রেষ্ঠগণের আনন্দজনক অশ্বত্থামার চিহ্নস্বরূপ একটা পতাকা সেই ধ্বজের উপরে উত্তোলিত ছিল ॥১১॥

মহারাজ! কর্ণের ধ্বজের উপরে আবার তাঁহার চিহ্নস্বরূপ স্বর্ণময় হস্তি-মধ্যবন্ধনরজ্জু ছিল; সেটা যেন আকাশ পূর্ণ করিতে থাকিয়া সমরস্থলে দৃষ্টিগোচর হইতে লাগিল ॥১২॥

কর্ণের সেই মালাযুক্ত ধ্বজ ও স্বর্ণময়ী পতাকা বায়ুকর্ত্তৃক সঞ্চালিত হইতে থাকিয়া রথের উপরে যেন নৃত্য করিতেছিল ॥১৩॥

কৌরব ও পাণ্ডবগণের অস্ত্রশিক্ষক, ব্রাহ্মণ, যশস্বী ও গৌতমগোত্র কৃপের ধ্বজের উপরে একটা পরিমার্জ্জিত শ্রেষ্ঠ বৃষচিহ্ন ছিল ॥১৪॥

---

(১৩) পতাকী কাঞ্চনঃ স্রগ্বী···নি। (১৪) আচার্য্যস্য তু পাণ্ডূনাং ব্রাহ্মণস্য তপস্বিনঃ ···বা নি।

স তেন ভ্রাজতে রাজন্ ! গোবৃষেণ মহারথঃ ।
ত্রিপুরারে রথো যদ্বদ্গোবৃষেণ বিরাজতা ॥১৫॥
ময়ূরো বৃষসেনস্য কাঞ্চনো মণিরত্নবান্ ।
ব্যাহরিষ্যন্নিবাতিষ্ঠৎ সেনাগ্রমতিশোভয়ন্ ॥১৬॥
তেন তস্য রথো ভাতি ময়ূরেণ মহাত্মনা ।
যথা স্কন্দস্য রাজেন্দ্র ! ময়ূরেণ বিরাজতা ॥১৭॥
মদ্ররাজস্য শল্যস্য ধ্বজাগ্রেঽগ্নিশিখামিব ।
সৌবর্ণীং সমপশ্যাম সীতামপ্রতিমাং শুভাম্ ॥১৮॥
সা সীতা ভ্রাজতে তস্য রথমাস্থায় মারিষ ! ।
সর্ববীজবিরূঢ়েব যথা সীতা শ্রিয়া বৃতা ॥১৯॥

ভারতকৌমুদী

স ইতি। ভ্রাজতে শোভতে স্ম। ত্রিপুরারেঃ শিবস্য ॥১৫॥
ময়ূর ইতি। কাঞ্চনস্যায়মিতি কাঞ্চনঃ। ব্যাহরিষ্যন্ বিপক্ষাণাং ভয়ং বদিষ্যন্ ॥১৬॥
তেনেতি। স্কন্দস্য কার্ত্তিকেয়স্য রথঃ ॥১৭॥
মদ্রেতি। সীতাং লাঙ্গলপদ্ধতিং ভূরেখাম্, "সীতা লাঙ্গলপদ্ধতিঃ" ইত্যমরঃ ॥১৮॥
সেতি। সর্বাণি বীজানি বিরূঢ়ানি অঙ্কুরিতানি যস্যাং সা, সীতা লাঙ্গলকৃতভূরেখা ॥১৯॥

রাজা ! মহাদেবের রথখানা যেমন শ্রেষ্ঠ বৃষচিহ্নদ্বারা শোভা পাইয়া থাকে, সেইরূপ কৃপাচার্য্যের রথখানাও সেই শ্রেষ্ঠ বৃষদ্বারা শোভা পাইতেছিল ॥১৫॥

স্বর্ণখচিত ও মণি-রত্নযুক্ত বৃষসেনের ধ্বজের উপরে একটা ময়ূরচিহ্ন ছিল; সেটা সৈন্যের সম্মুখভাগের গুরুতর শোভা জন্মাইতে থাকিয়া বিপক্ষদিগকে ভয়ের কথা বলিবে বলিয়াই যেন সেস্থানে অবস্থান করিতেছিল ॥১৬॥

রাজশ্রেষ্ঠ ! কার্ত্তিকের রথখানা যেমন শোভমান ময়ূরদ্বারা শোভা পায়, সেইরূপ বৃষসেনের রথখানাও সেই উত্তম ময়ূরচিহ্নদ্বারা শোভা পাইতেছিল ॥১৭॥

মদ্ররাজ শল্যের ধ্বজের উপরে অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল, স্বর্ণময়, অতুলনীয় ও শুভলক্ষণযুক্ত একটা সীতা (লাঙ্গলকৃত ভূরেখা) দেখিয়াছিলাম ॥১৮॥

মাননীয় রাজা ! সমস্ত বীজ অঙ্কুরিত হইলে শোভাযুক্ত লাঙ্গলকৃত ভূরেখা যেমন প্রকাশ পায়, সেইরূপ সেই স্বর্ণময়ী সীতাও শল্যের রথে থাকিয়া প্রকাশ পাইতেছিল ॥১৯॥

(১৫)···ত্রিপুরঘ্নরথো যদ্বৎ···বা নি। (১৭)···ময়ূরেণ মহাত্মনঃ···বা নি। (১৮)··· প্রতিপশ্যাম···বা নি।

বরাহঃ সিন্ধুরাজস্য রাজতোঽভিবিরাজতে।
ধ্বজাগ্রে লোহিতার্কাভো হেমজালপরিষ্কৃতঃ ॥২০॥
শুশুভে কেতুনা তেন রাজতেন জয়দ্রথঃ।
যথা দেবাসুরে যুদ্ধে পুরা পূষা স্ম শোভতে ॥২১॥
সৌমদত্তেঃ পুনর্যূপো যজ্ঞশীলস্য ধীমতঃ।
ধ্বজঃ সূর্য্য ইবাভাতি সোমশ্চাত্র প্রদৃশ্যতে ॥২২॥
স যূপঃ কাঞ্চনো রাজন্! সৌমদত্তের্বিরাজতে।
রাজসূয়ে মখশ্রেষ্ঠে যথা যূপঃ সমুচ্ছ্রিতঃ ॥২৩॥
শলস্য তু মহারাজ! রাজতো দ্বিরদো মহান্।
কেতুঃ কাঞ্চনচিত্রাঙ্গৈর্ময়ূরৈরুপশোভিতঃ ॥২৪॥
স কেতুঃ শোভয়ন্ সৈন্যং তাবকং ভরতর্ষভ!।
যথা শ্বেতো মহানাগো দেবরাজচমূং তথা ॥২৫॥

ভারতকৌমুদী

বরাহ ইতি। লোহিতার্কাভো নবোদিতসূর্য্যতুল্যরক্তবর্ণঃ, হেমজালেন পরিষ্কৃতঃ শোভিতঃ ॥২০॥

শুশুভ ইতি। কেতুনা ধ্বজেন, রাজতেন রজতময়েন। পূষা সূর্য্যঃ ॥২১॥

সৌমেতি। সৌমদত্তের্ভূরিশ্রবসঃ। যূপো যূপচিহ্নিতঃ। সোমশ্চন্দ্রচিহ্নম্ ॥২২॥

স ইতি। কাঞ্চনস্যায়মিতি কাঞ্চনঃ স্বর্ণময়ঃ। মখশ্রেষ্ঠে যজ্ঞপ্রধানে ॥২৩॥

শলস্যেতি। রাজতো রৌপ্যময়ঃ, দ্বিরদো হস্তী তদাকারচিহ্নযুক্ত ইত্যর্থঃ ॥২৪॥

শোভমান সিন্ধুরাজ জয়দ্রথের ধ্বজের উপরে নবোদিত সূর্য্যের ন্যায় রক্তবর্ণ এবং স্বর্ণজালে পরিশোভিত একটা বরাহ শোভা পাইতেছিল ॥২০॥

পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধে সূর্য্য যেমন শোভা পাইতেন, সেইরূপ সেই রৌপ্যখচিত ধ্বজদ্বারা জয়দ্রথ শোভা পাইতে লাগিলেন ॥২১॥

যজ্ঞানুষ্ঠানপরায়ণ ও বুদ্ধিমান্ ভূরিশ্রবার যূপচিহ্নিত ধ্বজটা আবার সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে থাকিল; তাহাতে চন্দ্রচিহ্নও দেখা যাইতে লাগিল ॥২২॥

রাজা! যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয়ে উত্তোলিত ধ্বজের ন্যায় ভূরিশ্রবার সেই স্বর্ণময় ধ্বজটা বিশেষ শোভা পাইতে লাগিল ॥২৩॥

মহারাজ! শলের ধ্বজের উপরে একটা রৌপ্যময় বিশাল হস্তীর চিহ্ন ছিল; সেটা আবার সুবর্ণবিচিত্রাঙ্গ কতকগুলি ময়ূরচিহ্নদ্বারা শোভিত ছিল ॥২৪॥

(২৫) স কেতুঃ শোভয়ামাস সৈন্যং তে ভরতর্ষভ!··বা নি।

নাগো মণিময়ো রাজ্ঞো ধ্বজঃ কাঞ্চনসংবৃতঃ।
কিঙ্কিণীশতসংহ্রাদো রাজংশ্চিত্রো রথোত্তমে ॥২৬॥
ব্যভ্রাজত ভৃশং রাজন্! পুত্রস্তব বিশাংপতে!।
ধ্বজেন মহতা সংখ্যে কুরূণামৃষভস্তদা ॥২৭॥
নবৈতে তব বাহিন্যামুচ্ছ্রিতাঃ পরমধ্বজাঃ।
ব্যদীপয়ংস্তে পৃতনাং যুগান্তাদিত্যসন্নিভাঃ ॥২৮॥
দশমস্ত্বর্জ্জুনস্যাসীদেক এব মহাকপিঃ।
অদীপ্যতার্জ্জুনো যেন হিমবানিব বহ্নিনা ॥২৯॥
ততশ্চিত্রাণি শুভ্রাণি সুমহান্তি মহারথাঃ।
কার্ম্মুকাণ্যাদদুস্তূর্ণমর্জ্জুনার্থে পরন্তপাঃ ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। শোভয়ন্নাসীদিতি শেষঃ। মহানাগঃ অনন্তো নাম ॥২৫॥
নাগ ইতি। নাগঃ সর্পচিহ্নযুক্তঃ, রাজ্ঞো দুর্য্যোধনস্য ॥২৬॥
ব্যভ্রাজতেতি। ব্যভ্রাজত বিশেষেণাদীপ্যত। পুত্রো দুর্য্যোধনঃ ॥২৭॥
নবেতি। উচ্ছ্রিতা উত্তোলিতাঃ। ব্যদীপয়ন্ অশোভয়ন্, পৃতনাং সেনাম্ ॥২৮॥
দশম ইতি। মহান্ কপির্যত্র স তাদৃশো ধ্বজঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

ধ্বজানিতি। রূপ আকারঃ ॥১—৯॥ ধ্বজাগ্রং ধ্বজমুখাম্ ॥১০॥ কাঞ্চনং কাঞ্চনময়ম্ ॥১১—১৯॥ আলোহিতার্কাভোঽত্যুপরক্তস্ফটিকবর্ণঃ ॥২১—২৮॥ হিমবানিব বহ্নিনেতি তত্র কিল পরাশরেণ বহ্নিঃ সংস্থাপিতঃ ॥২৯—৩৮॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবতিতমোঽধ্যায়ঃ ॥৯০॥

ভরতশ্রেষ্ঠ! শ্বেতবর্ণ অনন্তনাগ যেমন দেবসৈন্যের শোভা জন্মাইতেন, তেমন সেই ধ্বজটা আপনার সৈন্যের শোভা জন্মাইতে লাগিল ॥২৫॥

রাজা! দুর্য্যোধনের উত্তম রথে নাগচিহ্নিত, মণিময় ও স্বর্ণবেষ্টিত একটা ধ্বজ ছিল; তাহাতে শত শত কিঙ্কিণী বাজিতেছিল ॥২৬॥

নরনাথ রাজা! আপনার পুত্র কৌরবশ্রেষ্ঠ দুর্য্যোধন তখন সেই বিশাল ধ্বজদ্বারা রণস্থলে বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥২৭॥

মহারাজ! আপনার সৈন্যমধ্যে উত্তোলিত প্রলয়কালের সূর্য্যের ন্যায় উজ্জ্বল এই নয়টা উত্তম ধ্বজ আপনার সৈন্যের শোভা জন্মাইতে লাগিল ॥২৮॥

হিমালয় যেমন অগ্নিদ্বারা শোভা পায়, তেমন যে ধ্বজদ্বারা অর্জ্জুন শোভা পাইতেছিলেন, সেই দশম একমাত্র মহাকপিধ্বজই অর্জ্জুনের ছিল ॥২৯॥

---

(২৬)…ধ্বজঃ কনকসংবৃতঃ…বা নি।

তথৈব ধনুরায়চ্ছৎ পার্থঃ শক্রবিনাশনম্।
গাণ্ডীবং দিব্যকর্ম্মা তদ্রাজন্! দুর্মন্ত্রিতে তব ॥৩১॥
তবাপরাধাদ্ধি নৃপা নিহতা বহবো যুধি।
নানাদিগ্‌ভ্যঃ সমাহূতাঃ সহয়াঃ সরথদ্বিপাঃ ॥৩২॥
তেষামাসীদ্ব্যতিক্ষেপো গর্জতামিতরেতরম্।
দুর্য্যোধনমুখানাঞ্চ পাণ্ডূনামৃষভস্য চ ॥৩৩॥
তত্রাদ্ভুতং পরং চক্রে কৌন্তেয়ঃ কৃষ্ণসারথিঃ।
যদেকো বহুভিঃ সার্দ্ধং সমাগচ্ছদভীতবৎ ॥৩৪॥
অশোভত মহাবাহুর্গাণ্ডীবং বিক্ষিপন্ ধনুঃ।
জিগীষুস্তান্ নরব্যাঘ্রান্ জিঘাংসুশ্চ জয়দ্রথম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মহারথাঃ কর্ণাদয়ঃ। অর্জ্জুনস্য অর্থে নিবারণায় ॥৩০॥
তথেতি। আয়চ্ছৎ আকর্ষণেন প্রাসারয়ৎ। দিব্যকর্ম্মা অলৌকিককর্ম্মা ॥৩১॥
তবেতি। অপরাধাৎ দ্যূতানুমোদনাদিদোষাৎ। অন্যথেদৃগনর্থো ন স্যাদিতি ভাবঃ ॥৩২॥
তেষামিতি। ব্যতিক্ষেপঃ পরস্পরসংঘর্ষঃ। পাণ্ডূনামৃষভস্য পাণ্ডবশ্রেষ্ঠস্যার্জ্জুনস্য ॥৩৩॥
তত্রেতি। সমাগচ্ছৎ সমরস্থলে সম্মিলিতোঽভবৎ ॥৩৪॥
অশোভতেতি। মহাবাহুরর্জ্জুনঃ, বিক্ষিপন্ অবিরতমাকর্ষন্ ॥৩৫॥

তদনন্তর শক্রসন্তাপকারী কর্ণপ্রভৃতি মহারথেরা অর্জ্জুনকে নিবারণ করিবার জন্য সত্বর বিচিত্র, শুভ্রবর্ণ ও বিশাল ধনু সকল গ্রহণ করিলেন ॥৩০॥

রাজা! আপনার কুমন্ত্রণার ফলে সেইরূপই অলৌকিককার্য্যকারী অর্জ্জুনও শত্রুনাশক সেই গাণ্ডীবধনু বিস্তৃত করিলেন ॥৩১॥

আপনার অপরাধেই নানাদিক্ হইতে আহূত বহুতর রাজা হস্তী, অশ্ব ও রথের সহিত যুদ্ধে নিহত হইয়াছেন ॥৩২॥

সে যাহা হউক, ক্রমে পরস্পর গর্জনকারী দুর্য্যোধনপ্রভৃতি কৌরবযোদ্ধৃগণ এবং পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুনের পরস্পর সংঘর্ষ হইতে লাগিল ॥৩৩॥

তখন কৃষ্ণসারথি অর্জ্জুন গুরুতর অদ্ভুত কার্য্য করিতে লাগিলেন; যে হেতু তিনি একাকী বহুতর যোদ্ধার সহিত নির্ভয়ে মিলিত হইয়াছিলেন ॥৩৪॥

ক্রমে মহাবাহু অর্জ্জুন সেই নরশ্রেষ্ঠগণকে জয় এবং জয়দ্রথকে বধ করিবার

---

(৩১)···শক্রবিনাশনঃ···বা নি। (৩২) তবাপরাধাদ্রাজানঃ ·বা নি। (৩৫)··· নরব্যাঘ্রঃ···বা নি।

তত্রার্জ্জুনো মহারাজ! শরৈর্মুক্তৈঃ সহস্রশঃ।
অদৃশ্যানকরোদ্‌যোধাংস্তাবকান্ শত্রুতাপনঃ ॥৩৬॥
ততস্তেঽপি নরব্যাঘ্রাঃ পার্থং সর্ব্বে মহারথাঃ।
অদৃশ্যং সমরে চক্রুঃ সায়কৌঘৈঃ সমন্ততঃ ॥৩৭॥
সংবৃতে নরসিংহৈস্তৈঃ কুরূণামৃষভেঽর্জ্জুনে।
মহানাসীৎ সমুদ্ধূতস্তস্য সৈন্যস্য নিস্বনঃ ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে ধ্বজবর্ণনে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

ভারতকৌমুদী

তত্রেতি। যোধান্ কর্ণাদীন্ ॥৩৬॥

তত ইতি। [illegible]তে কর্ণাদয়ঃ। সমন্ততঃ সর্বাভ্য এব দিগ্‌ভ্যঃ ॥৩৭॥

সংবৃত ইতি। সংবৃতে আবৃতে। সমুদ্ধূত উৎপন্নঃ, নিস্বনঃ কোলাহলঃ ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ইচ্ছা করিয়া অনবরত গাণ্ডীবধনু আকর্ষণ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৫॥

মহারাজ! তখন শত্রুতাপন অর্জ্জুন সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিয়া আপনার পক্ষের যোদ্ধাদিগকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৩৬॥

তদনন্তর নরশ্রেষ্ঠ সেই মহারথেরা সকলেও সকল দিক্ হইতে বাণসমূহদ্বারা অর্জ্জুনকে অদৃশ্য করিলেন ॥৩৭॥

সেই নরশ্রেষ্ঠেরা কুরুশ্রেষ্ঠ অর্জ্জুনকে আবৃত করিলে, সেই সৈন্যগণের মধ্যে বিশাল কোলাহল উত্থিত হইল' ॥৩৮॥

———০:::০———

(৩৬)…অদৃশ্যাংস্তাবকান্ যোধান্ প্রচক্রে শত্রুতাপনঃ—বা নি। * '…ত্র্যধিকশত-তমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

একনবতিতমোঽধ্যায়ঃ।

—————ঃ-০-ঃ—————

ধৃতরাষ্ট্র উবাচ।

অর্জ্জুনে সৈন্ধবং প্রাপ্তে ভারদ্বাজেন সংবৃতাঃ।
পাঞ্চালাঃ কুরুভিঃ সার্দ্ধং কিমকুর্বত সঞ্জয়! ॥১॥

সঞ্জয় উবাচ।

অপরাহ্নে মহারাজ! সংগ্রামে লোমহর্ষণে।
পাঞ্চালানাং কুরূণাঞ্চ দ্রোণদ্যূতমভূত্তদা ॥২॥
পাঞ্চালা বিজিঘাংসন্তো দ্রোণং সংহৃষ্টচেতসঃ।
অভ্যমুঞ্চন্ত গর্জন্তঃ শরবর্ষাণি মারিষ! ॥৩॥
ততঃ স্তুমুলস্তেষাং সংগ্রামোঽবর্ত্ততাদ্ভুতঃ।
পাঞ্চালানাং কুরূণাঞ্চ ঘোরো দেবাসুরোপমঃ ॥৪॥
সর্ব্বে দ্রোণরথং প্রাপ্য পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
তদনীকং বিভিৎসন্তো মহাস্ত্রাণি ব্যদর্শয়ন্ ॥৫॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। সৈন্ধবং জয়দ্রথম্, ভারদ্বাজেন দ্রোণেন, সংবৃতাঃ শরৈরাবৃতাঃ ॥১॥
অপরাহ্ণ ইতি। দ্রোণ এব দ্যূতং দ্রোণদ্যূতং তদ্গ্রহণে তীব্রেচ্ছেত্যর্থঃ ॥২॥
পাঞ্চালা ইতি। বিজিঘাংসন্তো বিহন্তুমিচ্ছন্তঃ। হে মারিষ! আর্য্য! ॥৩॥
তত ইতি। দেবাসুরোপমো দেবাসুরযুদ্ধতুল্যঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! অর্জ্জুন জয়দ্রথের নিকট উপস্থিত হইলে, পাঞ্চালেরা দ্রোণের বাণে আবৃত হইয়া কৌরবদের সহিত কি করিল?' ॥১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই অপরাহ্নকালে লোমহর্ষণ যুদ্ধে পাঞ্চালগণ ও কৌরবগণের দ্রোণই দ্যূতস্বরূপ হইলেন ॥২॥

মাননীয় রাজা! পাঞ্চালেরা হৃষ্টচিত্ত হইয়া গর্জন করিতে থাকিয়া দ্রোণকে বধ করিবার ইচ্ছা করিয়া বাণবর্ষণ করিতে লাগিল ॥৩॥

তাহার পর সেই পাঞ্চালগণ ও কৌরবগণের অতিতুমুল, অদ্ভুত ও দেবাসুরযুদ্ধের তুল্য ভয়ঙ্কর যুদ্ধ চলিতে থাকিল ॥৪॥

(৩) পাঞ্চালা হি জিঘাংসন্তঃ···পি বা নি। (৪) ততস্তু তুমুলস্তেষাম্···বা নি।

দ্রোণস্য রথপর্য্যন্তং রথিনো রথমাস্থিতাঃ।
কম্পয়ন্তোঽভ্যবর্ষন্ত বেগমাস্থায় মধ্যমম্ ॥৬॥
তমভ্যয়াদ্‌বৃহৎক্ষত্রঃ কৈকেয়ানাং মহারথঃ।
প্রবপন্ নিশিতান্ বাণান্ মহেন্দ্রাশনিসন্নিভান্ ॥৭॥
তন্তু প্রত্যুদ্‌যযৌ শীঘ্রং ক্ষেমধূর্ত্তির্মহাযশাঃ।
বিমুঞ্চন্ নিশিতান্ বাণান্ শতশোঽথ সহস্রশঃ ॥৮॥
ধৃষ্টকেতুশ্চ চেদীনামৃষভোঽতিবলোচিতঃ।
ত্বরিতোঽভ্যদ্রবদ্‌দ্রোণং মহেন্দ্র ইব শম্বরম্ ॥৯॥
তমাপতন্তং সহসা ব্যাদিতাস্যমিবান্তকম্।
বীরধন্বা মহেষ্বাসস্ত্বরমাণঃ সমভ্যয়াৎ ॥১০॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। তদনীকং দ্রোণসৈন্যম্, বিভিৎসন্তো ভেত্তুমিচ্ছন্তঃ ॥৫॥
দ্রোণস্যেতি। আস্থিতা আরূঢ়াঃ। কম্পয়ন্তো ভুবম্, অভ্যবর্ষন্ত অস্ত্রাণি ॥৬॥
তমিতি। প্রবপন্ বীজবপনবৎ নিবিড়ং নিক্ষিপন্ ॥৭॥
তমিতি। ক্ষেমধূর্ত্তির্নাম কৌরবপক্ষীয়ঃ ॥৮॥
ধৃষ্টেতি। অতিবলেন উদিত উদ্ধতঃ। শম্বরং নাম অসুরম্ ॥৯॥
তমিতি। ব্যাদিতাস্যং প্রকটিতবদনম্ ॥১০॥

পাণ্ডবগণের সহিত পাঞ্চালেরা সকলে দ্রোণের রথের নিকটে উপস্থিত হইয়া তাঁহার সৈন্য ভেদ করিবার ইচ্ছা করিয়া মহাস্ত্র সকল দেখাইতে লাগিল ॥৫॥

রথারোহী রথীরা মধ্যম বেগ অবলম্বন করিয়া দ্রোণের রথপর্য্যন্ত রণস্থল কাঁপাইতে থাকিয়া অস্ত্রবর্ষণ করিতে থাকিলেন ॥৬॥

কৈকেয়গণের মধ্যে মহারথ বৃহৎক্ষত্র ইন্দ্রের বজ্রের তুল্য সুধার বাণ সকল নিরন্তরভাবে নিক্ষেপ করিতে থাকিয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৭॥

তখন মহাযশা ক্ষেমধূর্ত্তি শত শত ও সহস্র সহস্র সুধার বাণ নিক্ষেপ করিতে করিতে তাঁহার প্রত্যুদ্‌গমন করিলেন ॥৮॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন শম্বরাসুরের প্রতি ধাবিত হইয়াছিলেন, তেমন চেদিশ্রেষ্ঠ ও অত্যন্তবলমত্ত ধৃষ্টকেতু দ্রোণের প্রতি ধাবিত হইলেন ॥৯॥

(৬)…কম্পয়ন্তোঽভ্যবর্ত্তন্ত…পি বা নি। (৮) হন্তং প্রত্যুদিয়াচ্ছীঘ্রম্…পি, তন্তু প্রত্যুদিয়াচ্ছীঘ্রম্…বঙ্গ বর্দ্ধ। (৯)…মহেন্দ্রমিব শম্বরঃ—নি।

যুধিষ্ঠিরং মহারাজং জিগীষুং সমবস্থিতম্।
সহানীকং ততো দ্রোণো ন্যবারয়ত বীর্য্যবান্ ॥১১॥
নকুলং কুশলং যুদ্ধে পরাক্রান্তং পরাক্রমী।
অভ্যগচ্ছৎ সমায়ান্তং বিকর্ণস্ত্বৎসুতঃ প্রভো ! ॥১২॥
সহদেবং তথায়ান্তং দুর্ম্মুখঃ শত্রুতাপনঃ।
শরৈরনেকসাহস্রৈঃ সমবাকিরদাশুগৈঃ ॥১৩॥
সাত্যকিন্তু নরব্যাঘ্রং ব্যাঘ্রদত্তস্ত্ববারয়ৎ।
শরৈঃ সুনিশিতৈস্তীক্ষ্ণৈঃ কম্পয়ন্ বৈ মুহুর্মুহুঃ ॥১৪॥
দ্রৌপদেয়ান্ নরব্যাঘ্রান্ মুঞ্চতঃ সায়কোত্তমান্।
সংরব্ধো রথিনাং শ্রেষ্ঠঃ সৌমদত্তিরবারয়ৎ ॥১৫॥

ভারতকৌমুদী

যুধীতি। জিগীষুং জেতুমিচ্ছুম্। অনীকেন সৈন্যেন সহেতি সহানীকস্তম্ ॥১১॥
নকুলমিতি। কুশলং দক্ষম্ ॥১২॥
সহেতি। দুর্ম্মুখো ধার্ত্তরাষ্ট্রঃ। আশুগৈর্দ্রুতগামিভিঃ ॥১৩॥
সাত্যকিমিতি। কম্পয়ন্ সাত্যকিমেব ॥১৪॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। সৌমদত্তির্ভূরিশ্রবোভিন্নঃ সোমদত্তপুত্রঃ ॥১৫॥

বিবৃতবদন যমের ন্যায় তিনি বেগে আসিতে লাগিলে, মহাধনুর্দ্ধর বীরধন্বা সত্বর তাঁহার দিকে গমন করিলেন ॥১০॥

ওদিকে মহারাজ যুধিষ্ঠির জয়াভিলাষী হইয়া সৈন্যগণের সহিত অবস্থান করিতে লাগিলে, বলবান্ দ্রোণ তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১১॥

রাজা ! যুদ্ধে নিপুণ ও পরাক্রমশালী নকুল আসিতে থাকিলে, পরাক্রমসম্পন্ন আপনার পুত্র বিকর্ণ তাঁহার দিকে গমন করিলেন ॥১২॥

সহদেব আগমন করিতে থাকিলে, শত্রুতাপন দুর্ম্মুখ দ্রুতগামী অনেকসহস্র বাণদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥১৩॥

ব্যাঘ্রদত্ত সুনিশিত তীক্ষ্ণ বাণসমূহদ্বারা অনবরত বিচলিত করিতে থাকিয়া সাত্যকিকে বারণ করিতে লাগিলেন ॥১৪॥

নরশ্রেষ্ঠ দ্রৌপদীর পুত্রেরা উত্তম উত্তম বাণ নিক্ষেপ করিতেছিলেন, তখন রথিশ্রেষ্ঠ সৌমদত্তি ক্রুদ্ধ হইয়া তাঁহাদিগকে বারণ করিতে থাকিলেন ॥১৫॥

(১২)···বিকর্ণস্তে সুতঃ প্রভো !—বা নি। (১৩)···বিকর্ণঃ শত্রুকর্ষণঃ···বা নি। (১৫)···সংরব্ধান্ রথিনঃ শ্রেষ্ঠান্···বা নি।

ভীমসেনং তথা ক্রুদ্ধং ঘোররূপং ভয়াবহম্ ।
প্রত্যবারয়দায়ান্তমার্ষ্যশৃঙ্গির্মহারথঃ ॥১৬॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং নররাক্ষসয়োর্মৃধে ।
যাদৃগেব পুরা বৃত্তং রামরাবণয়োর্নৃপ ! ॥১৭॥
ততো যুধিষ্ঠিরো দ্রোণং নবত্যা নতপর্বণাম্ ।
আজঘ্নে ভরতশ্রেষ্ঠঃ সর্ব্বমর্ম্মসু ভারত ! ॥১৮॥
তং দ্রোণঃ পঞ্চবিংশত্যা নিজঘান স্তনান্তরে ।
রোষিতো ভরতশ্রেষ্ঠ ! কৌন্তেয়েন যশস্বিনা ॥১৯॥
ভূয় এব তু বিংশত্যা সায়কানাং সমাচিনোৎ ।
সাশ্বসূতধ্বজং দ্রোণঃ পশ্যতাং সর্বধন্বিনাম্ ॥২০॥
তান্ শরান্ দ্রোণমুক্তাংস্তু শরবর্ষেণ পাণ্ডবঃ ।
অবারয়ত ধর্ম্মাত্মা দর্শয়ন্ পাণিলাঘবম্ ॥২১॥

ভারতকৌমুদী

ভীমেতি। ভয়াবহং শত্রূণাং ভয়জনকম্। আর্ষ্যশৃঙ্গিরলম্বুষঃ ॥১৬॥
তয়োরিতি। মৃধে রণস্থলে। বৃত্তং ভূতম্ ॥১৭॥
তত ইতি। নতপর্বণামীষদ্বক্রোপান্তানাং বাণানাম্ ॥১৮॥
তমিতি। রোষিতঃ প্রাগুক্তেনাঘাতেন রোষং প্রাপিতঃ, কৌন্তেয়েন যুধিষ্ঠিরেণ ॥১৯॥
ভূয় ইতি। সমাচিনোৎ ব্যাপ্নোৎ। সাশ্বসূতধ্বজং যুধিষ্ঠিরম্ ॥২০॥

ভীষণমূর্ত্তি ও ভয়জনক ভীমসেন ক্রুদ্ধ হইয়া আসিতে লাগিলে, মহারথ অলম্বুষ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইল ॥১৬॥

রাজা ! পূর্বকালে রাম ও রাবণের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তখন নর ও রাক্ষসের (ভীম ও অলম্বুষের) সেইরূপ যুদ্ধ হইতে লাগিল ॥১৭॥

ভরতনন্দন ! তাহার পর ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির নব্বইটা নতপর্ব্ব বাণদ্বারা দ্রোণের সমস্ত মর্ম্মস্থানে আঘাত করিলেন ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ ! যশস্বী যুধিষ্ঠির সেইভাবে ক্রোধ উৎপাদন করিলে, দ্রোণ পঁচিশটা বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে প্রহার করিলেন ॥১৯॥

দ্রোণ পুনরায় কুড়িটা বাণদ্বারা সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষে অশ্ব, সারথি ও ধ্বজের সহিত যুধিষ্ঠিরকে ব্যাপ্ত করিলেন ॥২০॥

(১৬)···ভীমরূপো ভয়ানকঃ··· বা নি,···আর্শ্যশৃঙ্গির্মহাবলঃ—নি। (২০) অদৃশ্যং সমরে চক্রে রাজানং সায়কোত্তমৈঃ। সাশ্ব · নি।

ততো দ্রোণো ভৃশং ক্রুদ্ধো ধর্ম্মরাজস্য সংযুগে।
চিচ্ছেদ সহসা ধন্বী ধনুস্তস্য মহাত্মনঃ ॥২২॥
অথৈনং ছিন্নধন্বানং ত্বরমাণো মহারথঃ।
শরৈরনেকসাহস্রৈঃ পূরয়ামাস সর্ব্বতঃ ॥২৩॥
অদৃশ্যং বীক্ষ্য রাজানং ভারদ্বাজস্য সায়কৈঃ।
সর্ব্বভূতান্যমন্যন্ত হতমেব যুধিষ্ঠিরম্ ॥২৪॥
কেচিচ্চৈনমমন্যন্ত তথা বৈ বিমুখীকৃতম্।
হৃতো রাজেতি রাজেন্দ্র! ব্রাহ্মণেন যশস্বিনা ॥২৫॥
স কৃচ্ছ্রং পরমং প্রাপ্তো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
ত্যক্ত্বা তৎ কার্ম্মুকং ছিন্নং ভারদ্বাজেন সংযুগে।
আদদেঽন্যদ্ধনুর্দিব্যং ভারসাধনমুত্তমম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তানিতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। পাণিলাঘবং হস্তয়োর্দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্ ॥২১॥
তত ইতি। ধন্বী ধনুষ্মান্ প্রশস্তধনুর্দ্ধর ইতি যাবৎ ॥২২॥
অথেতি। মহারথো দ্রোণঃ। পূরয়ামাস আচ্ছাদয়ামাস, পরত্রাদৃশ্যমিত্যভিধানাৎ ॥২৩॥
অদৃশ্যমিতি। সবভূতানি তত্রত্যাঃ সর্ব্বে লোকাঃ ॥২৪॥
কেচিদিতি। এনং যুধিষ্ঠিরম্। হৃতো রাজেতি তথৈব দ্রোণপ্রতিজ্ঞানাৎ ॥২৫॥
স ইতি। দিব্যমলৌকিকম্, ভারসাধনং দৃঢ়াকর্ষণসহম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

ধর্ম্মাত্মা যুধিষ্ঠির লঘুহস্ততা দেখাইতে থাকিয়া বাণবর্ষণদ্বারা দ্রোণনিক্ষিপ্ত সেই বাণ সকল নিবারণ করিলেন ॥২১॥

তাহার পর প্রশস্ত ধনুর্দ্ধর দ্রোণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে তৎক্ষণাৎ সেই মহাত্মা ধর্ম্মরাজের ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥২২॥

তদনন্তর মহারথ দ্রোণ ত্বরান্বিত হইয়া অনেক সহস্র শরদ্বারা সকল দিকেই ছিন্নধন্বা যুধিষ্ঠিরকে আবৃত করিলেন ॥২৩॥

দ্রোণের বাণে যুধিষ্ঠিরকে অদৃশ্য দেখিয়া তত্রত্য লোকেরা সকলে তাঁহাকে নিহত বলিয়াই মনে করিল ॥২৪॥

রাজশ্রেষ্ঠ! আবার কতকগুলি লোক পরাঙ্মুখ যুধিষ্ঠিরের বিষয়ে এইরূপ মনে করিল যে, যশস্বী দ্রোণ রাজাকে হরণ করিলেন ॥২৫॥

(২৫)···ব্রাহ্মণেন মহাত্মনা—বা নি। (২৬)···ভাস্বরং বেগবত্তরম্—বা, ···ভারঘ্নং বেগবত্তরম্—নি।

ততস্তান্ সায়কান্ সর্ব্বান্ দ্রোণনুন্নান্ সহস্রশঃ।
চিচ্ছেদ সমরে বীরস্তদদ্ভুতমিবাভবৎ ॥২৭॥
ছিত্ত্বা চ তান্ শরান্ রাজা ক্রোধসংরক্তলোচনঃ।
শক্তিং জগ্রাহ সমরে গিরীণামপি দারণীম্ ॥২৮॥
স্বর্ণদণ্ডাং মহাঘোরামষ্টঘণ্টাং ভয়াবহাম্।
সমুৎক্ষিপ্য চ তাং হৃষ্টো ননাদ বলবদ্বলী।
নাদেন সর্বভূতানি ত্রাসয়ন্নিব ভারত! ॥২৯॥
শক্তিং সমুদ্যতাং দৃষ্ট্বা ধর্ম্মরাজেন সংযুগে।
স্বস্তি দ্রোণায় সহসা সর্ব্বভূতান্যথাব্রুবন্ ॥৩০॥
সা রাজভুজনির্ম্মুক্তা নির্ম্মুক্তোরগসন্নিভা।
প্রজ্বালয়ন্তী গগনং দিশশ্চ প্রদিশস্তথা।
দ্রোণান্তিকমনুপ্রাপ্তা দীপ্তাস্যা পন্নগী যথা ॥৩১॥

ভারতকৌমুদী

তত ইতি। দ্রোণেন নুন্নান্ ক্ষিপ্তান্। ধর্ম্মনিরতস্যাস্ত্রপ্রয়োগদাক্ষ্যমেবাদ্ভুতমি[illegible] ভাবঃ ॥২৭॥

ছিত্ত্বেতি। রাজা যুধিষ্ঠিরঃ। দারয়ত্যনয়েতি দারণী তাং করণে ল্যুট্ ॥২৮॥

স্বর্ণেতি। বলবৎ সাতিশয়ম্, বলী যুধিষ্ঠিরঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

শক্তিমিতি। স্বস্তি মঙ্গলং ভবত্বিতি শেষঃ। সর্বভূতানি তত্রত্যাঃ সর্ব্বে লোকাঃ ॥৩০॥

ওদিকে ধর্ম্মরাজ যুধিষ্ঠির গুরুতর কষ্ট পাইয়া দ্রোণচ্ছিন্ন সেই ধনু ত্যাগ করিয়া অন্য অলৌকিক, সুদৃঢ় ও উত্তম ধনু গ্রহণ করিলেন ॥২৬॥

তৎপরে বীর যুধিষ্ঠির যুদ্ধে দ্রোণনিক্ষিপ্ত সহস্র সহস্র বাণ সমস্ত ছেদন করিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥২৭॥

ক্রমে ক্রোধে আরক্তনয়ন যুধিষ্ঠির দ্রোণের সেই বাণগুলিকে ছেদন করিয়া পর্ব্বতসমূহেরও বিদারণকারিণী একটা শক্তি গ্রহণ করিলেন ॥২৮॥

ভরতনন্দন! বলবান্ যুধিষ্ঠির স্বর্ণদণ্ডা, ভীষণমূর্ত্তি, অষ্টঘণ্টাযুক্তা ও ভয়-জনিকা সেই শক্তিটাকে হৃষ্টচিত্তে নিক্ষেপ করিয়া নাদদ্বারা সমস্ত প্রাণীকে বিত্রস্ত করতই যেন গুরুতর সিংহনাদ করিয়া উঠিলেন ॥২৯॥

যুধিষ্ঠির যুদ্ধে সেই শক্তি উত্তোলন করিয়াছেন দেখিয়া তত্রত্য লোকেরা তৎক্ষণাৎ বলিয়া উঠিল যে, 'দ্রোণের মঙ্গল হউক' ॥৩০॥

(২৭) ততস্তান্ সায়কাংস্তত্র···বা নি। (২৮)···গিরীণামপি দারিণীম্—বা নি। (৩১) ···দিশঃ সপ্রদিশস্তথা···নি।

তামাপতন্তীং সহসা প্রেক্ষ্য দ্রোণো বিশাংপতে !।
প্রাদুশ্চক্রে ততো ব্রাহ্মমস্ত্রমস্ত্রবিদাং বরঃ ॥৩২॥
তদস্ত্রং ভস্মসাৎ কৃত্বা তাং শক্তিং ঘোরদর্শনাম্।
জগাম স্যন্দনং তূর্ণং পাণ্ডবস্য যশস্বিনঃ ॥৩৩॥
ততো যুধিষ্ঠিরো রাজা দ্রোণাস্ত্রং তৎ সমুদ্যতম্।
অশাতয়ন্মহাপ্রাজ্ঞো ব্রহ্মাস্ত্রেণৈব ভারত ! ॥৩৪॥
বিব্যাধ চ রণে দ্রোণং পঞ্চভির্নতপর্ব্বভিঃ।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন চিচ্ছেদাস্য মহদ্ধনুঃ ॥৩৫॥
তদপাস্য ধনুশ্ছিন্নং দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ।
গদাং চিক্ষেপ সহসা ধর্ম্মপুত্রায় মারিষ ! ॥৩৬॥

ভারতকৌমুদী

সেতি। নির্ম্মুক্তস্ত্যক্তত্বক্ য উরগস্তৎসন্নিভা। দীপ্তাস্যা উজ্জ্বলমুখী। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্ ॥৩২॥

তদিতি। তদস্ত্রং ব্রাহ্মমস্ত্রং কর্ত্তৃ। স্যন্দনং রথম্ ॥৩৩॥

তত ইতি। সমুদ্যতং সমাগতম্। অশাতয়ৎ ন্যবারয়ৎ, মহাপ্রাজ্ঞো ব্রহ্মাস্ত্রজ্ঞানাৎ ॥৩৪॥

বিব্যাধেতি। পঞ্চভির্বাণৈঃ। অস্য দ্রোণস্য ॥৩৫॥

তদিতি। অপাস্য নিক্ষিপ্য। হে মারিষ ! আর্য্য ! "আর্য্যস্তু মারিষ" ইত্যমরঃ ॥৩৬॥

যুধিষ্ঠিরের বাহুনিক্ষিপ্তা, মুক্তচর্ম্মা সর্পের তুল্যা সেই শক্তিটা আকাশ, দিক্ ও বিদিক্ আলোকিত করিয়া উজ্জ্বলমুখী সর্পীর ন্যায় দ্রোণের নিকটে আসিতে লাগিল ॥৩১॥

নরনাথ ! সেই শক্তিটা বেগে আসিতেছে দেখিয়া অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ দ্রোণ ব্রহ্মাস্ত্র আবিষ্কার করিলেন ॥৩২॥

তখন সেই ব্রহ্মাস্ত্র ভীষণাকৃতি সেই শক্তিটাকে ভস্ম করিয়া সত্বর যশস্বী যুধিষ্ঠিরের রথের উপরে যাইয়া পড়িল ॥৩৩॥

ভরতনন্দন ! তাহার পর মহাপ্রাজ্ঞ রাজা যুধিষ্ঠির ব্রহ্মাস্ত্রদ্বারাই দ্রোণের সেই সমাগত ব্রহ্মাস্ত্র নিবারণ করিলেন ॥৩৪॥

এবং তিনি পাঁচটা নতপর্ব্ব বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন, আর একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা দ্রোণের বিশাল ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥৩৫॥

(৩৫) বিদ্ধা তঞ্চ রণে দ্রোণম্···বা নি।

তামাপতন্তীং সহসা গদাং দৃষ্ট্বা যুধিষ্ঠিরঃ।
(৩০) তেষামেতে···পি বঙ্গ বর্দ্ধ। (৩১) এতে বিনির্জ্জিতাঃ সংখ্যে সংগ্রামে···বা নি।

জাম্বূনদনিভৈঃ সর্বৈর্বর্ম্মভিঃ সুবিভূষিতাঃ।
লব্ধলক্ষা রণে রাজন্! ঐরাবণসমা যুধি ॥৩৪॥
উত্তরাৎ পর্ব্বতাদেতে তীক্ষ্ণৈর্দস্যুভিরাস্থিতাঃ।
কর্কশৈঃ প্রবরৈর্যোধৈঃ কার্ষ্ণায়সতনুচ্ছদৈঃ ॥৩৫॥ (বিশেষকম্)
সন্তি গোযোনয়শ্চাত্র সন্তি বানরযোনয়ঃ।
অনেকযোনয়শ্চান্যে তথা মানুষযোনয়ঃ ॥৩৬॥
অনীকং সমবেতানাং ধূম্রবর্ণমুদীর্য্যতে।
ম্লেচ্ছানাং পাপকর্ত্তৃণাং হিমবদ্দুর্গবাসিনাম্ ॥৩৭॥
এতদ্দুর্য্যোধনো লব্ধ্বা সমগ্রং রাজমণ্ডলম্।
কৃপঞ্চ সৌমদত্তিঞ্চ দ্রৌণিঞ্চ রথিনাং বরম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

য ইতি। সুমহানাগা অতিবিশালা গজাঃ, অঞ্জনস্য তদাখ্যস্য দিগ্‌গজস্য। কর্কশাঃ কঠিনস্বভাবাঃ, বিনীতা যুদ্ধে শিক্ষিতাঃ, প্রভিন্নানি মদস্রাবীণি করটামুখানি গণ্ডদ্বয়ং বদনঞ্চ যেষাং তে। জাম্বূনদনিভৈঃ স্বর্ণবর্ণৈঃ। লব্ধলক্ষাঃ প্রাগপি প্রাপ্তলক্ষ্যাঃ। ঐরাবণসমা ঐরাবততুল্যাঃ। উত্তরাৎ পর্বতাদাগতা ইতি শেষঃ, তীক্ষ্ণৈঃ হিংস্রস্বভাবৈঃ, আস্থিতা আরূঢ়াঃ। কার্ষ্ণায়সা দৃঢ়লৌহময়াস্তনুচ্ছদা বর্ম্মাণি যেষাং তৈঃ ॥৩৩—৩৫॥

সন্তীতি। গোযোনয়ো বশিষ্ঠবিশ্বামিত্রযুদ্ধকালে বশিষ্ঠতপঃপ্রভাবেণ গোযোনিতো জাতাঃ, গোষু মানুষৈরুৎপাদিতা বা। এবমন্যত্রাপি ॥৩৬॥

অনীকমিতি। অনীকং সৈন্যম্। উদীর্য্যতে উদ্দীপ্যতে। পাপকর্ত্তৃণাং বেদবিরুদ্ধাচরণাদিতি ভাবঃ ॥৩৭॥

দিগ্‌গজ অঞ্জনের কুলোৎপন্ন, কঠিনস্বভাব, যুদ্ধে সুশিক্ষিত, মদস্রাবি-গণ্ড-বদন, স্বর্ণবর্ণবর্ম্মে সম্যক্ অলঙ্কৃত, পূর্ব্বেও যুদ্ধে প্রাপ্তলক্ষ্য এবং যুদ্ধে ঐরাবতের তুল্য এই যে সকল বিশাল হস্তী হিমালয় হইতে আসিয়াছে, এগুলির উপরে ক্রূরস্বভাব, কঠিনদেহ, মহাযোদ্ধা ও দৃঢ়লৌহবর্ম্মাবৃত দস্যুরা আরোহণ করিয়া রহিয়াছে ॥৩৩—৩৫॥

ইহাদের মধ্যে গোযোনি, বানরযোনি, অন্যযোনি ও মানুষযোনি লোক আছে ॥৩৬॥

হিমালয়দুর্গবাসী ও পাপকারী সমবেত ধূম্রবর্ণ ম্লেচ্ছসৈন্যগণ ঐ প্রকাশ পাইতেছে ॥৩৭॥

(৩৫)···শূরৈরুত্তমপার্বতৈঃ···নি। (৩৭) অনীকমসতামেতদ্ধূম্রবর্ণম্···হিমদুর্গনিবাসিনাম্—নি। (৩৮) ··দ্রোণঞ্চ রথিনাং বরম্···বা নি।

সিন্ধুরাজং তথা কর্ণমবামন্যত পাণ্ডবান্ ।
কৃতার্থমথ চাত্মানং মন্যতে কালচোদিতঃ ॥৩৯॥ (যুগ্মকম্)
তে তু সর্ব্বেঽদ্য সংপ্রাপ্তা মম নারাচগোচরম্ ।
ন বিমোক্ষ্যন্তি কৌন্তেয় ! যদ্যপি স্যুর্মনোজবাঃ ॥৪০॥
তেন সম্ভাবিতা নিত্যং পরবীর্য্যোপজীবিনা ।
বিনাশমুপযাস্যন্তি মচ্ছরৌঘনিপীড়িতাঃ ॥৪১॥
যে ত্বেতে রথিনো রাজন্ ! দৃশ্যন্তে কাঞ্চনধ্বজাঃ ।
এতে দুর্ব্বারণা নাম কাম্বোজা যদি তে শ্রুতাঃ ॥৪২॥
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ ধনুর্ব্বেদে চ নিষ্ঠিতাঃ ।
সংহতাশ্চ ভৃশং হ্যেতে অন্যোন্যস্য হিতৈষিণঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

এতদিতি। সৌমদত্তিং ভূরিশ্রবসম্, দ্রৌণিমশ্বত্থামানম্। কালেন চোদিতঃ প্রেরিতঃ ॥৩৮—৩৯॥

ত ইতি। নারাচানাং বাণবিশেষাণাং গোচরং বিষয়তাম্। মনস ইব জবো বেগো যেষাং তে ॥৪০॥

তেনেতি। তেন দুর্য্যোধনেন, সম্ভাবিতাঃ সম্মানিতাঃ ॥৪১॥

য ইতি। কাঞ্চনানামিমে ইতি কাঞ্চনাঃ স্বর্ণময়া ধ্বজা যেষাং তে। ইদমর্থে অণ্ ॥৪২॥

শূরা ইতি। নিষ্ঠিতাঃ কৃতশ্রমাঃ। সংহতাঃ সম্মিলিতাঃ ॥৪৩॥

কালপ্রেরিত দুর্য্যোধন এই সমস্ত রাজমণ্ডলকে এবং রথিশ্রেষ্ঠ কৃপ, ভূরিশ্রবা, অশ্বত্থামা, জয়দ্রথ ও কর্ণকে পাইয়া পাণ্ডবগণের অবমাননা করিয়াছে এবং আপনাকে কৃতার্থ বলিয়া মনে করিতেছে ॥৩৮—৩৯॥

কুন্তীনন্দন ! তাহারা সকলেই আজ আমার বাণগোচর হইয়াছে। সুতরাং উহারা যদি মনের ন্যায় বেগবান্‌ও হয়, তথাপি মুক্তি পাইবে না ॥৪০॥

পরবীর্য্যোপজীবী দুর্য্যোধন সর্বদাই উহাদের সম্মান করিয়া থাকে ; কিন্তু উহারা আজ আমার বাণসমূহে নিপীড়িত হইয়া বিনষ্ট হইবে ॥৪১॥

রাজা ! এই যে স্বর্ণধ্বজ রথিগণকে দেখা যাইতেছে, ইহারা কাম্বোজ-দেশীয় ; ইহাদের নাম—'দুর্বারণ'। হয় ত আপনি ইহাদের নাম শুনিয়া থাকিবেন ॥৪২॥

ইহারা বীর, কৃতবিদ্য, ধনুর্ব্বেদে শিক্ষিত, অত্যন্ত সংঘবদ্ধ এবং পরস্পর হিতৈষী ॥৪৩॥

(৪০)···ন ভবিষ্যন্তি !···নি।

অক্ষৌহিণ্যশ্চ সংরব্ধা ধার্ত্তরাষ্ট্রস্য ভারত !।
যত্তা মদর্থং তিষ্ঠন্তি কুরুবীরাভিরক্ষিতাঃ ॥৪৪॥
অপ্রমত্তা মহারাজ ! মামেব প্রত্যুপস্থিতাঃ।
তাংস্ত্বহং প্রমথিষ্যামি তৃণানীব হুতাশনঃ ॥৪৫॥
তস্মাৎ সর্বানুপাসঙ্গান্ সর্ব্বোপকরণানি চ।
রথে কুর্ব্বন্তু মে রাজন্ ! যথাবদ্রথকল্পকাঃ ॥৪৬॥
অস্মিংস্তু খলু সংগ্রামে গ্রাহ্যং বিবিধমায়ুধম্।
যথোপদিষ্টমাচার্য্যৈঃ কার্য্যঃ পঞ্চগুণো রথঃ ॥৪৭॥
কাম্বোজৈশ্চ সমেষ্যামি ক্রুদ্ধৈরাশীবিষোপমৈঃ।
নানাশস্ত্রসমাবায়ৈর্বিবিধায়ুধযোধিভিঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

অক্ষৌহিণ্য ইতি। সংরব্ধা যুদ্ধায় সোৎসাহাঃ। যত্তা জয়ায় যত্নবন্তঃ ॥৪৪॥
অপ্রেতি। অপ্রমত্তা যুদ্ধে সাবধানাঃ ॥৪৫॥
তস্মাদিতি। উপাসঙ্গান্ তূণান্, সর্ব্বোপকরণানি কার্ম্মুকাদীনি ॥৪৬॥
অস্মিন্নিতি। কার্য্যঃ কর্ত্তব্যঃ, পঞ্চগুণঃ পঞ্চগুণসজ্জঃ ॥৪৭॥
কাম্বোজৈরিতি। সমেষ্যামি যুদ্ধে সম্মিলিতো ভবিষ্যামি। আশীবিষোপমৈস্তীক্ষ্ণবিষ-সর্পতুল্যৈঃ। নানা শস্ত্রাণাং সমাবায়ঃ সমূহো যেষু তৈঃ ॥৪৮॥

ভরতনন্দন ! দুর্য্যোধনের বহু অক্ষৌহিণী সৈন্য যুদ্ধে উৎসাহী, জয়ের জন্য যত্নবান্ এবং কুরুবীরগণে রক্ষিত হইয়া আমার জন্য অবস্থান করিতেছে ॥৪৪॥

মহারাজ! ইহারা আমার জন্যই উপস্থিত হইয়াছে। সুতরাং অগ্নি যেমন তৃণসমূহ বিনষ্ট করে, আমিও সেইরূপ ইহাদিগকে বিনষ্ট করিব ॥৪৫॥

অতএব রাজা ! রথসজ্জাকারী লোকেরা যথাযথভাবে আমার রথে সমস্ত তূণীর এবং সর্ব্বপ্রকার যুদ্ধোপকরণ সংস্থাপন করুক ॥৪৬॥

এই যুদ্ধে নানাপ্রকার অস্ত্র গ্রহণ করিতে হইবে; আর আচার্য্যগণের উপদেশক্রমে পাঁচগুণ রথসজ্জা করিতে হইবে ॥৪৭॥

আমি আজ ক্রুদ্ধ তীক্ষ্ণবিষ সর্পের তুল্য, নানাবিধ শস্ত্রধারী ও বহুবিধ অস্ত্রদ্বারা যুদ্ধকারী কাম্বোজগণের সহিত যুদ্ধে মিলিত হইব ॥৪৮॥

(৪৪)...মদর্থে...বা নি। (৪৭) অস্মিংস্তু কিল সংমর্দ্দে...বা নি। (৪৮) কাম্বোজৈর্হি ...তীক্ষ্ণৈরাশীবিষোপমৈঃ...বা নি।

কিরাতৈশ্চ সমেষ্যামি বিষকল্পৈঃ প্রহারিভিঃ।
লালিতৈঃ সততং রাজ্ঞা দুর্য্যোধনহিতৈষিভিঃ ॥৪৯॥
শকৈশ্চাপি সমেষ্যামি শক্রতুল্যপরাক্রমৈঃ।
অগ্নিকল্পৈর্দুরাধর্ষৈঃ প্রদীপ্তৈরিব পাবকৈঃ ॥৫০॥
তথান্যৈর্বিবিধৈর্ঘোরৈঃ কালকল্পৈর্দুরাসদৈঃ।
সমেষ্যামি রণে রাজন্! বহুভির্যুদ্ধদুর্ম্মদৈঃ ॥৫১॥
তস্মাদ্বৈ বাজিনো মুখ্যা বিশ্রান্তাঃ শুভলক্ষণাঃ।
উপাবৃত্তাশ্চ পীতাশ্চ পুনর্যুজ্যন্তু মে রথে ॥৫২॥

সঞ্জয় উবাচ।

তস্য সর্ব্বানুপাসঙ্গান্ সর্ব্বোপকরণানি চ।
রথে চাস্থাপয়দ্রাজা শস্ত্রাণি বিবিধানি চ ॥৫৩॥

ভারতকৌমুদী

কিরাতৈরিতি। লালিতৈর্বেতনাদিনা সাদরং পোষিতৈঃ, রাজ্ঞা কিরাতরাজেন ॥৪৯॥
শকৈরিতি। প্রদীপ্তৈঃ প্রজ্বলিতৈঃ, পাবকৈরগ্নিস্তূপৈঃ ॥৫০॥
তথেতি। কালকল্পৈর্যমতুল্যৈঃ সহ ॥৫১॥
তস্মাদিতি। উপাবৃত্তা ঘূর্ণনং প্রাপিতাঃ, পীতাঃ পীতজলাঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

করিণোঽঞ্জনবংশজাঃ ॥৩৪॥ উত্তরাৎ পর্ব্বতাচ্চ হিমাচলাদাগতৈরর্থাৎ ॥৩৫—৪০॥ তেন দুর্য্যোধনেন, সম্ভাবিতাঃ সংবর্দ্ধিতাঃ ॥৪১—৪৪॥ তানুদ্দিষ্টান্ ॥৪৫—৪৬॥ পঞ্চগুণঃ পঞ্চগুণসামগ্রীকঃ ॥৪৭। নানাশস্ত্রাণাং সমাবায়ঃ সমূহো যেষু ॥৪৮—৫১॥ পীতাঃ

বিষের তুল্য তীক্ষ্ণ, প্রহারনিপুণ, সর্ব্বদা কিরাতরাজকর্ত্তৃক লালিত ও দুর্য্যোধনের হিতৈষী কিরাতগণের সহিত যুদ্ধ করিব ॥৪৯॥

ইন্দ্রের তুল্য পরাক্রমশালী, অগ্নির ন্যায় দুর্দ্ধর্ষ ও প্রজ্বলিত অগ্নির সমান তেজস্বী শকদিগের সহিতও মিলিত হইব ॥৫০॥

এবং রাজা! যমের তুল্য দুর্দ্ধর্ষ ও ভয়ঙ্কর যুদ্ধদুর্ম্মদ অন্য বহুবিধ বহু বীরের সহিত যুদ্ধে সম্মিলিত হইব ॥৫১॥

অতএব যেগুলি বিশ্রাম করিয়াছে, ঘুরিয়াছে এবং জলপান করিয়াছে, এইরূপ ও শুভলক্ষণসম্পন্ন উত্তম চারিটী ঘোড়া পুনরায় আমার রথে সংযুক্ত হউক' ॥৫২॥

(৫১)···বিবিধৈর্যোধৈঃ···বা নি। (৫২)···যুঞ্জন্তু মে রথে—নি। (৫৩)·· রথেঽবস্থাপয়দ্রাজা · বঙ্গ বর্দ্ধ।

ততস্তান্ সর্ব্বতো মুক্তান্ সদশ্বাংশ্চতুরো জনাঃ।
রসবৎ পায়য়ামাসুঃ পানং মদসমীরণম্ ॥৫৪॥
পীতোপবৃত্তান্ স্নাতাংশ্চ জগ্ধান্নান্ সমলঙ্কৃতান্।
বিনীতশল্যাংস্তুরগাংশ্চতুরো হেমমালিনঃ ॥৫৫॥
তাংস্তদা রূপ্যবর্ণাভান্ বিনীতান্ শীঘ্রগামিনঃ।
সংহৃষ্টমনসোঽব্যগ্রান্ বিধিবৎ কল্পিতে রথে ॥৫৬॥
মহাধ্বজেন সিংহেন হেমকেশরমালিনা।
সংবৃতে কেতকৈর্হৈমৈর্মণিবিদ্রুমচিত্রিতৈঃ ॥৫৭॥
পাণ্ডরাভ্রপ্রকাশাভিঃ পতাকাভিরলঙ্কৃতে।
হেমদণ্ডোচ্ছ্রিতচ্ছত্রে বহুশস্ত্রপরিচ্ছদে।
যোজয়ামাস বিধিবদ্ধেমভাণ্ডবিভূষিতান্ ॥৫৮॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। উপাসঙ্গান্ তূণান্, সর্বোপকরণানি কার্ম্মুকাদীনি। রাজা যুধিষ্ঠিরঃ ॥৫৩॥

তত ইতি। মুক্তান্ বহুকালং রথে অযোজিতান্, অতএব বিশ্রান্তানিত্যাশয়ঃ। রসবৎ স্বাদু, পীয়ত ইতি পানং জলম্, মদসমীরণং মত্ততাজনকম্ ॥৫৪॥

পীতেতি। জগ্ধান্নান্ ভুক্তঘাসান্। বিনীতশল্যান্ উদ্ধৃতবাণাগ্রান্। বিনীতান্ শিক্ষিতান্। অব্যগ্রান্ স্থিরান্, কল্পিতে সজ্জিতে। সিংহেন সিংহলাঞ্ছনেন। কেতকৈঃ পুষ্পৈঃ। পাণ্ডরাভ্রবৎ শুভ্রমেঘবৎ প্রকাশো যাসাং তাভিঃ। হেমভাণ্ডৈঃ স্বর্ণভূষণৈর্বিভূষিতান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫—৫৮॥

সঞ্জয় বলিলেন—'তখন যুধিষ্ঠির সাত্যকির রথে সর্ব্বপ্রকার তূণ, সমস্তবিধ উপকরণ ও নানাবিধ অস্ত্র সংস্থাপন করাইলেন ॥৫৩॥

তাহার পর ভৃত্যেরা সর্ব্বতোভাবে বিশ্রান্ত চারিটী উত্তম অশ্বকে সুস্বাদু ও যুদ্ধমত্ততাজনক জল পান করাইল ॥৫৪॥

তখন রজতের ন্যায় শুভ্রবর্ণ, শিক্ষিত, শীঘ্রগামী, স্বর্ণমালাধারী ও স্থিরস্বভাব সেই চারিটী অশ্ব জল পান করিয়া, মণ্ডলাকারে ঘুরিয়া, স্নান করিয়া, ঘাস খাইয়া এবং অলঙ্কৃত ও শল্যশূন্য হইয়া হৃষ্টচিত্ত হইল। পরে ভৃত্যেরা স্বর্ণভূষণে ভূষিত সেই অশ্বগুলিকে নিয়া সুসজ্জিত রথে সংযুক্ত করিল এবং সেই রথের উপরে একটা বিশাল ধ্বজ তুলিয়া দিল, তাহার উপরে আবার স্বর্ণময়কেশরমালাধারী একটা সিংহমূর্ত্তি স্থাপন করিল; মণি ও প্রবালবিচিত্র

(৫৪)···সর্বতো মুক্তা···পি বঙ্গ বর্দ্ধ। (৫৭)···কেতনৈর্হৈমৈঃ···পি বঙ্গ বর্দ্ধ।

দারুকস্যানুজো ভ্রাতা সূতস্তস্য প্রিয়ঃ সখা।
ন্যবেদয়দ্রথং যুক্তং বাসবস্যেব মাতলিঃ ॥৫৯॥
ততঃ স্নাতঃ শুচির্ভূত্বা কৃতকৌতুকমঙ্গলঃ।
স্নাতকানাং সহস্রস্য স্বর্ণনিষ্কানথো দদৌ ॥৬০॥
আশীর্ব্বাদৈঃ পরিষ্বক্তঃ সাত্যকিঃ শ্রীমতাং বরঃ।
ততঃ স মধুপর্কার্হঃ পীত্বা কৈরাতকং মধু ॥৬১॥
লোহিতাক্ষো বভৌ তত্র মদবিহ্বললোচনঃ।
আলভ্য বীরকাংস্যঞ্চ হর্ষেণ মহতান্বিতঃ ॥৬২॥ (যুগ্মকম্)
দ্বিগুণীকৃততেজাঃ স প্রজ্বলন্নিব পাবকঃ।
উৎসঙ্গে ধনুরাদায় সশরং রথিনাং বরঃ ॥৬৩॥
কৃতস্বস্ত্যয়নো বিপ্রৈঃ কবচী সমলঙ্কৃতঃ।
লাজৈর্গন্ধৈস্তথা মাল্যৈঃ কন্যাভিরভিনন্দিতঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

দারুকস্যেতি। দারুকস্য কৃষ্ণসারথেঃ। সূতঃ সারথিঃ। যুক্তং সজ্জিতম্ ॥৫৯॥

তত ইতি। স্নাতকানাং গৃহমেধিনাং বিপ্রাণাম্, স্বর্ণানাং নিষ্কান্ মুদ্রাঃ ॥৬০॥

আশীরিতি। পরিষ্বক্তঃ সম্বদ্ধঃ, শ্রীমতাং বীরশোভাবতাম্। কৈরাতকং কিরাতদেশোৎপন্নম্, মধু মদ্যম্। আলভ্য স্পৃষ্ট্বা, বীরকাংস্যং বীরযোগ্যকাংস্যদর্পণম্ ॥৬১—৬২॥

বহুতর স্বর্ণকেতকীপুষ্পদ্বারা সেই রথখানাকে আবৃত করিল, জলশূন্য মেঘের ন্যায় শুভ্রবর্ণ পতাকাদ্বারা অলঙ্কৃত করিল ; আর তাহাতে স্বর্ণদণ্ড একটা ছত্র তুলিয়া দিল এবং বহুতর অস্ত্র ও পরিচ্ছদ সংস্থাপন করিল ॥৫৫—৫৮॥

পরে মাতলি যেমন ইন্দ্রের নিকট নিবেদন করে, সেইরূপ কৃষ্ণসারথি দারুকের কনিষ্ঠ ভ্রাতা এবং সাত্যকির প্রিয় সখা সারথি আসিয়া নিবেদন করিল যে, 'রথ সজ্জিত হইয়াছে' ॥৫৯॥

তদনন্তর সাত্যকি স্নান করিয়া পবিত্র হইয়া কৌতুকমঙ্গল সম্পাদনপূর্ব্বক সহস্র গৃহস্থ ব্রাহ্মণকে স্বর্ণমুদ্রা দান করিলেন ॥৬০॥

তাহার পর বীরশোভায় শোভিতগণের মধ্যে শ্রেষ্ঠ সাত্যকি ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ পাইয়া মধুপর্কের জল ও কিরাতদেশজাত মদ্য পান করিয়া আরক্ত ও বিহ্বলনয়ন এবং বিশেষ আনন্দিত হইয়া বীরজনোচিত কাংস্যদর্পণ স্পর্শ করিয়া শোভা পাইতে লাগিলেন ॥৬১—৬২॥

(৬৩) দ্বিগুণীকৃততেজা হি···বা, দ্বিগুণীকৃততেজোভিঃ···নি।

যুধিষ্ঠিরস্য চরণৌ প্রণম্য চ কৃতাঞ্জলিঃ।
তেন মূর্দ্ধন্যুপাঘ্রাত আরুরোহ মহারথম্ ॥৬৫॥ (বিশেষকম্)
ততস্তে বাজিনো হৃষ্টাঃ সুপুষ্টা বাতরংহসঃ।
অজয্যা জৈত্রমূহুস্তং বিকুর্ব্বাণাঃ স্ম সৈন্ধবাঃ ॥৬৬॥
তথৈব ভীমসেনোঽপি ধর্ম্মরাজেন পূজিতঃ।
প্রায়াৎ সাত্যকিনা সার্দ্ধমভিবাদ্য যুধিষ্ঠিরম্ ॥৬৭॥
তৌ দৃষ্ট্বা প্রবিবিক্ষন্তৌ তব সৈন্যমরিন্দমৌ।
সংযত্তাস্তাবকাঃ সর্ব্বে তস্থুর্দ্রোণপুরোগমাঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

দ্বিগুণীতি। উৎসঙ্গে ক্রোড়ে। কৃতং স্বস্ত্যয়নং বেদপাঠাদিমঙ্গলাচরণং যস্য সঃ। কবচী বর্ম্মাবৃতদেহঃ। তেন যুধিষ্ঠিরেণ ॥৬৩—৬৫॥

তত ইতি। অজয্যা জেতুমশক্যাঃ, জৈত্রং জয়শীলম্, বিকুর্বাণাস্তেজ আবিষ্কুর্বন্তঃ ॥৬৬॥

তথেতি। পূজিতঃ কর্ত্তব্যকরণোদ্যততয়া সম্মানিতঃ। প্রায়াৎ প্রয়াতুমারভত ॥৬৭॥

তাবিতি। তব সৈন্যং প্রবিবিক্ষন্তৌ প্রবেষ্টুমিচ্ছন্তৌ। সংযত্তাস্তয়োর্নিবারণায় যত্নবন্তঃ ॥৬৮॥

তখন তাঁহার তেজ দ্বিগুণ হইল; তিনি যেন অগ্নির ন্যায় জ্বলিতে লাগিলেন; ব্রাহ্মণেরা মঙ্গলাচরণ করিতে থাকিলেন; কন্যারা লাজ (খই), গন্ধদ্রব্য ও মালা নিক্ষেপ করিয়া অভিনন্দন করিতে লাগিল; সেই অবস্থায় কবচধারী, সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত ও রথিশ্রেষ্ঠ সাত্যকি ক্রোড়ে ধনু ও বাণ লইয়া যুধিষ্ঠিরের চরণযুগলে নমস্কার করিয়া কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন; তখন যুধিষ্ঠির তাঁহার মস্তকাঘ্রাণ করিলে তিনি বিশাল রথে আরোহণ করিলেন ॥৬৩—৬৫॥

তদনন্তর হৃষ্ট, পুষ্টদেহ, বায়ুর ন্যায় বেগবান্ ও অজেয় সিন্ধুদেশীয় সেই অশ্বগণ তেজ আবিষ্কার করিতে থাকিয়া বিজয়শীল সাত্যকিকে বহন করিতে লাগিল ॥৬৬॥

সেইরূপ ভীমসেনও যুধিষ্ঠিরকর্ত্তৃক সম্মানিত হইয়া এবং তাঁহাকে অভিবাদন করিয়া সাত্যকির সহিত গমন করিতে আরম্ভ করিলেন ॥৬৭॥

মহারাজ! শত্রুদমনকারী সেই সাত্যকি ও ভীমসেনকে আপনার

(৬৫)…অভিবন্দ্য কৃতাঞ্জলিঃ…বা,…অভিবাদ্য কৃতাঞ্জলিঃ…নি। (৬৮)…তব সেনাম্…নি।

সন্নদ্ধমনুগচ্ছন্তং দৃষ্ট্বা ভীমং স সাত্যকিঃ।
অভিনন্দ্যাব্রবীদ্বীরস্তদা হর্ষকরং বচঃ ॥৬৯॥
অথ হর্ষপরীতাঙ্গঃ সাত্যকির্ভীমমব্রবীৎ।
ত্বং ভীম! রক্ষ রাজানমেতৎ কার্য্যতমং হি তে ॥৭০॥
অহং ভিত্ত্বা প্রবেক্ষ্যামি কালপক্কমিদং বলম্।
আয়ত্যাঞ্চ তদাত্বে চ শ্রেয়ো রাজ্ঞোঽভিরক্ষণম্ ॥৭১॥
জানীষে মম বীর্য্যং ত্বং তব চাহমরিন্দম!।
তস্মাদ্ভীম! নিবর্ত্তস্ব মম চেদিচ্ছসি প্রিয়ম্ ॥৭২॥

ভারতকৌমুদী

সন্নদ্ধমিতি। সন্নদ্ধম্ অনুগমনায় সজ্জিতম্ ॥৬৯॥

অথেতি। হর্ষেণ পরীতাঙ্গো ব্যাপ্তগাত্রঃ। কার্য্যতমং প্রধানকার্য্যম্ ॥৭০॥

অহমিতি। কালেন পক্কং পক্কতয়া পতনোন্মুখম্। আয়ত্যামুত্তরকালে, তদাত্বে ইদানীম্ ॥৭১॥

জানীষ ইতি। এক এবাহং গন্তুমর্হামি, ত্বঞ্চৈক এব রক্ষিতুমর্হসীতি ভাবঃ ॥৭২॥

ভারতভাবদীপঃ

পায়িতপেয়াঃ ॥৫২—৫৬॥ মহাপ্লজেনেতি বিশেষণে তৃতীয়া। কেতকৈঃ কুন্দঘটিত-শলাকাভিঃ ॥৫৭—৫৯॥ স্বর্ণনিষ্কাং দীনারাং ॥৬০—৭০॥ আয়ত্যামুত্তরকালে। তদাত্বে তৎক্ষণে ॥৭১—৭৯॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥৯৬॥

সৈন্যমধ্যে প্রবেশ করিবার ইচ্ছা করিতে দেখিয়া দ্রোণের অগ্রবর্ত্তী আপনার পক্ষের যোদ্ধারা তাঁহাদিগকে বারণ করিবার জন্য যত্নবান্ হইয়া রহিলেন ॥৬৮॥

ভীমসেন যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া অনুসরণ করিতেছেন দেখিয়া তখন বীর সাত্যকি তাঁহাকে অভিনন্দিত করিয়া আনন্দজনক বাক্য বলিলেন ॥৬৯॥

তৎকালে সাত্যকি আনন্দে উৎফুল্ল হইয়াই ভীমকে বলিয়াছিলেন—'মধ্যমপাণ্ডব! আপনি রাজাকে রক্ষা করুন, ইহাই আপনার প্রধান কার্য্য ॥৭০॥

আমি একাকীই এই কালপক্ক কৌরবসৈন্য ভেদ করিয়া প্রবেশ করিব; আর রাজাকে রক্ষা করাই আপনার পক্ষে বর্ত্তমানে ও ভবিষ্যতে মঙ্গলজনক ব্যাপার ॥৭১॥

(৭০) প্রথমার্দ্ধং বা রা নি নাস্তি। (৭২) শ্লোকাৎ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

তথোক্তঃ সাত্যকিং প্রাহ ব্রজ ত্বং কার্য্যসিদ্ধয়ে।
অহং রাজ্ঞঃ করিষ্যামি রক্ষাং পুরুষসত্তম ! ॥৭৩॥
এবমুক্তঃ প্রত্যুবাচ ভীমসেনং স মাধবঃ।
গচ্ছ গচ্ছ দ্রুতং পার্থ ! ধ্রুবোঽদ্য বিজয়ো মম ॥৭৪॥
যন্মে স্নিগ্ধোঽনুরক্তশ্চ ত্বমদ্য বশগঃ স্থিতঃ।
নিমিত্তানি চ ধন্যানি যথা ভীম ! বদন্তি মে ॥৭৫॥
নিহতে সৈন্ধবে পাপে পাণ্ডবেন মহাত্মনা।
পরিষ্বজিষ্যে রাজানং ধর্ম্মাত্মানং ন সংশয়ঃ ॥৭৬॥
এতাবদুক্ত্বা ভীমন্তু বিসৃজ্য চ মহামনাঃ।
সংপ্রৈক্ষত্তাবকং সৈন্যং ব্যাঘ্রো মৃগগণানিব ॥৭৭॥

ভারতকৌমুদী

তথেতি। প্রাহ ভীমো ব্রবীতি স্ম। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য ॥৭৩॥
এবমিতি। মাধবো মধুবংশীয়ঃ সাত্যকিঃ। হে পার্থ ! পৃথাপুত্র ! ভীম ! ॥৭৪॥
কুতো ধ্রুবো বিজয় ইত্যাহ যদিতি। ধন্যানি পুণ্যজনিতানি। বদন্তি সূচয়ন্তি ॥৭৫॥
নিহত ইতি। সৈন্ধবে জয়দ্রথে, পাণ্ডবেনার্জ্জুনেন। পরিষ্বজিষ্যে আলিঙ্গিষ্যামি ॥৭৬॥

অরিন্দম মধ্যমপাণ্ডব ! আপনি আমার শক্তি জানেন, আমিও আপনার শক্তি জানি। সুতরাং আপনি যদি আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করেন, তবে নিবৃত্ত হউন' ॥৭২॥

সাত্যকি সেইরূপ বলিলে, ভীম তাঁহাকে বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ ! তবে তুমি কার্য্যসিদ্ধির জন্য গমন কর, আমি রাজাকে রক্ষা করিতে থাকি' ॥৭৩॥

ভীম এইরূপ বলিলে, সাত্যকি তাঁহাকে কহিলেন—'পৃথানন্দন ! আপনি সত্বর গমন করুন, সত্বর গমন করুন। নিশ্চয়ই আজ আমার জয় হইবে ॥৭৪॥

মধ্যমপাণ্ডব ! যে হেতু আমার প্রতি স্নেহ ও অনুরাগযুক্ত আপনি আমার বশে রহিলেন এবং পুণ্যজনিত শুভলক্ষণ সকল আমার নিকট যেরূপ সূচনা করিতেছে ॥৭৫॥

মহাত্মা অর্জ্জুন পাপাত্মা জয়দ্রথকে বধ করিলে, আমি আসিয়া ধর্ম্মাত্মা ধর্ম্মরাজকে আলিঙ্গন করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৭৬॥

(৭৫)···বশমাস্থিতঃ···বদন্তি মাম্—নি। (৭৬)···ধর্ম্মাত্মানং যুধিষ্ঠিরম্—নি। (৭৭)··· বিসৃজ্য চ মহাযশাঃ ··বা নি।

তং দৃষ্ট্বা প্রবিবিক্ষন্তং সৈন্যং তব জনাধিপ ! ।
ভূয় এবাভবন্মূঢ়ং সুভৃশঞ্চাপ্যকম্পত ॥৭৮॥
ততঃ প্রয়াতঃ সহসা সৈন্যং তব স সাত্যকিঃ ।
দিদৃক্ষুরর্জ্জুনং রাজন্ ! ধর্ম্মরাজস্য শাসনাৎ ॥৭৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(ঃ*ঃ)———

সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ ।

প্রয়াতে তব সৈন্যস্তু যুযুধানে যুযুৎসয়া ।
ধর্ম্মরাজো মহারাজ ! স্বেনানীকেন সংবৃতঃ ।
প্রায়াদ্দ্রোণরথং প্রেপ্সুর্যুযুধানস্য পৃষ্ঠতঃ ॥১॥

ভারতকৌমুদী

এতাবদিতি। মহামনাঃ সাত্যকিঃ। সংপ্রৈক্ষৎ সাটোপমবালোকয়ৎ ॥৭৭॥

তমিতি। প্রবিবিক্ষন্তং প্রবেষ্টুমিচ্ছন্তম্, সৈন্যং কর্ত্তৃ। মূঢ়ং কর্ত্তব্যবিষয়ে ॥৭৮॥

তত ইতি। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ। শাসনাদাদেশাৎ ॥৭৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(ঃঃ)———

প্রয়াত ইতি। যুযুধানে সাত্যকৌ, যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

এই পর্য্যন্ত বলিয়া ভীমসেনকে বিদায় দিয়া মহামনা সাত্যকি—ব্যাঘ্র যেমন হরিণগণের প্রতি দৃষ্টিপাত করে, সেইরূপ আপনার সৈন্যগণের প্রতি দৃষ্টিপাত করিলেন ॥৭৭॥

নরনাথ ! সাত্যকিকে প্রবেশ করিতে উদ্যত দেখিয়া আপনার সৈন্যেরা পুনরায় কর্ত্তব্যবিমূঢ় হইল এবং অত্যন্ত কাঁপিতে থাকিল ॥৭৮॥

রাজা ! তাহার পর সেই সাত্যকি যুধিষ্ঠিরের আদেশে অর্জ্জুনকে দেখিবার ইচ্ছা করিয়া বেগে আপনার সৈন্যের দিকে প্রস্থান করিলেন' ॥৭৯॥

---

* '…দশাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

ততঃ পাঞ্চালরাজস্য পুত্রঃ সংগ্রামদুর্ম্মদঃ।
প্রাক্রোশৎ পাণ্ডবানীকে বসুদানশ্চ পার্থিবঃ ॥২॥
আগচ্ছত প্রহরত দ্রুতং বিপরিধাবত।
যথা সুখেন গচ্ছেত সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ ॥৩॥
মহারথা হি বহবো যতিষ্যন্তেঽস্য নির্জ্জয়ে।
ইতি ব্রুবন্তো বেগেন নিপেতুস্তে মহারথাঃ ॥৪॥
বয়ং প্রতিজিগীষন্তস্তত্র তান্ সমভিদ্রুতাঃ।
ততঃ শব্দো মহানাসীদ্যুযুধানরথং প্রতি ॥৫॥
প্রকম্পমানা মহতী তব পুত্রস্য বাহিনী।
সাত্বতেন মহাবাহো! শতধাভিব্যদীর্য্যত ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। পাঞ্চালরাজস্য পুত্রো ধৃষ্টদ্যুম্নঃ। প্রাক্রোশৎ উচ্চৈরাহূতবান্ ॥২॥
আগচ্ছতেতি। যুষ্মাভিঃ সহ যুদ্ধব্যাপৃততয়া বিপক্ষৈঃ সাত্যকের্বারণাসম্ভবাদিতি ভাবঃ ॥৩॥
মহেতি। অস্য সাত্যকেঃ। নিপেতুঃ কৌরবসৈন্যোপরি, তে ধৃষ্টদ্যুম্নাদয়ঃ ॥৪॥
বয়মিতি। বয়ং সঞ্জয়াদয়ঃ, প্রতিজিগীষন্তঃ প্রতিজেতুমিচ্ছন্তঃ ॥৫॥
প্রেতি। সাত্বতেন সাত্বতবংশীয়েন সাত্যকিনা। অভিব্যদীর্য্যত ব্যভজ্যত ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সাত্যকি যুদ্ধ করিবার ইচ্ছায় আপনার সৈন্যের দিকে গমন করিলে, যুধিষ্ঠির আপন সৈন্যে পরিবেষ্টিত হইয়া দ্রোণের রথ পাইবার ইচ্ছা করিয়া সাত্যকির পিছনে গমন করিতে লাগিলেন ॥১॥

তাহার পর যুদ্ধদুর্দ্ধর্ষ ধৃষ্টদ্যুম্ন এবং রাজা বসুদান পাণ্ডবসৈন্যমধ্যে উচ্চস্বরে আহ্বান করিলেন—॥২॥

'আপনারা সত্বর আসুন, ধাবিত হউন এবং প্রহার করিতে থাকুন। যাহাতে যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকি অনায়াসে যাইতে পারেন ॥৩॥

কারণ, বহুতর মহারথ সাত্যকিকে জয় করিবার চেষ্টা করিবেন' এইরূপ বলিতে বলিতে সেই মহারথেরা বেগে যাইয়া কৌরবসৈন্যের উপরে পতিত হইলেন ॥৪॥

মহারাজ! তখন আমরাও প্রতিজিগীষানিবন্ধন তাঁহাদের প্রতি ধাবিত হইলাম। তৎপরে সাত্যকির রথের নিকটে বিশাল কোলাহল হইতে লাগিল ॥৫॥

---

(২)···সমরদুর্ম্মদঃ···বা নি। (৪)···যতিষ্যন্ত্যস্য নির্জয়ে···পি বঙ্গ বর্দ্ধ।

তস্যাং বিদীর্য্যমাণায়াং শিনেঃ পৌত্রো মহারথঃ।
সপ্ত বীরান্ মহেষ্বাসানগ্রানীকে ব্যপোথয়ৎ ॥৭॥
তথান্যানপি রাজেন্দ্র! নানাজনপদেশ্বরান্।
শরৈরনলসঙ্কাশৈর্নিন্যে বীরান্ যমক্ষয়ম্ ॥৮॥
শতমেকেন বিব্যাধ শতেনৈকঞ্চ পত্রিণাম্।
দ্বিপারোহান্ দ্বিপাংশ্চৈব হয়ারোহান্ হয়াংস্তথা।
রথিনঃ সাশ্বসূতাংশ্চ জঘানেশঃ পশূনিব ॥৯॥
তং তথাদ্ভুতকর্ম্মাণং শরসম্পাতবর্ষিণম্।
ন কেচনাভ্যধাবন্ বৈ সাত্যকিং তব সৈনিকাঃ ॥১০॥

ভারতকৌমুদী

তস্যামিতি। শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। অগ্রানীকে কৌরবসৈন্যাগ্রে, ব্যপোথয়ৎ ব্যনাশয়ৎ ॥৭॥

তথেতি। নিন্যে প্রেরয়ামাস সাত্যকিঃ, যমক্ষয়ং যমালয়ম্ ॥৮॥

শতমিতি। একেন পত্রিণা, শতং সৈনিকান্ বিব্যাধ, এক্যা সূচ্যা উৎপলপত্রশতবদিতি ভাবঃ। পত্রিণাং শতেন একঞ্চ সৈনিকং বিব্যাধ। ঈশো রুদ্রঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

তমিতি। শরাণাং সম্পাতং ধারাং বর্ষতীতি তম্ ॥১০॥

মহাবাহু রাজা! ক্রমে সাত্যকির বিক্রমে আপনার পুত্রের বিশাল বাহিনী কাঁপিতে লাগিল এবং শতভাগে বিভক্ত হইয়া পড়িল ॥৬॥

সেই বাহিনী বিভক্ত হইয়া পড়িলে, মহারথ সাত্যকি কৌরবসৈন্যের সম্মুখভাগে সাত জন মহাধনুর্দ্ধর বীরকে বিনাশ করিলেন ॥৭॥

রাজশ্রেষ্ঠ! তিনি অগ্নিতুল্য বাণসমূহদ্বারা নানাদেশের অধীশ্বর অন্যান্য বীরকেও যমালয়ে প্রেরণ করিলেন ॥৮॥

সাত্যকি একবাণে শত জন সৈন্যকে, আবার শতবাণে এক জন সৈন্যকে বিদ্ধ করিতে লাগিলেন এবং রুদ্র যেমন প্রলয়কালে প্রাণিগণকে বধ করেন, সেইরূপ সাত্যকি হস্তী ও হস্ত্যারোহীদিগকে, অশ্ব ও অশ্বারোহিগণকে এবং অশ্ব ও সারথিগণের সহিত রথিগণকে বধ করিতে থাকিলেন ॥৯॥

মহারাজ! তখন আপনার কোন সৈন্যই শরধারাবর্ষণকারী ও অদ্ভুতকর্ম্মা সাত্যকির দিকে ধাবিত হইতে পারিল না ॥১০॥

(১০)…শরসম্পাতদক্ষিণম্…পি বঙ্গ বৰ্দ্ধ।

তে ভীতা মৃদ্যমানাশ্চ প্রমৃষ্টা দীর্ঘবাহুনা।
আয়োধনং জহুর্বীরা দৃষ্ট্বা তমতিপৌরুষম্ ॥১১॥
তমেকং বহুধাপশ্যন্ মোহিতাস্তস্য তেজসা।
সংগ্রামকোবিদং বীরং বিচরন্তমভীতবৎ ॥১২॥
রথৈর্বিমথিতাঙ্কৈশ্চ ভগ্ননীড়ৈশ্চ মারিষ!।
চক্রৈর্বিমথিতৈশ্ছিন্নৈর্ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ ॥১৩॥
অনুকর্ষৈঃ পতাকাভিঃ শিরস্ত্রাণৈশ্চ কাঞ্চনৈঃ।
বাহুভিশ্চন্দনাদিগ্ধৈঃ সাঙ্গদৈশ্চ বিশাংপতে! ॥১৪॥
হস্তিহস্তোপমৈশ্চাপি ভুজগাভোগসন্নিভৈঃ।
ঊরুভিঃ পৃথিবী চ্ছন্না মনুজানাং নরোত্তম! ॥১৫॥ (বিশেষকম্)
শশাঙ্কসন্নিকাশৈশ্চ বদনৈশ্চারুকুণ্ডলৈঃ।
পতিতৈর্ঋষভাক্ষাণাং ভাতি ভারত! মেদিনী ॥১৬॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রমৃষ্টা মর্দ্দিতাঃ, দীর্ঘবাহুনা সাত্যকিনা। আয়োধনং রণস্থলম্ ॥১১॥

তমিতি। সংগ্রামকোবিদং রণপণ্ডিতম্ ॥১২॥

রথৈরিতি। বিমথিতাঙ্কৈঃ পোথিতাবয়বৈঃ, ভগ্নানি নীড়ানি রথিস্থিতিদেশা যেষাং তৈঃ। অনুকর্ষৈর্দীর্ঘদারুভিঃ বিনিপাতিতৈরিতি সম্বন্ধঃ। চন্দনেন আদিগ্ধৈর্লিপ্তৈঃ, সাঙ্গদৈঃ সকেয়ূরৈঃ। হস্তিনাং হস্তোপমৈঃ শুণ্ডাতুল্যৈঃ, ভুজগাভোগসন্নিভৈঃ বৃহৎসর্পশরীরতুল্যৈঃ ॥১৩—১৫॥

দীর্ঘবাহু সাত্যকি যাহাদিগকে পীড়ন করিয়াছিলেন ও করিতেছিলেন, সেই বীরেরা অতিপুরুষকারশালী সাত্যকিকে দেখিয়া ভীত হইয়া রণস্থল ত্যাগ করিতে লাগিলেন ॥১১॥

এবং কৌরবসৈন্যেরা সাত্যকির তেজে মোহিত হইয়া বীর, যুদ্ধবিশারদ ও নির্ভয়ের ন্যায় বিচরণকারী সেই এক সাত্যকিকে অনেকরূপে দেখিতে থাকিল ॥১২॥

মাননীয় নরশ্রেষ্ঠ নরনাথ! ক্রমে মথিতাঙ্গ ও ভগ্ননীড় রথ, পোথিত চক্র, ছিন্ন ধ্বজ, নিপতিত রথের দীর্ঘদণ্ড, পতাকা, স্বর্ণময় শিরস্ত্রাণ এবং মনুষ্যগণের চন্দনলিপ্ত ও কেয়ূরযুক্ত বাহু, আর হস্তিশুণ্ডতুল্য ও বৃহৎ সর্পের শরীরসদৃশ ঊরুদ্বারা সমরভূমি আবৃত হইয়া গেল ॥১৩—১৫॥

(১১)…তমতিমানিনম্—বা নি। (১৫)…ভুজঙ্গাভোগসন্নিভৈঃ…নরাধিপ!—বা নি। (১৬)…পতিতৈশ্চর্ষভাক্ষাণাম্…বা নি।

গজৈশ্চ বহুধা চ্ছিন্নৈঃ শয়ানৈঃ পর্বতোপমৈঃ।
ররাজাতিভৃশং ভূমির্বিকীর্ণৈরিব পর্ব্বতৈঃ ॥১৭॥
তপনীয়ময়ৈর্যোক্ত্রৈর্মুক্তাজালবিভূষিতৈঃ।
উরশ্ছদৈর্বিচিত্রৈশ্চ ব্যশোভন্ত তুরঙ্গমাঃ।
গতসত্ত্বা মহীং প্রাপ্য প্রমৃষ্টা দীর্ঘবাহুনা ॥১৮॥
নানাবিধানি সৈন্যানি তব হত্বা তু সাত্যকিঃ।
প্রবিষ্টস্তাবকং সৈন্যং দ্রাবয়িত্বা চমূং ভৃশম্ ॥১৯॥
ততস্তেনৈব মার্গেণ যেন যাতো ধনঞ্জয়ঃ।
ইয়েষ সাত্যকির্গন্তুং ততো দ্রোণেন বারিতঃ ॥২০॥
ভারদ্বাজং সমাসাদ্য যুযুধানস্তু মারিষ!।
নাত্যবর্ত্তত সংক্রুদ্ধো বেলামিব জলাশয়ঃ ॥২১॥

ভারতকৌমুদী

শশাঙ্কেতি। বৃষভস্যেব অক্ষিণী চক্ষুষী যেষাং তেষাম্। মেদিনী রণভূমিঃ ॥১৬॥
গজৈরিতি। বহুধা বহুম্বঙ্গেষু। ভূমিঃ সমরদেশঃ ॥১৭॥
তপনীয়েতি। তপনীয়ময়ৈঃ স্বর্ণময়ৈঃ, যোক্ত্রৈর্মুখরজ্জুভিঃ। উরশ্ছদৈর্বক্ষসামাবরণৈঃ। গতসত্ত্বা নির্গতপ্রাণাঃ। প্রমৃষ্টা মর্দ্দিতাঃ, দীর্ঘবাহুনা সাত্যকিনা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥
নানেতি। চমূং সেনাং সৈন্যসমূহমিতি ভেদঃ ॥১৯॥
তত ইতি। মার্গেণ পথা। গন্তুমিয়েষ, আপেক্ষিকসুগমত্বাৎ ॥২০॥

ভরতনন্দন! বৃষতুল্য বিশালনয়নশালী বীরগণের চন্দ্রতুল্য ও সুন্দর-কুণ্ডলযুক্ত মুখ সকল পতিত হওয়ায় সমরভূমি শোভা পাইতে লাগিল ॥১৬॥

সর্ব্বত্র বিক্ষিপ্ত পর্ব্বততুল্য, অঙ্গ-প্রত্যঙ্গে ছিন্ন ও শায়িত পর্বতপ্রমাণ হস্তিগণদ্বারাও রণভূমি অত্যন্ত শোভা পাইতে থাকিল ॥১৭॥

দীর্ঘবাহু সাত্যকি দারুণ পীড়ন করায় অশ্বগণ প্রাণহীন ও ভূতলপতিত হইয়া স্বর্ণময় ও মুক্তাভূষিত মুখরজ্জু এবং বিচিত্র বক্ষের আবরণদ্বারা শোভা পাইতে লাগিল ॥১৮॥

এইভাবে সাত্যকি আপনার নানাবিধ সৈন্য বিনাশপূর্ব্বক সম্পূর্ণ বাহিনীকে গুরুতর পীড়ন করিয়া আপনার সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিলেন ॥১৯॥

তাহার পর অর্জ্জুন যে পথে গিয়াছিলেন, সাত্যকিও সেই পথেই যাইবার ইচ্ছা করিলেন; তখন দ্রোণ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২০॥

(১৮)···উরশ্ছদৈর্ভূষিতৈশ্চ···বঙ্গ। (১৯)·হত্বা তু সাত্বতঃ·পি বা নি। (২১)··· নাভ্যবর্ত্তত···পি,···ন হ্যবর্ত্তত···বা নি।

নিবার্য্য তু রণে দ্রোণো যুযুধানং মহারথম্।
বিব্যাধ নিশিতৈর্বাণৈঃ পঞ্চভির্মর্ম্মভেদিভিঃ ॥২২॥
সাত্যকিস্তু রণে দ্রোণং রাজন্! বিব্যাধ সপ্তভিঃ।
হেমপুঙ্খৈঃ শিলাধৌতৈঃ কঙ্কবর্হিণবাজিতৈঃ ॥২৩॥
তং ষড়্‌ভিঃ সায়কৈর্দ্রোণঃ সাশ্বযন্তারমার্পয়ৎ।
স তং ন মমৃষে দ্রোণং যুযুধানো মহারথঃ ॥২৪॥
সিংহনাদং ততঃ কৃত্বা দ্রোণং বিব্যাধ সাত্যকিঃ।
দশভিঃ সায়কৈশ্চান্যৈঃ ষড়্‌ভিরষ্টাভিরেব চ ॥২৫॥
যুযুধানঃ পুনর্দ্রোণং বিব্যাধ দশভিঃ শরৈঃ।
একেন সারথিঞ্চাস্য চতুর্ভিশ্চতুরো হয়ান্।
ধ্বজঞ্চৈকেন বাণেন বিব্যাধ যুধি মারিষ! ॥২৬॥

ভারতকৌমুদী

ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্, যুযুধানঃ সাত্যকিঃ। বেলাং তীরম্ ॥২১॥
নিবার্য্যেতি। নিশিতৈঃ শিলায়াং ঘর্ষণেন সুধারীকৃতৈঃ ॥২২॥
সাত্যকিরিতি। শিলয়া তত্র ঘর্ষণেন ধৌতৈঃ পরিষ্কৃতৈঃ, কঙ্কবর্হিণয়োঃ পক্ষিণোর্বাজাঃ পক্ষা এষু সঞ্জাতাস্তৈঃ। "বাজং ঘৃতেঽপি যজ্ঞান্নে বাজো নিস্বনপক্ষয়োঃ" ইত্যাদি বিশ্বঃ ॥২৩॥
তমিতি। অশ্বৈর্যন্ত্রা সারথিনা চ সহেতি তম্, আর্পয়দপীড়য়ৎ। মমৃষে সেহে ॥২৪॥
সিংহেতি। ক্রমিকতাড়নসূচনার্থমত্র সমাসো ন কৃতঃ ॥২৫॥
যুযুধান ইতি। চতুরঃ চতুঃসংখ্যকান্, হয়ানশ্বান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

মাননীয় রাজা! তখন জলাশয় যেমন তাহার তীর অতিক্রম করিতে পারে না, সেইরূপ ক্রুদ্ধ সাত্যকিও দ্রোণের নিকটে যাইয়া তাঁহাকে অতিক্রম করিতে পারিলেন না ॥২১॥

ক্রমে দ্রোণ যুদ্ধে মহারথ সাত্যকিকে নিবারণ করিয়া সুধার ও মর্ম্মভেদী পাঁচটা বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥২২॥

রাজা! তখন সাত্যকি স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত এবং কঙ্ক ও ময়ূরপক্ষযুক্ত সাতটা বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন ॥২৩॥

দ্রোণও ছয়টা বাণদ্বারা সাত্যকি, তাঁহার চারিটা অশ্ব ও সারথিকে তাড়ন করিলেন। তখন মহারথ সাত্যকি দ্রোণকে ক্ষমা করিলেন না ॥২৪॥

তিনি সিংহনাদ করিয়া ক্রমে দশটা, ছয়টা ও আটটা বাণদ্বারা দ্রোণকে তাড়ন করিলেন ॥২৫॥

(২৪)…সাশ্বযন্তারমার্দ্দয়ৎ…বা নি।

তং দ্রোণঃ সাশ্বযন্তারং সরথধ্বজমাশুগৈঃ।
ত্বরন্ প্রাচ্ছাদয়দ্বাণৈঃ শলভানামিব ব্রজৈঃ ॥২৭॥
তথৈব যুযুধানোঽপি দ্রোণং বহুভিরাশুগৈঃ।
প্রাচ্ছাদয়দসংভ্রান্তং ততো দ্রোণ উবাচ তম্ ॥২৮॥
তবাচার্য্যো রণং হিত্বা গতঃ কাপুরুষো যথা।
যুধ্যমানং হি মাং হিত্বা প্রদক্ষিণমবর্ত্তত ॥২৯॥
ত্বং হি মে যুধ্যতো নাদ্য জীবন্ মোক্ষ্যসি মাধব!।
যদি মাং ত্বং রণে হিত্বা ন যাস্যাচার্য্যবদ্দ্রুতম্ ॥৩০॥

সাত্যকিরুবাচ।

ধনঞ্জয়স্য পদবীং ধর্ম্মরাজস্য শাসনাৎ।
গচ্ছামি স্বস্তি তে ব্রহ্মন্! ন মে কালাত্যয়ো ভবেৎ ॥৩১॥

ভারতকৌমুদী

তমিতি। আশুগৈঃ শীঘ্রগামিভিঃ। শলভানাং পতঙ্গানাম্, ব্রজৈঃ সমূহৈঃ ॥২৭॥
তথেতি। আশুগৈর্বাণৈঃ "অজিহ্মগখগাশুগাঃ" ইত্যমরঃ। অসংভ্রান্তমবিচলিতম্ ॥২৮॥
তবেতি। আচার্য্যঃ অস্ত্রশিক্ষকোঽর্জ্জুনঃ, হিত্বা ত্যক্ত্বা। অবর্ত্তত অগচ্ছৎ ॥২৯॥
ত্বমিতি। আচার্য্যবদর্জ্জুনবৎ। এতেন তদ্বদেব প্রদক্ষিণং যাহীতি সূচিতম্ ॥৩০॥
ধনঞ্জয়স্যেতি। শাসনাদাদেশাৎ। স্বস্তি মঙ্গলমস্তু ॥৩১॥

মাননীয় রাজা! সাত্যকি পুনরায় দশটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিয়া, একটাদ্বারা তাঁহার সারথিকে, চারিটাদ্বারা চারিটা ঘোড়াকে এবং একটাদ্বারা ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥২৬॥

তখন দ্রোণ ত্বরান্বিত হইয়া পতঙ্গসমূহের ন্যায় দ্রুতগামী বাণসমূহদ্বারা অশ্ব, সারথি, রথ ও ধ্বজের সহিত সাত্যকিকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৭॥

সাত্যকিও সেইরূপই বহুতর বাণদ্বারা অবিচলিত দ্রোণকে আচ্ছাদন করিলেন। তাহার পর দ্রোণ তাঁহাকে বলিলেন—॥২৮॥

'সাত্যকি! তোমার গুরু (অর্জ্জুন) কাপুরুষের ন্যায় যুদ্ধ ও যুধ্যমান আমাকে ত্যাগ করিয়া আমাকে প্রদক্ষিণপূর্ব্বক চলিয়া গিয়াছে ॥২৯॥

সাত্যকি! তুমিও যদি তোমার গুরুর ন্যায় যুদ্ধে আমাকে ত্যাগ করিয়া দ্রুত গমন না কর, তবে আজ জীবিত অবস্থায় যুধ্যমান আমার নিকট হইতে মুক্তি পাইবে না' ॥৩০॥

(৩০)...জীবন্ যাস্যসি মাধব!... বা নি।

আচার্য্যানুগতো মার্গঃ শিষ্যৈরন্বিষ্যতে সদা।
তস্মাদেব ব্রজাম্যাশু যথা মে স গুরুর্গতঃ ॥৩২॥

সঞ্জয় উবাচ।

এতাবদুক্ত্বা শৈনেয় আচার্য্যং পরিবর্জয়ন্।
প্রয়াতঃ সহসা রাজন্! সারথিঞ্চেদমব্রবীৎ ॥৩৩॥
দ্রোণঃ করিষ্যতে যত্নং সর্বথা মম বারণে।
যত্তো যাহি রণে সূত! শৃণু চেদং বচো মম ॥৩৪॥
এতদালোক্যতে সৈন্যমাবন্ত্যানাং মহাপ্রভম্।
অস্যানন্তরতস্ত্বেতদ্দাক্ষিণাত্যং মহদ্বলম্ ॥৩৫॥
তদনন্তরমেতচ্চ বাহ্লীকানাং মহদ্বলম্।
বাহ্লীকাভ্যাসতো যুক্তং কর্ণস্যাপি মহদ্বলম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

আচার্য্যেতি। অন্বিষ্যতে গম্যতে মার্গ্যতে। গুরুরর্জ্জুনঃ ॥৩২॥
এতাবদিতি। শৈনেয়ঃ সাত্যকিঃ, আচার্য্যং দ্রোণম্, পরিবর্জয়ন্ প্রদক্ষিণেন ॥৩৩॥
দ্রোণ ইতি। যত্তো দ্রুতগমনায় যত্নবান্ সন্। হে সূত! সারথে! ॥৩৪॥
এতদিতি। এতদঙ্গুল্যা নির্দ্দিষ্টম্। এবং সর্ব্বত্র। মহাপ্রভম্ উজ্জ্বলবেশত্বাৎ ॥৩৫॥

সাত্যকি বলিলেন—'ব্রাহ্মণ! আমি ধর্ম্মরাজের আদেশে ধনঞ্জয়ের পথে যাইতেছি; আপনার মঙ্গল হউক; আমার যেন কালবিলম্ব হয় না ॥৩১॥

শিষ্যেরা সর্ব্বদাই গুরুর অনুসৃত পথের অন্বেষণ করিয়া থাকে। সেই জন্যই আমার সেই গুরু (অর্জ্জুন) যে পথে গিয়াছেন, আমিও সত্বর সেই পথেই যাইব' ॥৩২॥

সঞ্জয় বলিলেন—'রাজা! সাত্যকি এইটুকু বলিয়াই প্রদক্ষিণক্রমে দ্রোণাচার্য্যকে পরিত্যাগ করিয়া বেগে প্রস্থান করিলেন এবং সারথিকে এই কথা বলিলেন—॥৩৩॥

'সারথি! দ্রোণ আমাকে বারণ করিবার জন্য সর্ব্বপ্রকারে যত্ন করিবেন। সুতরাং তুমি যত্নবান্ হইয়া দ্রুত গমন কর এবং আমার এই কথা শোন—॥৩৪॥

মহাপ্রভাসম্পন্ন এই অবন্তিদেশীয় সৈন্য দেখা যাইতেছে; ইহার পরে এই বিশাল দাক্ষিণাত্য সৈন্য রহিয়াছে ॥৩৫॥

(৩২)···শিষ্যৈরন্বাস্যতে সদা···বঙ্গ বর্দ্ধ বা নি। (৩৪)···বচঃ পরম্···বা নি। (৩৬)···কর্ণস্য চ মহদ্বলম্—বা নি।

অন্যোন্যেন চ সৈন্যানি ভিন্নান্যেতানি সারথে ! ।
অন্যোন্যং সমুপাশ্রিত্য ন ত্যক্ষ্যন্তি রণাজিরম্ ॥৩৭॥
এতদন্তরমাসাদ্য চোদয়াশ্বান্ প্রহৃষ্টবৎ ।
মধ্যমং জবমাস্থায় বহ মামত্র সারথে ! ॥৩৮॥
বাহ্লীকা যত্র দৃশ্যন্তে নানাপ্রহরণোদ্যতাঃ ।
দাক্ষিণাত্যাশ্চ বহবঃ সূতপুত্রপুরোগমাঃ ॥৩৯॥
হস্ত্যশ্বরথসংবাধং যত্রানীকং বিলোক্যতে ।
নানাদেশসমুত্থৈশ্চ পদাতিভিরধিষ্ঠিতম্ ॥৪০॥ (বিশেষকম্)
এতাবদুক্ত্বা যন্তারং ব্রাহ্মণং পরিবর্জ্জয়ন্ ।
সব্যতোঽয়াদসংভ্রান্তঃ কর্ণস্য সুমহদ্বলম্ ॥৪১॥
তং দ্রোণোঽনুযযৌ ক্রুদ্ধো বিকিরন্ বিশিখান্ বহূন্ ।
যুযুধানং মহাবাহুং গচ্ছন্তমনিবর্ত্তিনম্ ॥৪২॥

ভারতকৌমুদী

তদিতি। বাহ্লীকানাম্ অভ্যাসতঃ সমীপে, যুক্তং সন্নিবেশিতম্ ॥৩৬॥

অন্যোন্যেনেতি। ভিন্নানি বিশ্লিষ্টানি। রণাজিরং সমরচত্বরম্ ॥৩৭॥

এতদিতি। এতেষামন্তরমবকাশম্, চোদয় প্রেরয়। জবং বেগম্। অত্র তত্র। সূতপুত্রঃ কর্ণঃ পুরোগমো যেষাং তে। হস্ত্যশ্বরথৈঃ সংবাধং সঙ্কীর্ণম্ ॥৩৮—৪০॥

এতাবদিতি। যন্তারং সারথিম্, ব্রাহ্মণং দ্রোণম্। সব্যতো দক্ষিণতঃ, অয়াদগচ্ছৎ ॥৪১॥

তাহার ওদিকে ঐ বিশাল বাহ্লীকসৈন্য অবস্থান করিতেছে; বাহ্লীক-সৈন্যের নিকটে আবার কর্ণের বিশাল সৈন্যও সন্নিবেশিত আছে ॥৩৬॥

সারথি! এই সৈন্যেরা পরস্পর বিশ্লিষ্ট অবস্থায় আছে বটে, কিন্তু তথাপি উহারা পরস্পরকে অবলম্বন করিয়া থাকায় সমরাঙ্গন ত্যাগ করিবে না ॥৩৭॥

সারথি! ইহাদের ভিতরে যাইয়া প্রহৃষ্টের ন্যায় হইয়া অশ্বগুলিকে চালাইয়া দাও। যেখানে বহুতর বাহ্লীক ও দাক্ষিণাত্য সৈন্য নানাবিধ অস্ত্র লইয়া কর্ণকে অগ্রবর্ত্তী করিয়া দৃষ্টিগোচর হইতেছে, আর যেখানে হস্তী, অশ্ব ও রথে পরিপূর্ণ এবং নানাদেশ হইতে আগত পদাতি সৈন্য দেখা যাইতেছে, মধ্যম বেগ অবলম্বন করিয়া আমাকে সেইখানে লইয়া চল' ॥৩৮—৪০॥

সাত্যকি সারথিকে এই পর্য্যন্ত বলিয়া দ্রোণকে দক্ষিণদিকে ত্যাগ করিয়া অবিচলিতভাবে কর্ণের বিশাল সৈন্যের দিকে গমন করিলেন ॥৪১॥

(৪০) ··যচ্চানীকং বিলোক্যতে···বা নি। (৪২)···যুযুধানং মহাভাগম্···বা নি। অত্র পুস্তকভেদেষ্বেব পাঠভেদা লক্ষ্যন্তে।

কর্ণস্য সৈন্যং সুমহদভিহত্য শিতৈঃ শরৈঃ।
প্রাবিশদ্ভারতীং সেনামার্দ্দয়ন্তাঞ্চ সাত্যকিঃ ॥৪৩॥
প্রবিষ্টে যুযুধানে তু সৈনিকেষু দ্রুতেষু চ।
অমর্ষী কৃতবর্ম্মা তু সাত্যকিং পর্য্যবারয়ৎ ॥৪৪॥
তমাপতন্তং বিশিখৈঃ ষড়্ভিরাহত্য সাত্যকিঃ।
চতুর্ভিশ্চতুরোঽস্যাশ্বানাজঘানাশু বীর্য্যবান্ ॥৪৫॥
ততঃ পুনঃ ষোড়শভির্নতপর্ব্বভিরাশুগৈঃ।
সাত্যকিঃ কৃতবর্ম্মাণং প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥৪৬॥
স তুদ্যমানো বিশিখৈর্বহুভিস্তিগ্মতেজনৈঃ।
সাত্বতেন মহারাজ! কৃতবর্ম্মা ন চক্ষমে ॥৪৭॥

ভারতকৌমুদী

তমিতি। বিকিরন্ নিক্ষিপন্, বিশিখান্ বাণান্ ॥৪২॥
কর্ণস্যেতি। শিতৈঃ সুধারৈঃ। ভারতীং কৌরবীম্ ॥৪৩॥
প্রবিষ্ট ইতি। দ্রুতেষু পলায়িতেষু। অমর্ষী ক্রুদ্ধঃ ॥৪৪॥
তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। চতুরঃ চতুঃসংখ্যকান্, অস্য কৃতবর্ম্মণঃ ॥৪৫॥
তত ইতি। নতপর্বভিরীষদ্বক্রোপাঙ্গৈঃ, আশুগৈর্বাণৈঃ ॥৪৬॥
স ইতি। তুদ্যমানো ব্যথ্যমানঃ। তিগ্মতেজনৈর্মহাবেগৈঃ। সাত্বতেন সাত্যকিনা ॥৪৭॥

তখন দ্রোণ ক্রুদ্ধ হইয়া বহুতর বাণ নিক্ষেপ করিতে করিতে গমনপ্রবৃত্ত ও অনিবর্ত্তী মহাবাহু সাত্যকির অনুসরণ করিতে লাগিলেন ॥৪২॥

ওদিকে সাত্যকি সুধার বাণসমূহদ্বারা কর্ণের বিশাল সৈন্যকে পীড়ন করিয়া কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন এবং সে সৈন্যকে তাড়ন করিতে লাগিলেন ॥৪৩॥

সাত্যকি প্রবেশ করিলে এবং কৌরবসৈন্য পলায়ন করিতে থাকিলে, কৃতবর্ম্মা ক্রুদ্ধ হইয়া আসিয়া সাত্যকিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৪॥

কৃতবর্ম্মা আসিতে লাগিলে, বলবান্ সাত্যকি ছয়টা বাণদ্বারা তাঁহাকে আঘাত করিয়া চারিটা বাণদ্বারা সত্বর তাঁহার চারিটা অশ্বকে আঘাত করিলেন ॥৪৫॥

তাহার পরে সাত্যকি আবার নতপর্ব্ব ষোলটা বাণদ্বারা কৃতবর্ম্মার বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৪৬॥

(৪৭) স তাড্যমানো বিশিখৈঃ···বা নি।

স বৎসদন্তং সন্ধায় জিহ্মগানলসন্নিভম্।
আকৃষ্য রাজন্নাকর্ণং বিব্যাধোরসি সাত্যকিম্ ॥৪৮॥
স তস্য দেহাবরণং ভিত্ত্বা দেহঞ্চ সায়কঃ।
সপত্রপুঙ্খঃ পৃথিবীং বিবেশ রুধিরোক্ষিতঃ ॥৪৯॥
অথাস্য বহুভির্বাণৈরচ্ছিনৎ পরমাস্ত্রবিৎ।
সমার্গণগণং রাজন্! কৃতবর্ম্মা শরাসনম্ ॥৫০॥
বিব্যাধ চ রণে রাজন্! সাত্যকিং সত্যবিক্রমম্।
দশভির্বিশিখৈস্তীক্ষ্ণৈরতিক্রুদ্ধঃ স্তনান্তরে ॥৫১॥
ততঃ প্রশীর্ণে ধনুষি শক্ত্যা শক্তিমতাং বরঃ।
আর্দ্দয়দ্দক্ষিণং বাহুং সাত্যকিঃ কৃতবর্ম্মণঃ ॥৫২॥

ভারতকৌমুদী

স ইতি। জিহ্মগঃ সর্পঃ অনলশ্চ তৎসন্নিভম্। আকৃষ্য ধনুরিতি শেষঃ ॥৪৮॥

স ইতি। সায়কো বৎসদন্তো নাম। রুধিরোক্ষিতো রক্তসিক্তঃ ॥৪৯॥

অথেতি। মার্গণানাং বাণানাং গণেন সহেতি তৎ। শরাসনং ধনুঃ ॥৫০॥

বিব্যাধেতি। বিব্যাধ কৃতবর্ম্মেত্যনুবৃত্তিঃ। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৫১॥

তত ইতি। প্রশীর্ণে ছিন্নে, শক্ত্যা তদাখ্যেনাস্ত্রেণ। আর্দ্দয়দপীড়য়ৎ ॥৫২॥

মহারাজ! সাত্যকি মহাবেগশালী বহুতর বাণদ্বারা আঘাত করিলে, কৃতবর্ম্মা ক্ষমা করিলেন না ॥৪৭॥

রাজা! তিনি সর্প ও অগ্নির তুল্য একটা বৎসদন্ত (বাণবিশেষ) সন্ধানপূর্ব্বক ধনুখানাকে কর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া সাত্যকির বক্ষস্থলে তাড়ন করিলেন ॥৪৮॥

সেই বাণটা যাইয়া সাত্যকির বর্ম্ম ও দেহ ভেদ করিয়া কঙ্কপক্ষ ও পুঙ্খের সহিত রক্তসিক্ত অবস্থায় ভূমিতে প্রবেশ করিল ॥৪৯॥

রাজা! তদনন্তর পরমাস্ত্রজ্ঞ কৃতবর্ম্মা বহুতর বাণদ্বারা সাত্যকির বাণসমূহের সহিত ধনুখানাকে ছেদন করিয়া ফেলিলেন ॥৫০॥

এবং রাজা! তিনি অত্যন্তক্রুদ্ধ হইয়া দশটা তীক্ষ্ণ বাণদ্বারা যুদ্ধে যথার্থবিক্রমশালী সাত্যকির বক্ষস্থল আবার বিদ্ধ করিলেন ॥৫১॥

ধনু ছিন্ন হইয়া গেলে পর, শক্তিশালিশ্রেষ্ঠ সাত্যকি একটা শক্তিদ্বারা কৃতবর্ম্মার দক্ষিণ বাহুতে আঘাত করিলেন ॥৫২॥

(৪৮)…তিগ্মাংশ্বনলসপ্রভম্…আকর্ণাং…নি। (৪৯)‥সপুঙ্খপত্রঃ…বা নি। (৫০)…সমার্গণগুণং রাজন্!…পি বঙ্গ বৰ্দ্ধ। (৫২)‥জঘান দক্ষিণং বাহুম্…বা নি।

ততোঽন্যৎ সুদৃঢ়ং বীরো ধনুরাদায় সাত্যকিঃ।
ব্যসৃজদ্বিশিখাংস্তূর্ণং শতশোঽথ সহস্রশঃ।
সরথং কৃতবর্ম্মাণং সমন্তাৎ পর্য্যবারয়ৎ ॥৫৩॥
তে শরাঃ সাত্বতেনাস্তাঃ কৃতবর্ম্মাণমাহবে।
ছাদয়াঞ্চক্রিরে বৃক্ষং শলভা ইব ঘোষিণঃ ॥৫৪॥
ছাদয়িত্বা রণে রাজন্! হার্দ্দিক্যং স তু সাত্যকিঃ।
অথাস্য ভল্লেন শিরঃ সারথেঃ সমকৃন্তত ॥৫৫॥
স পপাত হতঃ সূতো হার্দ্দিক্যস্য মহারথাৎ।
ততস্তে যন্তরি হতে প্রাদ্রবংস্তুরগা ভৃশম্ ॥৫৬॥
অথ ভোজস্তু সংভ্রান্তো নিগৃহ্য তুরগান্ স্বয়ম্।
তস্থৌ শরধনুষ্পাণিস্তৎ সৈন্যান্যভ্যপূজয়ন্ ॥৫৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু, পর্য্যবারয়ৎ আচ্ছাদয়ৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥
ত ইতি। সাত্বতেন সাত্যকিনা, অস্তাঃ ক্ষিপ্তাঃ। ঘোষিণঃ শব্দকারিণঃ ॥৫৪॥
ছাদয়িত্বেতি। হার্দ্দিক্যং হৃদিকপুত্রং কৃতবর্ম্মাণম্। সমকৃন্তত অচ্ছিনৎ ॥৫৫॥
স ইতি। সূতঃ সারথিঃ। যন্তরি সারথৌ, প্রাদ্রবন্ যথেষ্টমধাবন্ ॥৫৬॥
অথেতি। ভোজো ভোজবংশ্যঃ কৃতবর্ম্মা, সংভ্রান্তো ব্যস্তঃ ॥৫৭॥

তাহার পর বীর সাত্যকি অন্য একখানা সুদৃঢ় ধনু লইয়া সত্বর শত শত ও সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিলেন এবং সকল দিকে রথের সহিত কৃতবর্ম্মাকে আবৃত করিয়া ফেলিলেন ॥৫৩॥

সাত্যকিনিক্ষিপ্ত শব্দকারী সেই বাণগুলি যাইয়া পতঙ্গ যেমন বৃক্ষ আবৃত করে, সেইরূপ যুদ্ধে কৃতবর্ম্মাকে আবৃত করিল ॥৫৪॥

রাজা! সাত্যকি যুদ্ধে কৃতবর্ম্মাকে আবৃত করিয়া পরে একটা ভল্লদ্বারা কৃতবর্ম্মার সারথির মস্তকচ্ছেদন করিলেন ॥৫৫॥

তখন সেই সারথি নিহত হইয়া কৃতবর্ম্মার বিশাল রথ হইতে পতিত হইল। সারথি নিহত হইলে অশ্বগুলি বেগে ছুটিতে লাগিল ॥৫৬॥

তদনন্তর কৃতবর্ম্মা ব্যস্ত হইয়া নিজেই অশ্বগুলিকে থামাইয়া ধনু ও বাণ ধারণ করিয়া রহিলেন; সৈন্যেরা তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিল ॥৫৭॥

(৫৩)... সমন্তাৎ পর্য্যবাকিরৎ—বর্দ্ধ। (৫৬)...ততস্তে যন্তরহিতাঃ...বা নি।

স মুহূর্ত্তমিবাশ্বস্থ সদশ্বান্ সমচোদয়ৎ।
ব্যপেতভীরমিত্রাণামাবহৎ সুমহদ্ভয়ম্।
সাত্যকিশ্চাভ্যয়াত্তস্মাৎ স তু ভীমমুপাদ্রবৎ ॥৫৮॥
যুযুধানোঽপি রাজেন্দ্র! ভোজানীকাদ্বিনিঃসৃতঃ।
প্রযযৌ ত্বরিতো যত্র কাম্বোজানাং মহাচমূঃ ॥৫৯॥
স তত্র বহুভিঃ শূরৈঃ সন্নিরুদ্ধো মহারথৈঃ।
ন চচাল তদা রাজন্! সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥৬০॥
সন্ধায় চ চমূং দ্রোণো ভোজরাজং নিবেশ্য চ।
অন্বধাবদ্রণে যত্তো যুযুধানং যুযুৎসয়া ॥৬১॥
তথা তমনুধাবন্তং যুযুধানস্য পৃষ্ঠতঃ।
ন্যবারয়ন্ সুসংক্রুদ্ধাঃ পাণ্ডুসৈন্যে বৃহত্তমাঃ ॥৬২॥

ভারতকৌমুদী

স ইতি। আবহৎ অজনয়ৎ। স কৃতবর্ম্মা, ভীমং ভীমসেনম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥
যুযুধান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ, ভোজানীকাৎ কৃতবর্ম্মসৈন্যাৎ ॥৫৯॥
স ইতি। ন চচাল চলিতুং ন শশাক ॥৬০॥
সন্ধায়েতি। চমূং সন্ধায় সাত্যকিনা বিশ্লিষ্টাং সংযোজ্য। যত্তো যত্নবান্ ॥৬১॥
তথেতি। বৃহত্তমাঃ প্রধানতমা বীরা ধৃষ্টদ্যুম্নাদয়ঃ ॥৬২॥

তিনি মুহূর্ত্তমধ্যে আশ্বস্ত হইয়া নির্ভয়চিত্তে উত্তম অশ্বগুলিকে চালাইয়া দিলেন এবং শত্রুপক্ষের গুরুতর ভয় উৎপাদন করিতে লাগিলেন। ওদিকে সাত্যকি সেস্থান হইতে গমন করিলেন এবং কৃতবর্ম্মা ভীমের দিকে ধাবিত হইলেন ॥৫৮॥

রাজশ্রেষ্ঠ! সাত্যকিও ভোজসৈন্য হইতে নির্গত হইয়া যে দিকে বিশাল কাম্বোজসৈন্য ছিল, সেই দিকে সত্বর গমন করিলেন ॥৫৯॥

রাজা! সেখানে তখন বহুতর মহারথ বীর রোধ করায় যথার্থবিক্রমশালী সাত্যকি অগ্রসর হইতে পারিলেন না ॥৬০॥

ওদিকে দ্রোণ সাত্যকিকর্ত্তৃকবিশ্লিষ্ট কৌরবসৈন্যকে সংযুক্ত করিয়া সেস্থানে কৃতবর্ম্মাকে স্থাপনপূর্ব্বক যুদ্ধ করিবার ইচ্ছায় যত্নের সহিত সাত্যকির পিছনে ধাবিত হইলেন ॥৬১॥

তিনি সেইভাবে সাত্যকির পিছনে ধাবিত হইলে, পাণ্ডবসৈন্যের প্রধান যোদ্ধারা অত্যন্তক্রুদ্ধ হইয়া তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৬২॥

সমাসাদ্য তু হার্দ্দিক্যং রথানাং প্রবরং রথম্।
পাঞ্চালা বিগতোৎসাহা ভীমসেনপুরোগমাঃ।
বিক্রম্য বারিতা রাজন্! বীরেণ কৃতবর্ম্মণা ॥৬৩॥
যতমানাংশ্চ তান্ সর্ব্বানীষদ্বিগতচেতসঃ।
অভিতস্তান্ শরৌঘেণ ক্লান্তবাহানবারয়ৎ ॥৬৪॥
নিগৃহীতাস্তু ভোজেন ভোজানীকেপ্সবো রণে।
অতিষ্ঠন্নার্য্যবদ্বীরাঃ প্রার্থয়ন্তো মহদ্‌যশঃ ॥৬৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সমাসাদ্যেতি। বিগতোৎসাহা অভবন্। যেন হি বারিতাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥
যতেতি। ঈষদ্বিগতচেতসঃ কিঞ্চিদ্বিষণ্ণচিত্তান্। অভিতঃ সর্ব্বতঃ ॥৬৪॥
নিগৃহীতা ইতি। ভোজানীকেপ্সবঃ কৃতবর্ম্মসৈন্যমাক্রমিতুমিচ্ছবঃ। আর্য্যবৎ সভ্যবৎ ॥৬৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

প্রয়াত ইতি ॥১—২৯॥ ধ্বং হি ত্বমপি ॥৩০—৩৬॥ ভিন্নানি পৃথগ্‌ভূতানি ॥৩৭—৬০॥ সন্ধায় যথাস্থানমানীয় ॥৬১—৬৪॥ আর্য্যবৎ কুলীনবৎ কুলীনত্বাদিতি যাবৎ ॥৬৫॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৭॥

রাজা! ক্রমে পাঞ্চালসৈন্যেরা ভীমসেনকে অগ্রবর্ত্তী করিয়া রথিশ্রেষ্ঠ কৃতবর্ম্মার নিকটে উপস্থিত হইয়া তিনি বিক্রমসহকারে বারণ করিতে থাকায় উৎসাহবিহীন হইয়া পড়িল ॥৬৩॥

তৎকালে পাঞ্চালসৈন্যেরা কিঞ্চিৎ অবসন্ন হইয়াছিল এবং তাহাদের বাহনগুলিও ক্লান্ত হইয়া পড়িয়াছিল, তথাপি তাহারা সকলে প্রবেশ করিবার জন্য যত্ন করিতে লাগিল; তখন কৃতবর্ম্মা বাণসমূহদ্বারা সকল দিকে তাহাদিগকে বারণ করিতে লাগিলেন ॥৬৪॥

পাণ্ডবপক্ষীয় বীরেরা যুদ্ধে বিশেষ যশ কামনা করিয়া ভোজসৈন্যকে আক্রমণ করিবার ইচ্ছা করিতেছিলেন, কিন্তু কৃতবর্ম্মা বাধা দেওয়ায় তাঁহারা সভ্যের ন্যায় অবস্থান করিতে লাগিলেন' ॥৬৫॥

* '...একাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

অষ্টনবতিতমোঽধ্যায়ঃ।

—————ঃ-০-ঃ—————

ধৃতরাষ্ট্র উবাচ।

এবং বহুগুণং সৈন্যমেবং প্রবিদিতং বলম্।
ব্যূঢ়মেবং যথান্যায়মেবং বহু চ সঞ্জয়! ॥১॥
নিত্যং পূজিতমস্মাভিরভিকামঞ্চ নঃ সদা।
প্রৌঢ়মত্যদ্ভুতাকারং পুরস্তাদ্‌দৃষ্টবিক্রমম্ ॥২॥
নাতিবৃদ্ধং ন বা বালং ন কৃশং নাতিপীবরম্।
বৃত্তায়তলঘুপ্রায়ং সারমাত্রমনাময়ম্ ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। বহুগুণং বহুকর্ম্মযুক্তম্। বলমস্য শক্তিঃ। ব্যূঢ়ং ব্যূহরূপেণ নিবেশিতম্ ॥১॥
নিত্যমিতি। পূজিতং সম্মানিতম্, অভিকামমনুরক্তম্। প্রৌঢ়ং প্রবলম্ ॥২॥
নেতি। নাতিপীবরং নাতিস্থূলম্। প্রায়েণ বৃত্তং গোলাকৃতি আয়তং দীর্ঘং লঘু দেহভারহীনঞ্চ তত্তথোক্তম্, সারমাত্রং সাকল্যেনৈব উত্তমম্, অনাময়ং নীরোগম্ ॥৩॥

ভারতভাবদীপঃ

এবমিতি। বহুগুণং বহবো গুণাঃ সন্ধ্যাদয়ো বা যস্মিন্, বলং প্রভবম্ ॥১॥ অভিকামমনুরক্তম্, প্রৌঢ়ং প্রবৃদ্ধম্, অত্যদ্ভুতাকারমনুপমসংস্থানং পুরস্তাৎ প্রাগেব দৃষ্টঃ পরীক্ষোত্তীর্ণো বিক্রমো যস্য ॥২॥ লঘুনো মনোজ্ঞস্য বৃত্তস্যায়াতমায়ামঃ প্রায়ঃ প্রচুরং যত্র সারগাত্রং

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমার সৈন্যেরা পাণ্ডবসৈন্য অপেক্ষা এইরূপ বহুগুণসম্পন্ন, উহাদের শক্তিও এইভাবে বিশেষরূপে জানা গিয়াছে, যথানিয়মে এইরূপে ব্যূহাকারেও সন্নিবেশিত হইয়াছে এবং সংখ্যায়ও এইরূপ বহুতর ॥১॥

আমরা সর্ব্বদা উহাদের সম্মান করিয়া থাকি, উহারাও আমাদের প্রতি সর্ব্বদা অনুরক্ত আছে এবং উহারা প্রবল ও অদ্ভুত আকৃতিযুক্ত, আর পূর্ব্বেও উহাদের বিক্রম দেখা হইয়াছে ॥২॥

উহারা অত্যন্ত বৃদ্ধ নহে, অতিশয় বালক নহে, অধিক কৃশ নহে এবং অতিস্থূলও নহে; উহাদের শরীর গোল, দীর্ঘ ও হাল্কা; আর উহারা সকলেই উৎকৃষ্ট ও নীরোগ ॥৩॥

(২)…পুরস্তাদ্‌দৃঢ়বিক্রমম্—পি বঙ্গ বর্দ্ধ।

আত্তসন্নাহসম্পন্নং বহুশস্ত্রপরিচ্ছদম্ ।
শস্ত্রগ্রহণবিদ্যাসু বহ্বীষু পরিনিষ্ঠিতম্ ॥৪॥
আরোহে পর্য্যবস্কন্দে সরণে সান্তরপ্লুতে ।
সম্যক্প্রহরণে যানে ব্যপযানে চ কোবিদম্ ॥৫॥
নাগেষ্বশ্বেষু বহুশো রথেষু চ পরীক্ষিতম্ ।
পরীক্ষ্য চ যথান্যায়ং বেতনেনোপপাদিতম্ ॥৬॥
ন গোষ্ঠ্যা নোপকারেণ ন সম্বন্ধনিমিত্ততঃ ।
নানাহূতং নাপ্যভৃতং মম সৈন্যং বভূব হ ॥৭॥

ভারতকৌমুদী

আত্তেতি। আত্তেন রাজকোষাদেব প্রাপ্তেন সন্নাহেন যুদ্ধসজ্জয়া সম্পন্নম্, বহবঃ শস্ত্রাণি পরিচ্ছদাশ্চ যস্য তৎ। পরিনিষ্ঠিতং লব্ধদাক্ষ্যম্। সর্বত্র সৈন্যমিত্যনুবৃত্তিঃ ॥৪॥

আরোহ ইতি। আরোহে পর্বতাদ্যারোহণে, পর্য্যবস্কন্দে ততোঽবতরণে, সরণে আক্রমণে, অন্তরপ্লুতেন অভ্যন্তরপ্রবেশেন সহেতি তস্মিন্ তাদৃশে গমনে, যানে অগ্রগমনে, ব্যপযানে অনিষ্টদর্শনাদপসরণে চ, কোবিদং বিশারদম্ ॥৫॥

নাগেষ্বিতি। নাগেষু গজেষু। পরীক্ষিতম্ আরোহণাদৌ। উপপাদিতং সংগৃহীতম্ ॥৬॥

নেতি। গোষ্ঠ্যা মদ্যপানাদিগোষ্ঠীরচনয়া। সম্বন্ধনিমিত্ততো ভাগিনেয়ত্বাদিসম্পর্ক-হেতোঃ। অভৃতং বেতনাদানেন সংগৃহীতম্। এভির্গ্রহণে ঔদাসীন্যং স্যাদিতি ভাবঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

নিবিড়াবয়বম্, সারমাত্রমিতি পাঠে অসারশূন্যমিতি বা ॥৩—৪॥ পর্য্যবস্কন্দে অবরোহণে, সরণে প্রসরণে, সান্তরপ্লুতে বনান্তরিতায়াং গতৌ, যানে প্রয়াণে, ব্যপযানেঽপসরণে ॥৫॥ বেতনেন দিনমাসবর্ষদেয়েন ধনেন ॥৬॥ গোষ্ঠ্যাং সংলাপমাত্রেণ, উপকারেণ প্রাক্কৃতেন

উহারা রাজকোষ হইতে যুদ্ধসজ্জা লাভ করিয়াছে, বহুবিধ অস্ত্র ও পরিচ্ছদ পাইয়াছে এবং বহুতর অস্ত্রধারণবিদ্যায় সুদক্ষ ॥৪॥

উচ্চস্থানারোহণে, তথা হইতে অবতরণে, আক্রমণে, অভ্যন্তরপ্রবেশে, সম্যক্প্রহারে, অগ্রগমনে এবং অপসরণেও উহারা সুনিপুণ ॥৫॥

হস্তী, অশ্ব ও রথ আরোহণে বহুবার উহাদিগকে পরীক্ষা করা হইয়াছে এবং পরীক্ষা করিয়া যথানিয়মে বেতন দিয়া রাখা হইয়াছে ॥৬॥

গোষ্ঠী (মদের আসর), উপকার, বা কোন সম্পর্কদ্বারা, অথবা আহ্বান ব্যতীত, কিংবা বিনা বেতনে আমার সৈন্য সংগৃহীত হয় নাই ॥৭॥

(৭)···নোপচারেণ···নাপ্যভূতম্···পি বঙ্গ বর্দ্ধ।

কুলীনার্য্যজনোপেতং হৃষ্টপুষ্টমনুদ্ধতম্ ।
কৃতমানোপচারঞ্চ যশস্বি চ মনস্বি চ ॥৮॥
সচিবৈশ্চাপরৈর্মুখ্যৈর্বহুভিঃ পুণ্যকর্ম্মভিঃ ।
লোকপালোপমৈস্তাত ! পালিতং নরসত্তমৈঃ ॥৯॥
বহুভিঃ পার্থিবৈর্গুপ্তমস্মৎপ্রিয়চিকীর্ষুভিঃ ।
অস্মানভিসৃতৈঃ কামাৎ সবলৈঃ সপদানুগৈঃ ॥১০॥
মহোদধিমিবাপূর্ণমাপগাভিঃ সমন্ততঃ ।
অপক্ষৈঃ পক্ষিসঙ্কাশৈ রথৈরশ্বৈশ্চ সংবৃতম্ ॥১১॥
প্রভিন্নকরটৈশ্চৈব দ্বিরদৈরাবৃতং মহৎ ।
যদহন্যত মে সৈন্যং কিমন্যদ্ভাগধেয়তঃ ॥১২॥ (কুলকম্)
যোধাক্ষয্যজলং ভীমং বাহনোর্ম্মিতরঙ্গিণম্ ।
ক্ষেপণ্যসিগদাশক্তিশরপ্রাসঝষাকুলম্ ॥১৩॥
ধ্বজভূষণসংবাধং রত্নোৎপলসুসঞ্চিতম্ ।
বাহনৈরভিধাবদ্ভির্ব্বায়ুবেগেন কম্পিতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

কুলীনেতি। কুলীনৈরার্য্যজনৈঃ সজ্জনৈরুপেতম্। অনুদ্ধতং নম্রস্বভাবম্। কৃতো মানোপচারৌ সম্মানপরিচর্য্যে যস্য তৎ। পুণ্যকর্ম্মভিঃ। অতএব প্রতারণাদিরহিতৈরিত্যাশয়ঃ। গুপ্তং রক্ষিতম্। কামাৎ স্বেচ্ছাত এবাস্মান্ অভিসৃতৈরাগতৈঃ। আপগাভির্নদীভিরাপূর্ণং মহোদধিং সদৃশীকৃত্য স্থিতমিবেত্যর্থঃ। প্রভিন্নকরটৈর্মদস্রাবিগণ্ডৈঃ, দ্বিরদৈর্গজৈঃ ॥৮—১২॥

বৎস সঞ্জয় ! আমার সৈন্যগণ—হৃষ্ট, পুষ্ট, নম্রস্বভাব, যশস্বী ও মনস্বী, ইহাদের মধ্যে সংকুলোৎপন্ন সজ্জনেরা রহিয়াছেন ; উঁহাদের সম্মান ও পরিচর্য্যা করা হইয়া থাকে ; ধার্ম্মিক, প্রধান, নরশ্রেষ্ঠ ও লোকপালসদৃশ অপর অমাত্যেরা উহাদিগকে পালন করিতেছিলেন ; আমাদের প্রিয়কার্য্য করিবার অভিলাষী এবং সৈন্য ও অনুচরগণের সহিত ইচ্ছানুসারেই আমাদের নিকটে আগত বহুতর রাজা উহাদিগকে রক্ষা করিতেন ; সকল দিক্ হইতে আগত নদীসমূহে পূর্ণ মহাসমুদ্রের ন্যায় উহারা অবস্থান করিত ; পক্ষশূন্য পক্ষিগণের তুল্য রথ ও অশ্বে উহারা পরিপূর্ণ ছিল এবং মদস্রাবী হস্তিগণেও উহারা ব্যাপ্ত রহিয়াছিল ; তথাপি উহারা যে নিহত হইয়াছে, ইহা ভাগ্য ভিন্ন আর কি বলা যাইতে পারে ? ॥৮—১২॥

(৮)···কৃতমানোপকারঞ্চ···পি বঙ্গ বর্দ্ধ। (১৪) ··বায়ুবেগবিকম্পিতম্—বা নি।

দ্রোণপাতালগম্ভীরং কৃতবর্ম্মমহাহ্রদম্।
জলসন্ধমহাগ্রাহং কর্ণচন্দ্রোদয়োদ্ধতম্ ॥১৫॥
গতে সৈন্যার্ণবং ভিত্ত্বা তরসা পাণ্ডবর্ষভে।
সঞ্জয়ৈকরথেনৈব যুযুধানে চ মামকম্ ॥১৬॥
তত্র শেষং ন পশ্যামি প্রবিষ্টে সব্যসাচিনি।
সাত্বতে চ রথোদারে মম সৈন্যস্য সঞ্জয়! ॥১৭॥ (কুলকম্)
তৌ তত্র সমনুক্রান্তৌ দৃষ্ট্বা ভীমৌ তরস্বিনৌ।
সিন্ধুরাজঞ্চ সংপ্রেক্ষ্য গাণ্ডীবস্যেষুগোচরে ॥১৮॥

ভারতকৌমুদী

যোধেতি। অত্রাপি সৈন্যার্ণবং ভিত্ত্বেতি বক্ষ্যমাণস্যোপমাসাধকত্বাৎ রূপকস্য চ বাধকত্বাৎ সর্ব্বত্রোপমিতসমাস এব বিধেয়ঃ। তথা চ যোধা যোদ্ধারঃ অক্ষয্যাণি জলানীব যত্র তম্, বাহনানি গজাশ্বাদীনি ঊর্ম্মিতরঙ্গা বীচিশ্রেণয় ইবাস্য সন্তীতি তম্। ক্ষেপণাসিগদাশক্তিশরপ্রাসা অস্ত্রবিশেষা ঝষা মীনা ইব তৈরাকুলং ব্যাপ্তম্। ধ্বজৈর্ভূষণৈশ্চ সংবাধং ব্যাপ্তম্, লোকগুতানি রত্নানি উৎপলানীব তৈঃ সুসঞ্চিতং পরিপূর্ণম্। বায়ুবেগেন বায়ুবেগতুল্যৈঃ। দ্রোণেন পাতালগম্ভীরং পাতালপর্য্যন্তনিম্নং পাতালবদক্ষোভ্যঞ্চ, কৃতবর্ম্মা মহাহ্রদ ইব যত্র তম্। জলসন্ধো মহাগ্রাহো বিশালজলজন্তুরিব যত্র তম্, কর্ণশ্চন্দ্র ইব তস্যোদয়েন উদ্ধতমুদ্বেলিতম্। সৈন্যার্ণব ইব তম্, তরসা বলেন, পাণ্ডবর্ষভে অর্জ্জুনে যুযুধানে সাত্যকৌ। সব্যসাচিনি অর্জ্জুনে। সাত্বতে সাত্যকৌ, রথোদারে মহারথে ॥১৩—১৭॥

সঞ্জয়! আমার সৈন্য ভীষণসমুদ্রের ন্যায় অবস্থান করিতেছিল; যোদ্ধারা ছিলেন তাহার অক্ষয় জলের তুল্য; বাহনগুলি ছিল তরঙ্গশ্রেণীর ন্যায়; ক্ষেপণী, তরবারি, গদা, শক্তি, বাণ ও প্রাস ছিল মৎস্যের সমান; ধ্বজ ও অলঙ্কারে তাহা পূর্ণ ছিল; লোকগাত্রের রত্ন ছিল উৎপলের তুল্য; বায়ুবেগের ন্যায় ধাবিত বাহনগণদ্বারা তাহা কাঁপিতেছিল; দ্রোণ থাকায় তাহা পাতালের ন্যায় অক্ষোভ্য ছিল; কৃতবর্ম্মা ছিলেন মহাহ্রদের সদৃশ; জলসন্ধ ছিলেন বিশাল জলজন্তুর সমান এবং চন্দ্রের তুল্য কর্ণের উদয়ে তাহা উদ্বেলিত হইতেছিল। সঞ্জয়! অর্জ্জুন ও সাত্যকি এক এক রথে বলের প্রভাবে সমুদ্রের ন্যায় আমার এইরূপ সৈন্য ভেদ করিয়া গমন করিলে এবং মহারথ অর্জ্জুন ও সাত্যকি ক্রমশঃ প্রবেশ করিলে, আমার সৈন্যের শেষ থাকিবে না বলিয়াই আমি মনে করিতেছি ॥১৩—১৭॥

(১৮)…গাণ্ডীবস্য চ গোচরম্—নি।

কিং তদা কুরবঃ কৃত্যং বিদধুঃ কালচোদিতাঃ।
দারুণৈকায়নে কালে কথং বা প্রতিপেদিরে ॥১৯॥ (যুগ্মকম্)
গ্রস্তান্ হি কৌরবান্ মন্যে মৃত্যুনা তাত! সংযুগে।
বিক্রমোঽপি রণে তেষাং ন তথা দৃশ্যতেঽদ্য বৈ ॥২০॥
অক্ষতৌ সংযুগে তত্র প্রবিষ্টৌ কৃষ্ণপাণ্ডবৌ।
ন চ বারয়িতা কশ্চিত্তয়োরস্তীহ সঞ্জয়! ॥২১॥
ভৃতাশ্চ বহবো যোধাঃ পরীক্ষ্যৈব মহারথাঃ।
বেতনেন যথাযোগং প্রিয়বাদেন চাপরে ॥২২॥

ভারতকৌমুদী

তাবিতি। সমনুক্রান্তৌ উপস্থিতৌ, ভীমৌ ভীষণৌ, তরস্বিনৌ বলবন্তৌ। ইষুগোচরে বাণবিষয়ীভূতস্থানে। কৃত্যং কার্য্যম্। দারুণং একমেব অয়নং পরলোকগমনং যত্র তস্মিন্ ॥১৮—১৯॥

গ্রস্তানিতি। মৃত্যুনা গ্রস্তান্ অর্জ্জুনসাত্যকিভ্যামাক্রান্তত্বাৎ। তথা পূর্ব্ববৎ ॥২০॥

অক্ষতাবিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। ইহ কৌরবসৈন্যে ॥২১॥

ভৃতা ইতি। ভৃতা রক্ষিতাঃ। যথাযোগং যথাসম্ভবম্ ॥২২॥

ভারতভাবদীপঃ

উপপাদিতমুন্নাসস্থাপিতমিত্যনুষঙ্গঃ। অনাহূতং যদৃচ্ছোপগতম্ ॥৭—১২॥ বাহনান্যেবোর্ম্মিতরঙ্গঃ। পরম্পরা বিদ্যতে যত্র ক্ষেপণ্যো যন্ত্রাণি ॥১৩॥ রক্তৈরুপলৈশ্চ সঞ্চিতম্ ॥১৭—১৮॥ দারুণৈকায়নেতি ভীষণেনান্যগতিকে, অকালে অতীতে সময়ে ॥১৯—২২॥ লভ্যন্তে সৈন্যে-

ভীষণমূর্ত্তি ও বলবান্ অর্জ্জুন ও সাত্যকি সেখানে উপস্থিত হইয়াছেন দেখিয়া এবং জয়দ্রথকে গাণ্ডীবধনুর বাণপাতস্থানে দেখিতে পাইয়া কাল-প্রেরিত কৌরবেরা তখন কি কার্য্য করিলেন এবং দারুণ সংহারের সময়ে কিরূপই বা ভাবিতে লাগিলেন? ॥১৮—১৯॥

বৎস সঞ্জয়! যুদ্ধে মৃত্যু আসিয়া কৌরবগণকে গ্রাস করিয়াছিল বলিয়া আমি মনে করিতেছি এবং আজ যুদ্ধে তাঁহাদের সেপ্রকার বিক্রমও দেখিতেছি না ॥২০॥

সঞ্জয়! কৃষ্ণ ও অর্জ্জুন অক্ষত শরীরে সেই যুদ্ধে প্রবেশ করিল; কিন্তু কৌরবসৈন্যমধ্যে কোন ব্যক্তি তাহাদিগকে বারণ করিতে পারিল না। ॥২১॥

(১৯) কিং নু বা কুরবঃ কৃত্যম্···বা নি। (২০)···তাত! সঙ্গতান্···দৃশ্যতে হি বৈ—বা নি।

অসৎকারভৃতস্তাত! মম সৈন্যে ন বিদ্যতে।
কর্ম্মণা হ্যনুরূপেণ লভ্যতে ভক্তবেতনম্ ॥২৩॥
ন চ যোধো ভবেৎ কশ্চিন্মম সৈন্যে তু সঞ্জয়!।
অল্পদানভৃতস্তাত! নহ্যভৃতকো নরঃ ॥২৪॥
পূজিতো হি যথাশক্তি দানমানাশনৈর্ময়া।
তথা পুত্রৈশ্চ মে তাত! জ্ঞাতিভিশ্চ সবান্ধবৈঃ ॥২৫॥
তে চ প্রাপ্যৈব সংগ্রামে নির্জিতাঃ সব্যসাচিনা।
শৈনেয়েন পরামৃষ্টাঃ কিমন্যদ্ভাগধেয়তঃ ॥২৬॥
রক্ষ্যতে যশ্চ সংগ্রামে যে চ সঞ্জয়! রক্ষিণঃ।
একঃ সাধারণঃ পন্থা রক্ষ্যস্য সহ রক্ষিভিঃ ॥২৭॥

ভারতকৌমুদী

অসদিতি। অসৎকারেণ বলাদ্‌গ্রহণাদিনা ভৃতো রক্ষিতঃ। ভক্তমন্নম্ ॥২৩॥
নেতি। অল্পদানেন যোগ্যতাপেক্ষয়া ন্যূনবেতনেন। অভৃতকো বেতনশূন্যঃ ॥২৪॥
পূজিত ইতি। পূজিতঃ সম্মানিতঃ। অশনং ভোজনম্ ॥২৫॥
ত ইতি। প্রাপ্য আগত্যৈব। শৈনেয়েন সাত্যকিনা, পরামৃষ্টা ধর্ষিতাঃ ॥২৬॥
রক্ষ্যত ইতি। সাধারণঃ সমানঃ, পন্থা অবস্থা পরাজয় ইত্যর্থঃ ॥২৭॥

আমরা অপর বহুতর মহারথ যোদ্ধাকে পরীক্ষা করিয়াই যথাসম্ভব বেতন এবং প্রিয়বাক্যদ্বারা সৈন্যমধ্যে রাখিয়া আসিতেছি ॥২২॥

বৎস! আমার সৈন্যমধ্যে অসৎকারে কোন ব্যক্তিকেই রাখা হয় নাই; অথ চ সকল লোকই অনুরূপ কার্য্যদ্বারা অন্ন ও বেতন পাইয়া থাকে ॥২৩॥

বৎস! সঞ্জয়! আমার সৈন্যমধ্যে কোন যোদ্ধাই অল্প বেতনে কিংবা বিনা বেতনে রহে নাই ॥২৪॥

বৎস! আমি, আমার পুত্রেরা ও বন্ধুবর্গের সহিত জ্ঞাতিরা শক্তি অনুসারে দান, মান ও ভোজনদ্বারা সকল যোদ্ধারই সৎকার করিয়া আসিতেছি ॥২৫॥

কিন্তু অর্জ্জুন উপস্থিত হইয়াই যুদ্ধে তাহাদিগকে জয় করিয়াছে এবং সাত্যকিও তাহাদিগকে দমন করিয়াছে। সুতরাং ভাগ্য ভিন্ন ইহাকে আর কি বলা যাইতে পারে ॥২৬॥

অতএব সঞ্জয়! যুদ্ধে যাহাকে রক্ষা করা হয় এবং যাঁহারা রক্ষা করেন, সেই রক্ষীদের সহিত সেই রক্ষণীয়ের এক সমান অবস্থাই হইল! ॥২৭॥

---

(২৪)···তথা চাভৃতকো নরঃ—বা নি। (২৫)···দানমানাসনৈর্ম্ময়া···বা নি।

অর্জ্জুনং সমরে দৃষ্ট্বা সৈন্ধবস্যাগ্রতঃ স্থিতম্।
পুত্রো মম ভৃশং মূঢ়ঃ কিং কার্য্যং প্রত্যপদ্যত ॥২৮॥
সাত্যকিঞ্চ রণে দৃষ্ট্বা প্রবিশন্তমভীতবৎ।
কিং নু দুর্য্যোধনঃ কৃত্যং প্রাপ্তকালমমন্যত ॥২৯॥
সর্ব্বশস্ত্রাতিগৌ সেনাং প্রবিষ্টৌ রথিসত্তমৌ।
দৃষ্ট্বা কাং বৈ ধৃতিং যুদ্ধে প্রত্যপদ্যন্ত মামকাঃ ॥৩০॥
দৃষ্ট্বা কৃষ্ণস্তু দাশার্হমর্জ্জুনার্থে ব্যবস্থিতম্।
শিনীনামৃষভঞ্চৈব মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩১॥
দৃষ্ট্বা সেনাং ব্যতিক্রান্তাং সাত্বতেনার্জ্জুনেন চ।
পলায়মানাংশ্চ কুরূন্ মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অর্জ্জুনমিতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য। পুত্রো দুর্য্যোধনঃ। প্রত্যপদ্যত স্বরূপদ্বং ॥২৮॥
সাত্যকিমিতি। কৃত্যং কার্য্যম্, প্রাপ্তকালং তৎকালোচিতম্ ॥২৯॥
সর্বেতি। রথিসত্তমৌ অর্জ্জুনসাত্যকী। কাং কীদৃশীম্, ধৃতিং ধৈর্য্যম্ ॥৩০॥
দৃষ্ট্বেতি। দাশার্হং তদ্বংশীয়ম্। শিনীনামৃষভং শিনিবংশশ্রেষ্ঠং সাত্যকিম্ ॥৩১॥
দৃষ্টেতি। সাত্বতেন সাত্যকিনা। পুত্রকা ইত্যনুকম্পায়াং কপ্রত্যয়ঃ ॥৩২॥

রণস্থলে অর্জ্জুনকে জয়দ্রথের সম্মুখে থাকিতে দেখিয়া আমার অত্যন্ত মূর্খ পুত্র দুর্য্যোধন কোন্ কার্য্য কর্ত্তব্য বলিয়া স্থির করিয়াছিল? ॥২৮॥

সাত্যকিকেও নির্ভয়ের ন্যায় যুদ্ধে প্রবেশ করিতে দেখিয়া দুর্য্যোধন কোন কার্য্যকে তৎকালোচিত বলিয়া মনে করিয়াছিল? ॥২৯॥

সমস্ত-শস্ত্রাতিক্রমী ও রথিশ্রেষ্ঠ অর্জ্জুন এবং সাত্যকিকে সৈন্যমধ্যে প্রবিষ্ট দেখিয়া আমার পক্ষের লোকেরা কিরূপ ধৈর্য্য ধারণ করিয়াছিলেন? ॥৩০॥

আমি মনে করি—দাশার্হবংশীয় কৃষ্ণকে এবং শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকিকে অর্জ্জুনের সাহায্যের জন্য থাকিতে দেখিয়া আমার পুত্রেরা শোক করিতেছিল ॥৩১॥

আমি ধারণা করি—অর্জ্জুন ও সাত্যকি কৌরবসৈন্য অতিক্রম করিয়াছে এবং কৌরবেরা পলায়ন করিতেছেন ইহা দেখিয়া আমার পুত্রেরা আক্ষেপ করিতেছিল ॥৩২॥

(৩০)···রথসত্তমৌ···পি বর্দ্ধ।

বিক্রুতান্ রথিনো দৃষ্ট্বা নিরুৎসাহান্ দ্বিষজ্জয়ে।
পলায়নকৃতোৎসাহান্ মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৩॥
শূন্যান্ কৃতান্ রথোপস্থান্ সাত্বতেনার্জ্জুনেন চ।
হতাংশ্চ যোধান্ সংদৃশ্য মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৪॥
ব্যশ্বনাগরথান্ দৃষ্ট্বা তত্র বীরান্ সহস্রশঃ।
ধাবমানান্ রণে ব্যগ্রান্ মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৫॥
বিহীনাংশ্চ রথানশ্বান্ বিরথাংশ্চ কৃতান্ নরান্।
তত্র সাত্যকিপার্থাভ্যাং দৃষ্ট্বা শোচন্তি পুত্রকাঃ ॥৩৬॥
মহানাগান্ বিদ্রবতো দৃষ্ট্বার্জ্জুনশরাহতান্।
পতিতান্ পততস্তাত! মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

বিক্রুতানিতি। বিক্রুতান্ অর্জ্জুনসাত্যক্যোর্বিক্রমেণাস্থিরীভূতান্ ॥৩৩॥
শূন্যানিতি। রথোপস্থান্ রথোপরিদেশান্ রথিস্থিতিস্থানানীত্যর্থঃ ॥৩৪॥
ব্যশ্বেতি। বিগতা নষ্টা অশ্বা নাগা গজা রথাশ্চ যেষাং তান্ ॥৩৫॥
বিহীনানিতি। বিহীনান্ আরোহিরহিতান্ ॥৩৬॥
মহেতি। মহানাগান্ বিশালগজান্, বিদ্রবতঃ পলায়মানান্ ॥৩৭॥

আমি সম্ভাবনা করি—কৌরবরথীরা অস্থির হইয়াছেন, শত্রুজয়ে নিরুৎসাহ হইয়া পড়িয়াছেন এবং পলায়নের ইচ্ছা করিতেছেন ইহা দেখিয়া আমার পুত্রেরা সন্তপ্ত হইতেছিল ॥৩৩॥

আমি আশঙ্কা করি—অর্জ্জুন ও সাত্যকি যোদ্ধাদিগকে বধ করিয়া রথ শূন্য করিয়াছে দেখিয়া আমার পুত্রেরা অনুতাপ করিতেছিল ॥৩৪॥

আমি মনে করি—সহস্র সহস্র বীর হস্তী, অশ্ব ও রথবিহীন হইয়া আকুলভাবে রণস্থলে ছুটাছুটি করিতেছেন দেখিয়া আমার পুত্রেরা শোক করিতেছিল ॥৩৫॥

অর্জ্জুন ও সাত্যকি তখন রথ ও অশ্বগুলিকে আরোহিশূন্য করিয়াছে এবং আরোহিগণকেও রথাদিবিহীন করিয়াছে দেখিয়া পুত্রেরা শোক করিতেছিল (বলিয়া মনে হয়) ॥৩৬॥

বৎস! বিশাল হস্তী সকল অর্জ্জুনের বাণে আহত হইয়া পলায়ন করিতেছিল, পতিত হইয়াছিল ও পতিত হইতেছিল ইহা দেখিয়া পুত্রেরা আক্ষেপ করিতেছিল বলিয়া মনে করি ॥৩৭॥

(৩৫) ব্যশ্বনাগরথান্ মন্যে···বর্দ্ধ।

হয়ৌঘান্ নিহতান্ দৃষ্ট্বা দ্রবমাণাংস্ততস্ততঃ।
রণে সাত্বতপার্থাভ্যাং মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৮॥
পত্তিসংঘান্ রণে দৃষ্ট্বা ধাবমানান্ সমন্ততঃ।
নিরাশা বিজয়ে সর্ব্বে মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৩৯॥
দ্রোণস্য সমতিক্রান্তাবনীকমপরাজিতৌ।
ক্ষণেন দৃষ্ট্বা তৌ বীরৌ মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৪০॥
সংমূঢ়োঽস্মি ভৃশং তাত! শ্রুত্বা কৃষ্ণধনঞ্জয়ৌ।
প্রবিষ্টৌ মামকং সৈন্যং সাত্বতেন সহাচ্যুতৌ ॥৪১॥
তস্মিন্ প্রবিষ্টে পৃতনাং শিনীনাং প্রবরে রথে।
ভোজানীকং ব্যতিক্রান্তে কথমাসন্ হি কৌরবাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

হয়েতি। হয়ৌঘান্ অশ্বসমূহান্, দ্রবমাণান্ ধাবতঃ ॥৩৮॥
পত্তীতি। পত্তিসংঘান্ পদাতিগণান্ ॥৩৯॥
দ্রোণস্যেতি। অনীকং সৈন্যম্। তৌ অর্জ্জুনসাত্যকী ॥৪০॥
সমিতি। সংমূঢ়ঃ কর্ত্তব্যজ্ঞানহীনঃ। সাত্বতেন সাত্যকিনা, অচ্যুতৌ বীরধর্ম্মাদভ্রষ্টৌ ॥৪১॥

আমি ধারণা করি—অর্জ্জুন ও সাত্যকির বাণে আহত হইয়া অশ্বগণ নানাদিকে ছুটাছুটি করিতেছে দেখিয়া আমার পুত্রেরা অনুতাপ করিতেছিল ॥৩৮॥

পদাতিগণ সমরাঙ্গনের সকল দিকে দৌড়াইতেছে দেখিয়া পুত্রেরা সকলে জয়ে নিরাশ হইয়া শোক করিতেছিল বলিয়া আমি ধারণা করি ॥৩৯॥

সেই বীরেরা দুই জন অপরাজিত থাকিয়া ক্ষণকালমধ্যে দ্রোণের সৈন্য অতিক্রম করিয়াছে দেখিয়া বোধ হয় আমার পুত্রেরা দুঃখপ্রকাশ করিতেছিল ॥৪০॥

বৎস সঞ্জয়! বীরধর্ম্ম হইতে অভ্রষ্ট কৃষ্ণ ও অর্জ্জুন সাত্যকির সহিত আমার সৈন্যমধ্যে আসিয়া প্রবেশ করিয়াছে শুনিয়া আমি অত্যন্ত আকুল হইয়া পড়িয়াছি ॥৪১॥

রথারোহী শিনিবংশপ্রধান সাত্যকি কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিলে এবং সে ভোজসৈন্য অতিক্রম করিয়া আসিলে, কৌরবগণের মনোবৃত্তি কিরূপ হইয়াছিল? ॥৪২॥

(৩৮)···রণে মাধবপার্থাভ্যাম্···বা নি। (৩৯)···ধাবমানাংশ্চ সর্ব্বতঃ···বা নি। (৪২)··· কিমকুর্বত কৌরবাঃ—বা নি।

তথা দ্রোণেন সমরে নিগৃহীতেষু পাণ্ডুষু।
কথং যুদ্ধমভূৎ সূত! তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৪৩॥
দ্রোণো হি বলবান্ শূরঃ কৃতাস্ত্রো দৃঢ়বিক্রমঃ।
পাঞ্চালাস্তং মহেষ্বাসং প্রত্যযুধ্যন্ কথং রণে ॥৪৪॥
বদ্ধবৈরাস্ততো দ্রোণে ধর্ম্মরাজজয়ৈষিণঃ।
ভারদ্বাজস্তথা তেষু বদ্ধবৈরো মহাবলঃ ॥৪৫॥
অর্জ্জুনশ্চাপি যচ্চক্রে সিন্ধুরাজবধং প্রতি।
তন্মে সর্বং সমাচক্ষ্ব কুশলো হ্যসি সঞ্জয়! ॥৪৬॥

সঞ্জয় উবাচ।

আত্মাপরাধাৎ সম্ভূতং ব্যসনং ভরতর্ষভ!।
প্রাপ্য প্রাকৃতবদ্বীর! ন ত্বং শোচিতুমর্হসি ॥৪৭॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। শিনীনাং প্রবরে সাত্যকৌ, রথে রথিনি। কথং কীদৃশমনোবৃত্তয়ঃ ॥৪২॥
তথেতি। নিগৃহীতেষু নির্জ্জিতেষু, পাণ্ডুষু পাণ্ডবসৈন্যেষু ॥৪৩॥
দ্রোণ ইতি। কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্বাস্ত্রঃ। মহেষ্বাসং মহাধানুষ্কম্ ॥৪৪॥
বদ্ধেতি। বদ্ধবৈরাঃ পূর্বং বিজয়াৎ। তচ্চাদিপর্বণ্যুক্তম্ ॥৪৫॥
অর্জ্জুন ইতি। সিন্ধুরাজবধং প্রতি জয়দ্রথবধবিষয়ে। কুশল উক্তিনিপুণঃ ॥৪৬॥

এবং সারথিবংশীয় সঞ্জয়! দ্রোণ যুদ্ধে সেইভাবে পাণ্ডবসৈন্য জয় করিলে, কিরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা আমার নিকট বল ॥৪৩॥

দ্রোণ—বলবান্, বীর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত এবং দৃঢ়বিক্রমশালী। সুতরাং রণস্থলে পাঞ্চালেরা সেই মহাধনুর্দ্ধরের সহিত কিরূপ যুদ্ধ করিয়াছিল? ॥৪৪॥

ধর্ম্মরাজের জয়াভিলাষী পাঞ্চালেরা দ্রোণের প্রতি বদ্ধবৈর; আবার মহাবল দ্রোণও তাহাদের প্রতি বদ্ধবৈর ॥৪৫॥

সঞ্জয়! আর অর্জ্জুন জয়দ্রথের বধবিষয়ে যাহা করিয়াছে, সে সমস্ত বৃত্তান্ত তুমি আমার নিকট বল। তুমি বলিতে বড়ই নিপুণ' ॥৪৬॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ বীর! আপনার নিজের অপরাধেই যাহা জন্মিয়াছে, সেই বিপদে পতিত হইয়া আপনি নীচ লোকের ন্যায় শোক করিতে পাবেন না ॥৪৭॥

(৪৩)···কথং যুদ্ধমভূত্তত্র···বা নি। (৪৪) দ্রোণো হি বলবান্ শ্রেষ্ঠঃ কৃতাস্ত্রো যুদ্ধদুর্ম্মদঃ ···বা নি। (৪৫) ধনঞ্জয়জয়ৈষিণঃ··নি।

পুরা যদুচ্যসে প্রাজ্ঞৈঃ সুহৃদ্ভির্বিদুরাদিভিঃ।
মা হাসীঃ পাণ্ডবান্ রাজন্নিতি তন্ন ত্বয়া শ্রুতম্ ॥৪৮॥
সুহৃদাং হিতকামানাং বাক্যং যো ন শৃণোতি হ।
স মহদ্ব্যসনং প্রাপ্য শোচতে বৈ যথা ভবান্ ॥৪৯॥
যাচিতোঽসি পুরা রাজন্! দাশার্হেণ শমং প্রতি।
ন চ তং লব্ধবান্ কামং ত্বত্তঃ কৃষ্ণো মহাযশাঃ ॥৫০॥
তব নির্গুণতাং জ্ঞাত্বা পক্ষপাতং সুতেষু চ।
দ্বৈধীভাবং তথা ধর্ম্মে পাণ্ডবেষু চ মৎসরম্ ॥৫১॥
তব জিহ্মমভিপ্রায়ং বিদিত্বা পাণ্ডবান্ প্রতি।
বাসুদেবস্ততো যুদ্ধমিদং ঘোরমযোজয়ৎ ॥৫২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

আশ্বেতি। ব্যসনং বিপদম্। প্রাকৃতবৎ নীচজনবৎ ॥৪৭॥

পুরেতি। মা হাসীঃ সন্ধিত্যাগেন ন ত্যজ ॥৪৮॥

সুহৃদামিতি। ব্যসনং বিপদম্, "ব্যসনং বিপদি ভ্রংশে দোষে কামজকোপজে" ইত্যমরঃ ॥৪৯॥

যাচিত ইতি। দাশার্হেণ কৃষ্ণেন, শমং সন্ধিনিবন্ধনাং শান্তিম্ ॥৫০॥

তবেতি। নির্গুণতাং ন্যায়পরায়ণতাশূন্যতাম্। মৎসরং দ্বেষম্। জিহ্মং কুটিলম্ ॥৫১-৫২॥

পূর্ব্বে বুদ্ধিমান্ বিদুরপ্রভৃতি সুহৃদ্‌গণ আপনাকে বলিয়াছিলেন যে, 'রাজা! আপনি পাণ্ডবগণকে ত্যাগ করিবেন না' আপনি তাহা শোনেন নাই ॥৪৮॥

মহারাজ! যে লোক হিতৈষী বন্ধুগণের বাক্য শোনে না, সে লোক আপনারই ন্যায় মহাবিপদে পতিত হইয়া শোক করিয়া থাকে ॥৪৯॥

রাজা! কৃষ্ণ পূর্ব্বে আপনার নিকট সন্ধির প্রার্থনা করিয়াছিলেন; কিন্তু সে মহাযশা কৃষ্ণ আপনার নিকট হইতে সে অভীষ্ট লাভ করেন নাই ॥৫০॥

তাহার পর আপনার অন্যায় ব্যবহার, পুত্রগণের প্রতি পক্ষপাত, ধর্ম্মের প্রতি দ্বৈধীভাব, পাণ্ডবগণের প্রতি বিদ্বেষ এবং তাঁহাদের প্রতি আপনার কুটিল মনোবৃত্তি জানিতে পারিয়া কৃষ্ণই এই ভয়ঙ্কর যুদ্ধ ঘটাইয়াছেন ॥৫১-৫২॥

(৪৮) মা হার্যীঃ—বা নি। (৫২) পূর্বাদ্ধাৎ পরম্ 'আর্ত্তপ্রলাপাংশ্চ বহূন্ মনুজাধিপ! সত্তম!। সর্বলোকস্য তত্ত্বজ্ঞঃ সর্বলোকেশ্বরঃ প্রভুঃ। বাসুদেবস্ততো যুদ্ধং কুরূণামকরোন্মহৎ ॥' বা নি।

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

দ্রোণপর্ব্ব

অষ্টমখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকস্থুরিবর্ত্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৪ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১ সাধারণপক্ষে মূল্যং ১।০

তবৈবাবিনয়াদ্রাজন্! প্রাপ্তস্তে স্বজনক্ষয়ঃ।
নৈনং দুর্য্যোধনে দোষং কর্ত্তুমর্হসি মানদ! ॥৫৩॥
নহি তে সুকৃতং কিঞ্চিদাদৌ মধ্যে চ ভারত!।
দৃশ্যতে পৃষ্ঠতশ্চৈব ত্বম্মূলো হি পরাজয়ঃ ॥৫৪॥
আর্ত্তপ্রলাপানিহ যানিদানীং কুরুষে নৃপ!।
নৈতদ্বৃদ্ধস্য তে সাধু গতাসোরিব মণ্ডনম্ ॥৫৫॥
তস্মাদদ্য স্থিরো ভূত্বা জ্ঞাত্বা লোকস্য নির্ণয়ম্।
শৃণু যুদ্ধং যথা বৃত্তং ঘোরং দেবাসুরোপমম্ ॥৫৬॥
প্রবিষ্টে তব সৈন্যন্তু শৈনেয়ে সত্যবিক্রমে।
ভীমসেনমুখাঃ পার্থাঃ প্রতীয়ুর্বাহিনীং তব ॥৫৭॥

ভারতকৌমুদী

তবেতি। অবিনয়াদশিষ্টাচরণাৎ ছলেন পাণ্ডবানাং নির্বাসনাদিকারণাদিত্যর্থঃ ॥৫৩॥

নহীতি। সুকৃতং ধর্ম্মঃ। আদৌ বারণাবতে প্রস্থাপনাদৌ, মধ্যে দ্যূতক্রীড়ানন্তরং নির্বাসনাদৌ, পৃষ্ঠতঃ পশ্চাৎ সন্ধ্যকরণাদৌ, ত্বমেব মূলো যস্য সঃ ॥৫৪॥

আর্ত্তেতি। গতাসোর্নির্গতপ্রাণস্য দেহস্য, মণ্ডনং ভূষণমিব ॥৫৫॥

তস্মাদিতি। নির্ণয়ং স্বদোষাদেব স্ববিপৎপাত ইতি নিয়মম্। বৃত্তং জাতম্ ॥৫৬॥

প্রবিষ্ট ইতি। শৈনেয়ে সাত্যকৌ। পার্থাঃ পাণ্ডবাঃ, প্রতীয়ুর্জগ্মুঃ ॥৫৭॥

অতএব মানদাতা রাজা! আপনারই অশিষ্ট ব্যবহারে আপনার এই স্বজনক্ষয় উপস্থিত হইয়াছে। সুতরাং আপনি দুর্য্যোধনের উপরে এ দোষ দিতে পারেন না ॥৫৩॥

ভরতনন্দন! প্রথমে, মধ্যে ও শেষে আপনার কোন ধর্ম্মই দেখিতে পাওয়া যায় না। সুতরাং আপনিই এই পরাজয়ের মূল ॥৫৪॥

অতএব রাজা! আপনি এখন এই যে আর্ত্তপ্রলাপ করিতেছেন, ইহা— মৃতব্যক্তিকে অলঙ্কৃত করার ন্যায় আপনার শোভা পায় না। কেন না, আপনি বৃদ্ধ ॥৫৫॥

অতএব মহারাজ! মানুষের নিজের দোষেই নিজের বিপদ্ উপস্থিত হয় ইহা জানিয়া এখন স্থির হইয়া—দেবাসুরযুদ্ধের তুল্য যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা শ্রবণ করুন ॥৫৬॥

(৫৩) আত্মাপরাধাৎ সুমহান্ প্রাপ্তস্তে বিপুলঃ ক্ষয়ঃ···বা নি। (৫৫) শ্লোকোঽয়ং বা নি নাস্তি।

আগচ্ছতস্তান্ সহসা ক্রুদ্ধরূপান্ সহানুগান্।
দধারৈকো রণে পাণ্ডূন্ কৃতবর্ম্মা মহারথঃ ॥৫৮॥
যথোদ্বৃত্তং বারয়তে বেলা বৈ সলিলার্ণবম্।
পাণ্ডুসৈন্যং তথা সংখ্যে হার্দ্দিক্যঃ সমবারয়ৎ ॥৫৯॥
তত্রাদ্ভুতমপশ্যাম হার্দ্দিক্যস্য পরাক্রমম্।
যদেনং সহসা পার্থা নাতিচক্রমুরাহবে ॥৬০॥
ততো ভীমস্ত্রিভির্বিদ্ধ্বা কৃতবর্ম্মাণমাশুগৈঃ।
শঙ্খং দধ্মৌ মহাবাহুর্হর্ষয়ন্ সর্বপাণ্ডবান্ ॥৬১॥
সহদেবস্তু বিংশত্যা ধর্ম্মরাজস্তু পঞ্চভিঃ।
শতেন নকুলশ্চাপি হার্দ্দিক্যং সমবিধ্যত ॥৬২॥

ভারতকৌমুদী

আগচ্ছত ইতি। সহানুগান্ অনুচরসহিতান্। পাণ্ডূন্ পাণ্ডবান্ ॥৫৮॥
যথেতি। উদ্বৃত্তং পূরাগমাদুদ্বেলিতম্, বেলা তীরম্। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা ॥৫৯॥
তত্রেতি। নাতিচক্রমুঃ অতিক্রমিতুং ন শেকুঃ, আহবে যুদ্ধে ॥৬০॥
তত ইতি। বিদ্ধ্বা তাড়য়িত্বা, আশুগৈর্বাণৈঃ ॥৬১॥
সহেতি। সর্ব্বত্র আশুগৈরিত্যনুবৃত্তিঃ ॥৬২॥

রাজা! যথার্থবিক্রমশালী সাত্যকি আপনার সৈন্যমধ্যে প্রবেশ করিলে, ভীমসেনপ্রভৃতি পাণ্ডবেরা আপনার সৈন্যের দিকে আসিতে লাগিলেন ॥৫৭॥

তাঁহারা ক্রুদ্ধ হইয়া অনুচরবর্গের সহিত বেগে আসিতে লাগিলে, মহারথ এক কৃতবর্ম্মাই যুদ্ধে তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥৫৮॥

তীর যেমন উদ্বেলিত সমুদ্রকে বারণ করে, সেইরূপ কৃতবর্ম্মা যুদ্ধে পাণ্ডবসৈন্যকে বারণ করিতে লাগিলেন ॥৫৯॥

তখন আমরা কৃতবর্ম্মার অদ্ভুত পরাক্রম দেখিতে লাগিলাম। যে হেতু পাণ্ডবেরা সহসা যুদ্ধে কৃতবর্ম্মাকে অতিক্রম করিতে পারিলেন না ॥৬০॥

ক্রমে মহাবাহু ভীমসেন তিনটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিয়া সমস্ত পাণ্ডবপক্ষের হর্ষ উৎপাদন করতঃ শঙ্খধ্বনি করিলেন ॥৬১॥

আর সহদেব কুড়িটা, যুধিষ্ঠির পাঁচটা এবং নকুল একশতটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে তাড়ন করিলেন ॥৬২॥

(৬০)…যদেনং সহিতাঃ পার্থাঃ…বা নি। (৬২)…ধর্ম্মরাজশ্চ…বা নি।

দ্রৌপদেয়াস্ত্রিসপ্তত্যা সপ্তভিশ্চ ঘটোৎকচঃ।
ধৃষ্টদ্যুম্নস্ত্রিভিশ্চাপি কৃতবর্ম্মাণমার্দ্দয়ৎ।
বিরাটো দ্রুপদশ্চৈব ত্রিভিস্ত্রিভিরবিধ্যত ॥৬৩॥
শিখণ্ডী চাপি হার্দ্দিক্যং বিদ্ধা পঞ্চভিরাশুগৈঃ।
পুনর্বিব্যাধ বিংশত্যা সায়কানাং হসন্নিব ॥৬৪॥
কৃতবর্ম্মা ততো রাজন্! সর্ব্বতস্তান্ মহারথান্।
একৈকং পঞ্চভির্বিদ্ধা ভীমং বিব্যাধ সপ্তভিঃ।
ধনুর্ধ্বজঞ্চাস্য তদা রথাদ্ভূমাবপাতয়ৎ ॥৬৫॥
অথৈনং ছিন্নধন্বানং ত্বরমাণো মহারথঃ।
আজঘানোরসি ক্রুদ্ধঃ সপ্তত্যা নিশিতৈঃ শরৈঃ ॥৬৬॥
স গাঢ়বিদ্ধো বলবান্ হার্দ্দিক্যস্য শরোত্তমৈঃ।
চচাল রথমধ্যস্থঃ ক্ষিতিকম্পে যথাচলঃ ॥৬৭॥

ভারতকৌমুদী

দ্রৌপেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, ত্রিসপ্তত্যা বাণৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥
শিখণ্ডীতি। হার্দ্দিক্যং কৃতবর্ম্মাণম্। আশুগৈঃ শরৈঃ ॥৬৪॥
কৃতেতি। পঞ্চভির্বাণৈঃ। অপাতয়ৎ ছিত্ত্বেতি শেষঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৬৫॥
অথেতি। এনং ভীমম্। মহারথঃ কৃতবর্ম্মা। উরসি বক্ষসি ॥৬৬॥
স ইতি। চচাল চকম্পে। অচলঃ পর্বতঃ ॥৬৭॥

ঘটোৎকচ সাতটা, ধৃষ্টদ্যুম্ন তিনটা ও দ্রৌপদীর পুত্রেরা ত্রিসপ্ততিসংখ্যক বাণদ্বারা কৃতবর্ম্মাকে পীড়ন করিলেন এবং বিরাট ও দ্রুপদ তিন তিনটা শরদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৬৩॥

শিখণ্ডীও পাঁচটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিয়া পুনরায় হাসিতে হাসিতেই যেন কুড়িটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৬৪॥

রাজা! তাহার পর কৃতবর্ম্মা সকল দিকে সেই মহারথগণের এক এক জনকে পাঁচ পাঁচটা বাণে বিদ্ধ করিয়া সাতটাদ্বারা ভীমকে বিদ্ধ করিলেন এবং ভীমের ধনু ও ধ্বজ ছেদন করিয়া রথ হইতে ভূতলে পাতিত করিলেন ॥৬৫॥

তদনন্তর মহারথ কৃতবর্ম্মা ক্রুদ্ধ ও ত্বরান্বিত হইয়া সত্তরটা সুধার বাণদ্বারা ছিন্নধন্বা ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৬৬॥

বলবান্ ভীমসেন কৃতবর্ম্মার উত্তম শরে গাঢ় বিদ্ধ হইয়া রথের মধ্যে থাকিয়াই ভূমিকম্পে যেমন পর্ব্বত কাঁপে সেইরূপ কাঁপিতে লাগিলেন ॥৬৭॥

ভীমসেনং তথা দৃষ্ট্বা ধর্ম্মরাজপুরোগমাঃ।
বিসৃজন্তঃ শরান্ ঘোরান্ কৃতবর্ম্মাণমার্দ্দয়ন্ ॥৬৮॥
তং তথা কোষ্ঠকীকৃত্য রথবংশেন মারিষ!।
বিব্যধুঃ সায়কৈর্হৃষ্টা রক্ষার্থং মারুতের্মৃধে ॥৬৯॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং ভীমসেনো মহাবলঃ।
শক্তিং জগ্রাহ সমরে হেমদণ্ডাময়স্ময়ীম্।
চিক্ষেপ চ রথাত্তূর্ণং কৃতবর্ম্মরথং প্রতি ॥৭০॥
সা ভীমভুজনির্ম্মুক্তা নির্ম্মুক্তোরগসন্নিভা।
কৃতবর্ম্মাণমভিতঃ প্রজজ্বাল সুদারুণা ॥৭১॥
তামাপতন্তীং সহসা যুগান্তাগ্নিসমপ্রভাম্।
দ্বাভ্যাং শরাভ্যাং হার্দ্দিক্যো নিচকর্ত্ত দ্বিধা তদা ॥৭২॥

ভারতকৌমুদী

ভীমেতি। তথা কম্পিতম্, ধর্ম্মরাজপুরোগমা যুধিষ্ঠিরপ্রভৃতয়ঃ ॥৬৮॥
তমিতি। কোষ্ঠকীকৃত্য মধ্যবর্ত্তীকৃত্য, রথানাং বংশেন সমূহেন ॥৬৯॥
প্রতীতি। শক্তিমস্ত্রবিশেষম্। অয়স্ময়ীং লৌহময়ীম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭০॥
সেতি। নির্ম্মুক্তঃ সদ্যস্ত্যক্তত্বক্ য উরগঃ সর্পস্তৎসন্নিভা। অভিতঃ প্রতি ॥৭১॥
তামিতি। নিচকর্ত্ত চিচ্ছেদ। লৌহেন সদ্যো লৌহচ্ছেদাসম্ভবাদত্র ছেদো বারণম্ ॥৭২॥

ভীমসেনকে সেইরূপ দেখিয়া যুধিষ্ঠিরপ্রভৃতি বীরেরা ভয়ঙ্কর বাণ বর্ষণ করিতে থাকিয়া কৃতবর্ম্মাকে পীড়ন করিতে থাকিলেন ॥৬৮॥

মাননীয় রাজা! তাঁহারা ভীমসেনকে রক্ষা করিবার জন্য হৃষ্টভাবে রথ-সমূহদ্বারা পরিবেষ্টন করিয়া বাণদ্বারা সেইভাবে কৃতবর্ম্মাকে তাড়ন করিতে লাগিলেন ॥৬৯॥

তৎপরে মহাবল ভীমসেন সংজ্ঞা লাভ করিয়া একটা স্বর্ণদণ্ডা লৌহময়ী শক্তি গ্রহণ করিলেন এবং তাহা সত্বর আপন রথ হইতে কৃতবর্ম্মার রথের দিকে নিক্ষেপ করিলেন ॥৭০॥

ভীমের বাহুনিক্ষিপ্তা নির্ম্মুক্তসর্পতুল্যা সেই দারুণ শক্তিটা কৃতবর্ম্মার প্রতি যাইবার সময়ে জ্বলিতে লাগিল ॥৭১॥

প্রলয়কালের অগ্নির ন্যায় সেই শক্তিটা বেগে আসিতে লাগিলে, কৃতবর্ম্মা দুইটা বাণদ্বারা তখনই দুইভাগে তাহা ছেদন করিলেন ॥৭২॥

(৭২)···নিজঘান দ্বিধা তদা—বা নি।

সা ছিন্না পতিতা ভূমৌ শক্তিঃ কনকভূষণা।
দ্যোতয়ন্তী দিশো রাজন্! মহোল্কেব নভশ্চ্যুতা ॥৭৩॥
শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা ভীমশ্চুক্রোধ বৈ ভৃশম্।
ততোঽন্যদ্ধনুরাদায় বেগবচ্চ মহাস্বনম্।
ভীমসেনো রণে ক্রুদ্ধো হার্দ্দিক্যং সমবাকিরৎ ॥৭৪॥
অথৈনং পঞ্চভির্বাণৈরাজঘান স্তনান্তরে।
ভীমো ভীমবলো রাজন্! তব দুর্মন্ত্রিতেন হ ॥৭৫॥
ভোজস্তু ক্ষতসর্ব্বাঙ্গো ভীমসেনেন মারিষ!।
রক্তাশোক ইবোৎফুল্লো ব্যরাজত রণাজিরে ॥৭৬॥
ততঃ ক্রুদ্ধস্ত্রিভির্বাণৈর্ভীমসেনং হসন্নিব।
অভিহত্য দৃঢ়ং যুদ্ধে তান্ সর্ব্বান্ প্রত্যবিধ্যত ॥৭৭॥
ত্রিভিস্ত্রিভির্মহেষ্বাসো যতমানান্ মহারথান্।
তেঽপি তং প্রত্যবিধ্যন্ত সপ্তভিঃ সপ্তভিঃ শরৈঃ ॥৭৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সেতি। দ্যোতয়ন্তী প্রকাশয়ন্তী। নভশ্চ্যুতা গগনাৎ পতিতা ॥৭৩॥
শক্তিমিতি। সমবাকিরৎ বাণৈরাবৃণোৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৪॥
অথেতি। তব দুর্মন্ত্রিতেন যুদ্ধঘটনাদেতন্মূলমপি তব দুর্মন্ত্রিতমেবেতি ভাবঃ ॥৭৫॥
ভোজ ইতি। ভোজস্তদ্বংশীয়ঃ কৃতবর্ম্মা। উৎফুল্লো বিকসিতপুষ্পঃ ॥৭৬॥
তত ইতি। ক্রুদ্ধো ভোজঃ। যতমানান্ জয়ায়েতি শেষঃ ॥৭৭—৭৮॥

রাজা! স্বর্ণভূষণা সেই শক্তিটা ছিন্ন হইয়া আকাশচ্যুত বিশাল উল্কার ন্যায় সমস্ত দিক্ আলোকিত করিয়া ভূতলে পতিত হইল ॥৭৩॥

ভীমসেন সেই শক্তিটাকে প্রতিহত দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইলেন। তৎপরে অত্যন্তক্রুদ্ধ ভীমসেন বেগবান্ ও মহাশব্দকারী অন্য একখানা ধনু লইয়া বাণদ্বারা কৃতবর্ম্মাকে আবৃত করিলেন ॥৭৪॥

রাজা! আপনার কুমন্ত্রণার ফলেই তৎপরে ভীষণশক্তিশালী ভীমসেন পাঁচটা বাণদ্বারা কৃতবর্ম্মার বক্ষস্থলে আঘাত করিলেন ॥৭৫॥

মাননীয় রাজা! তখন কৃতবর্ম্মা ভীমসেনের আঘাতে সমস্ত অঙ্গ ক্ষত হওয়ায় সমরাঙ্গনে পুষ্পসমন্বিত রক্তাশোকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৭৬॥

তদনন্তর মহাধনুর্দ্ধর কৃতবর্ম্মা ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন তিনটা

(৭৪)···বেগবৎ সুমহাস্বনম্···সমবারয়ৎ—বা নি। (৭৬)···ব্যভ্রাজত রণাজিরে—বা নি।

শিখণ্ডিনস্ততঃ ক্রুদ্ধঃ ক্ষুরপ্রেণ মহারথঃ।
ধনুশ্চিচ্ছেদ সমরে প্রহসন্নিব সাত্বতঃ ॥৭৯॥
শিখণ্ডী তু ততঃ ক্রুদ্ধশ্ছিন্নে ধনুষি সত্বরঃ।
অসিং জগ্রাহ সমরে শতচন্দ্রঞ্চ ভাস্বরম্ ॥৮০॥
ভ্রাময়িত্বা মহচ্চর্ম্ম চামীকরবিভূষিতম্।
তমসিং প্রেষয়ামাস কৃতবর্ম্মরথং প্রতি ॥৮১॥
স তস্য সশরং চাপং ছিত্ত্বা সংখ্যে মহানসিঃ।
অভ্যগাদ্ধরণীং রাজন্! চ্যুতং জ্যোতিরিবাম্বরাৎ ॥৮২॥
এতস্মিন্নেব কালে তু ত্বরমাণো মহারথঃ।
বিব্যাধ সায়কৈর্গাঢ়ং কৃতবর্ম্মাণমাহবে ॥৮৩॥

ভারতকৌমুদী

শিখণ্ডিন ইতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন। সাত্বতস্তদ্বংশীয়ঃ কৃতবর্ম্মা ॥৭৯॥
শিখণ্ডীতি। শতং চন্দ্রাশ্চন্দ্রাকাররজতচিহ্নানি যত্র তত্তাদৃশং চর্ম্ম ॥৮০॥
ভ্রাময়িত্বেতি। চামীকরবিভূষিতং স্বর্ণালঙ্কৃতম্ ॥৮১॥
স ইতি। চ্যুতং পতিতম্, জ্যোতির্নক্ষত্রাদি তেজঃ, অম্বরাদাকাশাৎ ॥৮২॥
এতস্মিন্নিতি। মহারথঃ শিখণ্ডী। আহবে যুদ্ধে ॥৮৩॥

বাণদ্বারা ভীমসেনকে দৃঢ়ভাবে আঘাত করিয়া তিন তিনটা বাণদ্বারা জয়ে যত্নশীল সেই সকল মহারথের প্রত্যেককে বিদ্ধ করিলেন। তখন তাঁহাদের প্রত্যেকেও সাত সাতটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে প্রতিবিদ্ধ করিলেন ॥৭৭—৭৮॥

তৎপরে ক্রুদ্ধ মহারথ কৃতবর্ম্মা হাসিতে হাসিতেই যেন একটা ক্ষুরপ্রদ্বারা শিখণ্ডীর ধনু ছেদন করিলেন ॥৭৯॥

ধনু ছিন্ন হইলে, শিখণ্ডী ক্রুদ্ধ ও ত্বরান্বিত হইয়া তরবারি এবং শতচন্দ্রযুক্ত ও উজ্জ্বল চর্ম্ম গ্রহণ করিলেন ॥৮০॥

তৎপরে শিখণ্ডী স্বর্ণভূষিত সেই বিশাল চর্ম্ম ঘূর্ণিত করিয়া কৃতবর্ম্মার রথের দিকে সেই তরবারি নিক্ষেপ করিলেন ॥৮১॥

রাজা! সেই বিশাল তরবারি যাইয়া কৃতবর্ম্মার বাণযুক্ত ধনু ছেদন করিয়া আকাশচ্যুত নক্ষত্রের ন্যায় ভূতলে পতিত হইল ॥৮২॥

এই অবসরে মহারথ শিখণ্ডী ত্বরান্বিত হইয়া যুদ্ধে বহুতর বাণদ্বারা কৃতবর্ম্মাকে গাঢ়ভাবে বিদ্ধ করিলেন ॥৮৩॥

(৮২)···ছিত্ত্বা রাজন্! মহানসিঃ···বা নি। (৮৩)··ত্বরমাণং মহারথাঃ। বিব্যধুঃ··· বা নি।

অথান্যদ্ধনুরাদায় ত্যক্ত্বা তচ্চ মহদ্ধনুঃ।
বিশীর্ণং ভরতশ্রেষ্ঠ! হার্দ্দিক্যঃ পরবীরহা ॥৮৪॥
বিব্যাধ পাণ্ডবান্ যুদ্ধে ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
শিখণ্ডিনঞ্চ বিব্যাধ ত্রিভিঃ পঞ্চভিরেব চ ॥৮৫॥ (যুগ্মকম্)
ধনুরন্যৎ সমাদায় শিখণ্ডী তু মহাযশাঃ।
অবারয়ৎ কূর্ম্মনখৈরাশুগৈর্হার্দ্দিকাত্মজম্ ॥৮৬॥
ততঃ ক্রুদ্ধো রণে রাজন্! হৃদিকস্যাত্মসম্ভবঃ।
অভিদুদ্রাব বেগেন যাজ্ঞসেনিং মহারথম্ ॥৮৭॥
ভীষ্মস্য সমরে রাজন্! মৃত্যোর্হেতুং মহাত্মনঃ।
বিদর্শয়ন্ বলং শূরঃ শার্দ্দূল ইব কুঞ্জরম্ ॥৮৮॥ (যুগ্মকম্)
তৌ দিশাং গজসঙ্কাশৌ জ্বলিতাবিব পাবকৌ।
সমাপেততুরন্যোন্যং শরসংঘৈররিন্দমৌ ॥৮৯॥
বিধুন্বানৌ ধনুঃশ্রেষ্ঠে সন্দধানৌ চ সায়কান্।
বিসৃজন্তৌ চ শতশো গভস্তীনিব ভাস্করৌ ॥৯০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথেতি। বিশীর্ণং ছিন্নতয়া ক্ষীণম্। অজিহ্মগৈর্বাণৈঃ ॥৮৪—৮৫॥

ধনুরিতি। কূর্ম্মনখৈঃ কূর্ম্মনখাকারমুখৈঃ, আশুগৈর্বাণৈঃ ॥৮৬॥

তত ইতি। অভিদুদ্রাব অভিদধাব, যাজ্ঞসেনিং শিখণ্ডিনম্। হেতুম্ অগ্রবর্ত্তিত্বমাত্রেণ, ন তু হন্তারম্ অর্জ্জুনস্যৈব হন্তৃত্বাদিত্যাশয়ঃ। বলং শক্তিম্ ॥৮৭—৮৮॥

তাবিতি। দিশাং গজসঙ্কাশৌ দিগ্‌দন্তিতুল্যৌ। পাবকৌ অগ্নিস্বরূপৌ। বিধুন্বানৌ আকর্ষণেন চালয়ন্তৌ। গভস্তীন্ কিরণান্ ॥৮৯—৯০॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর বিপক্ষবীরহন্তা কৃতবর্ম্মা সেই ছিন্ন বিশাল ধনু ত্যাগ করিয়া অন্য ধনু লইয়া তিন তিনটা বাণদ্বারা পাণ্ডবগণের প্রত্যেককে বিদ্ধ করিলেন, আবার প্রথমে তিনটা ও পরে পাঁচটা বাণদ্বারা শিখণ্ডীকেও তাড়ন করিলেন ॥৮৪—৮৫॥

এই সময়ে মহাযশা শিখণ্ডীও অন্য ধনু গ্রহণ করিয়া কূর্ম্মনখসদৃশ বহুতর বাণদ্বারা কৃতবর্ম্মাকে বারণ করিতে লাগিলেন ॥৮৬॥

রাজা! তাহার পর ব্যাঘ্র যেমন হস্তীর প্রতি ধাবিত হয়, সেইরূপ বীর কৃতবর্ম্মা ক্রুদ্ধ হইয়া নিজের শক্তি দেখাইতে থাকিয়া মহারথ ও যুদ্ধে মহাত্মা ভীষ্মের মৃত্যুর কারণ শিখণ্ডীর প্রতি বেগে ধাবিত হইলেন ॥৮৭—৮৮॥

(৮৯) তৌ দিশাগজসঙ্কাশৌ···নি।

তাপয়ন্তৌ শরৈস্তীক্ষ্ণৈরন্যোন্যং তৌ মহারথৌ।
যুগান্তপ্রতিমৌ বীরৌ রেজতুর্ভাস্করাবিব ॥৯১॥
কৃতবর্ম্মা তু সমরে যাজ্ঞসেনিং মহারথম্।
বিদ্ধ্বেষুভিস্ত্রিসপ্তত্যা পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥৯২॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং মূর্চ্ছয়াভিপরিপ্লুতঃ ॥৯৩॥
তং বিষণ্ণং রণে দৃষ্ট্বা তাবকাঃ পুরুষর্ষভম্।
হার্দ্দিক্যং পূজয়ামাসুর্বাসাংস্যাদুধুবুশ্চ হ ॥৯৪॥
শিখণ্ডিনং তথা জ্ঞাত্বা হার্দ্দিক্যশরপীড়িতম্।
অপোবাহ রণাদ্‌যন্তা ত্বরমাণো মহারথম্ ॥৯৫॥

ভারতকৌমুদী

তাপয়ন্তাবিতি। যুগস্য অন্তো যস্মাৎ স যুগান্তো রুদ্রস্তৎপ্রতিমৌ ॥৯১॥
কৃতেতি। যাজ্ঞসেনিং শিখণ্ডিনম্। ইষুভির্বাণৈঃ ॥৯২॥
স ইতি। রথস্য উপস্থে উপরি দেশে উপবেশনস্থান ইতি যাবৎ ॥৯৩॥
তমিতি। বিষণ্ণমবসন্নম্। পূজয়ামাসুঃ প্রশশংসুঃ, আদুধুবুঃ সঞ্চালয়ামাসুঃ ॥৯৪॥
শিখণ্ডিনমিতি। অপোবাহ অপনিনায়, যন্তা সারথিঃ ॥৯৫॥

ক্রমে দুইটা দিগ্‌গজের তুল্য এবং প্রজ্বলিত দুইটা অগ্নিস্তূপের সমান সেই শত্রুদমনকারী কৃতবর্ম্মা ও শিখণ্ডী উত্তম ধনু দুইখানা সঞ্চালন, বাণসন্ধান এবং সূর্য্যকর্ত্তৃক কিরণনিক্ষেপের ন্যায় শত শত বাণ নিক্ষেপ করিতে থাকিয়া পরস্পর অগ্রসর হইলেন ॥৮৯—৯০॥

রুদ্রের ন্যায় বীর এবং সূর্য্যের ন্যায় তেজস্বী সেই মহারথেরা দুই জন তীক্ষ্ণ বাণদ্বারা পরস্পর সন্তপ্ত করিতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥৯১॥

ক্রমে কৃতবর্ম্মা যুদ্ধে ত্রিসপ্ততি বাণদ্বারা মহারথ শিখণ্ডীকে বিদ্ধ করিয়া পুনরায় সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৯২॥

তখন শিখণ্ডী গাঢ়বিদ্ধ, ব্যথিত ও মূর্চ্ছাক্রান্ত হইয়া ধনু ও বাণ পরিত্যাগ করিয়া রথের উপরে উপবেশন করিলেন ॥৯৩॥

এই সময়ে আপনার পক্ষের লোকেরা পুরুষশ্রেষ্ঠ শিখণ্ডীকে অবসন্ন দেখিয়া কৃতবর্ম্মার প্রশংসা ও বসন আন্দোলন করিতে লাগিল ॥৯৪॥

ওদিকে মহারথ শিখণ্ডীর সারথি তাঁহাকে কৃতবর্ম্মার বাণে পীড়িত ও মূর্চ্ছিত জানিয়া সত্বর রণস্থল হইতে তাঁহাকে লইয়া গেল ॥৯৫॥

(৯৪)···তাবকাঃ পুরুষর্ষভ !···পি নি।

সাদিতস্তু রথোপস্থে দৃষ্ট্বা পার্থাঃ শিখণ্ডিনম্।
পরিবব্রূ রথৈস্তূর্ণং কৃতবর্ম্মাণমাহবে ॥৯৬॥
তত্রাদ্ভুতং পরং চক্রে কৃতবর্ম্মা মহারথঃ।
যদেকঃ সমরে পার্থান্ বারয়ামাস সানুগান্ ॥৯৭॥
পার্থান্ জিত্বাজয়চ্চেদীন্ পাঞ্চালান্ সৃঞ্জয়ানপি।
কৈকেয়াংশ্চ মহাবীর্য্যান্ কৃতবর্ম্মা মহারথঃ ॥৯৮॥
তে বধ্যমানাঃ সমরে হার্দ্দিক্যেন স্ম পাণ্ডবাঃ।
ইতশ্চেতশ্চ ধাবন্তো নৈব চক্রুর্ধৃতিং বলে ॥৯৯॥
জিত্বা পাণ্ডুসুতান্ যুদ্ধে ভীমসেনপুরোগমান্।
হার্দ্দিক্যঃ সমরেঽতিষ্ঠদ্বিধূম ইব পাবকঃ ॥১০০॥

ভারতকৌমুদী

সাদিতমিতি। সাদিতং কৃতবর্ম্মণা অবসন্নীকৃতম্। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে ॥৯৬॥
তত্রেতি। পরমত্যন্তম্। সানুগান্ অনুচরসহিতান্ ॥৯৭॥
পার্থানিতি। পার্থান্ পাণ্ডবান্। চেদ্যাদয়ো দেশবাচিনঃ শব্দা দেশিষু লক্ষ্যন্তে ॥৯৮॥
ত ইতি। স্মশব্দঃ পাদপূরণে। ধৃতিমবস্থানম্, বলে পাণ্ডবসৈন্যে ॥৯৯॥

ভারতভাবদীপঃ

নার্থাং ॥২৩—৩৬॥ ব্যগ্রান্ অনেকাগ্রান্ অব্যগ্রান্ প্রলয়েনৈকমনস ইতি বা ॥৩৭—৫০॥
দৈবীভাবমনিশ্চয়ম্ ॥৫১—৬৪॥ সর্ব্বতঃ সর্ব্বান্ ॥৬৫—৭১॥ দ্বিধা স্থানদ্বয়ে ॥৭২—৮৫॥
কঙ্কনৈঃ কূর্ম্মনখাকৃতিফলকৈঃ ॥৮৬-৯৯॥ হার্দ্দিক্যেন তাবকৈশ্চ দ্রাব্যমাণা ইত্যন্বয়ঃ ॥১০০-১০১॥
ইতি দ্রোণপর্ব্বণি-নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৮॥

আর পাণ্ডবেরা শিখণ্ডীকে অবসন্ন ও রথের উপরে উপবিষ্ট দেখিয়া সত্বর যাইয়া রথসমূহদ্বারা কৃতবর্ম্মাকে পরিবেষ্টন করিলেন ॥৯৬॥

তখন মহারথ কৃতবর্ম্মা অত্যন্ত অদ্ভুত কার্য্য করিলেন। যেহেতু তিনি একাকী যুদ্ধে অনুচরগণের সহিত পাণ্ডবগণকে বারণ করিতে লাগিলেন ॥৯৭॥

ক্রমে মহারথ কৃতবর্ম্মা পাণ্ডবগণকে জয় করিয়া চেদি, পাঞ্চাল, সৃঞ্জয় ও মহাবীর্য্যশালী কেকয়গণকেও জয় করিলেন ॥৯৮॥

কৃতবর্ম্মা যুদ্ধে বধ করিতে লাগিলে, সেই পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা ইতস্ততঃ ধাবিত হইতে লাগিলেন, কিন্তু পাণ্ডবসৈন্যমধ্যে আর থাকিতে পারিলেন না ॥৯৯॥

(৯৯)···ধৃতিং রণে—পি বা নি।

তে দ্রাব্যমাণাঃ সমরে হার্দ্দিক্যেন মহারথাঃ।
বিমুখাঃ সমপদ্যন্ত শরবৃষ্টিভিরাহতাঃ ॥১০১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে কৃতবর্ম্মপরাক্রমে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

নবনবতিতমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

শৃণুষ্বৈকমনা রাজন্! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
দ্রাব্যমাণে বলে তস্মিন্ হার্দ্দিক্যেন মহাত্মনা ॥১॥
লজ্জয়াবনতে চাপি পরিহৃষ্টে চ তাবকে।
দ্বীপো য আসীৎ পাণ্ডূনামগাধে গাধমিচ্ছতাম্ ॥২॥

ভারতকৌমুদী

জিত্বেতি। বিধূমো ধূমশূন্যঃ, পাবকো বহ্নিরিব ॥১০০॥

ত ইতি। দ্রাব্যমাণা মর্দ্দ্যমানাঃ। সমপদ্যন্ত সমজায়ন্ত ॥১০১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

হৃদিকনন্দন কৃতবর্ম্মা যুদ্ধে ভীমসেনপ্রভৃতি পাণ্ডবগণকে জয় করিয়া ধূমশূন্য অগ্নির ন্যায় সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন ॥১০০॥

কৃতবর্ম্মা যুদ্ধে পীড়ন করিতে লাগিলে, সেই পাণ্ডবপক্ষীয় মহারথেরা তাঁহার বাণবর্ষণে আহত হইয়া পরাঙ্মুখ হইলেন' ॥১০১॥

———০::০———

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনি আমার নিকট যে বিষয় জিজ্ঞাসা করিয়াছেন, তাহা একাগ্রচিত্তে শ্রবণ করুন। মহাত্মা কৃতবর্ম্মা পাণ্ডবসৈন্য পীড়ন করিলে এবং তাহারা লজ্জায় অবনত হইলে, আর আপনার পক্ষ

(১০১)···শরবৃষ্টিভিরর্দ্দিতাঃ—পি,···শরবৃষ্টিভিরার্দ্দিতাঃ বা নি। * '···দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '···চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ' বা নি। (২)···প্রহৃষ্টৈশ্চাপি তাবকৈঃ···পি বঙ্গ বৰ্দ্ধ।

শ্রুত্বা তু নিনদং ভীমং তাবকানাং মহাহবে।
শৈনেয়স্ত্বরিতো রাজন্! কৃতবর্ম্মাণমভ্যয়াৎ ॥৩॥ (বিশেষকম্)
কৃতবর্ম্মা তু হার্দ্দিক্যঃ শৈনেয়ং নিশিতৈঃ শরৈঃ।
অবাকিরৎ সুসংক্রুদ্ধস্ততোঽক্রুধ্যত সাত্যকিঃ ॥৪॥
অথাশু নিশিতং ভল্লং শৈনেয়ঃ কৃতবর্ম্মণঃ।
প্রেষয়ামাস সমরে শরাংশ্চ চতুরোঽপরান্ ॥৫॥
তস্য তে জঘ্নিরে বাহান্ ভল্লেনাস্যাচ্ছিনদ্ধনুঃ।
পৃষ্ঠরক্ষং তথা সূতমবিধ্যন্নিশিতৈঃ শরৈঃ ॥৬॥
ততস্তং বিরথং কৃত্বা সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
সেনামস্যার্দ্দয়ামাস শরৈঃ সন্নতপর্বভিঃ ॥৭॥

ভারতকৌমুদী

• শৃণ্বেতি। যস্মাং ত্বং পরিপৃচ্ছসি "কথং যুদ্ধমভূৎ সূত!" ইতি প্রাগুক্তেন। দ্বীপো দ্বীপবদাশ্রয়ঃ। অগাধে অতলস্পর্শে বিপৎসাগরে, গাধমাশ্রয়ম্। শৈনেয়ঃ সাত্যকিঃ ॥১—৩॥

কৃতেতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ। অবাকিরৎ আবৃণোৎ ॥৪॥

অথেতি। কৃতবর্ম্মণো দিশি। প্রেষয়ামাস চিক্ষেপ। চতুরশ্চতুঃসংখ্যকান্ ॥৫॥

তস্যেতি। তস্য কৃতবর্ম্মণঃ। বাহান্ অশ্বান্। সূতং সারথিম্ ॥৬॥

আনন্দ লাভ করিলেও পাণ্ডবেরা অগাধ বিপৎসাগরে পতিত হইয়া আশ্রয়-প্রার্থী হইলে, যিনি তাঁহাদের দ্বীপস্বরূপ (আশ্রয়) ছিলেন, সেই সাত্যকি মহাযুদ্ধে আপনার পক্ষের ভীষণ জয়কোলাহল শুনিয়া সত্বর কৃতবর্ম্মার সম্মুখে উপস্থিত হইলেন ॥১—৩॥

তখন অত্যন্তক্রুদ্ধ হৃদিকনন্দন কৃতবর্ম্মা নিশিত বাণসমূহদ্বারা সাত্যকিকে আবৃত করিলেন; তাহাতে সাত্যকি ক্রুদ্ধ হইলেন ॥৪॥

তাহার পর সাত্যকি কৃতবর্ম্মার দিকে একটা সুধার ভল্ল এবং অপর চারিটা বাণ নিক্ষেপ করিলেন ॥৫॥

সেই চারিটা বাণ যাইয়া কৃতবর্ম্মার চারিটা ঘোড়াকে বধ করিল, আর ভল্লটা যাইয়া তাঁহার ধনু ছেদন করিল এবং সাত্যকি অপর সুধার বাণসমূহ-দ্বারা কৃতবর্ম্মার পৃষ্ঠরক্ষক ও সারথিকে বিদ্ধ করিলেন ॥৬॥

(৩) শ্লোকাৎ পরম্ 'উবাচ সারথিং তত্র ক্রোধামর্ষসমন্বিতঃ। হার্দ্দিক্যাভিমুখং সূত! কুরু মে রথমুত্তমম্॥ কুরুতে কদনং পশ্য পাণ্ডুসৈন্যে হ্যমর্ষিতঃ। এনং জিত্বা পুনঃ সূত! যাস্যামি বিজয়ং প্রতি॥ এবমুক্তে তু বচনে সূতস্তস্য মহামতে!। নিমেষান্তরমাত্রেণ কৃতবর্ম্মাণমভ্যয়াৎ॥' ইতি পাঠঃ বা নি।

অভজ্যতাথ পৃতনা শৈনেয়শরপীড়িতা।
ততঃ প্রায়াৎ স ত্বরিতঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥৮॥
শৃণু রাজন্! যদকরোত্তব সৈন্যেষু বীর্য্যবান্।
অতীত্য স মহারাজ! দ্রোণানীকমহার্ণবম্ ॥৯॥
পরাজিত্য চ সংহৃষ্টঃ কৃতবর্ম্মাণমাহবে।
যন্তারমব্রবীচ্ছূরঃ শনৈর্যাহীত্যসংভ্রমম্ ॥১০॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বা তু তব তৎ সৈন্যং রথাশ্বদ্বিপসঙ্কুলম্।
পদাতিজনসম্পূর্ণমব্রবীৎ সারথিং পুনঃ ॥১১॥
যদেতন্মেঘসঙ্কাশং দ্রোণানীকস্য সব্যতঃ।
সুমহৎ কুঞ্জরানীকং যস্য রুক্মরথো মুখম্ ॥১২॥
এতে হি বহবঃ সূত! দুর্নিবারাশ্চ সংযুগে।
দুর্য্যোধনসমাদিষ্টা মদর্থে ত্যক্তজীবিতাঃ ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। নতপর্বভিঃ বক্রোপান্তদেশৈঃ ॥৭॥
অভজ্যতেতি। পৃতনা কৌরবসেনা। প্রায়াৎ অর্জ্জুনসাহায্যার্থ প্রাতিষ্ঠত ॥৮॥
শৃণ্বিতি। বীর্য্যবান্ সাত্যকিঃ। যন্তারং সারথিম্। অসংভ্রমং ধীরম্ ॥৯—১০॥
দৃষ্ট্বেতি। রথৈরশ্বৈর্দ্বিপৈর্গজৈশ্চ সঙ্কুলং ব্যাপ্তম্। অব্রবীৎ সাত্যকিরেব ॥১১॥

তৎপরে যথার্থবিক্রমশালী সাত্যকি কৃতবর্ম্মাকে রথবিহীন করিয়া নতপর্ব্ব বাণসমূহদ্বারা কৃতবর্ম্মার সৈন্যপীড়ন করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর কৌরবসৈন্য সাত্যকির বাণে পীড়িত হইয়া বিভক্ত হইল। তখন যথার্থবিক্রমশালী সাত্যকি সত্বর অর্জ্জুনের দিকে প্রস্থান করিলেন ॥৮॥

রাজা! তৎকালে বলবান্ সাত্যকি আপনার সৈন্যমধ্যে যাহা করিলেন, তাহা শ্রবণ করুন। মহারাজ! বীর সাত্যকি দ্রোণসৈন্যরূপ মহাসমুদ্র অতিক্রম করিয়া এবং যুদ্ধে হৃষ্টচিত্তে কৃতবর্ম্মাকে পরাজয় করিয়া ধীরভাবে সারথিকে বলিলেন—'সারথি! তুমি ধীরে ধীরে গমন কর' ॥৯—১০॥

ক্রমে হস্তী, অশ্ব, রথ ও পদাতিজনে পরিপূর্ণ আপনার সেই সৈন্য দেখিয়া তিনি পুনরায় সারথিকে বলিলেন—॥১১॥

'সারথি! দ্রোণসৈন্যের বামদিকে এই যে মেঘের ন্যায় বিশাল হস্তিসৈন্য রহিয়াছে এবং যাহার সম্মুখভাগে স্বর্ণরথারোহী দ্রোণ রহিয়াছেন, ইহার মধ্যে

(১৩)…দুর্নিবার্য্যাশ্চ সংযুগে…নি।

রাজপুত্রা মহেষ্বাসাঃ সর্ব্বে বিক্রান্তযোধিনঃ।
ত্রিগর্ত্তানাং রথোদারাঃ স্থবর্ণবিকৃতধ্বজাঃ।
মামেবাভিমুখা বীরা যোৎস্যমানা ব্যবস্থিতাঃ ॥১৪॥ (বিশেষকম্)
অত্র মাং প্রাপয় ক্ষিপ্রমশ্বাংশ্চোদয় সারথে!।
ত্রিগর্ত্তৈঃ সহ যোৎস্যামি ভারদ্বাজস্য পশ্যতঃ ॥১৫॥
ততঃ প্রায়াচ্ছনৈঃ সূতঃ সাত্বতস্য মতে স্থিতঃ।
রথেনাদিত্যবর্ণেন ভাস্বরেণ পতাকিনা ॥১৬॥
তমূহুঃ সারথের্ব্বশ্যা বল্গমানা হয়োত্তমাঃ।
বায়ুবেগসমাঃ সংখ্যে কুন্দেন্দুরজতপ্রভাঃ ॥১৭॥
আপতন্তং রণে তন্তু শঙ্খবর্ণৈর্হয়োত্তমৈঃ।
পরিবব্রুস্ততঃ শূরা গজানীকেন সর্ব্বশঃ।
কিরন্তো বিবিধাংস্তীক্ষ্ণান্ সায়কাল্লঁঘুযোধিনঃ ॥১৮॥

ভারতকৌমুদী

যদিতি। সব্যতো বামতঃ। কুঞ্জরানীকং হস্তিসৈন্যম্, রুক্মরথো দ্রোণঃ, মুখং সম্মুখভাগে তিষ্ঠতীত্যর্থঃ। মদর্থে মন্নিবারণার্থে। রথোদারা মহারথাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২-১৪॥

অত্রেতি। চোদয় চালয়। ভারদ্বাজস্য দ্রোণস্য ॥১৫॥

তত ইতি। সূতঃ সারথিঃ, সাত্বতস্য সাত্যকেঃ। ভাস্বরেণ উজ্জ্বলেন ॥১৬॥

তমিতি। উহুবহন্তি স্ম। বল্গমানা নৃত্যন্ত ইব গচ্ছন্তঃ ॥১৭॥

যুদ্ধে দুর্নিবার বহুতর যোদ্ধা দুর্যোধনের আদেশক্রমে আমাকে নিবারণ করিবার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়াছেন; ইহারা সকলেই রাজপুত্র, মহাধনুর্দ্ধর, বিক্রমযোধী, ত্রিগর্ত্তদেশীয় মহারথ এবং স্বর্ণখচিতধ্বজ। এই বীরেরা আমার সহিতই যুদ্ধ করিবেন বলিয়া অভিমুখ হইয়া রহিয়াছেন ॥১২—১৪॥

সারথি! সত্বর আমাকে ঐ স্থানে লইয়া চল, ঘোড়াগুলিকে চালাইয়া দাও। আমি দ্রোণের সমক্ষেই ত্রিগর্ত্তদের সহিত যুদ্ধ করিব' ॥১৫॥

তদনন্তর সাত্যকির মতানুবর্ত্তী সারথি সূর্য্যের ন্যায় উজ্জ্বল ও পতাকাযুক্ত রথে ধীরে ধীরে যাইতে লাগিল ॥১৬॥

তখন বায়ুর ন্যায় বেগবান্ এবং কুন্দপুষ্প, চন্দ্র ও রৌপ্যের ন্যায় শুভ্রবর্ণ আর সারথির বশীভূত ও নৃত্যবৎ গমনকারী উত্তম অশ্বগুলি সাত্যকিকে বহন করিতে লাগিল ॥১৭॥

(১৮) · সর্বতঃ···লঘুবেধিনঃ—বা নি।

সাত্বতোঽপি শিতৈর্বাণৈর্গজানীকমযোধয়ৎ।
পর্ব্বতানিব বর্ষেণ তপান্তে জলদো মহান্ ॥১৯॥
বজ্রাশনিসমস্পর্শৈর্ব্বিধ্যমানাঃ শরৈর্গজাঃ।
প্রাদ্রবন্ রণমুৎসৃজ্য শিনিবীরসমীরিতৈঃ ॥২০॥
শীর্ণদন্তা বিরুধিরা ভিন্নমস্তকপিণ্ডিকাঃ।
বিশীর্ণকর্ণাস্যকরা বিনিয়ন্তৃপতাকিনঃ ॥২১॥
সংভিন্নবর্ম্মঘণ্টাশ্চ বিনিকৃত্তমহাধ্বজাঃ।
হতারোহা দিশো রাজন্! ভেজিরে ভ্রষ্টকম্বলাঃ।
নদন্তো বিবিধান্ নাদান্ জলদোপমনিস্বনাঃ ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

আপতন্তমিতি। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে। লঘুযোধিনঃ শীঘ্রপ্রহারিণঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

সাত্বত ইতি। শিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ। তপান্তে গ্রীষ্মাবসানে ॥১৯॥

বজ্রেতি। অশনির্বিদ্যুৎ। শিনিবীরেণ সাত্যকিনা সমীরিতৈর্নিক্ষিপ্তৈঃ ॥২০॥

শীর্ণেতি। বিরুধিরা বিস্রুতরক্তাঃ, ভিন্না বিদীর্ণা মস্তকপিণ্ডিকাঃ শিরঃকুম্ভা যেষাং তে। বিশীর্ণাঃ ক্ষতাঃ কর্ণৌ আস্যানি মুখানি করাঃ শুণ্ডাশ্চ যেষাং তে, বিগতা নষ্টা নিয়ন্তারশ্চালকাঃ পতাকিনঃ পতাকাযুক্তা দণ্ডাশ্চ যেষাং তে। বিনিকৃত্তাশ্ছিন্না মহাধ্বজা যেষাং তে। হতা আরোহা আরোহিণো যোদ্ধারো যেষাং তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১—২২॥

সাত্যকি শঙ্খের ন্যায় শুভ্রবর্ণ ও উত্তম অশ্বগণের গুণে ক্রমে আসিতে লাগিলে, ত্রিগর্ত্তদেশীয় বীরেরা সকল দিক্ হইতে আসিয়া হস্তিসৈন্যদ্বারা তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥১৮॥

তখন গ্রীষ্মাবসানে বিশাল মেঘ যেমন বর্ষাদ্বারা পর্ব্বতসমূহকে প্রহার করে, সেইরূপ সাত্যকিও সুধার বাণসমূহদ্বারা সেই হস্তিসৈন্যকে প্রহার করিতে লাগিলেন ॥১৯॥

বজ্র ও বিদ্যুতের সমানস্পর্শ সাত্যকিনিক্ষিপ্ত বাণসমূহ যাইয়া আঘাত করিতে লাগিলে, সেই হস্তী সকল রণস্থল ত্যাগ করিয়া পলায়ন করিতে লাগিল ॥২০॥

রাজা! ক্রমে সেগুলির দন্ত ভগ্ন, রক্ত নির্গত, মস্তককুম্ভ বিদীর্ণ, কর্ণ মুখ ও শুণ্ড ক্ষত-বিক্ষত, চালক ও পতাকাদণ্ড বিনষ্ট, বর্ম্ম ও ঘণ্টা বিচ্যুত, বিশাল

(২২)···রুবন্তো বিবিধান্···পি বা নি।

নারাচৈর্ব্বৎসদন্তৈশ্চ ভল্লৈরঞ্জলিকৈস্তথা।
ক্ষুরপ্রৈরর্দ্ধচন্দ্রৈশ্চ সাত্বতেন বিদারিতাঃ ॥২৩॥
ক্ষরন্তোঽসৃক্ তথা মূত্রং পুরীষঞ্চ প্রদুদ্রুবুঃ।
বভ্রমুশ্চস্খলুশ্চান্যে পেতুর্ম্মম্লুস্তথাপরে ॥২৪॥ (যুগ্মকম্)
এবং তৎ কুঞ্জরানীকং যুযুধানেন তাপিতম্।
শরৈরগ্ন্যর্কসঙ্কাশৈঃ প্রদুদ্রাব সমন্ততঃ ॥২৫॥
তস্মিন্ হতে গজানীকে জলসন্ধো মহাবলঃ।
যত্তঃ সংপ্রাপয়ন্নাগং রজতাশ্বরথং প্রতি ॥২৬॥
রুক্মবর্ণরথঃ শূরস্তপনীয়াঙ্গদঃ শুচিঃ।
কুণ্ডলী মুকুটী শঙ্খী রক্তচন্দনরূষিতঃ ॥২৭॥
শিরসা ধারয়ন্ দীপ্তাং তপনীয়ময়ীং স্রজম্।
উরসা ধারয়ন্ নিষ্কং কণ্ঠসূত্রঞ্চ ভাস্বরম্ ॥২৮॥

ভারতকৌমুদী

নারাচৈরিতি। নারাচাদীনি তদানীন্তনান্যস্ত্রাণি। সাত্বতেন সাত্যকিনা। ক্ষরন্তো দেহান্নিঃসারয়ন্তঃ, অসৃক্ রক্তম্। পুরীষং গূথম্। মম্লুর্বিষেদুঃ ॥২৩—২৪॥

এবমিতি। যুযুধানেন সাত্যকিনা। প্রদুদ্রাব পলায়াঞ্চক্রে ॥২৫॥

তস্মিন্নিতি। যত্তো যুদ্ধে যত্নবান্। রজতাশ্বঃ সাত্যকিস্তস্য রথম্ ॥২৬॥

ধ্বজ ছিন্ন, আরোহী যোদ্ধারা নিহত এবং পৃষ্ঠের কম্বলগুলি নিপতিত হইতে থাকিলে, মেঘের ন্যায় গম্ভীরস্বর সেই হস্তী সকল বহুবিধ শব্দ করিতে থাকিয়া নানাদিকে পলায়ন করিতে থাকিল ॥২১—২২॥

নারাচ, বৎসদন্ত, ভল্ল, অঞ্জলিক, ক্ষুরপ্র ও অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সাত্যকি বিদারণ করিতে লাগিলে, অপরাপর হস্তী রক্ত, মূত্র ও বিষ্ঠা নিঃসারণ করিতে করিতে পলায়ন করিতে লাগিল। আর কতকগুলি ভ্রমণ করিতে থাকিল, কতকগুলি স্খলিত হইল, কতকগুলি পড়িয়া গেল এবং কতকগুলি অবসন্ন হইয়া পড়িল ॥২৩—২৪॥

এইভাবে সাত্যকি অগ্নি ও সূর্য্যের তুল্য বাণদ্বারা পীড়ন করিতে লাগিলে, সেই হস্তীসৈন্য সকল দিকে ছুটাছুটি করিতে লাগিল ॥২৫॥

এইরূপে সেই হস্তিসৈন্য নিহত হইতে থাকিলে, মহাবল জলসন্ধ যুদ্ধে যত্নবান্ হইয়া সাত্যকির রথের দিকে হস্তী চালাইয়া দিলেন ॥২৬॥

---

(২৫)···যুযুধানেন পীড়িতম্···বা নি।

চাপঞ্চ রুক্মবিকৃতং বিধুন্বন্ গজমূর্দ্ধনি।
অশোভত মহারাজ! সবিদ্যুদিব তোয়দঃ ॥২৯॥ (বিশেষকম্)
তমাপতন্তং সহসা মাগধস্য গজোত্তমম্।
সাত্যকির্ব্বারয়ামাস বেলেবোদ্ধতমর্ণবম্ ॥৩০॥
নাগং নিবারিতং দৃষ্ট্বা শৈনেয়স্য শরোত্তমৈঃ।
অক্রুধ্যত মহারাজ! জলসন্ধো মহাবলঃ ॥৩১॥
ততঃ ক্রুদ্ধো মহাবাহুর্মার্গণৈর্ভারসাধনৈঃ।
অবিধ্যত শিনেঃ পৌত্রং জলসন্ধো মহোরসি ॥৩২॥
ততোঽপরেণ ভল্লেন পীতেন নিশিতেন চ।
অস্যতো বৃষ্ণিবীরস্য নিচকর্ত্ত শরাসনম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

রুক্মেতি। রুক্মবর্ণঃ পশ্চাদ্গামী স্বর্ণবর্ণো রথো যস্য সঃ, তপনীয়াঙ্গদঃ স্বর্ণকেয়ূরঃ।* রক্তচন্দনেন রূষিতো রঞ্জিতগাত্রঃ। তপনীয়ময়ীং স্বর্ণময়ীম্। উরসা বক্ষসা, নিষ্কং ভূষণম্। *রুক্মবিকৃতং স্বর্ণখচিতম্, বিধুন্বন্ আকর্ষণেন সঞ্চালয়ন্ ॥২৭—২৯॥

তমিতি। মাগধস্য মগধরাজস্য জলসন্ধস্য। বেলা তীরম্, উদ্ধতমুদ্বেলিতম্ ॥৩০॥

নাগমিতি। নাগং হস্তিনম্। শৈনেয়স্য শিনেঃ পৌত্রস্য সাত্যকেঃ ॥৩১॥

তত ইতি। ভারসাধনৈর্দৃঢ়স্যাপি লক্ষ্যস্য ভেদক্ষমৈঃ। মহোরসি বিশালবক্ষসি ॥৩২॥

তত ইতি। পীতেন প্রাক্পীতশত্রুরক্তেন। অস্যতো বাণান্ ক্ষিপতঃ, নিচকর্ত্ত চিচ্ছেদ ॥৩৩॥

তাঁহার পিছনে একখানা স্বর্ণবর্ণ রথ যাইতে লাগিল। মহারাজ! এই অবস্থায় বীর ও পবিত্র জলসন্ধ বাহুযুগলে স্বর্ণকেয়ূর, কর্ণদ্বয়ে কুণ্ডল, মস্তকে মুকুট, হস্তে শঙ্খ, গাত্রে রক্তচন্দনের রাগ, মস্তকে উজ্জ্বল স্বর্ণময়ী মালা, বক্ষে অলঙ্কার ও উজ্জ্বল কণ্ঠসূত্র ধারণ করিয়া স্বর্ণখচিত ধনু সঞ্চালন করিতে থাকিয়া বিদ্যুদ্‌যুক্ত মেঘের ন্যায় হস্তীর মস্তকে শোভা পাইতে লাগিলেন ॥২৭—২৯॥

জলসন্ধের মহাহস্তী বেগে আসিতে লাগিলে, তীর যেমন উদ্বেলিত সমুদ্রকে বারণ করে, সেইরূপ সাত্যকি তাহাকে বারণ করিলেন ॥৩০॥

মহারাজ! সাত্যকির উত্তম বাণে হস্তী নিবারিত হইল দেখিয়া মহাবল জলসন্ধ ক্রুদ্ধ হইলেন ॥৩১॥

তাহার পর ক্রুদ্ধ মহাবাহু জলসন্ধ সুদৃঢ় বাণসমূহদ্বারা সাত্যকির বিশাল বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৩২॥

(৩০)…বেলেব মকরালয়ম্—বা নি। (৩১)…অক্রুধ্যত রণে রাজন্!…পি বা নি।

সাত্যকিং ছিন্নধন্বানং প্রহসন্নিব ভারত!।
অবিধ্যন্মাগধো বীরঃ পঞ্চাশদ্ভিঃ শিতৈঃ শরৈঃ ॥৩৪॥
স বিদ্ধো বহুভির্ব্বাণৈর্জলসন্ধেন বীর্য্যবান্।
নাকম্পত মহাবাহুস্তদদ্ভুতমিবাভবৎ ॥৩৫॥
অচিন্তয়ন্ বৈ স শরান্ নাত্যর্থং সংভ্রমাদ্বলী।
ধনুরন্যৎ সমাদায় তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৩৬॥
এতাবদুক্ত্বা শৈনেয়ো জলসন্ধং মহোরসি।
বিব্যাধ ষষ্ট্যা সুভৃশং শরাণাং প্রহসন্নিব ॥৩৭॥
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন মুষ্টিদেশে মহদ্ধনুঃ।
জলসন্ধস্য চিচ্ছেদ বিব্যাধ চ ত্রিভিঃ শরৈঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

সাত্যকিমিতি। ছিন্নং ধনুর্যস্য তম্। মাগধো জলসন্ধঃ ॥৩৪॥
স ইতি। মহাবাহুঃ সাত্যকিঃ, তদকম্পনম্ ॥৩৫॥
অচিন্তয়ন্নিতি। নাত্যর্থং সংভ্রমাৎ অনধিকব্যস্ততয়া ॥৩৬॥
এতাবদিতি। শৈনেয়ঃ সাত্যকিঃ, মহোরসি বিশালবক্ষসি ॥৩৭॥
ক্ষুরপ্রেণেতি। মুষ্টিদেশ ইতি গলে বদ্ধা গৌরিত্যাদিবদধিকরণে সপ্তমী ॥৩৮॥

তৎপরে তিনি সুধার ও শত্রুরক্তপায়ী অপর একটা ভল্লদ্বারা বাণক্ষেপ-কালে সাত্যকির ধনু ছেদন করিলেন ॥৩৩॥

ভরতনন্দন! তাহার পর আবার বীর জলসন্ধ হাসিতে হাসিতেই যেন সুধার পঞ্চাশটা বাণদ্বারা ছিন্নধন্বা সাত্যকিকে বিদ্ধ করিলেন ॥৩৪॥

কিন্তু জলসন্ধ বহুতর বাণে বিদ্ধ করিলেও বলবান্ ও মহাবাহু সাত্যকি বিচলিত হইলেন না। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৩৫॥

ক্রমে বলবান্ সাত্যকি সেই বাণগুলিকে অবজ্ঞা করিয়া অনধিক ব্যস্ততা সহকারে অন্য ধনু লইয়া বলিলেন—'থাক থাক' ॥৩৬॥

সাত্যকি এই পর্য্যন্ত বলিয়া হাসিতে হাসিতেই যেন ষাটটা বাণদ্বারা জলসন্ধের বিশাল বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৩৭॥

এবং একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা জলসন্ধের বিশাল ধনুর মুষ্টিদেশ ছেদন করিলেন, আর তিনটা বাণে তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩৮॥

(৩৪)··পঞ্চভির্নিশিতৈঃ শরৈঃ—বা নি। (৩৬)···তিষ্ঠ তিষ্ঠেত্যুবাচ হ—বা নি। (৩৮) ক্ষুরপ্রেণ চ পীতেন·· বঙ্গ বর্দ্ধ।

জলসন্ধস্তু তত্ত্যক্ত্বা সশরং বৈ শরাসনম্ ।
তোমরং ব্যসৃজত্তূর্ণং সাত্যকিং প্রতি মারিষ ! ॥৩৯॥
স নির্ভিদ্য ভুজং সব্যং মাধবস্য মহারণে ।
অভ্যগাদ্ধরণীং ঘোরঃ শ্বসন্নিব মহোরগঃ ॥৪০॥
নির্ভিন্নে তু ভুজে সব্যে সাত্যকিঃ সত্যবিক্রমঃ ।
ত্রিংশতা বিশিখৈস্তীক্ষ্ণৈর্জলসন্ধমতাড়য়ৎ ॥৪১॥
প্রগৃহ্য তু ততঃ খড়্গং জলসন্ধো মহাবলঃ ।
আর্ষভং চর্ম্ম সুমহচ্ছতচন্দ্রঞ্চ ভানুমৎ ।
তত আবিধ্য তং খড়্গং সাত্বতায়োৎসসর্জ হ ॥৪২॥
শৈনেয়স্য ধনুশ্ছিত্ত্বা স খড়্গো ন্যপতদ্ভুবি ।
অলাতচক্রবচ্চৈব ব্যরোচত মহীং গতঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

জলেতি। শরানস্যতি ক্ষিপত্যনেনেতি শরাসনং ধনুঃ। ব্যসৃজৎ ন্যক্ষিপৎ ॥৩৯॥
স ইতি। স তোমরঃ, সব্যং বামম্, মাধবস্য মধুবংশীয়স্য সাত্যকেঃ ॥৪০॥
নির্ভিন্ন ইতি। ত্রিংশতেতি "বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে" ইত্যেকবচনম্ ॥৪১॥
প্রেতি। ঋষভস্য বৃষস্যেদমিত্যার্ষভম্। আবিধ্য ঘূর্ণয়িত্বা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥
শৈনেয়স্যেতি। অলাতচক্রবৎ অগ্নিসংশ্লিষ্টবক্রদারুখণ্ডবৎ ॥৪৩॥

মাননীয় রাজা! তখন জলসন্ধ শরযুক্ত সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া সত্বর সাত্যকির প্রতি একটা তোমর নিক্ষেপ করিলেন ॥৩৯॥

পরে সেই ভয়ঙ্কর তোমরটা যাইয়া সাত্যকির বাম বাহু ভেদ করিয়া শ্বাসকারী মহাসর্পের ন্যায় ভূতলে প্রবেশ করিল ॥৪০॥

বামবাহু বিদীর্ণ হইলে, যথার্থবিক্রমশালী সাত্যকি ত্রিশটা তীক্ষ্ণ বাণদ্বারা জলসন্ধকে তাড়ন করিলেন ॥৪১॥

তদনন্তর মহাবল জলসন্ধ একখানা তরবারি এবং বিশাল, শতচন্দ্রচিহ্নযুক্ত ও উজ্জ্বল একটা বৃষচর্ম্ম (ঢাল) গ্রহণ করিয়া সেই তরবারিখানা ঘুরাইয়া তাহা সাত্যকির দিকে নিক্ষেপ করিলেন ॥৪২॥

সেই তরবারিখানা সাত্যকির ধনু ছেদন করিয়া ভূতলে পতিত হইল এবং ভূতলে পতিত হইয়া অগ্নিসংযুক্ত বক্র কাষ্ঠখণ্ডের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৪৩॥

(৪১)···ত্রিংশদ্ভির্বিশিখৈঃ বা নি। (৪২)···চর্ম্ম চ মহচ্ছতচন্দ্রকসঙ্কুলম্···বা নি। (৪৩)··· ন্যপতন্মহীম্···বা নি।

অথান্যদ্ধনুরাদায় পরকায়বিদারণম্।
শালস্তম্ভপ্রতীকাশমিন্দ্রাশনিসমস্বনম্।
বিস্ফার্য্য বিব্যধে ক্রুদ্ধো জলসন্ধং শরেণ চ ॥৪৪॥
ততঃ সাভরণৌ বাহূ ক্ষুরাভ্যাং মাধবোত্তমঃ।
সাত্যকির্জলসন্ধস্য চিচ্ছেদ প্রহসন্নিব ॥৪৫॥
তৌ বাহূ পরিঘপ্রখ্যৌ পেততুর্গজসত্তমাৎ।
বসুন্ধরাধরাদ্ভ্রষ্টৌ পঞ্চশীর্ষাবিবোরগৌ ॥৪৬॥
ততঃ সুদংষ্ট্রং সুহনু চারুকুণ্ডলমণ্ডিতম্।
ক্ষুরেণাস্য তৃতীয়েন শিরশ্চিচ্ছেদ সাত্যকিঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

অথেতি। পরকায়বিদারণং শরদ্বারা। বিস্ফার্য্য গুণারোপণেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪॥

তত ইতি। সাভরণৌ অলঙ্কারযুক্তৌ, ক্ষুরাভ্যাং ক্ষুরপ্রাখ্যবাণাভ্যাম্ ॥৪৫॥

তাবিতি। বসুন্ধরাধরাৎ পর্ব্বতাৎ। পঞ্চপঞ্চাঙ্গুলীযুক্তবাহ্বোঃ সাম্যার্থং পঞ্চশীর্ষা-বিত্যুক্তম্ ॥৪৬॥

তত ইতি। সুদংষ্ট্রং শোভনদন্তযুক্তম্, সুহনু সুন্দরচিবুকোপরিদেশশালি ॥৪৭॥

ভারতভাবদীপঃ

শৃণুষ্বেতি ॥১—৪১॥ ততো গ্রহণানন্তরম্, আবিধ্য সামর্থ্যিত্বা ॥৪২—৪৫॥ বসুন্ধরা-ধরাৎ পর্বতাৎ ॥৪৬—৫৬॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৯॥

তাহার পর সাত্যকি ক্রুদ্ধ হইয়া শালবৃক্ষের তুল্য দীর্ঘ ও স্থূল, ইন্দ্রের বজ্রের ন্যায় শব্দকারী এবং বাণদ্বারা অন্যের দেহবিদারণসমর্থ অন্য একখানা ধনু লইয়া তাহা বিস্ফারিত করিয়া একটা বাণদ্বারা জলসন্ধকে বিদ্ধ করিলেন ॥৪৪॥

তদনন্তর মধুবংশশ্রেষ্ঠ সাত্যকি হাসিতে হাসিতেই যেন দুইটা ক্ষুরপ্রদ্বারা জলসন্ধের অলঙ্কারযুক্ত বাহুদ্বয় ছেদন করিলেন ॥৪৫॥

তখন পরিঘতুল্য সেই বাহুযুগল, পর্ব্বতচ্যুত পঞ্চমস্তকযুক্ত দুইটা সর্পের ন্যায় সেই মহাহস্তী হইতে পতিত হইল ॥৪৬॥

(৪৪)…সর্বকায়াবদারণম্…বা নি। (৪৫)…সাঙ্গদৌ জলসন্ধস্য…বা নি। (৪৭) ততঃ সুদংষ্ট্রং সুভগম্…বঙ্গ বর্দ্ধ।

তৎ পাতিতশিরোবাহু কবন্ধং ভীমদর্শনম্ ।
দ্বিরদং জলসন্ধস্য রুধিরেণাভ্যষিঞ্চত ॥৪৮॥
জলসন্ধং নিহত্যাজৌ ত্বরমাণস্তু সাত্বতঃ ।
নৈষাদিং পাতয়ামাস গজস্কন্ধাদ্বিশাংপতে ! ॥৪৯॥
রুধিরেণাবসিক্তাঙ্গো জলসন্ধস্য কুঞ্জরঃ ।
বিলম্বমানমবহৎ সংশ্লিষ্টং পরমাসনম্ ॥৫০॥
শরার্দ্দিতঃ সাত্বতেন মর্দ্দমানঃ স্ববাহিনীম্ ।
ঘোরমার্ত্তস্বরং কৃত্বা বিদুদ্রাব মহাগজঃ ॥৫১॥
হাহাকারো মহানাসীত্তব সৈন্যস্য মারিষ ! ।
জলসন্ধং হতং দৃষ্ট্বা বৃষ্ণীনামৃষভেণ হ ॥৫২॥
বিমুখাশ্চাভ্যধাবন্ত তব যোধাঃ সমন্ততঃ ।
পলায়নকৃতোৎসাহা নিরুৎসাহা দ্বিষজ্জয়ে ॥৫৩॥

ভারতকৌমুদী

তদিতি। কবন্ধং তাদৃশকলেবরং কর্ত্তৃ। দ্বিরদং বাহনীভূতং গজম্ ॥৪৮॥
জলেতি। সাত্বতঃ সাত্যকিঃ। নৈষাদিং চালকম্ ॥৪৯॥
রুধিরেণেতি। বিলম্বমানম্ উদরাদধোদোলনপ্রবৃত্তম্, সংশ্লিষ্টং গাত্রলগ্নম্ ॥৫০॥
শরেতি। বিদুদ্রাব দ্রুতং রণস্থলাৎ প্রতস্থে, মহাগজো জলসন্ধস্য ॥৫১॥
হাহেতি। বৃষ্ণীনামৃষভেণ বৃষ্ণিবংশশ্রেষ্ঠেন সাত্যকিনা ॥৫২॥

তৎপরে আবার সাত্যকি তৃতীয় ক্ষুরপ্রদ্বারা জলসন্ধের সুন্দরদন্ত ও হনুযুক্ত এবং মনোহরকুণ্ডলমণ্ডিত মস্তকটী ছেদন করিলেন ॥৪৭॥

বাহু ও মস্তক পাতিত হইলে, জলসন্ধের সেই ভীমদর্শন কবন্ধটা রক্তদ্বারা হাতিটাকে সিক্ত করিতে লাগিল ॥৪৮॥

নরনাথ ! এদিকে সাত্যকি যুদ্ধে জলসন্ধকে বধ করিয়া ত্বরান্বিত হইয়া সেই হস্তিচালককেও হস্তিস্কন্ধ হইতে নিপাতিত করিলেন ॥৪৯॥

জলসন্ধের রক্তসিক্ত হস্তী উদরের নীচে লম্বমান গাত্রলগ্ন উত্তম আসনখানা বহন করিতে লাগিল ॥৫০॥

ক্রমে সেই মহাহস্তী সাত্যকির বাণে পীড়িত হইয়া আপন সৈন্যই মর্দ্দন করিতে থাকিয়া ভয়ঙ্কর আর্ত্তনাদ করিয়া দ্রুত প্রস্থান করিল ॥৫১॥

মাননীয় রাজা ! সাত্যকি জলসন্ধকে বধ করিয়াছেন দেখিয়া আপনার সৈন্যমধ্যে বিশাল হাহাকার উপস্থিত হইল ॥৫২॥

এতস্মিন্নন্তরে রাজন্! দ্রোণঃ শস্ত্রভৃতাং বরঃ।
অভ্যয়াজ্জবনৈরশ্বৈর্যুযুধানং মহারথম্ ॥৫৪॥
তমুদীর্ণং তথা দৃষ্ট্বা শৈনেয়ং কুরুপুঙ্গবাঃ।
দ্রোণেনৈব সহ ক্রুদ্ধাঃ সাত্যকিং সমুপাদ্রবন্ ॥৫৫॥
ততঃ প্রববৃতে যুদ্ধং কুরূণাং সাত্বতস্য চ।
দ্রোণস্য চ রণে রাজন্! ঘোরং দেবাসুরোপমম্ ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে জলসন্ধনিপাতে
নবনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

ভারতকৌমুদী

বিমুখা ইতি। অভ্যধাবন্ত প্রাণভয়েনেতি ভাবঃ ॥৫৩॥
এতস্মিন্নিতি। জবনৈর্বেগবদ্ভিঃ, যুযুধানং সাত্যকিম্ ॥৫৪॥
তমিতি। উদীর্ণং বর্দ্ধমানশক্তিম্। সমুপাদ্রবন্ অভ্যধাবন্ ॥৫৫॥
তত ইতি। সাত্বতস্য সাত্যকেঃ। রণে রণস্থলে ॥৫৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে নবনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

আপনার যোদ্ধারা পরাঙ্মুখ, পলায়নে সোৎসাহ এবং শত্রুজয়ে নিরুৎসাহ হইয়া সকল দিকে ছুটিতে লাগিল ॥৫৩॥

রাজা! এই সময়ে অস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ বেগবান্ অশ্বগণের গুণে সত্বর মহারথ সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥৫৪॥

সাত্যকিকে সেইরূপ বর্দ্ধমানশক্তি দেখিয়া কৌরবশ্রেষ্ঠেরাও ক্রুদ্ধ হইয়া দ্রোণের সহিতই তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৫৫॥

রাজা! তাহার পর সেই রণস্থলে দ্রোণ, কৌরবগণ ও সাত্যকির দেবাসুরযুদ্ধতুল্য ভয়ঙ্কর যুদ্ধ লাগিয়া গেল ॥৫৬॥

———:০:———

* '... ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '... পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

শততমোঽধ্যায়ঃ।

—————:✱:—————

সঞ্জয় উবাচ।

তে কিরন্তঃ শরব্রাতান্ সর্ব্বে যত্তাঃ প্রহারিণঃ।
ত্বরমাণা মহারাজ! যুযুধানমযোধয়ন্ ॥১॥
তং দ্রোণঃ সপ্তসপ্তত্যাজঘান নিশিতৈঃ শরৈঃ।
দুর্ম্মর্ষণো দ্বাদশভির্দুঃসহো দশভিঃ শরৈঃ ॥২॥
বিকর্ণশ্চাপি নিশিতৈস্ত্রিংশতা কঙ্কপত্রিভিঃ।
বিব্যাধ সব্যে পার্শ্বে তু স্তনয়োরন্তরে তথা ॥৩॥
দুর্ম্মুখো দশভির্বাণৈস্তথা দুঃশাসনোঽষ্টভিঃ।
চিত্রসেনশ্চ শৈনেয়ং দ্বাভ্যাং বিব্যাধ মারিষ! ॥৪॥

ভারতকৌমুদী

ত ইতি। শরাণাং ব্রাতান্ সমূহান্, যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ ॥১॥
তমিতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥২॥
বিকর্ণ ইতি। কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা এষাং সন্তীতি তৈঃ ॥৩॥
দুর্ম্মুখ ইতি। হে মারিষ! আর্য্য! মাননীয়! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! প্রহারনিপুণ সেই কৌরবশ্রেষ্ঠেরা সকলে জয়ে যত্নবান্ ও ত্বরাপরায়ণ হইয়া বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া সাত্যকির সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১॥

ক্রমে দ্রোণ সপ্তসপ্ততিসংখ্যক সুধার বাণদ্বারা এবং দুর্ম্মর্ষণ বারটা ও দুঃসহ দশটা শরদ্বারা সাত্যকিকে আঘাত করিলেন ॥২॥

বিকর্ণও সুধার ত্রিশটা বাণদ্বারা সাত্যকির বামপার্শ্ব ও বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৩॥

মাননীয় রাজা! পরে দুর্ম্মুখ দশটা, দুঃশাসন আটটা ও চিত্রসেন দুইটা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিলেন ॥৪॥

(৩)···ত্রিংশদ্ভিঃ কঙ্কপত্রিভিঃ···বঙ্গ বর্দ্ধ বা নি,···স্তনাভ্যামন্তরে তথা—বা, বিব্যাধ মার্গ নৈস্তৃর্ণং বামপার্শ্বে স্তনান্তরে—নি।

দুর্য্যোধনশ্চ মহতা শরবর্ষেণ মাধবম্।
অপীড়য়দ্রণে রাজন্! শূরাশ্চান্যে মহারথাঃ ॥৫॥
সর্ব্বতঃ প্রতিবিদ্ধস্তু তব পুত্রৈর্ম্মহারথঃ।
তান্ প্রত্যবিধ্যচ্ছৈনেয়ঃ পৃথক্ পৃথগজিহ্মগৈঃ ॥৬॥
ভারদ্বাজং ত্রিভির্ব্বাণৈর্দুঃসহং দশভিঃ শরৈঃ।
বিকর্ণং পঞ্চবিংশত্যা চিত্রসেনঞ্চ সপ্তভিঃ ॥৭॥
দুর্ম্মর্ষণং দ্বাদশভিরষ্টাভিশ্চ বিবিংশতিম্।
সত্যব্রতঞ্চ নবভির্বিজয়ং দশভিঃ শরৈঃ ॥৮॥ (যুগ্মকম্)
ততো রুক্মাঙ্গদং চাপং বিধুন্বানো মহারথঃ।
অভ্যয়াৎ সাত্যকিস্তূর্ণং পুত্রং তব মহারথম্ ॥৯॥
রাজানং সর্ব্বলোকস্য সর্ব্বশস্ত্রভৃতাং বরম্।
শরৈরভ্যহনদ্‌গাঢ়ং ততো যুদ্ধমভূত্তয়োঃ ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। মাধবং মধুবংশীয়ং সাত্যকিম্। অন্যে চাপীড়য়ন্ ॥৫॥

সর্বত ইতি। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ ॥৬॥

অথ কতমং কতিভিঃ শরৈঃ প্রত্যবিধ্যদিত্যাহ ভারেতি। ভারদ্বাজং দ্রোণম্। পঞ্চবিংশত্যেতি "বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে" ইত্যেকবচনম্। বিজয়মপি ধার্ত্তরাষ্ট্রমেব ॥৭—৮॥

তত ইতি। রুক্মং স্বর্ণময়ম্ অঙ্গদং মধ্যভূষণং যস্য তম্। বিধুন্বানশ্চালয়ন্। পুত্রং দুর্য্যোধনম্। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৯—১০॥

রাজা! তৎপরে দুর্য্যোধন যুদ্ধে বিশাল শরবর্ষণ করিয়া সাত্যকিকে পীড়ন করিতে লাগিলেন এবং অন্য বীর মহারথেরাও তাঁহাকে পীড়ন করিতে থাকিলেন ॥৫॥

মহারাজ! আপনার পুত্রেরা সকল দিক্ হইতে বিদ্ধ করিলে, মহারথ সাত্যকিও বাণদ্বারা পৃথক্ পৃথক্ ভাবে তাঁহাদিগকে প্রতিবিদ্ধ করিতে লাগিলেন ॥৬॥

সাত্যকি তিনটা বাণদ্বারা দ্রোণকে, দশটাদ্বারা দুঃসহকে, পঁচিশটাদ্বারা বিকর্ণকে, সাতটাদ্বারা চিত্রসেনকে, বারটাদ্বারা দুর্ম্মর্ষণকে, আটটাদ্বারা বিবিংশতিকে, নয়টাদ্বারা সত্যব্রতকে এবং দশটা বাণদ্বারা বিজয়কে প্রতিবিদ্ধ করিয়াছিলেন ॥৭—৮॥

---

(৬) ··তান্ প্রত্যবিধ্যদ্বার্ষ্ণেয়ঃ···বা নি।

বিসৃজন্তৌ শরাংস্তীক্ষ্ণান্ সন্দধানৌ চ সায়কান্।
অদৃশ্যং সমরেঽন্যোন্যং চক্রতুস্তৌ মহারথৌ ॥১১॥
সাত্যকিঃ কুরুরাজেন নির্বিদ্ধো বহ্বশোভত।
অস্রবদ্রুধিরং ভূরি স্বরসং চন্দনো যথা ॥১২॥
সাত্বতেন চ বাণৌঘৈর্নির্ব্বিদ্ধস্তনয়স্তব।
শাতকুম্ভময়াপীড়ো বভৌ যূপ ইবোচ্ছ্রিতঃ ॥১৩॥
মাধবস্তু রণে রাজন্! কুরুরাজস্য ধন্বিনঃ।
ধনুশ্চিচ্ছেদ সহসা ক্ষুরপ্রেণ হসন্নিব।
অথৈনং ছিন্নধন্বানং শরৈর্বহুভিরাচিনোৎ ॥১৪॥

ভারতকৌমুদী

বিসৃজন্তাবিতি। তৌ সাত্যকিদুর্য্যোধনৌ ॥১১॥
সাত্যকিরিতি। স্বরসং নিজনির্য্যাসম্, চন্দনো রক্তো রুধিরসাম্যাৎ ॥১২॥
সাত্বতেনেতি। শাতকুম্ভময়াপীড়ঃ স্বর্ণময়শেখরঃ। উচ্ছ্রিতো যজ্ঞে উত্তোলিতঃ ॥১৩॥
মাধব ইতি। মাধবো মধুবংশীয়ঃ সাত্যকিঃ। আচিনোৎ ব্যাপ্নোৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

তদনন্তর মহারথ সাত্যকি স্বর্ণখচিত ধনু সঞ্চালন করতঃ আপনার পুত্র মহারথ, সমগ্র লোকের রাজা ও সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দুর্য্যোধনের দিকে সত্বর গমন করিলেন এবং বহুতর বাণদ্বারা দৃঢ়ভাবে তাঁহাকে আঘাত করিলেন। তৎপরে তাঁহাদের যুদ্ধ হইতে লাগিল ॥৯—১০॥

ক্রমে সেই মহারথেরা দুই জন তীক্ষ্ণ বাণ সন্ধান ও তাহা নিক্ষেপ করিতে থাকিয়া রণস্থলে পরস্পরকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥১১॥

দুর্য্যোধন গুরুতর বিদ্ধ করিলে, সাত্যকি নিজ দেহ হইতে প্রচুর রক্ত নিঃসারণ করিতে থাকিয়া স্বনির্য্যাসস্রাবী রক্তচন্দনবৃক্ষের ন্যায় বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥১২॥

আবার সাত্যকিও বাণসমূহদ্বারা বিশেষ বিদ্ধ করিলে, আপনার পুত্র দুর্য্যোধনও স্বর্ণশেখরধারী উত্তোলিত যূপের তুল্য প্রকাশ পাইতে থাকিলেন ॥১৩॥

রাজা! তখন সাত্যকি হাসিতে হাসিতেই যেন একটা ক্ষুরপ্রদ্বারা সত্বর

(১১) বিমুঞ্চন্তৌ শরান্…বা নি। (১৩) স সাত্বতেন বাণৌঘৈঃ…পি বঙ্গ বর্দ্ধ। (১৪)…ধনুশ্চিচ্ছেদ সমরে…বা নি।

নির্ভিন্নশ্চ শরৈস্তেন দ্বিষতা ক্ষিপ্রকারিণা।
নামৃষ্যত রণে রাজা শত্রোর্ব্বিজয়লক্ষণম্ ॥১৫॥
অথান্যদ্ধনুরাদায় হেমপৃষ্ঠং দুরাসদম্।
বিব্যাধ সাত্যকিং তূর্ণং সায়কানাং শতেন হ ॥১৬॥
সোঽতিবিদ্ধো বলবতা তব পুত্রেণ ধন্বিনা।
অমর্ষবশমাপন্নস্তব পুত্রমপীড়য়ৎ ॥১৭॥
পীড়িতং নৃপতিং দৃষ্ট্বা তব পুত্রা মহারথাঃ।
সাত্বতং শরবর্ষেণ চ্ছাদয়ামাসুরোজসা ॥১৮॥
স চ্ছাদ্যমানো বহুভিস্তব পুত্রৈর্মহারথৈঃ।
একৈকং পঞ্চভির্বিদ্ধ্বা পুনর্বিব্যাধ সপ্তভিঃ।
দুর্য্যোধনঞ্চ ত্বরিতো বিব্যাধাষ্টাভিরাশুগৈঃ ॥১৯॥

ভারতকৌমুদী

নির্ভিন্ন ইতি। নামৃষ্যত নাসহত। বিজয়লক্ষণং জয়সূচকং ধনুশ্ছেদম্ ॥১৫॥
অথেতি। হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্। বিব্যাধ রাজেত্যনুবৃত্তিঃ ॥১৬॥
স ইতি। অমর্ষবশমাপন্নঃ অতীবক্রুদ্ধ ইত্যর্থঃ ॥১৭॥
পীড়িতমিতি। নৃপতিং দুর্য্যোধনম্। সাত্বতং সাত্যকিম্। ওজসা বলেন ॥১৮॥
স ইতি। সপ্তভিরিতি বীপ্সাবগন্তব্যা। আশুগৈর্বাণৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

ধনুর্দ্ধর দুর্য্যোধনের ধনু ছেদন করিলেন, পরে আবার বহুতর বাণদ্বারা তাঁহাকে ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥১৪॥

ক্ষিপ্রকারী শত্রু সাত্যকি বাণদ্বারা বিদীর্ণ করিলে, রাজা দুর্য্যোধন যুদ্ধে শত্রুর সেই জয়ের লক্ষণ সহ্য করিলেন না ॥১৫॥

সুতরাং পরে তিনি স্বর্ণপৃষ্ঠ ও দুর্দ্ধর্ষ অন্য ধনু লইয়া সত্বর একশত বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিলেন ॥১৬॥

মহারাজ! বলবান্ ও ধনুর্দ্ধর আপনার পুত্র অত্যন্ত বিদ্ধ করিলে, সাত্যকি অতিশয় ক্রুদ্ধ হইয়া আপনার পুত্রকেও দারুণ পীড়ন করিলেন ॥১৭॥

রাজাকে পীড়িত দেখিয়া আপনার মহারথ অপর পুত্রেরা বলপূর্ব্বক বাণবর্ষণদ্বারা সাত্যকিকে আবৃত করিয়া ফেলিলেন ॥১৮॥

আপনার বহু মহারথ পুত্র আবৃত করিলে, সাত্যকি পাঁচ পাঁচটা বাণদ্বারা এক এক জনকে বিদ্ধ করিয়া পুনরায় সাত সাতটা বাণে তাঁহাদের প্রত্যেককে বিদ্ধ করিলেন এবং সত্বর আটটা বাণে দুর্য্যোধনকে তাড়ন করিলেন ॥১৯॥

(১৮)···তব পুত্রং মহারথাঃ···নি।

প্রহসংশ্চাস্য চিচ্ছেদ কার্ম্মুকং রিপুভীষণম্ ।
নাগং মণিময়ঞ্চৈব শরৈর্ধ্বজমপাতয়ৎ ॥২০॥
হত্বা চ চতুরো বাহাংশ্চতুর্ভির্নিশিতৈঃ শরৈঃ ।
সারথিং পাতয়ামাস ক্ষুরপ্রেণ মহাযশাঃ ॥২১॥
এতস্মিন্নন্তরে চৈব কুরুরাজং মহারথম্ ।
অবাকিরচ্ছরৈর্হৃষ্টো বহুভির্মর্ম্মভেদিভিঃ ॥২২॥
স বধ্যমানঃ সমরে শৈনেয়স্য শরোত্তমৈঃ ।
প্রাদ্রবৎ সহসা রাজন্ ! পুত্রো দুর্য্যোধনস্তব ।
আপ্লুতশ্চ ততো যানং চিত্রসেনস্য ধন্বিনঃ ॥২৩॥
হাহাভূতং জগচ্চাসীদ্দৃষ্ট্বা রাজানমাহবে ।
গ্রস্যমানং সাত্যকিনা খে সোমমিব রাহুণা ॥২৪॥

ভারতকৌমুদী

প্রহসন্নিতি। অস্য দুর্য্যোধনস্য। নাগং সর্পচিহ্নিতম্ ॥২০॥

হত্বেতি। বাহান্ অশ্বান্। ঈদৃশবীরত্বপ্রকাশনাদেব মহাযশা ইত্যাশয়ঃ ॥২১॥

এতস্মিন্নিতি। অন্তরে অবসরে। অবাকিরৎ আবৃণোৎ সাত্যকিরেব ॥২২॥

স ইতি। বধ্যমান আহন্যমানঃ। আপ্লুতঃ উৎপ্লুত্যারূঢ়ঃ, যানং রথম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

হাহেতি। হাহা হাহাকারি, জগৎ সর্বং কৌরবসৈন্যম্। খে আকাশে ॥২৪॥

আর তিনি হাস্য করিতে করিতে দুর্য্যোধনের শত্রু ভয়াবহ ধনু ছেদন করিলেন এবং বাণদ্বারা তাঁহার মণিময় নাগধ্বজ নিপাতিত করিলেন ॥২০॥

পরে মহাযশা সাত্যকি চারিটা সুধার বাণদ্বারা দুর্য্যোধনের চারিটা অশ্বকে বধ করিয়া একটা ক্ষুরপ্রদ্বারা তাঁহার সারথিকেও নিপাতিত করিলেন ॥২১॥

এবং তিনি আনন্দিত হইয়া এই অবসরে বহুতর মর্ম্মভেদী বাণদ্বারা মহারথ দুর্য্যোধনকে আবৃত করিয়া ফেলিলেন ॥২২॥

রাজা ! তখন আপনার পুত্র দুর্য্যোধন যুদ্ধে সাত্যকির উত্তম বাণে আহত হইয়া বেগে প্রস্থান করিলেন, পরে যাইয়া লাফ দিয়া ধনুর্দ্ধর চিত্রসেনের রথে উঠিলেন ॥২৩॥

সেই সময়ে আকাশে রাহুকর্ত্তৃক গ্রস্যমান চন্দ্রের ন্যায় রাজা দুর্য্যোধনকে

(২৩) স বিধ্যমানঃ সমরে···নি।

তং তু শব্দমথ শ্রুত্বা কৃতবর্ম্মা মহারথঃ।
অভ্যয়াৎ সহসা তত্র যত্রাস্তে মাধবঃ প্রভুঃ ॥২৫॥
বিধুন্বানো ধনুঃ শ্রেষ্ঠং চোদয়ংশ্চৈব বাজিনঃ।
ভর্ৎসয়ন্ সারথিং চোগ্রং যাহি যাহীতি সত্বরম্ ॥২৬॥ (যুগ্মকম্)
তমাপতন্তং সংপ্রেক্ষ্য ব্যাদিতাস্যমিবান্তকম্।
যুযুধানো মহারাজ! যন্তারমিদমব্রবীৎ ॥২৭॥
কৃতবর্ম্মা রথেনৈষ দ্রুতমাপততে শরী।
প্রত্যুদ্‌যাহি রথেনৈনং প্রবরং সর্বধন্বিনাম্ ॥২৮॥
ততঃ প্রজবিতাশ্বেন বিধিবৎ কল্পিতেন চ।
আসসাদ রণে ভোজং প্রতিমানং ধনুষ্মতাম্ ॥২৯॥

ভারতকৌমুদী

তমিতি। মাধবঃ সাত্যকিঃ, প্রভুরস্ত্রপ্রভাববান্। বিধুন্বানশ্চালয়ন্ ॥২৫—২৬॥

তমিতি। ব্যাদিতাস্যং প্রকটিতবদনম্। যুযুধানঃ সাত্যকিঃ, যন্তারং সারথিম্ ॥২৭॥

কৃতেতি। আপততে আগচ্ছতি, শরী প্রচুরশরযুক্তঃ। বহুত্বে ইন্ ॥২৮॥

তত ইতি। ততঃ প্রজবিতা সঞ্জাতমহাবেগা অশ্বা যস্য তেন, বিধিবৎ কল্পিতেন সজ্জিতেন চ রথেন, রণে, ধনুষ্মতাং প্রতিমানমাদর্শভূতম্, ভোজং কৃতবর্ম্মাণম্, আসসাদ সাত্যকিঃ প্রাপ ॥২৯॥

যুদ্ধে সাত্যকিকর্ত্তৃক গ্রস্যমান দেখিয়া সমস্ত কৌরবসৈন্য হাহাকার করিয়াছিল ॥২৪॥

তদনন্তর মহারথ কৃতবর্ম্মা সেই হাহাকার শুনিয়া—যেখানে অস্ত্রপ্রভাবশালী সাত্যকি ছিলেন, সেই দিকে বেগে প্রস্থান করিলেন। তৎকালে কৃতবর্ম্মা উত্তম ধনু সঞ্চালন, অশ্বগুলিকে প্রেরণ এবং 'সত্বর যাও, সত্বর যাও' বলিয়া ভীষণভাবে সারথিকে তিরস্কার করিতেছিলেন ॥২৫—২৬॥

মহারাজ! তখন বিবৃতবদন যমের ন্যায় কৃতবর্ম্মাকে আসিতে দেখিয়া সাত্যকি তাঁহার সারথিকে এই কথা বলিলেন—॥২৭॥

'সারথি! প্রচুরশরশালী এই কৃতবর্ম্মা রথারোহণে সত্বর আসিতেছেন। অতএব তুমি এই সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠের দিকে গমন কর' ॥২৮॥

তদনন্তর সাত্যকি বেগযুক্তঘোটকচালিত ও যথাবিধানে সজ্জিত রথে ধনুর্দ্ধরগণের আদর্শ কৃতবর্ম্মার সম্মুখে যাইয়া উপস্থিত হইলেন ॥২৯॥

(২৬)…ভর্ৎসয়ন্ সারথিঞ্চাগ্রে…বা নি। (২৯) ততঃ প্রজবিতাশ্বেন রথেন রথিনাং বরঃ…নি।

ততঃ পরমসংক্রুদ্ধৌ জ্বলিতাবিব পাবকৌ।
সমেয়াতাং নরব্যাঘ্রৌ ব্যাঘ্রাবিব তরস্বিনৌ ॥৩০॥
কৃতবর্ম্মা তু শৈনেয়ং ষড়্বিংশত্যা সমার্পয়ৎ।
নিশিতৈঃ সায়কৈস্তীক্ষ্ণৈর্যন্তারঞ্চাস্য সপ্তভিঃ ॥৩১॥
চতুরশ্চ হয়োদারাংশ্চতুর্ভিঃ পরমেষুভিঃ।
অবিধ্যৎ সাধু দান্তান্ বৈ সৈন্ধবান্ সাত্বতস্য হি ॥৩২॥
রুক্মধ্বজো রুক্মপৃষ্ঠং মহদ্বিস্ফার্য্য কার্ম্মুকম্।
রুক্মাঙ্গদী রুক্মবর্ম্মা রুক্মপুঙ্খৈরবাকিরৎ ॥৩৩॥
ততোঽশীতিং শিনেঃ পৌত্রঃ সায়কান্ কৃতবর্ম্মণে।
প্রাহিণোত্ত্বরয়া যুক্তো দ্রষ্টুকামো ধনঞ্জয়ম্ ॥৩৪॥
সোঽতিবিদ্ধো বলবতা শক্রুণা শক্রতাপনঃ।
সমকম্পত দুর্দ্ধর্ষঃ ক্ষিতিকম্পে যথাচলঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

তত ইতি। সমেয়াতাং সম্মিলিতাবভবতাম্। তরস্বিনৌ বলবন্তৌ ॥৩০॥
কৃতেতি। সমার্পয়ৎ সমপীড়য়ৎ। যন্তারং সারথিম্ ॥৩১॥
চতুর ইতি। হয়োদারান্ মহাশ্বান্। সাধু দান্তান্ সুশিক্ষিতান্ ॥৩২॥
রুক্মেতি। সর্বত্র রুক্মং স্বর্ণম্। রুক্মধ্বজঃ কৃতবর্ম্মা। রুক্মপুঙ্খৈঃ শরৈঃ ॥৩৩॥
তত ইতি। শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। প্রাহিণোৎ প্রৈরয়ৎ ॥৩৪॥

তৎপরে অত্যন্তক্রুদ্ধ ও প্রজ্বলিত দুইটা অগ্নির ন্যায় উত্তেজিত নরশ্রেষ্ঠ সাত্যকি ও কৃতবর্ম্মা দুইটা বলবান্ ব্যাঘ্রের ন্যায় সম্মিলিত হইলেন ॥৩০॥

ক্রমে কৃতবর্ম্মা ছাব্বিশটা সুধার ও তীক্ষ্ণ বাণদ্বারা সাত্যকিকে এবং অপর সাতটা বাণদ্বারা তাঁহার সারথিকে পীড়ন করিলেন ॥৩১॥

পরে চারিটা উত্তম বাণদ্বারা সাত্যকির সুশিক্ষিত সিন্ধুদেশীয় চারিটা বিশাল অশ্বকে বিদ্ধ করিলেন ॥৩২॥

তাহার পর স্বর্ণধ্বজ, স্বর্ণকেয়ূর ও স্বর্ণবর্ম্মশালী কৃতবর্ম্মা বিশাল ধনু বিস্ফারিত করিয়া সাত্যকির উপরে স্বর্ণপুঙ্খ বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩৩॥

তদনন্তর সাত্যকিও সত্বর অর্জ্জুনদর্শনাভিলাষী হইয়া কৃতবর্ম্মার দিকে আশীটা বাণ নিক্ষেপ করিলেন ॥৩৪॥

(৩০) ততো গভস্তিমংপ্রখ্যৌ · নি। (৩২) চতুরশ্চতুরো বাহান্···বা নি।

ত্রিষষ্ট্যা চতুরোঽশ্বান্ সারথিং সপ্তভিঃ শরৈঃ।
বিব্যাধ নিশিতৈস্তূর্ণং সাত্যকিঃ কৃতবর্ম্মণঃ ॥৩৬॥
সুবর্ণপুঙ্খং বিশিখং সমাধায় স সাত্যকিঃ।
ব্যসৃজত্তং মহাজ্বালং সংক্রুদ্ধমিব পন্নগম্ ॥৩৭॥
সোঽবিশৎ কৃতবর্ম্মাণং যমদণ্ডোপমঃ শরঃ।
জাম্বূনদবিচিত্রঞ্চ বর্ম্ম নির্ভিদ্য ভানুমৎ।
অভ্যগাদ্ধরণীমুগ্রো রুধিরেণ সমুক্ষিতঃ ॥৩৮॥
সঞ্জাতরুধিরশ্চাসৌ সাত্বতেষুভিরর্দ্দিতঃ।
সশরং ধনুরুৎসৃজ্য ন্যপতৎ স্যন্দনোত্তমাৎ ॥৩৯॥

ভারতকৌমুদী

স ইতি। শত্রোঃ সাত্যকের্বলবত্ত্বাদেব প্রহারস্য তীব্রতয়া কম্প ইত্যাশয়ঃ ॥৩৫॥
ত্রীতি। ত্রিষষ্ট্যা শরৈরিতি সম্বন্ধঃ, চতুরশ্চতুঃসংখ্যাকান্ ॥৩৬॥
সুবর্ণেতি। সমাধায় ধনুষি সংস্থাপ্য। মহাজ্বালং মহাতেজস্কম্ ॥৩৭॥
স ইতি। জাম্বূনদেন স্বর্ণেন বিচিত্রম্। ভানুমদুজ্জ্বলম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥
সঞ্জাতেতি। অসৌ কৃতবর্ম্মা, সাত্বতেষুভিঃ সাত্যকিশরৈঃ। স্যন্দনোত্তমাৎ রথশ্রেষ্ঠাৎ ॥৩৯॥

দুর্দ্ধর্ষ ও শত্রুতাপন কৃতবর্ম্মা প্রবল শত্রুকর্তৃক অত্যন্ত বিদ্ধ হইয়া ভূমিকম্পে পর্ব্বতের ন্যায় কাঁপিতে লাগিলেন ॥৩৫॥

বিব্যাধ সূতং বিশিখৈশ্চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৩১॥
সাত্যকিঞ্চ ত্রিভির্বিদ্ধা পুনর্বিব্যাধ সোঽষ্টভিঃ।
দুঃশাসনঃ ষোড়শভির্বিব্যাধ শিনিপুঙ্গবম্ ॥৩২॥
শকুনিঃ পঞ্চবিংশত্যা চিত্রসেনশ্চ সপ্তভিঃ।
দুঃসহঃ পঞ্চদশভির্বিব্যাধোরসি সাত্যকিম্ ॥৩৩॥
উৎস্ময়ন্ বৃষ্ণিশার্দ্দূলস্তথা বাণৈঃ সমাহতঃ।
তানবিধ্যন্মহারাজ! সর্বানেব ত্রিভিস্ত্রিভিঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

অতীতি। অতি অতিক্রম্য। বীতভীস্ত্যক্তভয়ঃ, লাঘবোপেতঃ ক্ষিপ্রকারী ॥৩০॥
তত ইতি। সাত্বতস্য সাত্যকেঃ। সূতং সারথিম্ ॥৩১॥
সাত্যকিমিতি। ত্রিভিঃ শরৈঃ। এবমন্যত্র। স দুর্য্যোধনঃ ॥৩২॥
শকুনিরিতি। পঞ্চবিংশত্যা শরৈঃ। উরসি বক্ষসি ॥৩৩॥
উদিতি। উৎস্ময়ন্ উন্মুখভাবেনেষদ্ধসন্, বৃষ্ণিশার্দ্দূলঃ সাত্যকিঃ ॥৩৪॥

ক্রমে পুরুষশ্রেষ্ঠ সাত্যকি নির্ভয় ও ক্ষিপ্রকারী হইয়া, কৃতিত্ব দেখাইতে থাকিয়া, অর্জ্জুনকে অতিক্রম করিয়া, যুদ্ধ করিতে লাগিলেন ॥৩০॥

তাহার পর রাজা দুর্য্যোধন তিনটা বাণদ্বারা সাত্যকির সারথিকে এবং চারিটা বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥৩১॥

পরে তিনি তিনটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়া আবার আটটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং দুঃশাসন ষোলটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৩২॥

ক্রমে শকুনি পঁচিশটা, চিত্রসেন সাতটা ও দুঃসহ পনরটা বাণদ্বারা সাত্যকির বক্ষস্থলে আঘাত করিলেন ॥৩৩॥

মহারাজ! এই সময়ে সাত্যকি সেইভাবে বাণতাড়িত হইয়া মন্দহাস্য করিতে থাকিয়া তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের সকলকেই তাড়ন করিলেন ॥৩৪॥

(৩০)···যুধ্যতে পুরুষর্ষভ! বঙ্গ বর্দ্ধ। (৩২)···পুনরষ্টাভিরেব চ · বা নি। (৩৩)··· চিত্রসেনশ্চ পঞ্চভিঃ···বা রি।

গাঢ়বিদ্ধানরীন্ কৃত্বা মার্গণৈঃ সোঽতিতেজনৈঃ।
শৈনেয়ঃ শ্যেনবৎ সংখ্যে ব্যচরল্লঘুবিক্রমঃ ॥৩৫॥
সৌবলস্য ধনুশ্ছিত্ত্বা হস্তাবাপং নিকৃত্য চ।
দুর্য্যোধনং ত্রিভির্বাণৈরভ্যবিধ্যৎ স্তনান্তরে ॥৩৬॥
চিত্রসেনং শতেনৈব দশভির্দুঃসহং তথা।
দুঃশাসনঞ্চ বিংশত্যা বিব্যাধ শিনিপুঙ্গবঃ ॥৩৭॥
অথান্যদ্ধনুরাদায় শ্যালস্তব বিশাংপতে !।
অষ্টাভিঃ সাত্যকিং বিদ্ধা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ ॥৩৮॥
দুঃশাসনশ্চ দশভির্দুঃসহশ্চ ত্রিভিঃ শরৈঃ।
দুর্ম্মুখশ্চ দ্বাদশভী রাজন্ ! বিব্যাধ সাত্যকিম্ ॥৩৯॥
দুর্য্যোধনস্ত্রিসপ্তত্যা বিদ্ধা ভারত ! মাধবম্।
ততোঽস্য নিশিতৈর্বাণৈস্ত্রিভির্বিব্যাধ সারথিম্ ॥৪০॥

ভারতকৌমুদী

গাঢ়েতি। মার্গণৈঃ শরৈঃ, অতিতেজনৈর্ম্মহাবেগৈঃ। লঘুবিক্রমো দ্রুতবিক্রমঃ ॥৩৫॥
সৌবলস্যেতি। সৌবলস্য শকুনেঃ, হস্তাবাপং চর্ম্মনির্ম্মিতং হস্তাবরণম্ ॥৩৬॥
চিত্রেতি। শতেনৈব শরৈরিতি শেষঃ। এবমন্যত্রাপি ॥৩৭॥
অথেতি। শ্যালঃ শকুনিঃ। অষ্টাভিঃ পঞ্চভিশ্চ শরৈঃ ॥৩৮॥
দুঃশাসন ইতি। বিব্যাধ তাড়য়ামাস ॥৩৯॥

দ্রুতবিক্রমশালী সাত্যকি মহাবেগসম্পন্ন বাণসমূহদ্বারা শত্রুগণকে গাঢ়বিদ্ধ করিয়া শ্যেনপক্ষীর ন্যায় রণস্থলে বিচরণ করিতে লাগিলেন ॥৩৫॥

পরে তিনি শকুনির ধনু ও হস্তাবাপ ছেদন করিয়া তিনটা বাণদ্বারা দুর্য্যোধনের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৩৬॥

তদনন্তর শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি একশত বাণদ্বারা চিত্রসেনকে, দশটাদ্বারা দুঃসহকে এবং কুড়িটাদ্বারা দুঃশাসনকে তাড়ন করিলেন ॥৩৭॥

নরনাথ ! তাহার পর আপনার শ্যালক শকুনি অন্য ধনু লইয়া আটটা-বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচটাদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩৮॥

রাজা ! ক্রমে দুঃশাসন দশটা, দুঃসহ তিনটা ও দুর্ম্মুখ বারটা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিলেন ॥৩৯॥

(৩৫)···বাণৈর্ম্মর্ম্মবিভেদিভিঃ। শ্যেনবদ্ব্যচরৎ সংখ্যে শৈনেয়ো লঘু সুষ্ঠু চ—পি।

তান্ সর্ব্বান্ সহিতান্ শূরান্ যতমানান্ মহারথান্ ।
পঞ্চভিঃ পঞ্চভির্বাণৈঃ পুনর্বিব্যাধ সাত্যকিঃ ॥৪১॥
ততঃ স রথিনাং শ্রেষ্ঠস্তব পুত্রস্য সারথিম্ ।
প্রজঘানাশু ভল্লেন স হতো ন্যপতদ্ভুবি ॥৪২॥
পতিতে সারথৌ তত্র তব পুত্ররথঃ প্রভো ! ।
বাতায়মানৈস্তৈরশ্বৈরপানীয়ত সঙ্গরাৎ ॥৪৩॥
তথাপরে তব সুতাঃ সৈনিকাশ্চ নরাধিপ ! ।
রাজ্ঞো রথমভিপ্রেক্ষ্য প্রাদ্রবন্ শতশো দিশঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। ত্রিসপ্তত্যা বাণৈঃ। মাধবং মধুবংশীয়ং সাত্যকিম্ ॥৪০॥
তানিতি। যতমানান্ জয়ায়েতি শেষঃ ॥৪১॥
তত ইতি। পুত্রস্য প্রাধান্যাদ্দুর্য্যোধনস্য। প্রজঘান আজঘান ॥৪২॥
পতিত ইতি। বাতায়মানৈর্বায়ুবদাচরদ্ভির্দ্রুতং গচ্ছদ্ভিঃ। সঙ্গরাৎ রণস্থলাৎ ॥৪৩॥
তথেতি। শতশঃ সৈনিকা ইতি সম্বন্ধঃ। রাজ্ঞো দুর্য্যোধনস্য। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪৪॥

ভরতনন্দন! পরে দুর্য্যোধন তিয়াত্তরটা বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিয়া তৎপরে তিনটা সুধার বাণদ্বারা উঁহার সারথিকেও পীড়ন করিলেন ॥৪০॥

সেই বীর ও মহারথেরা সকলে মিলিত হইয়া জয়ের জন্য যত্ন করিতে থাকিলে, সাত্যকি পুনরায় পাঁচ পাঁচটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে বিদ্ধ করিলেন ॥৪১॥

তদনন্তর রথিশ্রেষ্ঠ সাত্যকি একটা ভল্লদ্বারা আপনার পুত্র দুর্য্যোধনের সারথিকে আঘাত করিলেন; তৎক্ষণাৎ সে নিহত হইয়া ভূতলে পতিত হইল ॥৪২॥

রাজা! সারথি পতিত হইলে, সেই অশ্বগুলি বায়ুর ন্যায় দ্রুতগতিদ্বারা আপনার পুত্রের রথখানাকে রণস্থল হইতে লইয়া গেল ॥৪৩॥

নরনাথ! তখন আপনার অন্য পুত্রেরা এবং শত শত সৈন্য রাজার রথের দিকে দৃষ্টিপাত করিয়া নানাদিকে পলায়ন করিতে লাগিলেন ॥৪৪॥

(৪১)···ভৃশং বিব্যাধ সাত্যকিঃ—পি। (৪৪) ততস্তব সুতা রাজন্!···বঙ্গ বর্দ্ধ, ততস্তব সুতো রাজন্! সৈনিকাশ্চ বিশাংপতে!।···বিদ্রুতাঃ শতশোঽভবন্—বা নি।

ততস্তৎ প্রদ্রুতং সৈন্যং দৃষ্ট্বা ভারত ! সাত্যকিঃ।
অবাকিরচ্ছরশতৈ রুক্মপুঙ্খৈর্মহারথঃ ॥৪৫॥
বিদ্রাব্য সর্ব্বসৈন্যানি তাবকানি সমন্ততঃ।
প্রযযৌ সাত্যকী রাজন্ ! শ্বেতাশ্বস্য রথং প্রতি ॥৪৬॥
তমরীনারুজন্তঞ্চ রক্ষন্তঞ্চৈব সারথিম্।
আত্মানং মোচয়ন্তঞ্চ তাবকাঃ সমপূজয়ন্ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে দুর্য্যোধনাদিপরাজয়ে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

তত ইতি। প্রদ্রুতং পলায়মানম্। অবাকিরৎ তদেবাপীড়য়ৎ ॥৪৫॥

বিদ্রাব্যেতি। বিদ্রাব্য নিপীড্য। শ্বেতাশ্বস্য অর্জ্জুনস্য ॥৪৬॥

তমিতি। আরুজন্তং নিপীড়য়ন্তম্। সমপূজয়ন্ প্রাশংসন্ ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভরতনন্দন ! তদনন্তর মহারথ সাত্যকি সেই সৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া স্বর্ণপুঙ্খ শত শত বাণদ্বারা তাহাদিগকে পীড়ন করিলেন ॥৪৫॥

রাজা ! সাত্যকি সকল দিকে আপনার সমস্ত সৈন্যকে পীড়ন করিয়া অর্জ্জুনের রথের দিকেই যাইতে থাকিলেন ॥৪৬॥

মহারাজ ! সাত্যকি একদা শত্রুগণকে পীড়ন, সারথিকে রক্ষা এবং আপনাকে মুক্ত করিতেছিলেন বলিয়া আপনার পক্ষের লোকেরা তাঁহার প্রশংসা করিতে লাগিল' ॥৪৭॥

———:০:———

(৪৫) বিদ্রুতং তন্মহৎ সৈন্যম্···বঙ্গ বৰ্দ্ধ,···শরৈস্তীক্ষ্ণৈরুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ—বঙ্গ বৰ্দ্ধ বা নি। (৪৭) তং শরানাদদানঞ্চ রক্ষমাণঞ্চ···বঙ্গ বৰ্দ্ধ বা নি। * '···অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '···বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা নি।

পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

ধৃতরাষ্ট্র উবাচ।

তৎ প্রমৃদ্য মহাসৈন্যং যান্তং সাত্যকিমর্জ্জুনম্।
নির্হ্রীকা মম তে পুত্রাঃ কিমকুর্ব্বত বীক্ষ্য বৈ ॥১॥
কথঞ্চৈষাং তদা যুদ্ধে ধৃতিরাসীচ্চ সঞ্জয়!।
শৈনেয়ে সমনুপ্রাপ্তে সদৃশে সব্যসাচিনঃ ॥২॥
বিদধে কিন্নু তৎ ক্ষত্রং তে চ যুদ্ধপরাজিতাঃ।
কথঞ্চ সাত্যকির্যুদ্ধে ব্যতিক্রান্তো মহাযশাঃ ॥৩॥
কথঞ্চ মম পুত্রাণাং জীবতামেব সঞ্জয়!।
শৈনেয়োঽভিযযৌ যুদ্ধে তন্মমাচক্ষ্ব তত্ত্বতঃ ॥৪॥

ভারতকৌমুদী

তদিতি। নির্হ্রীকা নির্লজ্জাঃ, পুনঃ পুনঃ পরাজয়েঽপি যুদ্ধপ্রবৃত্তেরিতি ভাবঃ ॥১॥
কথমিতি। এষাং মম পুত্রাণাম্। ধৃতির্ধৈর্য্যম্। সব্যসাচিনোঽর্জ্জুনস্য ॥২॥
বিদধ ইতি। ক্ষত্রং ক্ষত্রিয়গণঃ, তে মম পুত্রাশ্চ ॥৩॥
কথমিতি। অভিযযৌ অর্জ্জুনং প্রত্যভিযাতুং শশাক ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! সাত্যকি আমার সেই বিশাল সৈন্য মর্দ্দন করিয়া অর্জ্জুনের দিকে যাইতেছেন দেখিয়া আমার সেই নির্লজ্জ পুত্রেরা কি করিল? ॥১॥

সঞ্জয়! অর্জ্জুনের সদৃশ সাত্যকি উপস্থিত হইলে, তখন ইহাদের (আমার পুত্রদের) কি প্রকারে যুদ্ধে ধৈর্য্য থাকিল? ॥২॥

সেই ক্ষত্রিয়েরা তখন কি করিলেন? যুদ্ধে পরাজিত আমার সেই পুত্রেরাই বা কি করিল? মহাযশা সাত্যকিই বা কি ভাবে যুদ্ধে অন্যকে অতিক্রম করিলেন? ॥৩॥

সঞ্জয়! আমার পুত্রেরা জীবিত থাকিতেই বা কি করিয়া সাত্যকি অর্জ্জুনের দিকে যাইতে পারিলেন? এই সকল বিষয় তুমি আমার নিকট যথার্থ বল ॥৪॥

---

(১) সংপ্রমৃদ্য মহৎ সৈন্যং যান্তং শৈনেয়মর্জ্জুনম্‌··· কিমকুর্ব্বত সঞ্জয়!—বঙ্গ বর্দ্ধ বা নি।
(৪)···জীবতাং তত্র সঞ্জয়!···বঙ্গ বর্দ্ধ বা নি।

অত্যদ্ভুতমিদং তাত! ত্বৎসকাশাচ্ছৃণোম্যহম্।
একস্য বহুভির্যুদ্ধং শত্রুভির্ব্বৈ মহারথৈঃ ॥৫॥
বিপরীতমিদং দৈবং সূত! মন্যে সুতান্ প্রতি।
যত্রাবধ্যন্ত সমরে সাত্বতেন মহারথাঃ ॥৬॥
একস্য হি ন পর্য্যাপ্তং মৎসৈন্যং তস্য সঞ্জয়!।
ক্রুদ্ধস্য যুযুধানস্য সর্ব্বে তিষ্ঠন্তু পাণ্ডবাঃ ॥৭॥
নির্জিত্য সমরে দ্রোণং কৃতিনং যুদ্ধদুর্ম্মদম্।
যথা পশুগণান্ সিংহস্তদ্বদ্ধন্তা সুতান্ মম ॥৮॥
কৃতবর্ম্মাদিভিঃ শূরৈর্যত্তৈর্ব্বহুভিরাহবে।
যুযুধানো ন শকিতো জেতুং জেষ্যতি মে সুতান্ ॥৯॥

ভারতকৌমুদী

অতীতি। একস্য সাত্যকেঃ, বহুভির্মৎপুত্রাদিভিঃ ॥৫॥
বীতি। বিপরীতং প্রতিকূলম্। হে সূত! সূতবংশীয়! সঞ্জয়! ॥৬॥
একস্যেতি। পর্য্যাপ্তং যথেষ্টম্। তিষ্ঠন্তু বর্ণনে নিবর্ত্তন্তাম্ ॥৭॥
নির্জিত্যেতি। কৃতিনং যুদ্ধনিপুণম্। হন্তা হনিষ্যতি ॥৮॥
কৃতেতি। যত্তৈর্জয়ায় যত্নবদ্ভিঃ। যুযুধানঃ সাত্যকিঃ, শকিতঃ শক্তঃ ॥৯॥

বৎস! আমি তোমার নিকট এটা অতি অদ্ভুত বৃত্তান্ত শুনিলাম যে, বহুতর মহারথ শত্রুর সহিত একজনের যুদ্ধ হইয়াছিল ॥৫॥

সঞ্জয়! আমি মনে করি—এটা আমার পুত্রদের প্রতিকূল দৈবের কার্য্য। যে হেতু এক সাত্যকি অনেক মহারথকে যুদ্ধে বধ করিতে পারিয়াছেন ॥৬॥

সঞ্জয়! ক্রুদ্ধ সেই এক সাত্যকির নিকটেই আমার সেই সৈন্য পর্য্যাপ্ত হইল না, তাহাতে সমস্ত পাণ্ডবের কথা দূরে থা'ক ॥৭॥

অতএব সাত্যকি যুদ্ধনিপুণ ও যুদ্ধদুর্দ্ধর্ষ দ্রোণকে যুদ্ধে জয় করিয়া—সিংহ যেমন অপর পশুগণকে বধ করে, সেইরূপ আমার পুত্রগণকে বধ করিবে ॥৮॥

কৃতবর্ম্মপ্রভৃতি বহুতর বীর জয়ে যত্নবান্ হইয়াও সাত্যকিকে যুদ্ধে জয় করিতে পারেন নাই। অতএব সাত্যকিই আমার পুত্রগণকে জয় করিবেন ॥৯॥

(৬)…অহং মন্যে মন্দভাগ্যান্ সুতান্ প্রতি—বঙ্গ বর্দ্ধ,…মন্দভাগ্যং সুতং প্রতি…বা নি। (৮)…কৃতিনং চিত্রযোধিনম্…বা নি। (৯)…হন্তুং জ্যোষ্যতি…বঙ্গ বর্দ্ধ।

ন চৈতদীদৃশং কর্ম্ম কৃতবাংস্তত্র ফাল্গুনঃ।
যাদৃশং কৃতবান্ কর্ম্ম যুদ্ধে বীরঃ প্রতাপবান্ ॥১০॥

সঞ্জয় উবাচ।

শৃণুষ্ব রাজন্! সংগ্রামং নরবাজিগজক্ষয়ম্।
দুর্য্যোধনাপনীতেন তব দুর্ম্মন্ত্রিতেন চ ॥১১॥
তে পুনঃ সংন্যবর্ত্তন্ত কৃত্বা সংশপথান্ মিথঃ।
পরাং যুদ্ধে মতিং ক্রূরাং তব পুত্রস্য শাসনাৎ ॥১২॥
ত্রীণি সাদিসহস্রাণি দুর্য্যোধনপুরোগমাঃ।
শককাম্বোজবাহ্লীকা যবনাঃ পারদাস্তথা ॥১৩॥
কুলিন্দাস্তঙ্গনাম্বষ্ঠাঃ পৈশাচাশ্চ সমন্দরাঃ।
পার্ব্বতীয়াশ্চ রাজানঃ ক্রুদ্ধাঃ পাষাণপাণয়ঃ ॥১৪॥
অভ্যদ্রবন্ত শৈনেয়ং শলভা ইব পাবকম্।
শূরাঃ পঞ্চশতা রাজন্! শৈনেয়ং সমুপাদ্রবন্ ॥১৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

নেতি। ফাল্গুনঃ অর্জ্জুনঃ। বীরঃ সাত্যকিঃ ॥১০॥

শৃণুষ্বেতি। নরবাজিগজানাং ক্ষয়ো যস্মাত্তম্। দুর্য্যোধনস্যাপনীতেন দুর্নীত্যা ॥১১॥

ত ইতি। তে তব যোদ্ধারঃ। মিথঃ পরস্পরম্। মতিঞ্চ কৃত্বেতি সম্বন্ধঃ ॥১২॥

ত্রীণীতি। সাদিনাং গজাশ্বারোহিণাং সহস্রাণি। পৈশাচাঃ পিশাচদেশীয়াঃ। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্, শৈনেয়ং সাত্যকিম্, শলভাঃ পতঙ্গাঃ ॥১৩—১৫॥

বীর ও প্রতাপশালী সাত্যকি যুদ্ধে যেরূপ কার্য্য করিয়াছেন, অর্জ্জুনও তখন এরূপ কার্য্য করেন নাই' ॥১০॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনার কুমন্ত্রণায় এবং দুর্য্যোধনের দুর্নীতিতে হস্তী, অশ্ব ও মনুষ্যক্ষয়জনক যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা শ্রবণ করুন ॥১১॥

আপনার পুত্রের আদেশে সেই সৈন্যেরা পরস্পর গুরুতর শপথ এবং যুদ্ধসম্বন্ধে অত্যন্ত ক্রূর বুদ্ধি করিয়া পুনরায় ফিরিল ॥১২॥

রাজা! তিন হাজার গজারোহী ও অশ্বারোহী এবং শক, কাম্বোজ, বাহ্লীক, যবন, পারদ, কুলিন্দ, তঙ্গন, অম্বষ্ঠ, পৈশাচ, মন্দর ও পাষাণপাণি ক্রুদ্ধ পার্ব্বতীয় রাজারা—দুর্য্যোধনকে অগ্রবর্ত্তী করিয়া পতঙ্গসমূহ যেমন অগ্নির দিকে ধাবিত হয়, সেইরূপ সাত্যকির দিকে ধাবিত হইলেন; তদ্ভিন্ন অপর পাঁচশত বীরও তাঁহার দিকে চলিলেন ॥১৩—১৫॥

(১২)··· কৃত্বা সংশপ্তকান্ মিথঃ···পি বঙ্গ বদ্ধ।

তেতো রথসহস্রেণ মহারথশতেন চ।
দ্বিরদানাং সহস্রেণ দ্বিসাহস্রৈশ্চ বাজিভিঃ ॥১৬॥
শরবর্ষাণি মুঞ্চন্তো বিবিধানি মহারথাঃ।
অভ্যদ্রবন্ত শৈনেয়মসংখ্যেয়াশ্চ পত্তয়ঃ ॥১৭॥ (যুগ্মকম্)
তাংস্তু সঞ্চোদয়ন্ সর্ব্বান্ হতৈনমিতি ভারত!।
দুঃশাসনো মহারাজ! সাত্যকিং পর্য্যবারয়ৎ ॥১৮॥
তত্রাদ্ভুতমপশ্যাম শৈনেয়চরিতং মহৎ।
যদেকো বহুভিঃ সার্দ্ধমসংভ্রান্তমযুধ্যত ॥১৯॥
অবধীচ্চ রথানীকং দ্বিরদানাঞ্চ তদ্বলম্।
সাদিনশ্চৈব তান্ সর্ব্বান্ দস্যূনপি চ সর্বশঃ ॥২০॥
তত্র চক্রৈর্বিমথিতৈর্ভগ্নৈশ্চ বিবিধায়ুধৈঃ।
অক্ষৈশ্চ বিবিধৈর্ভগ্নৈরীশাদণ্ডকবন্ধুরৈঃ ॥২১॥
কুঞ্জরৈর্মথিতৈশ্চৈব ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ।
বর্ম্মভিশ্চর্ম্মভিশ্চৈব বিনিকীর্ণৈঃ সমন্ততঃ ॥২২॥

ভারতকৌমুদী

তত ইতি। সর্ব্বত্র সহার্থে তৃতীয়া। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্ ॥১৬—১৭॥

তানিতি। সঞ্চোদয়ন্ সঞ্চালয়ন্, হত যূয়ং বিনাশয়ত ॥১৮॥

তত্রেতি। অসংভ্রান্তম্ অস্থিরতারহিতং যথা স্যাত্তথা ॥১৯॥

অবধীদিতি। সাদিনঃ অশ্বারোহিণঃ। দস্যূন্ অনার্য্যান্ ॥২০॥

তদনন্তর সহস্র রথী, শত মহারথ, সহস্র গজারোহী ও দ্বিসহস্র অশ্বারোহীর সহিত মহারথেরা এবং অসংখ্য পদাতি নানাবিধ বাণ বর্ষণ করিতে থাকিয়া সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥১৬—১৭॥

ভরতনন্দন মহারাজ! 'ইহাকে বধ কর' এই কথা বলিয়া দুঃশাসন তাঁহাদের সকলকে সঞ্চালন করিতে করিতে যাইয়া সাত্যকিকে পরিবেষ্টন করিলেন ॥১৮॥

তখন আমরা সাত্যকির গুরুতর অদ্ভুত চরিত্র দেখিলাম; যেহেতু তিনি একাকী বহুতর যোদ্ধার সহিত অবিচলিতভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥১৯॥

এবং তিনি রথিসৈন্য, হস্তিসৈন্য, অশ্বারোহিসৈন্য, আর সমস্ত অনার্য্য পদাতিসৈন্যকে বধও করিতে থাকিলেন ॥২০॥

(১৬)…দ্বিসাহস্রৈশ্চ বাজিনাম্—বঙ্গ বর্দ্ধ। (১৭) শরবর্ষাণি বর্ষন্তঃ…বঙ্গ বর্দ্ধ। (২১) ভগ্নৈশ্চ পরমায়ুধৈঃ… বা নি। (২২)… বর্ম্মভিশ্চ তথানীকৈর্ব্যবকীর্ণা বসুন্ধরা—বা নি।

স্রগ্‌ভিরাভরণৈর্ব্বস্ত্রৈরনুকর্ষৈশ্চ মারিষ ! ।
সংছন্না বসুধা তত্র দ্যৌগ্র্হৈরিব ভারত ! ॥২৩॥ (বিশেষকম্)
গিরিরূপধরাশ্চাপি পতিতাঃ কুঞ্জরোত্তমাঃ ।
অঞ্জনস্য কুলে জাতা বামনস্য চ ভারত ! ॥২৪॥
সুপ্রতীককুলে জাতা মহাপদ্মকুলে তথা ।
ঐরাবতকুলে চাপি তথান্যেষু কুলেষু চ ।
জাতা দন্তিবরা রাজন্ ! শেরতে স্ম মহাযুধি ॥২৫॥

ভারতকৌমুদী

তত্রেতি । ঈশাদণ্ডকবন্ধুরা রথস্য দারুবিশেষাঃ । বিনিকীর্ণৈর্বিক্ষিপ্তৈঃ । স্রগ্‌ভির্মাল্যৈঃ । অনুকর্ষৈর্নিম্নদারুভিঃ । সংছন্না আবৃতা । দ্যৌরাকাশম্ ॥২১—২৩॥

গিরীতি । গিরিরূপধরা বিশালত্বাৎ । অঞ্জনাদয়ো দিগ্‌গজাঃ । অত্র নীলকণ্ঠেন কৃতা ধৃতা বা কারিকা হেয়াঃ প্রমাণাভাবাৎ ॥২৪॥

সুপ্রতীকেতি । শেরতে স্ম শয়িতবন্তঃ । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

সংপ্রমৃষ্টেতি ॥১—২২॥ বামনস্য যমোপবাহ্যস্য । "চন্দ্রকান্তশিরোগ্রীবা নীচস্কন্ধা মনস্বিনঃ । ব্যূঢোরস্কাঃ সুনিশ্চিতা বামনান্বয়জা গজাঃ ॥" ॥২৪॥ সুপ্রতীকস্য ঈশোপবাহ্যস্য । সুবিভক্ত-মহাশীর্ষা জীমূতসদৃশপ্রভাঃ । প্রভূতহস্তা বলিনঃ সুপ্রতীককুলোদ্ভবাঃ ॥ মহাপদ্মস্য কুমুদকুলে, চণ্ডাঃ সমায়াতকরাঃ সুবদ্ধাবলিনোঽপি চ । মহাপদ্মান্বয়ভবা গজযুদ্ধপ্রিয়াগজাঃ ॥ শ্বেতবালনখাঃ শূরাঃ শ্বেতত্বকা মহাবলাঃ । উদগ্রাবয়বস্তশ্চ গজা ঐরাবতোদ্ভবাঃ ॥" অন্যেষু কুলেষু পুণ্ডরীক-পুষ্পদন্তসার্ব্বভৌমীয়েষু । "স্থিরাঃ শূনশিরোদন্তনিঃশব্দা বলিনোঽপি চ । শুক্লবর্ণনখাঃ শূরাঃ পুণ্ডরীকোদ্ভবাগজাঃ ॥ সমত্বগ্‌দশনাশ্চণ্ডা লম্বোষ্ঠাশ্চারুদর্শনাঃ । পীনায়তাননকরাঃ পুষ্পদন্তোদ্ভবা গজাঃ ॥ মণ্ডলাকৃতয়ঃ শূরাঃ সুবর্ম্মাণঃ সুদর্শনাঃ । পীনায়তাঙ্গাঃ পীনাভাঃ সার্ব্বভৌমকুলোদ্ভবাঃ ॥"

মাননীয় ভরতনন্দন রাজা ! তখন ভগ্ন চক্র, ছিন্ন নানাবিধ অস্ত্র, চূর্ণিত নানাপ্রকার রথকাষ্ঠ, ভগ্ন ঊর্দ্ধদণ্ড, তির্য্যগ্‌দণ্ড ও বক্র কাষ্ঠ, মথিত হস্তী, নিপাতিত ধ্বজ, সকল দিকে বিক্ষিপ্ত চর্ম্ম, বর্ম্ম, মাল্য, অলঙ্কার, বস্ত্র এবং রথের নীচের কাষ্ঠদ্বারা—গ্রহগণদ্বারা আকাশের ন্যায় সমরভূমি আবৃত হইয়া গেল ॥২১—২৩॥

ভরতনন্দন ! অঞ্জন ও বামনবংশে উৎপন্ন পর্ব্বতপ্রমাণ উত্তম হস্তী সকল পতিত হইতে লাগিল ॥২৪॥

(২৫)···শেরতে বহবো হতাঃ—বঙ্গ বর্দ্ধ বা নি ।

বনায়ুজান্ পার্ব্বতীয়ান্ কাম্বোজানথ বাহ্লিকান্।
তথা হয়বরান্ রাজন্! নিজঘ্নে তত্র সাত্যকিঃ ॥২৬॥
নানাদেশসমুত্থাংশ্চ নানাজাত্যাংশ্চ পত্তিকান্।
নিজঘ্নে তত্র শৈনেয়ঃ শতশোঽথ সহস্রশঃ ॥২৭॥
তেষু প্রকাল্যমানেষু দস্যূন্ দুঃশাসনোঽব্রবীৎ।
নিবর্ত্তধ্বমধর্ম্মজ্ঞা যুধ্যধ্বং কিং সৃতেন বঃ ॥২৮॥
তাংশ্চাপি ভগ্নান্ সংপ্রেক্ষ্য পুত্রো দুঃশাসনস্তব।
পাষাণযোধিনঃ শূরান্ পার্ব্বতীয়ানচোদয়ৎ ॥২৯॥
অশ্মযুদ্ধেষু কুশলান্ নৈতজ্জানাতি সাত্যকিঃ।
অশ্মযুদ্ধমজানন্তং হতৈনং যুদ্ধকামুকম্ ॥৩০॥ (যুদ্ধকম্)

ভারতকৌমুদী

বনেতি। বনায়ুপ্রভৃতয়ো দেশাস্তেষু জাতান্ সন্নদ্ধাংশ্চ ॥২৬।

নানেতি। নানাদেশেষু সমুত্থানুৎপন্নান্, নানাজাতিষু জাতান্ নানাজাত্যান্ ॥২৭॥

তেম্বিতি। প্রকাল্যমানেষু মর্দ্দ্যমানেষু, দস্যূননার্য্যান্। সৃতেনাপসরণেন ॥২৮॥

তানিতি। অপি তথাবিধমুক্তানপি। অচোদয়ৎ প্রৈরয়ৎ। অশ্মযুদ্ধেষু পাষাণযুদ্ধেষু কুশলান্ নিপুণান্, এতৎ অশ্মযুদ্ধম্। হত যূয়ং বিনাশয়ত ॥২৯—৩০॥

এবং রাজা! সুপ্রতীক, মহাপদ্ম ও ঐরাবতবংশজাত, আর অন্যান্য হস্তীর কুলে সমুৎপন্ন মহাহস্তিগণও মহাযুদ্ধে শয়ন করিতে থাকিল ॥২৫॥

তখন সাত্যকি—বনায়ু, কাম্বোজ ও বাহ্লিকদেশজাত এবং পার্ব্বতীয় উত্তম অশ্বসমূহকে বধ করিলেন ॥২৬॥

আর নানাদেশজাত ও নানাজাতীয় শত শত ও সহস্র সহস্র পদাতিকেও সাত্যকি সংহার করিলেন ॥২৭॥

সাত্যকি সেই সকলকে মর্দ্দন করিতে লাগিলে, দুঃশাসন অনার্য্য সৈন্য-গণকে বলিলেন—'হে ধর্ম্মানভিজ্ঞ সৈন্যগণ! তোমরা ফের, যুদ্ধ কর, অপসরণ করায় তোমাদের কি ফল হইবে' ॥২৮॥

তথাপি তাহারা অপসরণ করিতে লাগিল দেখিয়া আপনার পুত্র দুঃশাসন—পাষাণযোধী ও পাষাণযুদ্ধে নিপুণ পার্ব্বতীয় বীরগণকে বলিলেন—'সাত্যকি পাষাণযুদ্ধ জানে না, অথ চ যুদ্ধকামী। সুতরাং পাষাণযুদ্ধে অনভিজ্ঞ এই সাত্যকিটাকে তোমরা বধ কর ॥২৯—৩০॥

(২৭) নানাজাতীংশ্চ দন্তিনঃ··· বা নি। (২৯) তাংশ্চাতিভগ্নান্···বা নি।

তথৈব কুরবঃ সর্ব্বে নাশ্মযুদ্ধবিশারদাঃ।
অভিদ্রবত মা ভৈষ্ট ন বঃ প্রাপ্স্যতি সাত্যকিঃ ॥৩১॥
তে পার্ব্বতীয়া রাজানঃ সর্বে পাষাণপাণয়ঃ।
অভ্যদ্রবন্ত শৈনেয়ং রাজানমিব মন্ত্রিণঃ ॥৩২॥
ততো গজশিরঃপ্রখ্যৈরুপলৈঃ শৈলবাসিনঃ।
উদ্যতৈর্যুযুধানস্য পুরস্তে তস্থুরাহবে ॥৩৩॥
ক্ষেপণীয়ৈস্তথাপ্যন্যে সাত্বতস্য বধৈষিণঃ।
চোদিতাস্তব পুত্রেণ রুরুধুঃ সর্ব্বতো দিশঃ ॥৩৪॥
তেষামাপততামেব শিলাযুদ্ধং চিকীর্ষতাম্।
সাত্যকিঃ প্রতিসন্ধায় নিশিতান্ প্রাহিণোচ্ছরান্ ॥৩৫॥

ভারতকৌমুদী

তথেতি। অভিদ্রবত সাত্যকিমভিধাবত। প্রাপ্স্যতি প্রহারায় ॥৩১॥
ত ইতি। রাজানমিব মন্ত্রিণ ইত্যনেন তেষাং সভয়ত্বং সূচিতম্ ॥৩২॥
তত ইতি। গজশিরঃপ্রখ্যৈঃ হস্তিমস্তকতুল্যবিশালৈঃ, উপলৈঃ পাষাণৈঃ ॥৩৩॥
ক্ষেপেতি। ক্ষেপণীয়ৈরস্ত্রবিশেষৈঃ। চোদিতাঃ প্রেরিতাঃ, পুত্রেণ দুঃশাসনেন ॥৩৪॥
তেষামিতি। চিকীর্ষতাং কর্ত্তুমিচ্ছতাম্। প্রাহিণোৎ চিক্ষেপ ॥৩৫॥

অন্য কুরুবংশীয় সকলেও পাষাণযুদ্ধে নিপুণ নহেন। সুতরাং তোমরা সাত্যকির দিকে ধাবিত হও, ভয় করিও না, সাত্যকি তোমাদিগকে পাইবে না ॥৩১॥

তখন মন্ত্রীরা যেমন রাজার দিকে গমন করেন, সেইরূপ পাষাণধারী সেই পার্ব্বতীয় রাজারা সকলে সাত্যকির দিকে গমন করিতে লাগিলেন ॥৩২॥

তদনন্তর সেই পর্ব্বতবাসীরা হস্তীর মস্তকের তুল্য বৃহৎ বৃহৎ পাষাণ উত্তোলন করিয়া রণস্থলে সাত্যকির সম্মুখে দাঁড়াইল ॥৩৩॥

আপনার পুত্র দুঃশাসনের আদেশে অন্য সৈন্যেরাও সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া ক্ষেপণীয়াস্ত্র উত্তোলনপূর্ব্বক সাত্যকির সকল দিক্ রুদ্ধ করিল ॥৩৪॥

শিলাযুদ্ধ করিবার অভিলাষী সেই পার্ব্বতীয়েরা আসিতে লাগিলে, সাত্যকি সন্ধান করিয়া সুধার বাণ সকল নিক্ষেপ করিলেন ॥৩৫॥

(৩২) পাষাণযোধিনঃ···বা নি। (৩৫) ··ত্রিংশতং প্রাহিণোচ্ছরান্—বঙ্গ বর্দ্ধ।

তামশ্মবৃষ্টিমতুলাং পার্ব্বতীয়ৈঃ সমীরিতাম্।
বিভেদোরগসঙ্কাশৈর্নারাচৈঃ শিনিপুঙ্গবঃ ॥৩৬॥
তৈরশ্মচূর্ণৈর্দীপ্যদ্ভিঃ খদ্যোতানামিব ব্রজৈঃ।
প্রায়ঃ সৈন্যান্যবধ্যন্ত হাহাভূতানি মারিষ! ॥৩৭॥
ততঃ পঞ্চশতাঃ শূরাঃ সমুদ্যতমহাশিলাঃ।
নিকৃত্তবাহবো রাজন্! নিপেতুর্ধরণীতলে ॥৩৮॥
পুনর্দশশতাশ্চান্যে শতসাহস্রিণস্তথা।
সোপলৈর্ব্বাহুভিশ্ছিন্নৈঃ পেতুরপ্রাপ্য সাত্যকিম্ ॥৩৯॥
পাষাণযোধিনঃ শূরান্ যতমানানবস্থিতান্।
অবধীদ্বহুসাহস্রাংস্তদদ্ভুতমিবাভবৎ ॥৪০॥

ভারতকৌমুদী

তামিতি। অশ্মবৃষ্টিং পাষাণবৃষ্টিম্। সমীরিতাং ক্ষিপ্তাম্ ॥৩৬॥
তৈরিতি। দীপ্যদ্ভির্নারাচঘর্ষণেন জ্বলদ্ভিঃ। ব্রজৈঃ সমূহৈঃ ॥৩৭॥
তত ইতি। সমুদ্যতমহাশিলা উত্তোলিতবৃহৎপাষাণাঃ। নিকৃত্তবাহবশ্ছিন্নভুজাঃ ॥৩৮॥
পুনরিতি। শতসাহস্রিণো লক্ষান্তর্গতাঃ। সোপলৈঃ পাষাণসহিতৈঃ ॥৩৯॥
পাষাণেতি। যতমানান্ জয়ায়। একেন বহুসাহস্রহননমেবাদ্ভুতম্ ॥৪০॥

পরে শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি সর্পতুল্য নারাচসমূহদ্বারা পার্ব্বতীয়গণনিক্ষিপ্ত সেই অতুলনীয় শিলাবৃষ্টি বিদীর্ণ করিতে লাগিলেন ॥৩৬॥

মাননীয় রাজা! পতঙ্গসমূহের ন্যায় উজ্জ্বল সেই সকল শিলাচূর্ণ যাইয়া যাইয়া হাহাকারী প্রায় পার্ব্বতীয় সৈন্যকে বধ করিল ॥৩৭॥

রাজা! তাহার পর পাঁচশত বীর বিশাল শিলা উত্তোলন করার পরেই ছিন্নবাহু হইয়া ভূতলে পতিত হইল ॥৩৮॥

পুনরায় একলক্ষের অন্তর্গত একসহস্র সৈন্য শিলাযুক্ত বাহু ছিন্ন হওয়ায় সাত্যকিকে আঘাত করিবার পূর্ব্বেই পতিত হইল ॥৩৯॥

পাষাণযোধী বহুসহস্র বীর জয়ে যত্নবান্ হইয়া অবস্থান করিতেছিলেন, সাত্যকি তাহাদিগকেও বধ করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া মনে হইল ॥৪০॥

(৩৬) তামশ্মবৃষ্টিং তুমুলাম্ ··চিচ্ছেদোরগসঙ্কাশৈঃ···পি বা নি। (৩৭)···প্রায়ঃ সৈন্যান্যহন্যন্ত···পি বা নি।

ততঃ পুনস্তু সম্ভূয় তেঽশ্মবৃষ্টিং সমন্ততঃ।
অয়োহস্তাঃ শূলহস্তা দরদাস্তঙ্গনাঃ খশাঃ ॥৪১॥
লম্পাকাশ্চ কুলিন্দাশ্চ চিক্ষিপুস্তাংশ্চ সাত্যকিঃ।
নারাচৈঃ প্রতিবিব্যাধ প্রতিপত্তিবিশারদঃ ॥৪২॥ (যুগ্মকম্)
অদ্রীণাং ভিদ্যমানানামন্তরীক্ষে শিতৈঃ শরৈঃ।
শব্দেন প্রাদ্রবন্ রাজন্! গজাশ্বরথপত্তয়ঃ ॥৪৩॥
অশ্মচূর্ণৈঃ সমাকীর্ণা মনুষ্যা গজবাজিনঃ।
নাশক্নুবন্নবস্থাতুং ভ্রমরৈরিব দংশিতাঃ ॥৪৪॥
হতশিষ্টাঃ সরুধিরা ভিন্নমস্তকপিণ্ডিকাঃ।
কুঞ্জরা বর্জয়ামাসুর্যুযুধানরথং তদা ॥৪৫॥

ভারতকৌমুদী

তত ইতি। সম্ভূয় মিলিত্বা, অশ্মবৃষ্টিং পাষাণবর্ষণম্। অয়োহস্তা লৌহদণ্ডপাণয়ঃ। তান্ লৌহদণ্ডাদীন্ অস্ত্রবিশেষান্। প্রতীপত্তিবিশারদঃ প্রতিকারনিপুণঃ ॥৪১—৪২॥

অদ্রীণামিতি। অদ্রীণাম্ অদ্র্যঙ্গশিলানাম্। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪৩॥

অশ্মেতি। সমাকীর্ণা ব্যাপ্তদেহাঃ। দংশিতা দষ্টাঃ ॥৪৪॥

হতেতি। ভিন্নাঃ শরাঘাতেন বিদীর্ণা মস্তকপিণ্ডিকাঃ শিরঃকুম্ভা যেষাং তে ॥৪৫॥

ভারতভাবদীপঃ

॥২৫—৩৩॥ ক্ষেপণীয়ৈঃ শস্ত্রৈঃ ॥৩৫—৪০॥ ব্যাত্তমুখা ম্লেচ্ছবিশেষাঃ ॥৪১—৪২॥ অদ্রীণাং প্রস্তরাণাম্ ॥৪৩—৫৭॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৫॥

তদনন্তর পুনরায় সেই পার্ব্বতীয়গণ এবং লৌহদণ্ড ও শূলধারী দরদ, তঙ্গন, খশ, লম্পাক ও কুলিন্দগণ মিলিত হইয়া সকল দিক্ হইতে শিলাবৃষ্টি করিতে লাগিল; কিন্তু প্রতীকারনিপুণ সাত্যকি নারাচসমূহদ্বারা তাহা ব্যর্থ করিতে থাকিলেন ॥৪১—৪২॥

রাজা! তখন সাত্যকির সুধার বাণসমূহে ভিদ্যমান পাষাণসমূহের শব্দে কৌরবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতি সকল পলায়ন করিতে লাগিল ॥৪৩॥

ক্রমে পদাতি, হস্তী ও অশ্ব সকল পাষাণচূর্ণে আহত হইতে থাকিয়া ভ্রমরদষ্টের ন্যায় রণাঙ্গনে অবস্থান করিতে পারিল না ॥৪৪॥

(৪১) ততঃ পুনর্ব্যাত্তমুখাঃ…বা। (৪২)…নারাচৈঃ প্রতিচিচ্ছেদ…পি বা নি। (৪৪) অশ্মচূর্ণৈরবাকীর্ণাঃ…নি।

ততঃ শব্দঃ সমভবত্তব সৈন্যস্য মারিষ !।
মাধবেনার্দ্দ্যমানস্য সাগরস্যেব পর্ব্বণি ॥৪৬॥
তং শব্দং তুমুলং শ্রুত্বা দ্রোণো যন্তারমব্রবীৎ।
এষ সূত ! রণে ক্রুদ্ধঃ সাত্বতানাং মহারথঃ ॥৪৭॥
দারয়ন্ বহুধা সৈন্যং রণে চরতি কালবৎ।
যত্রৈষ তুমুলঃ শব্দস্তত্র সূত ! রথং নয় ॥৪৮॥ (যুগ্মকম্)
পাষাণযোধিভির্নূনং যুযুধানঃ সমাগতঃ।
তথাহি রথিনঃ সর্ব্বে হ্রিয়ন্তে বিদ্রুতৈর্হয়ৈঃ ॥৪৯॥
বিশস্ত্রকবচা রুগ্ণাস্তত্র তত্র পতন্তি চ।
ন শক্নুবন্তি যন্তারঃ সংযন্তুং তুমুলে হয়ান্ ॥৫০॥

ভারতকৌমুদী

তত ইতি। শব্দঃ কোলাহলঃ। মাধবেন সাত্যকিনা। পর্ব্বণি পূর্ণিমামাবাস্যয়োঃ ॥৪৬॥
তমিতি। যন্তারং সারথিম্। কালবৎ যম ইব ॥৪৭—৪৮॥
পাষাণেতি। সমাগতঃ সম্মিলিতঃ। বিদ্রুতৈদ্রুতমপসরদ্ভিঃ ॥৪৯॥
বিশস্ত্রেতি। রুগ্ণাঃ পীড়িতাঃ। যন্তারঃ সারথয়ঃ, সংযন্তুং নিরোদ্ধুম্ ॥৫০॥

তখন সাত্যকির বাণে মস্তককুম্ভ বিদীর্ণ হইতে লাগিলে, রক্তাক্তদেহ হতাবশিষ্ট হস্তিগণ সাত্যকির রথের সম্মুখ পরিত্যাগ করিয়া যাইতে লাগিল ॥৪৫॥

মাননীয় রাজা ! সাত্যকি পীড়ন করিতে থাকিলে, পূর্ণিমা বা অমাবস্যায় সমুদ্রের ন্যায় আপনার সৈন্যের মধ্যে কোলাহল হইতে থাকিল ॥৪৬॥

সেই তুমুল কোলাহল শুনিয়া দ্রোণ তাঁহার সারথিকে বলিলেন—'সারথি ! সাত্বতবংশের মহারথ এই সাত্যকি ক্রুদ্ধ হইয়া বহুপ্রকারে কৌরব-সৈন্য বিদীর্ণ করিতে থাকিয়া যমের ন্যায় রণস্থলে বিচরণ করিতেছেন। সুতরাং যেখানে এই তুমুল কোলাহল হইতেছে, সেইখানে আমার রথ লইয়া যাও ॥৪৭—৪৮॥

নিশ্চয়ই সাত্যকি পাষাণযোধীদের সহিত যুদ্ধে মিলিত হইয়াছেন। তাহাই দেখ—দ্রুতগামী অশ্বগণ সমস্ত রথীকে লইয়া যাইতেছে ॥৪৯॥

অস্ত্র ও কবচবিহীন রথীরা পীড়িত হইয়া সেই সেই স্থানে পতিত হইতেছেন এবং সারথিরা তুমুল যুদ্ধে অশ্বগণকে থামাইতে পারিতেছে না' ॥৫০॥

(৪৯)···হ্রিয়ন্তে বহুভির্হয়ৈঃ—বঙ্গ বর্দ্ধ।

ইত্যেবং বচনং শ্রুত্বা ভারদ্বাজস্য সারথিঃ।
প্রত্যুবাচ ততো দ্রোণং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্ ॥৫১॥
আয়ুষ্মন্! দ্রবতে সৈন্যং কৌরবেয়ং সমন্ততঃ।
পশ্য যোধান্ রণে ভিন্নান্ ধাবমানানিতস্ততঃ ॥৫২॥
ইমে চ সংহতাঃ শূরাঃ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
ত্বামেব হি জিঘাংসন্ত আদ্রবন্তি সমন্ততঃ ॥৫৩॥
অত্র কার্য্যং সমাধৎস্ব প্রাপ্তকালমরিন্দম!।
স্থানে বা গমনে বাপি দূরং যাতশ্চ সাত্যকিঃ ॥৫৪॥
তথৈবং বদতস্তস্য ভারদ্বাজস্য সারথেঃ।
প্রত্যদৃশ্যত শৈনেয়ো নিঘ্নন্ বহুবিধান্ রথান্ ॥৫৫॥

ভারতকৌমুদী

ইতীতি। ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৫১॥

আয়ুষ্মন্নিতি। দ্রবতে পলায়তে। ভিন্নান্ সংঘচ্যুতান্ ॥৫২॥

ইম ইতি। সংহতাঃ সংঘবদ্ধাঃ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ, আদ্রবন্তি আগচ্ছন্তি ॥৫৩॥

অত্রেতি। হে অরিন্দম! অত্রেদানীম্, প্রাপ্তকালং কালোচিতম্, স্থানে অবস্থিতৌ বা গমনে বাপি, কার্য্যং কর্ত্তব্যমবধারণম্, সমাধৎস্ব বিধেহি। তন্নতং কিমিত্যাহ দূরমিতি। সাত্যকির্দূরং যাতঃ। অতএব তদনুগমনং বিহায় এভিঃ সহ যোদ্ধুমত্রৈবাবতিষ্ঠস্বেত্যাশয়ঃ ॥৫৪॥

তথেতি। প্রত্যদৃশ্যত অস্মাভিঃ, শৈনেয়ঃ সাত্যকিঃ ॥৫৫॥

দ্রোণের এইরূপ কথা শুনিয়া তাঁহার সারথি সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণকে বলিল—॥৫১॥

'আয়ুষ্মন্! দেখুন—কৌরবসৈন্যেরা সকল দিকে পলায়ন করিতেছে এবং অপর যোদ্ধারা সংঘচ্যুত হইয়া নানাদিকে ধাবিত হইয়াছেন ॥৫২॥

এই বীর পাঞ্চালগণ পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া আপনাকেই বধ করিবার ইচ্ছা করিয়া সকল দিক্ হইতে আসিতেছে ॥৫৩॥

অতএব অরিন্দম! এখন থাকার বা যাওয়ার বিষয়ে কালোচিত কর্ত্তব্য নিশ্চয় করুন; সাত্যকিও দূরে গিয়াছেন' ॥৫৪॥

(৫২) সৈন্যং দ্রবতি চায়ুষ্মন্!···রণে ভগ্নান্ ধাবতো বৈ ততস্ততঃ—বা নি। (৫৩) এতে চ সংহতাঃ···ত্বামেবাভিজিঘাংসন্তঃ···বর্দ্ধ। (৫৪) তত্র কার্য্যম্··পি। (৫৫) তথা চ বদতঃ···পি, অথৈবং বদতঃ···বঙ্গ বর্দ্ধ।

তে বধ্যমানাঃ সমরে যুযুধানেন তাবকাঃ।
যুযুধানরথং ত্যক্ত্বা দ্রোণানীকং প্রদুদ্রুবুঃ ॥৫৬॥
যৈস্তু দুঃশাসনঃ সার্দ্ধং রথৈঃ পূর্ব্বং ন্যবর্ত্তত।
তে ভীতাস্ত্বভ্যধাবন্ত সর্বে দ্রোণরথং প্রতি ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে পাষাণযোধিপরাজয়ে
পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ষড়ধিকশততমোঽধ্যায়ঃ।

———(:*:)———

সঞ্জয় উবাচ।

দুঃশাসনরথং দৃষ্ট্বা সমীপে পর্য্যবস্থিতম্।
ভারদ্বাজস্ততো বাক্যং দুঃশাসনমথাব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

ত ইতি। যুযুধানেন সাত্যকিনা। প্রদুদ্রুবুর্দ্রুতং জগ্মুঃ ॥৫৬॥

যৈরিতি। ন্যবর্ত্তত সাত্যকিনা সহ যোদ্ধুমাগচ্ছৎ ॥৫৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

দুঃশাসনেতি। পর্য্যবস্থিতমাগত্যেতি শেষঃ। ভারদ্বাজো দ্রোণঃ ॥১॥

দ্রোণের সারথি এইরূপ বলিতেছিল, এমন সময়ে দেখা গেল—সাত্যকি নানাবিধ রথ নষ্ট করিতে করিতে যাইতেছেন ॥৫৫॥

রাজা! সাত্যকি যুদ্ধে বধ করিতে লাগিলে, আপনার পক্ষের সৈন্যেরা সাত্যকির রথ পরিত্যাগ করিয়া দ্রোণের সৈন্যের দিকেই ছুটিতে লাগিল ॥৫৬॥

পূর্ব্বে দুঃশাসন যে সকল রথীর সহিত ফিরিয়া আসিয়াছিলেন, তাঁহারা সকলেও ভীত হইয়া দ্রোণের রথের দিকে ধাবিত হইলেন' ॥৫৭॥

---

(৫৬)···দ্রোণানীকায় দুদ্রুবুঃ—বা নি। * '···একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ···' বঙ্গ বর্দ্ধ, 'একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ···' বা রা নি।

দুঃশাসন! রথাঃ সর্বে কস্মাদেতে প্রবিদ্রুতাঃ।
কচ্চিৎ ক্ষেমন্তু নৃপতেঃ কচ্চিজ্জীবতি সৈন্ধবঃ ॥২॥
রাজপুত্রো ভবানত্র রাজভ্রাতা মহারথঃ।
কিমর্থং দ্রবসে যুদ্ধে যৌবরাজ্যমবাপ্য হ ॥৩॥
দাসী জিতাসি দ্যূতে ত্বং যথাকামচরী ভব।
বাসসাং বাহিকা রাজ্ঞো ভ্রাতুর্জ্যেষ্ঠস্য মে ভব ॥৪॥
ন সন্তি পতয়স্তেঽদ্য সর্ব্বে ষণ্ডতিলৈঃ সমাঃ।
দুঃশাসনৈবমুক্ত্বা ত্বং পূর্ব্বং কস্মাৎ পলায়সে ॥৫॥
স্বয়ং বৈরং মহৎ কৃত্বা পাঞ্চালৈঃ পাণ্ডবৈঃ সহ।
একং সাত্যকিমাসাদ্য কথং ভীতোঽসি সংযুগে ॥৬॥

ভারতকৌমুদী

দুঃশাসনেতি। ক্ষেমং কুশলম্, নৃপতের্দুর্য্যোধনস্য। সৈন্ধবো জয়দ্রথঃ ॥২॥
সোল্লুণ্ঠনমাহ রাজেতি। অত্রেদানীম্, দ্রবসে পলায়সে ॥৩॥
দ্যূতকালে দ্রৌপদীং প্রতি দুঃশাসনোক্তিমনুবদতি দাসীতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য ॥৪॥
নেতি। ষণ্ডাঃ ক্লীবা অঙ্কুরজননাশক্তা যে তিলাস্তৈঃ, কিমপি কর্ত্তুমশক্তত্বাৎ।৫॥
স্বয়মিতি। পাণ্ডবৈঃ সহ বৈরকরণেনৈব দ্রৌপদীসম্বন্ধাৎ পাঞ্চালেষ্বপি তৎকরণম্ ॥৬॥

সঞ্জয় কহিলেন—'তাহার পর দুঃশাসনের রথ আসিয়া নিকটে দাঁড়াইল দেখিয়া তখন দ্রোণ দুঃশাসনকে এই কথা বলিলেন—॥১॥

'দুঃশাসন! এই রথ সকল ছুটিয়া আসিতেছে কেন? রাজার মঙ্গল ত? সিন্ধুরাজ (জয়দ্রথ) জীবিত আছেন ত? ॥২॥

তুমি রাজার পুত্র, রাজার ভ্রাতা ও মহারথ হইয়া এবং যৌবরাজ্য পাইয়া এখন যুদ্ধে পলায়ন করিতেছ কেন? ॥৩॥

'দ্রৌপদি! রাজা তোমাকে দ্যূতক্রীড়ায় জয় করিয়াছেন। সুতরাং তুমি তাঁহার দাসী হইয়াছ। অতএব তুমি রাজগৃহে ইচ্ছানুসারে বিচরণ কর এবং আমার জ্যেষ্ঠ ভ্রাতা রাজা দুর্য্যোধনের বস্ত্রবাহিনী হও ॥৪॥

আজ তোমার পতিরা নাই, উহারা সকলেই নপুংসক তিলের তুল্য হইয়া গিয়াছে'। দুঃশাসন! পূর্ব্বে তুমি এইরূপ বলিয়া এখন পলাইতেছ কেন? ॥৫॥

নিজেরাই পাণ্ডব ও পাঞ্চালগণের সহিত গুরুতর শত্রুতা করিয়া এখন যুদ্ধে এক সাত্যকিকে পাইয়াই ভীত হইয়াছ কেন? ॥৬॥

(২) কচ্চিৎ ক্ষেমং ন নৃপতেঃ··· পি। (৩)··অবাপ্য হি—পি,···অবাপ্য চ—বা নি।

ন জানীষে পুরা ত্বস্তু গৃহ্লন্নক্ষান্ দুরোদরে।
শরা হ্যেতে ভবিষ্যন্তি দারুণাশীবিষোপমাঃ ॥৭॥
অপ্রিয়াণাঞ্চ বচনং পাণ্ডবেষু বিশেষতঃ।
দ্রৌপদ্যাশ্চ পরিক্লেশস্তন্মূলো হ্যভবৎ পুরা ॥৮॥
ক্ক তে মানশ্চ দর্পশ্চ ক্ক তে তদ্বীরগর্জ্জিতম্।
আশীবিষসমান্ পার্থান্ কোপয়িত্বা ক্ক যাস্যসি ॥৯॥
শোচ্যেয়ং ভারতী সেনা রাজা চৈব সুযোধনঃ।
যস্য ত্বং কর্কশো ভ্রাতা পলায়নপরায়ণঃ ॥১০॥
নন্থু নাম ত্বয়া বীর! দীর্য্যমাণা ভয়ার্দ্দিতা।
স্ববাহুবলমাস্থায় রক্ষিতব্যা হ্যনীকিনী।
স ত্বমদ্য রণং হিত্বা ভীতো হর্ষয়সে পরান্ ॥১১॥

ভারতকৌমুদী

নেতি। দুরোদরে দ্যূতক্রীড়ায়াম্। এতে অক্ষাঃ, ভবিষ্যন্তি যুদ্ধোৎপাদনাৎ ॥৭॥
অপ্রিয়াণামিতি। তন্মূলো দ্যূতনিমিত্তঃ। এতৎ সর্বং সভাপর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥৮॥
ক্কেতি। আশীবিষসমান্ তীক্ষ্ণবিষসর্পতুল্যান্, পার্থান্ পাণ্ডবান্ ॥৯॥
শোচ্যেতি। ভারতী কৌরবী। কর্কশো দুর্ম্মুখঃ ॥১০॥
নন্বিতি। দীর্য্যমাণা পরৈর্ভজ্যমানা। হিত্বা পরিত্যজ্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

পূর্বে দ্যূতক্রীড়ার সময়ে পাশক গ্রহণ করিয়াছিলে; কিন্তু তখন ইহা বুঝিতে পার নাই যে, এই পাশকই ভবিষ্যতে দারুণসর্পতুল্য বাণ হইয়া যাইবে ॥৭॥

পাণ্ডবগণের উপরে বিশেষভাবে অপ্রিয়বাক্য বলা এবং দ্রৌপদীকে সর্বতোভাবে কষ্ট দেওয়া, এই সমস্তের কারণ হইয়াছিল একমাত্র সেই পূর্বের দ্যূতক্রীড়া ॥৮॥

তোমার সেই অভিমান, দর্প ও বীরগর্জ্জন আজ কোথায় গেল? তীক্ষ্ণবিষ সর্পের তুল্য পাণ্ডবগণের ক্রোধ জন্মাইয়া এখন কোথায় যাইবে? ॥৯॥

এই কৌরবসৈন্য ও তাহার প্রভু দুর্য্যোধন এই দু-ই শোকের বিষয় হইয়া পড়িয়াছেন। কারণ, যাহার রক্ষক ও যাঁহার দুর্ম্মুখ ভ্রাতা তুমি এখন পলায়নমাত্র সম্বল করিয়াছ ॥১০॥

---

(৮)…পাণ্ডবস্য বিশেষতঃ…নি। (৯) ক্ক তে বীর্য্যং ক্ক গর্জ্জিতম্…বা নি। (১০)…রাজ্ঞশ্চৈব…বা নি। (১১)…দার্য্যমাণা…নি।

বিদ্রুতে ত্বয়ি সৈন্যস্য নায়কে শক্রসূদন ! ।
কোঽন্যঃ স্থাস্যতি সংগ্রামে ভীতো ভীতব্যপাশ্রয়ঃ ॥১২॥
একেন সাত্বতেনাদ্য যুধ্যমানস্য চানঘ ! ।
পলায়নে তব মতিঃ সংগ্রামাদ্ধি প্রবর্ত্ততে ॥১৩॥
যদা গাণ্ডীবধন্বানং ভীমসেনঞ্চ কৌরব ! ।
যমৌ চ যুধি দ্রষ্টাসি তদা ত্বং কিং করিষ্যসি ॥১৪॥
এতে ফাল্গুনবাণানাং সূর্য্যাগ্নিসমতেজসাম্ ।
ন তুল্যাঃ সাত্যকিশরা যেভ্যো ভীতঃ পলায়সে ॥১৫॥
যদি তাবৎ কৃতা বুদ্ধিঃ পলায়নপরায়ণা ।
পৃথিবী ধর্ম্মরাজায় শমেনৈব প্রদীয়তাম্ ॥১৬॥

ভারতকৌমুদী

বীতি। বিদ্রুতে পলায়িতে। ভীতানাং ব্যপাশ্রয়ো বিশেষেণ রক্ষকঃ ॥১২॥
একেনেতি। সাত্বতেন সাত্যকিনা সহ। অনঘেতি সোল্লুণ্ঠনং সম্বোধনম্ ॥১৩॥
যদেতি। গাণ্ডীবধন্বানমর্জ্জুনম্। যমৌ নকুলসহদেবৌ, দ্রষ্টাসি দ্রক্ষ্যসি ॥১৪॥
এত ইতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। তদ্বাণবিষয়ত্বে তব কা গতির্ভবিষ্যতীত্যাশয়ঃ ॥১৫॥
যদীতি। পলায়নমেব পরম্ অয়নং বিষয়ো যস্যাঃ সা। শমেন শান্ত্যা ॥১৬॥

বীর ! বিপক্ষেরা সৈন্য বিদীর্ণ করিতে লাগিলে, আপন বাহুবল অবলম্বন করিয়া তোমারই সেই ভয়ার্ত্ত সৈন্য রক্ষা করা উচিত। সেই তুমি আজ ভীত হইয়া রণস্থল পরিত্যাগ করিয়া শক্রগণকে আনন্দিত করিতেছ ! ॥১১॥

শক্রদমন ! তুমি সৈন্যের নায়ক ছিলে, সেই অবস্থায় তুমি পলায়ন করিয়া আসিলে, ভীতরক্ষক অপর কোন্ ব্যক্তি ভীত অবস্থায় রণস্থলে থাকিবে ? ॥১২॥

নিষ্পাপ ! একমাত্র সাত্যকির সহিত যুদ্ধ করিবার সময়েই তোমার রণস্থল হইতে পলায়ন করিবার বুদ্ধি হইয়াছে ॥১৩॥

তাহাতে যখন অর্জ্জুন, ভীমসেন, নকুল ও সহদেবকে রণস্থলে দেখিতে পাইবে, তখন তুমি কি করিবে ? ॥১৪॥

সাত্যকির এই বাণগুলি, সূর্য্য ও অগ্নির তুল্য তেজস্বী অর্জ্জুনের বাণের তুল্য নহে ; যেগুলির ভয়ে তুমি পলায়ন করিয়া আসিয়াছ ॥১৫॥

তোমরা যদি পলায়নেই বুদ্ধি কর, তবে শান্তিপূর্ব্বকই (আপোষ-নিষ্পত্তিমতেই) যুধিষ্ঠিরকে রাজ্য দান কর ॥১৬॥

(১২)···ভীতে ব্যপাশ্রয়ে—নি। (১৫)···যেষাং ভীতঃ···বর্দ্ধ।

যাবৎ ফাল্গুনবাণা বৈ নির্ম্মুক্তোরগসন্নিভাঃ।
নাবিশন্তি শরীরং তে তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৭॥
যাবত্তে পৃথিবীং পার্থা হত্বা ভ্রাতৃশতং রণে।
নাক্ষিপন্তি মহাত্মানস্তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৮॥
যাবন্ন ক্রুধ্যতে রাজা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
কৃষ্ণশ্চ সমরশ্লাঘী তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৯॥
যাবদ্ভীমো মহাবাহুর্বিগাহ্য মহতীং চমূম্।
সোদরাংস্তে ন গৃহ্লাতি তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥২০॥
পূর্বমুক্তশ্চ তে ভ্রাতা ভীষ্মেণাসৌ সুযোধনঃ।
অজেয়াঃ পাণ্ডবাঃ সংখ্যে সৌম্য! সংশাম্য তৈঃ সহ ॥২১॥

ভারতকৌমুদী

যাবদিতি। নির্ম্মুক্তোরগসন্নিভাঃ ত্যক্তচর্ম্মসর্পতুল্যাঃ। সংশাম্য শান্তো ভব ॥১৭॥
যাবদিতি। নাক্ষিপন্তি বলাদাকৃষ্য ন নয়ন্তি ॥১৮॥
যাবদিতি। ধর্ম্মপুত্রস্ত ক্রোধে অধার্ম্মিকাণাং যুষ্মাকং নাস্তি নিস্তার ইতি ভাবঃ ॥১৯॥
যাবদিতি। বিগাহ্য আলোড্য। ন গৃহ্লাতি বধায় ন ধরতি ॥২০॥
ন কেবলমহমীদৃশমুক্তবান্ ব্রবীমি চেত্যাহ পূর্বমিতি। সংখ্যে যুদ্ধে ॥২১॥

ত্যক্তচর্ম্মা সর্পের তুল্য অর্জ্জুনের বাণ সকল যে পর্য্যন্ত তোমার দেহে প্রবেশ না করে, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্বক সন্ধি কর ॥১৭॥

মহাত্মা পাণ্ডবেরা যে পর্য্যন্ত তোমাদের একশত ভ্রাতাকে যুদ্ধে বধ করিয়া রাজত্ব গ্রহণ না করেন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তি-পূর্ব্বক সন্ধি কর ॥১৮॥

ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠির এবং সমরশ্লাঘী কৃষ্ণ যে পর্য্যন্ত ক্রুদ্ধ না হন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্বক সন্ধি কর ॥১৯॥

মহাবাহু ভীমসেন যে পর্য্যন্ত বিশাল কৌরবসৈন্য আলোড়ন করিয়া তোমার সহোদরগণকে না ধরেন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত সন্ধি কর ॥২০॥

দুঃশাসন! ভীষ্মও পূর্ব্বে তোমার ভ্রাতা দুর্য্যোধনকে বলিয়াছিলেন—'সৌম্য! পাণ্ডবেরা যুদ্ধে অজেয়। সুতরাং তুমি তাহাদের সহিত সন্ধি কর' ॥২১॥

(১৭) যাবৎ ফল্গুননারাচাঃ···নি। (২০)···সোদরাংস্তে ন মৃদ্নাতি···পি নি।

ন চ তৎ কৃতবান্ মন্দস্তব ভ্রাতা সুযোধনঃ ।
স যুদ্ধে ধৃতিমাস্থায় যত্তো যুধ্যস্ব কৌরব ! ॥২২॥
গচ্ছ তূর্ণং রথেনৈব যত্র তিষ্ঠতি সাত্যকিঃ ।
ত্বয়া হীনং বলং হ্যেতদ্বিদ্রবিষ্যতি ভারত ! ।
আত্মার্থং যোধয় রণে সাত্যকিং সত্যবিক্রমম্ ॥২৩॥
এবমুক্তস্তব সুতো নাবোচৎ কিঞ্চিদপ্যসৌ ।
শ্রুতমশ্রুতবৎ কৃত্বা প্রায়াদ্যেন স সাত্যকিঃ ॥২৪॥
সৈন্যেন মহতা যুক্তো ম্লেচ্ছানামনিবর্ত্তিনাম্ ।
আসাদ্য চ রণে যত্তো যুযুধানমযোধয়ৎ ॥২৫॥
দ্রোণোঽপি রথিনাং শ্রেষ্ঠঃ পাঞ্চালান্ পাণ্ডবাংস্তথা ।
অভ্যদ্রবৎ সুসংক্রুদ্ধো জবমাস্থায় মধ্যমম্ ॥২৬॥

ভারতকৌমুদী

নেতি। মন্দো মূঢ়ঃ। স ত্বম্, ধৃতিং ধৈর্য্যম্, যত্তো জয়ায় যত্নবান্ ॥২২॥

গচ্ছেতি। বিদ্রবিষ্যতি পলায়িষ্যতে। আত্মার্থং স্বযশঃপ্রচারার্থম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

এবমিতি। সুতো দুঃশাসনঃ। কৃত্বা উত্তরাদানেন, যেন দিগ্বিভাগেন ॥২৪॥

সৈন্যেনেতি। যত্তো জয়ায় যত্নবান্ সন্, যুযুধানং সাত্যকিম্ ॥২৫॥

দ্রোণ ইতি। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ, জবং বেগম্ ॥২৬॥

কিন্তু তোমার মূর্খ ভ্রাতা দুর্য্যোধন তাহা করে নাই। (সে যাহা হউক,) কৌরব! তুমি যুদ্ধে ধৈর্য্য অবলম্বন করিয়া এবং জয়ে যত্নবান্ হইয়া যুদ্ধ কর ॥২২॥

ভরতনন্দন! সাত্যকি যেখানে আছেন, তুমি রথারোহণে সত্বর সেই খানে যাও; কারণ, তুমি পরিত্যাগ করিয়া আসায় এই সৈন্যগণ পলায়ন করিবে। অতএব তুমি নিজের যশ প্রকাশ করিবার জন্যই যুদ্ধে যথার্থবিক্রম-শালী সাত্যকির সহিত যুদ্ধ কর' ॥২৩॥

দ্রোণ এইরূপ বলিলে, আপনার ঐ পুত্র (দুঃশাসন) কিছুই বলিলেন না, শ্রুতকে অশ্রুতের ন্যায় করিয়া—যেখানে সাত্যকি ছিলেন, সেই দিকে প্রস্থান করিলেন ॥২৪॥

তিনি অনিবর্ত্তী বিশাল ম্লেচ্ছসৈন্যের সহিত মিলিত হইয়া রণস্থলে যাইয়া যত্নের সহিত সাত্যকির সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন ॥২৫॥

(২২)···যুধ্যস্ব ভারত!—বর্দ্ধ।

প্রবিশ্য চ রণে দ্রোণঃ পাণ্ডবানাং বরূথিনীম্।
দ্রাবয়ামাস যোধান্ বৈ শতশোঽথ সহস্রশঃ ॥২৭॥
ততো দ্রোণো মহারাজ! নাম বিশ্রাব্য সংযুগে।
পাণ্ডুপাঞ্চালমৎস্যানাং প্রচক্রে কদনং মহৎ ॥২৮॥
তং জয়ন্তমনীকানি ভারদ্বাজং ততস্ততঃ।
পাঞ্চালপুত্রো দ্যুতিমান্ বীরকেতুঃ সমভ্যয়াৎ ॥২৯॥
স দ্রোণং পঞ্চভির্বাণৈর্বিদ্ধ্বা সন্নতপর্ব্বভিঃ।
ধ্বজমেকেন বিব্যাধ সারথিঞ্চাস্য সপ্তভিঃ ॥৩০॥
তত্রাদ্ভুতং মহারাজ! দৃষ্টবানস্মি সংযুগে।
যদ্দ্রোণো রভসো যুদ্ধে পাঞ্চাল্যং নাভ্যবর্ত্তত ॥৩১॥

ভারতকৌমুদী

প্রবিশ্যেতি। বরূথিনীং সেনাম্। দ্রাবয়ামাস মর্দ্দয়ামাস ॥২৭॥
তত ইতি। নাম স্বসংজ্ঞাম্, বিশ্রাব্য বীরত্বপ্রকাশায় বিশেষেণ শ্রাবয়িত্বা ॥২৮॥
তমিতি। পাঞ্চালস্য দ্রুপদস্য পুত্রঃ, দ্যুতিমান্ তেজস্বী, বীরকেতুর্নাম ॥২৯॥
স ইতি। বিদ্ধ্বা তাড়য়িত্বা, সন্নতপর্বভির্বক্রোপান্তৈঃ ॥৩০॥
তত্রেতি। রভসো বেগবান্, পাঞ্চাল্যং বীরকেতুম্ ॥৩১॥

ওদিকে রথিশ্রেষ্ঠ দ্রোণও অত্যন্তক্রুদ্ধ হইয়া মধ্যম বেগ অবলম্বন করিয়া পাঞ্চাল ও পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

ক্রমে দ্রোণ রণস্থলে পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিয়া শত শত ও সহস্র সহস্র যোদ্ধাকে মর্দ্দন করিতে লাগিলেন ॥২৭॥

মহারাজ! তৎপরে দ্রোণ যুদ্ধমধ্যে নিজের নাম শুনাইয়া শুনাইয়া পাণ্ডব, পাঞ্চাল ও মৎস্যসৈন্যগণের উপরে গুরুতর পীড়ন করিতে থাকিলেন ॥২৮॥

দ্রোণ নানাদিকে পাণ্ডবসৈন্য জয় করিতেছিলেন, এমন সময়ে দ্রুপদপুত্র তেজস্বী বীরকেতু তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৯॥

ক্রমে তিনি নতপর্ব্ব পাঁচটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিয়া একটাদ্বারা তাঁহার ধ্বজ ও সাতটাদ্বারা তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥৩০॥

মহারাজ! তখন আমি যুদ্ধে একটা আশ্চর্য্য দেখিলাম, যে হেতু যুদ্ধে বেগবান্ দ্রোণও বীরকেতুর সম্মুখে থাকিতে পারিলেন না ॥৩১॥

(২৭)…পাঞ্চালানামনীকিনীম্…পি। (৩১)…যদ্দ্রোণো রভসঃ যুদ্ধে পাঞ্চাল্যং নাভ্যবর্ত্তত—বা নি।

সন্নিরুদ্ধং রণে দ্রোণং পাঞ্চালা বীক্ষ্য মারিষ ! ।
আবব্রুঃ সর্ব্বতো রাজন্ ! ধর্ম্মপুত্রজয়ৈষিণঃ ॥৩২॥
তে শরৈরগ্নিসঙ্কাশৈস্তোমরৈশ্চ সহস্রশঃ ।
শস্ত্রৈশ্চ বিবিধৈ রাজন্ ! দ্রোণমেকমবাকিরন্ ॥৩৩॥
নিহত্য তান্ বাণগণৈর্দ্রোণো রাজন্ ! সমন্ততঃ ।
মহাজলধরান্ ব্যোম্নি মাতরিশ্বেব চাবভৌ ॥৩৪॥
ততঃ শরং মহাবেগং সূর্য্যপাবকসন্নিভম্ ।
সন্দধে পরবীরঘ্নো বীরকেতো রথং প্রতি ॥৩৫॥
স ভিত্ত্বা তু শরো রাজন্ ! পাঞ্চালকুলনন্দনম্ ।
অভ্যগাদ্ধরণীং তূর্ণং লোহিতার্দ্রো জ্বলন্নিব ॥৩৬॥

ভারতকৌমুদী

সন্নিরুদ্ধমিতি। হে মারিষ! আর্য্য!। আবব্রুঃ বিবেষ্টিরে ॥৩২॥
ত ইতি। অবাকিরন্ আবৃণ্বন্ ॥৩৩॥
নিহত্যেতি। মহাজলধরান্ বিশালমেঘান্, ব্যোম্নি গগনে, মাতরিশ্বা বায়ুঃ ॥৩৪॥
তত ইতি। পরবীরঘ্নো বিপক্ষবীরহন্তা দ্রোণঃ ॥৩৫॥
স ইতি। পাঞ্চালকুলনন্দনং বীরকেতুম্। লোহিতার্দ্রো রক্তসিক্তঃ ॥৩৬॥

মাননীয় রাজা! যুধিষ্ঠিরের জয়াভিলাষী পাঞ্চালেরা তখন দ্রোণকে যুদ্ধে নিরুদ্ধ দেখিয়া সকল দিকে যাইয়া তাঁহাকে পরিবেষ্টন করিল ॥৩২॥

রাজা! ক্রমে তাহারা অগ্নিতুল্য সহস্র সহস্র বাণ, তোমর ও অন্য নানাবিধ অস্ত্রদ্বারা এক দ্রোণকে আবৃত করিয়া ফেলিল ॥৩৩॥

রাজা! পরে বায়ু যেমন আকাশে বিশাল মেঘসমূহকে বিনষ্ট করে, সেইরূপ দ্রোণ বাণসমূহদ্বারা সমস্ত দিকের পাঞ্চালদিগকে বিনষ্ট করিয়া প্রকাশ পাইলেন ॥৩৪॥

তাহার পর বিপক্ষবীরহন্তা দ্রোণ মহাবেগশালী এবং সূর্য্য ও অগ্নির ন্যায় তেজস্বী একটা বাণ বীরকেতুর রথের দিকে সন্ধান করিলেন ॥৩৫॥

রাজা! সেই বাণটা যাইয়া বীরকেতুকে বিদীর্ণ করিয়া রক্তসিক্ত হইয়া জ্বলিতে জ্বলিতেই যেন সত্বর ভূমিতে প্রবেশ করিল ॥৩৬॥

(৩৩)...তোমরৈশ্চ মহাধনৈঃ...বঙ্গ বর্দ্ধ বা নি। (৩৪) নিবার্য্য তান্ বাণগণান্...নি,...মাতরিশ্বা বিবানিব—পি,...মাতরিশ্বা ইবাবভৌ—বঙ্গ বর্দ্ধ। (৩৬)...পাঞ্চাল্যকুলনন্দনম্...পি,...পাঞ্চাল্যং কুরুনন্দন!...বঙ্গ বর্দ্ধ।

ততোঽপতদ্রথাত্তূর্ণং পাঞ্চালকুলনন্দনঃ।
পর্বতাগ্রাদিব মহাংশ্চম্পকো বায়ুপীড়িতঃ ॥৩৭॥
তস্মিন্ হতে মহেষ্বাসে রাজপুত্রে মহারথে।
পাঞ্চালাস্ত্বরিতা দ্রোণং সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৩৮॥
চিত্রকেতুঃ সুধন্বা চ চিত্রবর্ম্মা চ ভারত!।
তথা চিত্ররথশ্চৈব ভ্রাতৃব্যসনকর্ষিতাঃ ॥৩৯॥
অভ্যদ্রবন্ত সহিতা ভারদ্বাজং যুযুৎসবঃ।
মুঞ্চন্তঃ শরবর্ষাণি বর্ষাস্বিব বলাহকাঃ ॥৪০॥ (যুগ্মকম্)
স বধ্যমানো বহুধা রাজপুত্রৈর্মহারথৈঃ।
ক্রোধমাহারয়ত্তেষামভাবায় দ্বিজর্ষভঃ।
ততঃ শরময়ং জালং দ্রোণস্তেষামবাসৃজৎ ॥৪১॥

ভারতকৌমুদী

তত ইতি। চম্পকো বৃক্ষঃ ॥৩৭॥

তস্মিন্নিতি। মহেষ্বাসে মহাধনুর্দ্ধরে। সমন্তাৎ সর্বাসু দিক্ষু ॥৩৮॥

চিত্রেতি। ভ্রাতুর্বীরকেতোর্ব্যসনেন বিনাশেন কর্ষিতাঃ শোকার্ত্তাঃ। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্, ভারদ্বাজং দ্রোণম্, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ। বলাহকা মেঘাঃ ॥৩৯—৪০॥

স ইতি। আহারয়দকরোৎ, অভাবায় বিনাশায়। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

তাহার পর বায়ুতাড়িত বিশাল চম্পকবৃক্ষ যেমন পর্ব্বতাগ্র হইতে পতিত হয়, সেইরূপ বীরকেতু সত্বর রথ হইতে পতিত হইলেন ॥৩৭॥

মহাধনুর্দ্ধর ও মহারথ সেই রাজপুত্র নিহত হইলে, পাঞ্চালেরা ত্বরান্বিত হইয়া সকল দিকে দ্রোণকে বেষ্টন করিল ॥৩৮॥

ভরতনন্দন! এবং ভ্রাতার মৃত্যুতে গুরুতর শোকার্ত্ত চিত্রকেতু, সুধন্বা, চিত্রবর্ম্মা ও চিত্ররথ সম্মিলিত হইয়া যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া বাণবর্ষণ করিতে করিতে বর্ষাকালের মেঘের ন্যায় দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৩৯—৪০॥

সেই মহারথ রাজপুত্রেরা বহুভাবে আঘাত করিতে লাগিলে, দ্রোণ তাঁহাদের বিনাশের জন্য ক্রোধ করিলেন এবং তৎপরে তাঁহাদের উপরে বাণসমূহ নিক্ষেপ করিলেন ॥৪১॥

---

(৩৮) ততো হতে·· পি। (৪০)·· শরবর্ষাণি তপান্তে জলদা ইব—বঙ্গ বর্দ্ধ বা নি।

তে হন্যমানা দ্রোণস্য শরৈরাকর্ণচোদিতৈঃ।
কর্ত্তব্যং নাভ্যজানন্ বৈ কুমারা রাজসত্তম ! ॥৪২॥
তান্ বিমূঢ়ান্ রণে দ্রোণঃ প্রহসন্নিব ভারত ! ।
ব্যশ্বসূতরথাংশ্চক্রে কুমারান্ কুপিতো রণে ॥৪৩॥
অথাপরৈঃ সুনিশিতৈর্ভল্লৈস্তেষাং মহাযশাঃ।
পুষ্পাণীব বিচিন্বান উত্তমাঙ্গান্যপাতয়ৎ ॥৪৪॥
তে রথেভ্যো হতাঃ পেতুঃ ক্ষিতৌ রাজন্ ! সুবর্চ্চসঃ।
দেবাসুরেষু যুদ্ধেষু যথা দৈতেয়দানবাঃ ॥৪৫॥
তান্ নিহত্য রণে রাজন্ ! ভারদ্বাজঃ প্রতাপবান্।
কার্ম্মুকং ভ্রাময়ামাস হেমপৃষ্ঠং দুরাসদম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

ত ইতি। আকর্ণচোদিতৈঃ আকর্ণাকৃষ্টকার্ম্মুকনিক্ষিপ্তৈঃ ॥৪২॥

তানিতি। বিগতা অশ্বাঃ সূতাঃ সারথয়ো রথাশ্চ যেষাং তান্ ॥৪৩॥

অথেতি। মহাযশা দ্রোণঃ। বিচিন্বানঃ সঞ্চিন্বন্, উত্তমাঙ্গানি শিরাংসি ॥৪৪॥

ত ইতি। সুবর্চ্চসঃ সুন্দরকান্তয়ঃ ॥৪৫॥

তানিতি। ভারদ্বাজো দ্রোণঃ। হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠদেশম্ ॥৪৬॥

রাজশ্রেষ্ঠ ! তখন দ্রোণের আকর্ণাকৃষ্টকার্ম্মুকনিক্ষিপ্ত বাণসমূহদ্বারা আহত হইতে থাকিয়া সেই রাজকুমারেরা কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৪২॥

ভরতনন্দন ! সেই রাজকুমারগণকে যুদ্ধে কর্ত্তব্যবিমূঢ় দেখিয়া কুপিত দ্রোণ হাসিতে হাসিতেই যেন তাঁহাদের অশ্ব, সারথি ও রথ বিনষ্ট করিলেন ॥৪৩॥

তদনন্তর মহাযশা দ্রোণ পুষ্প চয়ন করতই যেন অপর কতকগুলি সুধার ভল্লদ্বারা তাঁহাদের মস্তক চ্ছেদন করিলেন ॥৪৪॥

রাজা ! তখন দেবাসুরযুদ্ধে দৈত্য ও দানবগণ যেমন পতিত হইয়াছিল, সেইরূপ সেই মনোহরমূর্ত্তি রাজকুমারেরা রথ হইতে ভূতলে পতিত হইলেন ॥৪৫॥

রাজা ! প্রতাপশালী দ্রোণ যুদ্ধে তাঁহাদিগকে বধ করিয়া স্বর্ণখচিতপৃষ্ঠ ও দুর্দ্ধর্ষ ধনু ভ্রমণ করাইতে লাগিলেন ॥৪৬॥

(৪৩)…কুপিতঃ কঙ্কপত্রিণা—পি।

পাঞ্চালান্ নিহতান্ দৃষ্ট্বা দেবকল্পান্ মহারথান্।
ধৃষ্টদ্যুম্নো ভৃশোদ্বিগ্নো নেত্রাভ্যাং পাতয়ন্ জলম্।
অভ্যবর্ত্তত সংগ্রামে যত্তো দ্রোণরথং প্রতি ॥৪৭॥
ততো হাহেতি সহসা নাদঃ সমভবন্নৃপ!।
পাঞ্চাল্যেন রণে দৃষ্ট্বা দ্রোণমাবারিতং শরৈঃ ॥৪৮॥
স চ্ছাদ্যমানো বহুধা পার্ষতেন মহাত্মনা।
ন বিব্যথে ততো দ্রোণঃ স্ময়ন্নেবান্বযুধ্যত ॥৪৯॥
ততো দ্রোণং মহারাজ! পাঞ্চাল্যঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
আজঘানোরসি ক্রুদ্ধো নবত্যা নতপর্ব্বণাম্ ॥৫০॥
স গাঢ়বিদ্ধো বলিনা পার্ষতেন দ্বিজর্ষভঃ।
নিষসাদ রথোপস্থে কশ্মলঞ্চ জগাম হ ॥৫১॥

ভারতকৌমুদী

পাঞ্চালানিতি। পাঞ্চালান্ পাঞ্চালরাজপুত্রান্। যত্তো জয়ায় যত্নবান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥

তত ইতি। হাহেতি নাদঃ পাণ্ডবপক্ষে ধৃষ্টদ্যুম্নস্যাপি জীবনাশঙ্কয়া ॥৪৮॥

স ইতি। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্ ॥৪৯॥

তত ইতি। ক্রোধেন মূর্চ্ছিত উত্তেজিতঃ। উরসি বক্ষসি। নতপর্বণাং শরাণাম্ ॥৫০॥

স ইতি। নিষসাদ উপবিবেশ, রথস্য উপস্থে স্থিতিস্থানে, কশ্মলং মোহম্ ॥৫১॥

দেবতুল্য ও মহারথ পাঞ্চালরাজকুমারগণকে নিহত দেখিয়া ধৃষ্টদ্যুম্ন শোকে অস্থির হইয়া অশ্রুপাত করিতে থাকিয়া রণস্থলে দ্রোণের রথের দিকে যত্নপূর্ব্বক ধাবিত হইলেন ॥৪৭॥

রাজা! তৎপরে ধৃষ্টদ্যুম্ন বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বারণ করিলেন দেখিয়া তৎক্ষণাৎ পাণ্ডবপক্ষে হাহারব উঠিল ॥৪৮॥

মহাত্মা ধৃষ্টদ্যুম্ন বহুপ্রকারে দ্রোণকে আবৃত করিলেও তিনি ব্যথিত হইলেন না, বরং ঈষৎ হাস্য করিতে থাকিয়া যুদ্ধই করিতে থাকিলেন ॥৪৯॥

মহারাজ! তাহার পর ধৃষ্টদ্যুম্ন ক্রোধে উত্তেজিত হইয়া নব্বইটা নতপর্ব্ব বাণদ্বারা দ্রোণের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৫০॥

(৪৭)···ধৃষ্টদ্যুম্নো ভৃশং ক্রুদ্ধো নেত্রাভ্যামশ্রু পাতয়ন্···ক্রুদ্ধো দ্রোণরথং প্রতি—পি। (৪৯) সংছাদ্যমানঃ···পি বঙ্গ বর্দ্ধ। (৫১) স গাঢ়বিদ্ধো ব্যথিতো ভারদ্বাজো মহারথঃ···বঙ্গ বর্দ্ধ, স গাঢ়বিদ্ধো বলিনা ভারদ্বাজো মহাযশাঃ···বা নি।

তং বৈ তথাগতং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নঃ পরাক্রমী।
সমুৎস্বজ্য ধনুস্তূর্ণং জগ্রাহাসিং স বীর্য্যবান্ ॥৫২॥
অবপ্লুত্য রথাচ্চাপি ত্বরিতঃ স মহাবলঃ।
আরুরোহ রথং তূর্ণং ভারদ্বাজস্য মারিষ!।
হর্ত্তুমিচ্ছন্ শিরঃ কায়াৎ ক্রোধসংরক্তলোচনঃ ॥৫৩॥
লব্ধসংজ্ঞস্ততো দ্রোণশ্চাপমাদায় বীর্য্যবান্।
আসন্নমাগতং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নং জিঘাংসয়া ॥৫৪॥
শরৈর্বৈতস্তিকৈ রাজন্! বিব্যাধাসন্নবেধিভিঃ।
যোধয়ামাস সমরে ধৃষ্টদ্যুম্নং মহারথম্ ॥৫৫॥ (যুগ্মকম্)
তে হি বৈতস্তিকা নাম শরা আসন্নযোধিনঃ।
দ্রোণস্য বিদিতা রাজন্! যৈর্ধৃষ্টদ্যুম্নমাক্ষিণোৎ ॥৫৬॥

ভারতকৌমুদী

তমিতি। তথাগতং মোহপ্রাপ্তম্। সমুৎস্বজ্য বিহায় ॥৫২॥
অবেতি। ভারদ্বাজস্য দ্রোণস্য। শিরো দ্রোণস্যৈব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥
লব্ধেতি। আসন্নং সমীপম্। বিতস্তিঃ প্রমাণমেষামিতি বৈতস্তিকাস্তৈঃ।৫৪—৫৫॥
ত ইতি। আসন্নান্ সমীপস্থান্ যুধ্যস্তে প্রহরন্তীতি তে। আক্ষিণোদতাড়য়ৎ ॥৫৬॥

তখন ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ সবল-ধৃষ্টদ্যুম্নকর্ত্তৃক গাঢ়বিদ্ধ হইয়া রথমধ্যে উপবেশন করিলেন এবং মোহাপন্ন হইলেন ॥৫১॥

তাঁহাকে সেইরূপ দেখিয়া বলবান্ ও পরাক্রমশালী ধৃষ্টদ্যুম্ন সত্বর ধনু ত্যাগ করিয়া তরবারি ধারণ করিলেন ॥৫২॥

এবং মাননীয় রাজা! মহাবল ও ক্রোধে আরক্তনয়ন ধৃষ্টদ্যুম্নকে দ্রোণের দেহ হইতে মস্তক হরণ করিবার ইচ্ছা করিয়া সত্বর নিজের রথ হইতে লাফাইয়া যাইয়া দ্রোণের রথে আরোহণ করিলেন ॥৫৩॥

রাজা! তখন বলবান্ দ্রোণ চৈতন্য লাভ করিয়া ধৃষ্টদ্যুম্নকে জিঘাংসাবশতঃ নিকটে আগত দেখিয়া ধনু লইয়া আসন্নবেধী বিতস্তিপ্রমাণ বাণসমূহদ্বারা মহারথ ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন এবং তাহাদ্বারাই যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৪—৫৫॥

রাজা! দ্রোণ যেগুলিদ্বারা ধৃষ্টদ্যুম্নকে তাড়ন করিতেছিলেন, সেই বাণ-

(৫৩)…রথাচ্চৈব··পি। (৫৪) পর্য্যাশ্বস্তস্ততঃ…বঙ্গ বর্দ্ধ, প্রত্যাশ্বস্তস্ততঃ…বা নি। (৫৫)…নিত্যমাসন্নযোধিভিঃ·· বঙ্গ বর্দ্ধ।

স বধ্যমানো বহুভিঃ সায়কৈস্তৈর্মহারথঃ।
হৃতসঙ্কল্পভূয়িষ্ঠঃ প্রাদ্রবৎ স্বরথং প্রতি ॥৫৭॥
ততঃ স রথমারুহ্য প্রগৃহ্য চ মহদ্ধনুঃ।
বিব্যাধ সমরে দ্রোণং কঙ্কপত্রিভিরায়সৈঃ।
দ্রোণশ্চাপি মহারাজ! শরৈর্বিব্যাধ পার্ষতম্ ॥৫৮॥
তদদ্ভুতমভূদ্যুদ্ধং দ্রোণপাঞ্চাল্যয়োস্তদা।
ত্রৈলোক্যকাঙ্ক্ষিণোরাসীচ্ছক্রপ্রহ্লাদয়োরিব ॥৫৯॥
মণ্ডলানি বিচিত্রাণি যমকানীতরাণি চ।
চরন্তৌ যুদ্ধমার্গজ্ঞৌ ততক্ষতুরথেষুভিঃ ॥৬০॥
মোহয়ন্তৌ মনাংস্যাজৌ যোধানাং দ্রোণপার্ষতৌ।
সৃজন্তৌ শরবর্ষাণি বর্ষাস্বিব বলাহকৌ।
ছাদয়ন্তৌ মহাত্মানৌ শরৈর্ব্যোম দিশো মহীম্ ॥৬১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। হৃতং দ্রোণেন নাশিতং সঙ্কল্পস্য শিরশ্ছেদনেচ্ছায়া ভূয়িষ্ঠং যস্য সঃ ॥৫৭॥

তত ইতি। কঙ্কপত্রিভির্বাণৈঃ, আয়সৈর্লৌহময়ৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥

তদিতি। ত্রৈলোক্যকাঙ্ক্ষিণোস্ত্রিভুবনরাজত্বাভিলাষিণোঃ ॥৫৯॥

মণ্ডলানীতি। যমকানি তির্য্যগ্গমনানি। ততক্ষতুর্বিদারয়ামাসতুঃ, ইষুভির্বাণৈঃ। সৃজন্তৌ ক্ষিপন্তৌ। বলাহকৌ মেঘৌ। ব্যোম গগনম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬০—৬১॥

গুলির নাম—'বৈতস্তিক', সেগুলিদ্বারা নিকটবর্ত্তীকে প্রহার করিতে হয় এবং সেগুলি দ্রোণেরই জানা ছিল ॥৫৬॥

দ্রোণ বহুতর সেই বাণদ্বারা আঘাত করিতে লাগিলে এবং সঙ্কল্পের বহুভাগ বিনষ্ট করিলে, মহারথ ধৃষ্টদ্যুম্ন দ্রুত নিজের রথের দিকে গমন করিলেন ॥৫৭॥

মহারাজ! তাহার পর ধৃষ্টদ্যুম্ন নিজের রথে উঠিয়া এবং বিশাল ধনু লইয়া যুদ্ধে লৌহময় বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিতে লাগিলেন; আবার দ্রোণও বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে তাড়ন করিতে থাকিলেন ॥৫৮॥

রাজা! পূর্ব্বে ত্রিভুবনের রাজত্বাভিলাষী ইন্দ্র ও প্রহ্লাদের যেরূপ অদ্ভুত যুদ্ধ হইয়াছিল, সেইরূপ তখন দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল ॥৫৯॥

(৫৭)···তৈর্মহাবলঃ। অবপ্লুত্য রথাত্তূর্ণং ভগ্নবেগঃ পরাক্রমী—বঙ্গ বর্দ্ধ বা নি। (৫৮) আরুহ্য স্বরথং বীরঃ·· ধৃষ্টদ্যুম্নো মহারথঃ—বঙ্গ বর্দ্ধ বা নি।

তদদ্ভুতং তয়োর্যুদ্ধং ভূতসংঘা হ্যপূজয়ন্ ।
ক্ষত্রিয়াশ্চ মহারাজ ! যে চান্যে তত্র সৈনিকাঃ ॥৬২॥
অবশ্যং সমরে দ্রোণো ধৃষ্টদ্যুম্নেন সঙ্গতঃ ।
বশমেষ্যতি নো রাজন্ ! পাঞ্চালা ইতি চুক্রুশুঃ ॥৬৩॥
দ্রোণস্তু ত্বরিতো যুদ্ধে ধৃষ্টদ্যুম্নস্য সারথেঃ ।
শিরঃ প্রচ্যাবয়ামাস ফলং পক্বং তরোরিব ।
ততস্তু প্রদ্রুতা বাহা রাজংস্তস্য মহাত্মনঃ ॥৬৪॥
তেষু প্রদ্রবমাণেষু পাঞ্চালান্ সৃঞ্জয়াংস্তথা ।
ব্যদ্রাবয়দ্রণে দ্রোণস্তত্র তত্র পরাক্রমী ॥৬৫॥

ভারতকৌমুদী

তদিতি । ভূতসংঘা গগনস্থা দেবাদয়ঃ প্রাণিনঃ, অপূজয়ন্ প্রাশংসন্ ॥৬২॥
অবশ্যমিতি । সঙ্গতঃ সম্মিলিতঃ । নঃ অস্মাকম্ । চুক্রুশুঃ উচ্চৈরূচুঃ ॥৬৩॥
দ্রোণ ইতি । প্রদ্রুতা দ্রুতং চলিতাঃ, বাহা অশ্বাঃ । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥
তেম্বিতি । প্রদ্রবমাণেষু রণাঙ্গনাদ্দ্রুতং গচ্ছৎস্থ । ব্যদ্রাবয়ৎ আমর্দ্দয়ৎ ॥৬৫॥

ক্রমে যুদ্ধমার্গাভিজ্ঞ ও মহাত্মা দ্রোণ এবং ধৃষ্টদ্যুম্ন বর্ষাকালীন দুইটা মেঘের ন্যায় বাণবর্ষণ, বাণদ্বারা আকাশ, দিক্ ও ভূতল আচ্ছাদন, যোদ্ধাদের মনোমোহন এবং বিচিত্র মণ্ডলাকারে গমন, তির্য্যগ্‌ভাবে গমন ও অন্যবিধ গমন করিতে থাকিয়া উভয়ে উভয়কে বিদীর্ণ করিতে থাকিলেন ॥৬০—৬১॥

মহারাজ ! তখন ক্ষত্রিয়েরা, সেখানে যে সকল সৈন্য ছিল তাহারা এবং আকাশবর্ত্তী দেবতাপ্রভৃতি প্রাণীরা তাঁহাদের সেই অদ্ভুত যুদ্ধের প্রশংসা করিতে লাগিলেন ॥৬২॥

রাজা ! তখন পাঞ্চালেরা উচ্চস্বরে এইরূপ বলিতে লাগিল যে, 'দ্রোণ যখন যুদ্ধে ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইয়াছেন, তখন অবশ্যই আমাদের বশীভূত হইবেন' ॥৬৩॥

কিন্তু দ্রোণ ত্বরান্বিত হইয়া বৃক্ষ হইতে পক্ব ফলের ন্যায় ধৃষ্টদ্যুম্নের সারথির দেহ হইতে তাহার মস্তকটী নিপাতিত করিলেন । রাজা ! তাহার পর সেই মহাত্মার অশ্বগুলি রণস্থল হইতে দ্রুত চলিয়া গেল ॥৬৪॥

সেই অশ্বগুলি দ্রুত প্রস্থান করিলে, পরাক্রমশালী দ্রোণ যুদ্ধে সেই সেই স্থানে পাঞ্চাল ও সৃঞ্জয়গণকে পীড়ন করিতে লাগিলেন ॥৬৫॥

(৬৪)···পার্ষতস্য মহাত্মনঃ—পি । (৬৫) তেষু দ্রুতেষ্বথাশ্বেষু···পি,···অযোধয়দ্রণে দ্রোণঃ···বা নি ।

বিজিত্য পাণ্ডুপাঞ্চালান্ ভারদ্বাজঃ প্রতাপবান্।
স্বং ব্যূহং পুনরাস্থায় স্থিতোঽভবদরিন্দমঃ।
ন চৈনং পাণ্ডবা যুদ্ধে জেতুমুৎসেহিরে প্রভো! ॥৬৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে দ্রোণপরাক্রমে ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

ততো দুঃশাসনো রাজন্! শৈনেয়ং প্রত্যবারয়ৎ।
রথব্রাতেন মহতা নানাদেশোদ্ভবেন হ ॥১॥

ভারতকৌমুদী

বিজিত্যেতি। আস্থায় অবলম্ব্য। উৎসেহিরে শেকুঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৬৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তত ইতি। শৈনেয়ং সাত্যকিম্। রথানাং ব্রাতেন সমূহেন ॥১॥

ক্রমে প্রতাপশালী ও শত্রুদমনকারী দ্রোণ পাণ্ডব ও পাঞ্চালগণকে জয় করিয়া পুনরায় আপন ব্যূহে আসিয়া অবস্থান করিলেন। কিন্তু রাজা! পাণ্ডবেরা যুদ্ধে দ্রোণকে জয় করিতে সমর্থ হইলেন না' ॥৬৬॥

———ঃ০ঃ———

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর ওদিকে দুঃশাসন নানাদেশীয়

(৬৬)···পাণ্ডূন্ পাঞ্চালান্··· বৰ্দ্ধ,···প্রত্যতিষ্ঠদরিন্দমঃ···পাণ্ডবা রাজন্! জেতুমুৎসেহিরে তদা—পি। * '···বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ···' বঙ্গ বৰ্দ্ধ, '···দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ···' বা রা নি। (১)···শৈনেয়ং সমুপাদ্রবৎ···বঙ্গ বৰ্দ্ধ,···শৈনেয়ং সমুপাদ্রবৎ। কিরন্ শরসহস্রাণি পর্জ্জন্য ইব বৃষ্টিমান্॥ স বিদ্ধা সাত্যকিং ষষ্ট্যা তথা ষোড়শভিঃ শরৈঃ। নাকম্পয়ৎ স্থিতং যুদ্ধে মৈনাকমিব পর্বতম্॥ তং তু দুঃশাসনঃ শূরঃ সায়কৈরাবৃণোদ্-ভৃশম্।···বা নি।

সর্ব্বতো ভরতশ্রেষ্ঠো বিসৃজন্ সায়কান্ বহূন্ ।
পর্জন্য ইব ঘোষেণ নাদয়ন্ বৈ দিশো দশ ॥২॥
তমাপতন্তমালোক্য সাত্যকিঃ কৌরবং রণে ।
অভিদ্রুত্য মহাবাহুশ্ছাদয়ামাস সায়কৈঃ ॥৩॥
তে চ্ছাদ্যমানা বাণৌঘৈর্দুঃশাসনপুরোগমাঃ ।
প্রাদ্রবন্ সমরে ভীতাস্তব পুত্রস্য পশ্যতঃ ॥৪॥
তেষু দ্রবৎসু রাজেন্দ্র ! পুত্রো দুঃশাসনস্তব ।
তস্থৌ ব্যপেতভী রাজন্ ! সাত্যকিঞ্চার্দ্দয়চ্ছরৈঃ ॥৫॥
চতুর্ভির্বাজিনস্তস্য সারথিঞ্চ ত্রিভিঃ শরৈঃ ।
সাত্যকিঞ্চ শতেনাজৌ বিদ্ধা নাদং মুমোচ সঃ ॥৬॥

ভারতকৌমুদী

সর্ব্বত ইতি। সর্ব্বতো বেষ্টিতবানিতি শেষঃ। পর্জন্যো মেঘঃ, ঘোষেণ রথশব্দেন ॥২॥
তমিতি। কৌরবং দুঃশাসনম্। অভিদ্রুত্য দ্রুতমভিপত্য ॥৩॥
ত ইতি। দুঃশাসনাৎ পুরোগমা অগ্রবর্ত্তিনঃ। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪॥
তেম্বিতি। দ্রবৎসু পলায়মানেসু। ব্যপেতভীর্নির্ভয়ঃ ॥৫॥
চতুর্ভিরিতি। তস্য সাত্যকেঃ। নাদং সিংহনাদম্, স দুঃশাসনঃ ॥৬॥

বিশাল রথিসৈন্যসমূহের সহিত যাইয়া সাত্যকিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১॥

ক্রমে ভরতশ্রেষ্ঠ দুঃশাসন বহুতর বাণক্ষেপ এবং মেঘের ন্যায় রথের শব্দে দশ দিক্ নিনাদিত করিতে থাকিয়া সকল দিকে সাত্যকিকে বেষ্টন করিলেন ॥২॥

তখন দুঃশাসনকে আসিতে দেখিয়া মহাবাহু সাত্যকি দ্রুত উপস্থিত হইয়া বাণদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥৩॥

দুঃশাসনের অগ্রবর্ত্তী সৈন্যেরা তখন সাত্যকির বাণসমূহে আবৃত হইতে থাকিয়া ভীত হইয়া তাঁহার সাক্ষাতেই পলায়ন করিতে লাগিল ॥৪॥

রাজশ্রেষ্ঠ রাজা ! সেই সৈন্যেরা পলায়ন করিতে লাগিলে, আপনার পুত্র দুঃশাসন নির্ভয় হইয়া রহিলেন এবং বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিতে থাকিলেন ॥৫॥

ক্রমে তিনি চারিটা বাণদ্বারা সাত্যকির চারিটা অশ্বকে, তিনটা বাণদ্বারা তাঁহার সারথিকে এবং একশত বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিলেন ॥৬॥

ততঃ ক্রুদ্ধো মহারাজ ! মাধবস্তস্য সংযুগে।
রথং সূতং ধ্বজং তঞ্চ চক্রেঽদৃশ্যমজিহ্মগৈঃ ॥৭॥
মশকং সমনুপ্রাপ্তমূর্ণনাভ ইবোর্ণয়া।
ত্বরন্ সমাবৃণোদ্বাণৈর্দুঃশাসনমমিত্রজিৎ ॥৮॥
দৃষ্ট্বা দুঃশাসনং রাজা তথা শরশতাচিতম্।
ত্রিগর্ত্তাংশ্চোদয়ামাস যুযুধানরথং প্রতি ॥৯॥
তেঽগচ্ছন্ যুযুধানস্য সমীপং ক্রূরকারিণঃ।
ত্রিগর্ত্তানাং ত্রিসাহস্রা রথা যুদ্ধবিশারদাঃ ॥১০॥
তে তু তং রথবংশেন মহতা পর্য্যবারয়ন্।
স্থিরাং কৃত্বা মতিং যুদ্ধে ভূত্বা সংশপ্তকা মিথঃ ॥১১॥
তেষামাপততাং সংখ্যে শরবর্ষাণি মুঞ্চতাম্।
যোধান্ পঞ্চশতান্ মুখ্যানগ্রানীকে ব্যপোথয়ৎ ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। মাধবঃ সাত্যকিঃ। সূতং সারথিম্, অজিহ্মগৈর্বাণৈঃ ॥৭॥
মশকমিতি। ঊর্ণনাভঃ কীটবিশেষঃ, ঊর্ণয়া স্বসূত্রেণ। অমিত্রজিৎ সাত্যকিঃ ॥৮॥
দৃষ্ট্বেতি। রাজা দুর্য্যোধনঃ, শরশতেন আচিতং ব্যাপ্তম্। চোদয়ামাস প্রেরয়ামাস ॥৯॥
ত ইতি। ক্রূরকারিণো যুদ্ধে নিষ্ঠুরকার্য্যকারকাঃ ॥১০॥
ত ইতি। রথানাং বংশেন সমূহেন। সম্যক্ শপ্তকং জয়ে মৃত্যৌ বা শপথো যেষাং তে ॥১১॥

মহারাজ! তাহার পর সাত্যকি ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা দুঃশাসনের রথ, সারথি, ধ্বজ ও তাঁহাকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৭॥

মশক উপস্থিত হইলে, ঊর্ণনাভ (মাকড়শা) যেমন সূত্রদ্বারা তাহাকে আবৃত করে, সেইরূপ শত্রুবিজয়ী সাত্যকি বাণদ্বারা সত্বর দুঃশাসনকে আবৃত করিলেন ॥৮॥

দুঃশাসনকে সেইরূপ বাণসমূহে আবৃত দেখিয়া দুর্য্যোধন ত্রিগর্ত্তদেশীয় সৈন্যদিগকে সাত্যকির রথের দিকে প্রেরণ করিলেন ॥৯॥

তখন যুদ্ধে নিষ্ঠুরকার্য্যকারী ও যুদ্ধবিশারদ তিন হাজার ত্রিগর্ত্তসৈন্য সাত্যকির নিকটে গমন করিল ॥১০॥

ক্রমে তাহারা যুদ্ধে স্থিরবুদ্ধি এবং জয়ে বা মরণে পরস্পর শপথ করিয়া যাইয়া বিশাল রথসমূহদ্বারা সাত্যকিকে পরিবেষ্টন করিল ॥১১॥

(৮)··ঊর্ণনাভিরিবোর্ণয়া···বা নি। (১২) তেষাং প্রযততাং যুদ্ধে···বঙ্গ বর্দ্ধ।

তেঽপতন্ নিহতাস্তূর্ণং শিনিপ্রবরসায়কৈঃ।
মহামারুতবেগেন ভগ্না ইব নগাদ্‌দ্রুমাঃ ॥১৩॥
রথৈশ্চ বহুভিশ্ছিন্নৈর্ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ।
হয়ৈশ্চ কনকাপীড়ৈঃ পতিতৈস্তত্র মেদিনী ॥১৪॥
শৈনেয়শরসংকৃত্তৈঃ শোণিতৌঘপরিপ্লুতৈঃ।
অশোভত মহারাজ! কিংশুকৈরিব পুষ্পিতৈঃ ॥১৫॥ (যুগ্মকম্)
তে বধ্যমানাঃ সমরে যুযুধানেন তাবকাঃ।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত পঙ্কমগ্না ইব দ্বিপাঃ ॥১৬॥
ততস্তে পর্য্যবর্ত্তন্ত সর্বে দ্রোণরথং প্রতি।
ভয়াৎ পতগরাজস্য গর্ত্তানিব মহোরগাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তেষামিতি। অগ্রানীকে সৈন্যাগ্রে স্থিতান্, ব্যপোথয়ৎ ব্যনাশয়ৎ ॥১২॥
ত ইতি। শিনিপ্রবরস্য সাত্যকেঃ সায়কৈঃ। নগাৎ পর্ব্বতাৎ ॥১৩॥
রথৈরিতি। কনকাপীড়ৈঃ স্বর্ণশেখরৈঃ। শৈনেয়শরৈঃ সংকৃত্তৈশ্ছিন্নৈঃ ॥১৪—১৫॥
ত ইতি। বধ্যমানা আহন্যমানাঃ, যুযুধানেন সাত্যকিনা। দ্বিপা গজাঃ ॥১৬॥
তত ইতি। পর্য্যবর্ত্তন্ত পরিবৃত্যাগচ্ছন্। পতগরাজস্য গরুড়স্য ॥১৭॥

তাহারা বাণবর্ষণ করিতে করিতে আসিতে লাগিলে, সাত্যকি তাহাদের মধ্যে সম্মুখবর্তী পাঁচশত প্রধান যোদ্ধাকে বিনাশ করিলেন ॥১২॥

তখন প্রবল বায়ুবেগে ভগ্ন হইয়া বৃক্ষ সকল যেমন পর্ব্বত হইতে পতিত হয়, সেইরূপ তাহারা সাত্যকির বাণে নিহত হইয়া রথ হইতে পতিত হইল ॥১৩॥

মহারাজ! ক্রমে সাত্যকির বাণে ছিন্ন বহুতর রথ, নিপাতিত ধ্বজ, পতিত স্বর্ণশেখর অশ্ব এবং পুষ্পিত কিংশুকবৃক্ষের ন্যায় রক্তাক্ত নরদেহদ্বারা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥১৪—১৫॥

সাত্যকি যুদ্ধে আঘাত করিতে লাগিলে, আপনার পক্ষের সৈন্যেরা কর্দ্দমমগ্ন হস্তিগণের ন্যায় রক্ষক পাইল না ॥১৬॥

তাহার পর মহাসর্পগণ যেমন গরুড়ের ভয়ে গর্ত্তের ভিতরে গমন করে, তেমন তাহারা সকলে দ্রোণের রথের দিকে গমন করিতে লাগিল ॥১৭॥

(১৩)···বিহতাস্তূর্ণং সাত্বতস্য নরাধিপ!···মহাদ্রুমাঃ—পি, তেঽপতন্ত হতাস্তূর্ণং শিনিপুঙ্গবসায়কৈঃ···মহাদ্রুমাঃ—বঙ্গ বর্দ্ধ। (১৭)···গর্ত্তানীব মহোরগাঃ—বা নি।

হত্বা পঞ্চশতান্ যোধান্ শরৈরাশীবিষোপমৈঃ।
প্রায়াৎ স শনকৈর্ব্বীরো ধনঞ্জয়রথং প্রতি ॥১৮॥
তং প্রয়ান্তং নরশ্রেষ্ঠং পুত্রো দুঃশাসনস্তব।
বিব্যাধ নবভিস্তূর্ণং শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥১৯॥
স তু তং প্রতিবিব্যাধ পঞ্চভির্নিশিতৈঃ শরৈঃ।
রুক্মপুঙ্খৈর্মহেষ্বাসো গার্ধ্রপত্রৈরজিহ্মগৈঃ ॥২০॥
সাত্যকিস্তু মহারাজ! প্রহসন্নিব ভারত!।
দুঃশাসনস্ত্রিভির্বিদ্ধ্বা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ ॥২১॥
শৈনেয়স্তব পুত্রস্তু বিদ্ধ্বা পঞ্চভিরাশুগৈঃ।
ধনুশ্চাস্য রণে চ্ছিত্ত্বা প্রস্ময়ন্নর্জ্জুনং যযৌ ॥২২॥

ভারতকৌমুদী

হত্বেতি। আশীবিষোপমৈঃ তীক্ষ্ণবিষসর্পতুল্যৈঃ। স যুযুধানঃ ॥১৮॥

তমিতি। সন্নতপর্ব্বভিঃ বক্রোপাঙ্গৈঃ ॥১৯॥

স ইতি। গৃধ্রাণামিমানীতি গার্ধ্রাণি পত্রাণি পক্ষা যেষু তৈঃ, অজিহ্মগৈঃ সরল-গামিভিঃ ॥২০॥

সাত্যকিমিতি। ত্রিভিঃ পঞ্চভিশ্চ শরৈরিতি শেষঃ ॥২১॥

শৈনেয় ইতি। আশুগৈর্বাণৈঃ। প্রস্ময়ন্ ঈষদ্ধসন্ ॥২২॥

ওদিকে মহাবীর সাত্যকি তীক্ষ্ণবিষ-সর্পতুল্য বাণসমূহদ্বারা পাঁচশত যোদ্ধাকে বধ করিয়া ধীরে ধীরে অর্জ্জুনের রথের দিকে যাইতে লাগিলেন ॥১৮॥

নরশ্রেষ্ঠ সাত্যকি যাইতে লাগিলে, আপনার পুত্র দুঃশাসন নতপর্ব্ব নয়টা বাণদ্বারা সত্বর তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১৯॥

তখন মহাধনুর্দ্ধর সাত্যকিও সুধার, স্বর্ণপুঙ্খ, গৃধ্রপক্ষযুক্ত এবং সরলগামী পাঁচটা বাণদ্বারা দুঃশাসনকে প্রতিবিদ্ধ করিলেন ॥২০॥

ভরতনন্দন মহারাজ! পরে দুঃশাসন হাসিতে হাসিতেই যেন তিনটা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিয়া পুনরায় পাঁচটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥২১॥

তখন সাত্যকি পাঁচটা বাণদ্বারা দুঃশাসনকে তাড়ন করিয়া তাঁহার ধনু ছেদনপূর্ব্বক মন্দ হাস্য করিতে করিতে অর্জ্জুনের দিকে চলিলেন ॥২২॥

---

(১৮) ততস্তান্ হতবিধ্বস্তান্ কৃত্বা যোধান্ সহস্রশঃ · পি। (২২)···বিস্ময়ন্নর্জ্জুনং যযৌ—বা নি।

ততো দুঃশাসনঃ ক্রুদ্ধো বৃষ্ণিবীরায় গচ্ছতে।
সর্ব্বপারশবীং শক্তিং বিসসর্জ্জ জিঘাংসয়া ॥২৩॥
তান্তু শক্তিং তদা ঘোরাং তব পুত্রস্য সাত্যকিঃ।
চিচ্ছেদ শতধা রাজন্! নিশিতৈঃ কঙ্কপত্রিভিঃ ॥২৪॥
অথান্যদ্ধনুরাদায় পুত্রস্তব জনেশ্বর!।
সাত্যকিং দশভির্বিদ্ধ্বা সিংহনাদং ননাদ হ ॥২৫॥
সাত্যকিস্তু রণে ক্রুদ্ধো মোহয়িত্বা সুতং তব।
শরৈরগ্নিশিখাকারৈরাজঘান স্তনান্তরে ॥২৬॥
দুঃশাসনস্তু বিংশত্যা সাত্যকিং প্রত্যবিধ্যত।
সাত্বতোঽপি মহারাজ! তং বিব্যাধ স্তনান্তরে।
ত্রিভিরেব মহাবেগৈঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥২৭॥
ততোঽস্য বাহান্ নিশিতৈঃ শরৈর্জঘ্নে মহাহবে।
সারথিঞ্চ সুসংক্রুদ্ধঃ ষড়্‌ভিঃ সন্নতপর্ব্বভিঃ ॥২৮॥

ভারতকৌমুদী

তত ইতি। সর্বেষ্বেবাবয়বেষু পারশবীং লৌহময়ীম্। জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া ॥২৩॥
তামিতি। নিশিতৈঃ সুধারৈঃ, কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা এষাং সন্তীতি তৈঃ ॥২৪॥
অথেতি। দশভির্বাণৈঃ। ননাদ চকার ॥২৫॥
সাত্যকিরিতি। মোহয়িত্বা প্রস্থানেঙ্গিতেন। স্তনয়োরন্তরে মধ্যদেশে ॥২৬॥
দুঃশাসন ইতি। বিংশত্যা শরৈঃ। সাত্বতঃ সাত্যকিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

তৎপরে দুঃশাসন ক্রুদ্ধ হইয়া সাত্যকিকে বধ করিবার ইচ্ছায় লৌহময়ী একটা শক্তি তাঁহার প্রতি নিক্ষেপ করিলেন ॥২৩॥

রাজা! তখন সাত্যকি নিশিত বাণসমূহদ্বারা আপনার পুত্রের সেই ভয়ঙ্কর শক্তিটাকে শত খণ্ডে ছেদন করিলেন ॥২৪॥

নরনাথ! তাহার পর আপনার পুত্র অন্য ধনু লইয়া দশটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিয়া উঠিলেন ॥২৫॥

এই সময়ে সাত্যকি ক্রুদ্ধ হইয়া আপনার পুত্রকে মোহিত করিয়া অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল বাণসমূহদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন ॥২৬॥

মহারাজ! তখন দুঃশাসনও কুড়িটা বাণদ্বারা সাত্যকিকে প্রতিবিদ্ধ করিলেন, আবার সাত্যকিও মহাবেগশালী এবং নতপর্ব তিনটা বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন ॥২৭॥

(২৫)···সিংহনাদং ননাদ চ—নি।

ধনুরেকেন ভল্লেন হস্তাবাপঞ্চ পঞ্চভিঃ।
ধ্বজঞ্চ রথশক্তিঞ্চ ভল্লাভ্যাং পরমাস্ত্রবিৎ।
চিচ্ছেদ বিশিখৈস্তীক্ষ্ণৈস্তথোভৌ পার্ষ্ণিসারথী ॥২৯॥
স চ্ছিন্নধন্বা বিরথো হতাশ্বো হতসারথিঃ।
ত্রিগর্ত্তসেনাপতিনা স্বরথেনাপবাহিতঃ ॥৩০॥
তমভিদ্রুত্য শৈনেয়ো মুহূর্ত্তমিব ভারত!।
ন জঘান মহাবাহুর্ভীমসেনবচঃ স্মরন্ ॥৩১॥
ভীমসেনেন হি বধঃ সুতানাং তব ভারত!।
প্রতিজ্ঞাতঃ সভামধ্যে সর্বেষামেব সংযুগে ॥৩২॥

ভারতকৌমুদী

তত ইতি। বাহান্ অশ্বান্। জয়ে সাত্বত ইত্যনুবৃত্তিঃ ॥২৮॥

ধনুরিতি। হস্তাবাপং চর্ম্মনির্ম্মিতহস্তাবরণম্। পার্ষ্ণিসারথী পৃষ্ঠসারথী। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

স ইতি। স দুঃশাসনঃ। অপবাহিতো রণস্থলাদপসারিতঃ ॥৩০॥

তমিতি। অভিদ্রুত্য দ্রুতমভিগম্যাপি ॥৩১॥

কিং তদ্ভীমসেনবচ ইত্যাহ ভীমেতি। সর্ব্বেষামেব সুতানামিতি সম্বন্ধঃ ॥৩২॥

তদনন্তর সাত্যকি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সুধার ও নতপর্ব্ব ছয়টা বাণদ্বারা মহাযুদ্ধে দুঃশাসনের চারিটা অশ্ব ও সারথিকে বধ করিলেন ॥২৮॥

ক্রমে পরমাস্ত্রজ্ঞ সাত্যকি একটা ভল্লদ্বারা দুঃশাসনের ধনু, পাঁচটাদ্বারা তাঁহার হস্তাবাপ, দুইটা ভল্লদ্বারা ধ্বজ ও রথশক্তি এবং অপর তীক্ষ্ণ বাণসমূহ-দ্বারা তাঁহার দুইজন পৃষ্ঠসারথিকে ছেদন করিলেন ॥২৯॥

তখন ত্রিগর্ত্তসেনাপতি আসিয়া ছিন্নকার্ম্মুক, রথশূন্য, অশ্বরহিত ও হতসারথি দুঃশাসনকে আপন রথে তুলিয়া লইয়া অপসারিত করিলেন ॥৩০॥

ভরতনন্দন! এই সময়ে মহাবাহু সাত্যকি ভীমসেনের বাক্য স্মরণ করিয়া কিছুকাল দুঃশাসনের পশ্চাৎ ধাবিত হইয়াও তাঁহাকে বধ করিলেন না ॥৩১॥

কারণ, ভরতনন্দন! পূর্ব্বে ভীমসেন সভামধ্যে আপনার সমস্ত পুত্রবধেরই প্রতিজ্ঞা করিয়াছিলেন ॥৩২॥

---

(৩১) সম্প্রাপ্তমপি নেয়েষ হন্তুং দুঃশাসনং রণে। শৈনেয়ো ভরতশ্রেষ্ঠ! ভীমসেনবচঃ স্মরন্—পি।

তথা দুঃশাসনং জিত্বা সাত্যকিঃ সংযুগে প্রভো !।
জগাম ত্বরিতো রাজন্ ! যেন যাতো ধনঞ্জয়ঃ ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে দুঃশাসনপরাজয়ে সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ-০-ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ।

কিং তস্যাং মম সেনায়াং নাসন্ কেচিন্মহারথাঃ।
যে তথা সাত্যকিং যান্তং নৈবাঘ্নন্ নাপ্যবারয়ন্ ॥১॥
একো হি সমরে কর্ম্ম কৃতবান্ সত্যবিক্রমঃ।
শক্রতুল্যবলো যুদ্ধে মহেন্দ্রো দানবেষ্বিব ॥২॥

ভারতকৌমুদী

তথেতি। সংযুগে যুদ্ধে। যেন পথা ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি জয়দ্রথবধে সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ০ঃ—

কিমিতি। অঘ্নন্ হন্তুমশক্নুবন্, অবারয়ন্ বারয়িতুমশক্নুবন্ ॥১॥
এক ইতি। সত্যবিক্রমঃ শক্রতুল্যবলশ্চ সাত্যকিঃ ॥২॥

প্রভাবশালী রাজা ! সাত্যকি সেইভাবে যুদ্ধে দুঃশাসনকে জয় করিয়া—অর্জ্জুন যে পথে গিয়াছিলেন, সত্বর সেই পথে গমন করিতে লাগিলেন' ॥৩৩॥

—০ঃঃ০—

ধৃতরাষ্ট্র বলিলেন—'আমার সেই সৈন্যের মধ্যে এমন কোন মহারথেরা কি ছিলেন না, যাঁহারা গমনকালে সাত্যকিকে বধ বা বারণও করিতে পারেন নাই ॥১॥

* '…একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ…' বঙ্গ বৰ্দ্ধ, '…ত্রয়োবিংশত্যধিকশততমো-ঽধ্যায়ঃ…' বা রা নি।

অথবা শূন্যমাসীত্তদ্যেন যাতঃ স সাত্যকিঃ।
একো হি বহুলাঃ সেনাঃ প্রমৃদ্নন্ পুরুষর্ষভঃ ॥৩॥
কথঞ্চ যুধ্যমানানামতিক্রান্তো মহাত্মনাম্।
একো বহূনাং শৈনেয়স্তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৪॥

সঞ্জয় উবাচ।

রাজন্! সেনাসমুদ্যোগো নাগাশ্বরথপত্তিমান্।
তুমুলস্তব সৈন্যানাং যুগান্তসদৃশোঽভবৎ ॥৫॥
আহ্নতেষু সমূহেষু তব সৈন্যস্য মানদ!।
নাস্তি লোকে সমঃ কশ্চিৎ সমূহ ইতি মে মতিঃ ॥৬॥
তত্র দেবাঃ স্ম ভাষন্তে চারণাশ্চ সমাগতাঃ।
এতদন্তাঃ সমূহা বৈ ভবিষ্যন্তি মহীতলে ॥৭॥

ভারতকৌমুদী

অথবেতি। শূন্যং বীররহিতম্, তং স্থানম্, যেন স্থানেন। প্রমৃদ্নন্ সংহরন্ ॥৩॥
কথমিতি। যুধ্যমানানাং সমূহমিতি শেষঃ। শৈনেয়ঃ সাত্যকিঃ ॥৪॥
রাজন্নিতি। সেনা সৈনিকসমষ্টিরিতি ভেদঃ। যুগস্য অন্তো যস্মাৎ স রুদ্রঃ ॥৫॥
আহ্নতেষ্বিতি। সৈন্যস্য সেনায়াঃ। সমূহঃ সৈনিকসংঘঃ ॥৬॥

পূর্ব্বে ইন্দ্র যেমন যুদ্ধে দানবগণের উপরে করিয়াছিলেন, ইন্দ্রের তুল্য বলবান্ ও যথার্থবিক্রমশালী সাত্যকি একাকী যুদ্ধে সেইরূপ কার্য্য করিয়াছেন ॥২॥

অথবা পুরুষশ্রেষ্ঠ সেই সাত্যকি একাকী প্রচুর সৈন্য সংহার করিতে করিতে যে পথে গিয়াছিলেন, সম্ভবতঃ সে পথ শূন্য ছিল ॥৩॥

না হইলে, একাকী সাত্যকি কি করিয়া যুধ্যমান বহুতর মহাত্মাকে অতিক্রম করিতে পারিলেন? সে যাহা হউক, সঞ্জয়! সেই বৃত্তান্ত আমার নিকট বল' ॥৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনার সেনাব্যূহে হস্তী, অশ্ব, রথ ও পদাতি ছিল; সুতরাং সে তুমুল ব্যূহ রুদ্রের তুল্যই ছিল ॥৫॥

মানী জনের মানকারী রাজা! আপনার সৈন্যসমূহ অহূত হইয়া সমবেত হইলে, তাহার তুল্য সমূহ জগতেই নাই, ইহাই আমার ধারণা ছিল ॥৬॥

(৩)…হতভূয়িষ্ঠমথবা যেন যাতঃ স সাত্যকিঃ—বা নি। ইতঃ পরং নানা পাঠভেদা দৃশ্যন্তে। (৫)…অতুল্যস্তব সেনায়াম্…নি। (৬)…আহ্নিকেষু সমূহেষু…বা।

ন চৈব তাদৃশঃ কশ্চিদ্ব্যূহ আসীদ্বিশাংপতে ! ।
যাদৃগ্‌জয়দ্রথবধে দ্রোণেন বিহিতোঽভবৎ ॥৮॥
চণ্ডবাতাভিপন্নানাং সমুদ্রাণামিব স্বনঃ ।
রণেঽভবদ্বলৌঘানামন্যোন্যমভিধাবতাম্ ॥৯॥
পার্থিবানাং সমেতানাং বহূন্যাসন্ নরোত্তম ! ।
ত্বদ্বলে পাণ্ডবানাঞ্চ সহস্রাণি শতানি চ ॥১০॥
সংরব্ধানাং প্রবীরাণাং সমরে দৃঢ়কর্ম্মণাম্ ।
তত্রাসীৎ সুমহান্ শব্দস্তুমুলো লোমহর্ষণঃ ॥১১॥
অথাক্রন্দদ্ভীমসেনো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ।
নকুলঃ সহদেবশ্চ ধর্ম্মরাজশ্চ পাণ্ডবঃ ॥১২॥

ভারতকৌমুদী

উক্তার্থে প্রমাণমাহ তত্রেতি। এতদন্তাঃ, অত্রৈব প্রায়েণ লোকক্ষয়াদিত্যাশয়ঃ ॥৭॥

নেতি। জয়দ্রথবধে জয়দ্রথবধদিবসে ॥৮॥

চণ্ডেতি। চণ্ডবাতাভিপন্নানাং প্রবলবায়ুবেগমাপন্নানাম্ ॥৯॥

পার্থিবানামিতি। পাণ্ডবানাঞ্চ বলে ইত্যনুষঙ্গঃ ॥১০॥

সমিতি। সংরব্ধানাং সোৎসাহানাম্। শব্দঃ কোলাহলঃ ॥১১॥

অথেতি। আক্রন্দৎ আহ্বয়ৎ, "ক্রন্দনে রোদনাহ্বানে" ইত্যমরঃ ॥১২॥

তখন আকাশে সমাগত দেবগণ ও চারণগণ বলিতেছিলেন যে, 'ভূতলে এই পর্য্যন্তই এইরূপ সমূহ হইবে' ॥৭॥

নরনাথ ! জয়দ্রথবধের দিন দ্রোণ যেরূপ ব্যূহ রচনা করিয়াছিলেন, সেরূপ কোন ব্যূহ পূর্ব্বে হয় নাই ॥৮॥

ক্রমে প্রবলবায়ুবেগে আহত সমুদ্রের শব্দের ন্যায় পরস্পর অভিধাবিত সৈন্যগণের কোলাহল হইতে লাগিল ॥৯॥

নরশ্রেষ্ঠ ! আপনার সৈন্যমধ্যে এবং পাণ্ডবসৈন্যমধ্যেও বহুশত ও বহুসহস্র রাজা সমবেত হইয়াছিলেন ॥১০॥

তখন উৎসাহী ও দৃঢ়কার্য্যকারী প্রধান বীরগণের তুমুল ও লোমহর্ষণ মহাকোলাহল হইতে থাকিল ॥১১॥

তদনন্তর ভীমসেন, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, নকুল, সহদেব এবং পাণ্ডুনন্দন যুধিষ্ঠির আহ্বান করিতে লাগিলেন—॥১২॥

(৯) চণ্ডবাতবিভিন্নানাম্...বা নি। (১১)...সুমহাশব্দঃ...বা নি। (১২) ধৃষ্টদ্যুম্নশ্চ মারিষ!...বা নি।

আগচ্ছত প্রহরত দ্রুতং বিপরিধাবত।
প্রবিষ্টাবরিসেনাং হি বীরৌ মাধবপাণ্ডবৌ ॥১৩॥
যথা সুখেন গচ্ছেতাং জয়দ্রথবধং প্রতি।
তথা প্রকুরুত ক্ষিপ্রমিতি সৈন্যান্যচোদয়ন্ ॥১৪॥
তয়োরভাবে কুরবঃ কৃতার্থাঃ স্যুর্বয়ং জিতাঃ।
তে যূয়ং সহিতা ভূত্বা তূর্ণমেব বলার্ণবম্।
ক্ষোভয়ধ্বং মহাবেগাঃ পবনাঃ সাগরং যথা ॥১৫॥
ভীমসেনেন তে রাজন্! পাঞ্চাল্যেন চ চোদিতাঃ।
আজগ্মুঃ কৌরবান্ সংখ্যে ত্যক্ত্বাসূনাত্মনঃ প্রিয়ান্ ॥১৬॥
ইচ্ছন্তো নিধনং যুদ্ধে শস্ত্রৈশ্চোত্তমতেজসঃ।
স্বর্গেপ্সবো মিত্রকার্য্যে নাভ্যনন্দন্ত জীবিতম্ ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কীদৃশমাক্রন্দদিত্যাহ আগচ্ছতেতি। মাধবপাণ্ডবৌ সাত্যক্যর্জ্জুনৌ ॥১৩॥

যথেতি। গচ্ছেতাং তৌ মাধবপাণ্ডবৌ। অচোদয়ন্ প্রৈরয়ন্ ॥১৪॥

তয়োরিতি। যেন বয়ং জিতা ভবিষ্যাম ইতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

ভীমেতি। পাঞ্চাল্যেন ধৃষ্টদ্যুম্নেন, চোদিতাঃ প্রেরিতাঃ। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা, অসূন্ প্রাণান্। স্বর্গেপ্সবঃ স্বর্গলিপ্সবঃ, নাভ্যনন্দন্ত নাদ্রিয়ন্ত ॥১৬—১৭॥

'সৈন্যগণ! তোমরা আগমন কর, ধাবিত হও এবং সত্বর প্রহার করিতে থাক। কারণ, মহাবীর অর্জ্জুন ও সাত্যকি শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন ॥১৩॥

যাহাতে তাঁহারা অনায়াসে জয়দ্রথবধের জন্য যাইতে পারেন, তোমরা সত্বর তাহা কর' এই বলিয়া তাঁহারা সৈন্যগণকে চালাইতে লাগিলেন ॥১৪॥

'তাঁহাদের অভাবে আমরাও পরাজিত হইব; তাহাতে কৌরবেরা কৃতার্থ হইবে। অতএব মহাবেগশালী বায়ু যেমন সমুদ্রকে উদ্বেলিত করে, সেইরূপ তোমরা মিলিত হইয়া সত্বরই কৌরবসৈন্যসাগর উদ্বেলিত কর' ॥১৫॥

রাজা! ভীমসেন ও ধৃষ্টদ্যুম্ন এইভাবে প্রোৎসাহিত করিলে, সেই মহাতেজা পাণ্ডবযোদ্ধারা অস্ত্রদ্বারা যুদ্ধে মৃত্যু কামনা করিয়া স্বর্গলিপ্সু হইয়া আপনাদের প্রিয় প্রাণত্যাগেরও উদ্যম করিয়া যুদ্ধে কৌরবগণের দিকে আসিতে লাগিলেন; কিন্তু মিত্রকার্য্যে জীবনের মমতা করিলেন না ॥১৬—১৭॥

(১৫) পবনঃ সাগরং যথা—বা নি।

তথৈব তাবকা রাজন্ ! প্রার্থয়ন্তো মহদ্‌যশঃ ।
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা যুদ্ধায়ৈবাবতস্থিরে ॥১৮॥
তস্মিংস্তু তুমুলে যুদ্ধে বর্ত্তমানে ভয়াবহে ।
জিত্বা সর্ব্বাণি সৈন্যানি প্রায়াৎ সাত্যকিরর্জ্জুনম্ ॥১৯॥
কবচানাং প্রভাস্তত্র সূর্য্যরশ্মিবিমিশ্রিতাঃ ।
দৃষ্টীঃ সংখ্যে সৈনিকানাং প্রতিজঘ্নুঃ সমন্ততঃ ॥২০॥
তথা প্রয়তমানানাং পাণ্ডবানাং মহাত্মনাম্ ।
দুর্য্যোধনো মহারাজ ! ব্যগাহত মহদ্বলম্ ॥২১॥
স সন্নিপাতস্তুমুলস্তব তেষাঞ্চ ভারত ! ।
অভবৎ সর্ব্বসৈন্যানামভাবকরণো মহান্ ॥২২॥

ধৃতরাষ্ট্র উবাচ ।

তথাগতেষু সৈন্যেষু তথা কৃচ্ছ্রগতঃ স্বয়ম্ ।
কচ্চিদ্দুর্য্যোধনঃ সূত ! নাকার্ষীৎ পৃষ্ঠতো রণম্ ॥২৩॥

ভারতকৌমুদী

তথেতি। তাবকাস্তব পক্ষীয়া যোদ্ধারঃ। আর্য্যাং সাধ্বীং ছলাদিশূন্যাম্ ॥১৮॥
তস্মিন্নিতি। সৈন্যানি সেনাঃ, "বরূথিনী বলং সৈন্যম্" ইত্যমরঃ ॥১৯॥
কবচানামিতি। দৃষ্টীর্নয়নানি, সৈনিকাস্থাঃ প্রভা দদৃশুরিত্যর্থঃ ॥২০॥
তথেতি। প্রয়তমানানাং জয়ায়েতি শেষঃ। ব্যগাহত প্রাবিশৎ ॥২১॥
স ইতি। সন্নিপাতঃ সংঘর্ষঃ। অভাবকরণঃ ক্ষয়জনকঃ ॥২২॥

রাজা ! আপনার পক্ষের যোদ্ধারাও সেইরূপই মহাযশ কামনা এবং যুদ্ধবিষয়ে সদ্‌বুদ্ধি করিয়া যুদ্ধের জন্যই অবস্থান করিতে লাগিলেন ॥১৮॥

সেই ভয়াবহ তুমুল যুদ্ধ চলিতে লাগিলে, সাত্যকি সমস্ত কৌরবসৈন্য জয় করিয়া অর্জ্জুনের দিকে যাইতে থাকিলেন ॥১৯॥

তখন দুইপক্ষের সৈন্যেরাই সমরস্থলে সকল দিকে সূর্য্যরশ্মিমিশ্রিত কবচের প্রভা দর্শন করিতে লাগিল ॥২০॥

মহারাজ ! মহাত্মা পাণ্ডবেরা জয়ের জন্য সেইভাবে যত্ন করিতে লাগিলে, দুর্য্যোধন তাঁহাদের বিশাল সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিলেন ॥২১॥

ভরতনন্দন ! আপনার ও পাণ্ডবগণের সমস্ত সৈন্যের সেই তুমুল সংঘর্ষ গুরুতর লোকক্ষয় জন্মাইতে লাগিল' ॥২২॥

(২০)···সূর্য্যরশ্মিবিরাজিতাঃ··· নি। (২২)···অভবৎ সর্বভূতানাম্···পি বা নি। (২৩) তথায়াতেষু সৈন্যেষু···পি বা নি।

একস্য চ বহূনাঞ্চ সন্নিপাতো মহাহবে।
বিশেষতো নরপতের্বিষমঃ প্রতিভাতি মে ॥২৪॥
সোঽত্যন্তসুখসংবৃদ্ধো লক্ষ্ম্যা লোকস্য চেশ্বরঃ।
একো বহূন্ সমাসাদ্য কচ্চিন্নাসীৎ পরাঙ্মুখঃ ॥২৫॥

সঞ্জয় উবাচ।

রাজন্! সংগ্রামমাশ্চর্য্যং তব পুত্রস্য ভারত!।
একস্য বহুভিঃ সার্দ্ধং শৃণুষ্ব গদতো মম ॥২৬॥
দুর্য্যোধনেন সমরে পাণ্ডবী পৃতনা রণে।
নলিনী দ্বিরদেনেব সমন্তাদ্বিপ্রলোড়িতা ॥২৭॥
পাণ্ডুসেনাং হতাং দৃষ্ট্বা তব পুত্রেণ মারিষ!।
ভীমসেনপুরোগাস্তং পাঞ্চালাঃ সমুপাদ্রবন্ ॥২৮॥

ভারতকৌমুদী

তথেতি। রণং পৃষ্ঠতো নাকার্ষীৎ রণস্থলান্নাপসসার ॥২৩॥

একস্যেতি। বিষমো নিতান্তবিপজ্জনকঃ, প্রতিভাতি বোধবিষয়ো ভবতি ॥২৪॥

স ইতি। লক্ষ্ম্যা রাজসম্পদ ঈশ্বরঃ পতিঃ ॥২৫॥

রাজন্নিতি। পুত্রস্য দুর্য্যোধনস্য। গদতো ব্রুবতঃ ॥২৬॥

দুর্য্যোধনেনেতি। পৃতনা সেনা। নলিনী পদ্মসরসী, দ্বিরদেন হস্তিনা ॥২৭॥

পাণ্ডিতি। ভীমসেনঃ পুরোগঃ অগ্রগামী যেষাং তে, সমুপাদ্রবন্ অভ্যধাবন্ ॥২৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'পাণ্ডবসৈন্যেরা সেইভাবে আসিতে লাগিলে, স্বয়ং দুর্য্যোধন সেইরূপ কষ্টকর অবস্থায় পতিত হইয়া রণস্থল হইতে অপসৃত হন নাই ত? ॥২৩॥

মহাযুদ্ধে বহুজনের সহিত একজনের, বিশেষতঃ রাজার সংঘর্ষ অত্যন্ত-বিপজ্জনক বলিয়া আমার ধারণা হয় ॥২৪॥

অত্যন্তসুখে বৃদ্ধিপ্রাপ্ত এবং রাজলক্ষ্মী ও লোকের অধীশ্বর এক দুর্য্যোধন বহু বিপক্ষের সম্মুখে যাইয়া পরাঙ্মুখ হন নাই ত?' ॥২৫॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন রাজা! আমি বলিতেছি—বহুযোদ্ধার সহিত আপনার পুত্র এক দুর্য্যোধনের আশ্চর্য্য যুদ্ধের বিষয় শ্রবণ করুন ॥২৬॥

একটা হাতী যেমন সকল দিকে পদ্মসরোবর আলোড়ন করে, সেইরূপ এক দুর্য্যোধন যুদ্ধে পাণ্ডবসৈন্য আলোড়ন করিতে লাগিলেন ॥২৭॥

(২৮) ততস্তাং প্রহতাং সেনাং দৃষ্ট্বা পুত্রেণ তে নৃপ!...পি বা নি।

স ভীমসেনং দশভির্মাদ্রীপুত্রৌ ত্রিভিস্ত্রিভিঃ।
বিরাটদ্রুপদৌ ষড়্ভিঃ শতেন চ শিখণ্ডিনম্ ॥২৯॥
ধৃষ্টদ্যুম্নঞ্চ বিংশত্যা ধর্ম্মপুত্রঞ্চ সপ্তভিঃ।
কেকয়ান্ দশভির্বিদ্ধা দ্রৌপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥৩০॥
শতশশ্চাপরান্ যোধান্ সদ্বিপাংশ্চ রথান্ রণে।
শরৈরবচকর্ত্তোগ্রৈঃ ক্রুদ্ধোঽন্তক ইব প্রজাঃ ॥৩১॥ (বিশেষকম্)
ন সন্দধদ্বিমুঞ্চন্ বা মণ্ডলীকৃতকার্ম্মুকঃ।
অদৃশ্যত রিপূন্ নিঘ্নন্ শিক্ষয়াস্ত্রবলেন চ ॥৩২॥
তস্য তান্ নিঘ্নতঃ শত্রূন্ হেমপৃষ্ঠং মহদ্ধনুঃ।
অজস্রং মণ্ডলীভূতং দদৃশুঃ সমরে জনাঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

স ইতি। স তব পুত্রঃ, দশভিঃ শরৈঃ। এবং সর্ব্বত্র। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। সদ্বিপান্ হস্তিসহিতান্। অবচকর্ত্ত চিচ্ছেদ বিব্যাধেত্যর্থঃ। প্রজাঃ প্রাণিনঃ ॥২৯—৩১॥

নেতি। সন্দধং বিমুঞ্চংশ্চ শরান্। অদৃশ্যত তব পুত্র ইত্যনুবৃত্তিঃ ॥৩২॥

তস্যেতি। হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্ ॥৩৩॥

মাননীয় রাজা! আপনার পুত্র বহুতর পাণ্ডবসৈন্য বধ করিয়াছেন দেখিয়া পাঞ্চালেরা ভীমসেনকে অগ্রবর্ত্তী করিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৮॥

তখন ক্রুদ্ধ যম যেমন প্রাণিগণকে তাড়ন করেন, সেইরূপ দুর্য্যোধন ভয়ঙ্কর দশটা বাণদ্বারা ভীমকে, তিন তিনটাদ্বারা নকুল ও সহদেবকে, ছয়টাদ্বারা বিরাট ও দ্রুপদকে, একশতদ্বারা শিখণ্ডীকে, কুড়িটাদ্বারা ধৃষ্টদ্যুম্নকে, সাতটাদ্বারা যুধিষ্ঠিরকে, দশটাদ্বারা কেকয়দেশীয় পঞ্চভ্রাতাকে, তিন তিনটা-দ্বারা দ্রৌপদীর পুত্রগণকে এবং শত শত বাণদ্বারা হস্তী ও রথের সহিত অপর যোদ্ধাদিগকে তাড়ন করিলেন ॥২৯—৩১॥

দুর্য্যোধন যখন শিক্ষাবল ও অস্ত্রবলে শত্রুসংহার করিতেছিলেন, তখন তাঁহার বাণসন্ধান বা বাণক্ষেপ ইহার কিছুই দেখা যায় নাই; কিন্তু মণ্ডলীকৃত ধনুখানাই কেবল দেখা যাইতেছিল ॥৩২॥

তিনি যখন শত্রুসংহার করিতেছিলেন, তখন তাঁহার স্বর্ণখচিতপৃষ্ঠ ও মণ্ডলীভূত বিশাল ধনুখানাই কেবল লোকের দৃষ্টিগোচর হইতেছিল ॥৩৩॥

(২৯)…দশভিঃ শরৈর্বিব্যাধ পাণ্ডবম্। ত্রিভিস্ত্রিভির্যমৌ বীরৌ ধর্ম্মরাজঞ্চ সপ্তভিঃ—বা নি।

তত‍ো যুধিষ্ঠিরো রাজা! ভল্লাভ্যামচ্ছিনদ্ধনুঃ।
তত্র পুত্রস্য কৌরব্য! যতমানস্য সংযুগে ॥৩৪॥
বিব্যাধ চৈনং দশভিঃ সম্যগস্তৈঃ শিতৈঃ শরৈঃ।
বর্ম্ম চাশু সমাসাদ্য তে ভগ্নাঃ ক্ষিতিমাবিশন্ ॥৩৫॥
ততঃ প্রমুদিতাঃ পার্থাঃ পরিবব্রুর্যুধিষ্ঠিরম্।
যথা বৃত্রবধে দেবাঃ পুরা শক্রং মহর্ষয়ঃ ॥৩৬॥
ততোঽন্যদ্ধনুরাদায় তব পুত্রঃ প্রতাপবান্।
তিষ্ঠ তিষ্ঠেতি রাজানং ব্রুবন্ পাণ্ডবমভ্যয়াৎ ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। যতমানস্য জয়ায়েতি শেষঃ ॥৩৪॥

বিব্যাধেতি। অস্তৈঃ ক্ষিপ্তৈঃ। দ্রোণবদ্ধস্য তস্য বর্ম্মণোঽক্ষয়ত্বাদিত্যাশয়ঃ ॥৩৫॥

তত ইতি। পরিবব্রুঃ সাহায্যার্থং পরিবিবেষ্টিরে। মহর্ষয়শ্চ ॥৩৬॥

তত ইতি। পুত্রো দুর্য্যোধনঃ। পাণ্ডবং যুধিষ্ঠিরম্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

কিং তস্যামিতি ॥১—২৪॥ লক্ষ্যেতি বিশেষণে তৃতীয়া ॥২৫—৩৩॥ ভল্লেন প্রত্যেকম্ ॥৩৪—৪৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৮॥

কৌরবনন্দন! আপনার পুত্র যুদ্ধে এইভাবে জয়ের জন্য চেষ্টা করিতে লাগিলে, রাজা যুধিষ্ঠির দুইটা ভল্লদ্বারা তাঁহার ধনুখানা ছেদন করিলেন ॥৩৪॥

এবং তিনি সমীচীনভাবে নিক্ষিপ্ত সুধার দশটা বাণদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন। কিন্তু সে বাণগুলি সত্বর আসিয়া দুর্য্যোধনের বর্ম্মে লাগিয়া ভগ্ন হইয়া ভূতলে পতিত হইল ॥৩৫॥

তাহার পর, পূর্ব্বে যেমন বৃত্রাসুরবধের সময়ে দেবতারা ও মহর্ষিরা ইন্দ্রকে পরিবেষ্টন করিয়াছিলেন, সেইরূপ পাণ্ডবেরা আনন্দিত হইয়া যাইয়া যুধিষ্ঠিরকে পরিবেষ্টন করিলেন ॥৩৬॥

তদনন্তর প্রতাপশালী দুর্য্যোধন অন্য ধনু লইয়া 'থাক থাক' এই কথা বলিতে বলিতে রাজা যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৭॥

---

(৩৫)···সম্যগস্তৈঃ শরোত্তমৈঃ···তে ভিত্ত্বা ক্ষিতিমাবিশন্—বা নি। (৩৭) অথ দুর্য্যোধনো রাজা দৃঢ়মাদায় কার্ম্মুকম্···বর্দ্ধ।

তমায়ান্তমভিপ্রেক্ষ্য তব পুত্রং মহামৃধে।
প্রত্যুদ্যযুঃ প্রমুদিতাঃ পাঞ্চালা জয়গৃদ্ধিনঃ ॥৩৮॥
তান্ দ্রোণঃ প্রতিজগ্রাহ পরীপ্সন্ যুধি পার্থিবম্।
চণ্ডবাতোদ্ধতান্ মেঘান্ গিরিরম্বুমুচো যথা ॥৩৯॥
তত্র রাজন্! মহানাসীৎ সংগ্রামো লোমহর্ষণঃ।
পাণ্ডবানাং মহাবাহো! তাবকানাঞ্চ সংযুগে।
রুদ্রস্যাক্রীড়সদৃশঃ সংহারঃ সর্বদেহিনাম্ ॥৪০॥
ততঃ শব্দো মহানাসীদ্‌যাতো যেন ধনঞ্জয়ঃ।
অতীব সর্ব্বশব্দেভ্যো লোমহর্ষকরঃ প্রভো! ॥৪১॥
অর্জ্জুনস্য মহাবাহো! তাবকানাঞ্চ ধন্বিনাম্।
মধ্যে ভারতসৈন্যস্য মাধবস্য মহারণে।
দ্রোণস্যাপি পরৈঃ সার্দ্ধং ব্যূহদ্বারে মহারণে ॥৪২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তমিতি। মহামৃধে মহাযুদ্ধে। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ ॥৩৮॥

তানিতি। পরীপ্সন্ রক্ষিতুমিচ্ছন্, পার্থিবং দুর্য্যোধনম্ ॥৩৯॥

তত্রেতি। আক্রীড়সদৃশস্তাণ্ডবতুল্যঃ সংহ্রিয়তে অনেনেতি সংহারঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

তত ইতি। যেন পথা। অতীব অধিকঃ। মাধবস্য সাত্যকেঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪১—৪২॥

তখন দুর্য্যোধনকে মহাযুদ্ধে আসিতে দেখিয়া জয়াভিলাষী পাঞ্চালেরা আনন্দিত হইয়া তাঁহার প্রত্যুদ্‌গমন করিলেন ॥৩৮॥

তৎকালে, পর্ব্বত যেমন প্রবলবায়ুসঞ্চালিত জলবর্ষী মেঘসমূহকে গ্রহণ করে, সেইরূপ দ্রোণ যুদ্ধে দুর্য্যোধনকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া পাঞ্চালগণকে গ্রহণ করিলেন ॥৩৯॥

মহাবাহু রাজা! ক্রমে সমস্ত প্রাণীর সংহারকারী রুদ্রের তাণ্ডবনৃত্যের ন্যায় রণস্থলে পাণ্ডবপক্ষের ও আপনার পক্ষের লোমহর্ষণ মহাযুদ্ধ হইতে লাগিল ॥৪০॥

মহাবাহু নরনাথ! তাহার পর, অর্জ্জুন যেদিকে গিয়াছিলেন, সেই দিকে অর্জ্জুনের ও আপনার পক্ষের ধনুর্দ্ধরগণের লোমহর্ষজনক সমস্ত শব্দ অপেক্ষা

(৩৮) তমেবং বাদিনং রাজন্! তব পুত্রং মহারথম্···বর্দ্ধ। (৩৯)···সজলানচলো যথা—বঙ্গ বর্দ্ধ। (৪০)···সংগ্রামো ভয়বর্দ্ধনঃ···বর্দ্ধ। (৪১)···পুনর্যেন ধনঞ্জয়ঃ—বর্দ্ধ।

এবমেষ ক্ষয়ো বৃত্তঃ পৃথিব্যাং পৃথিবীপতে!।
ক্রুদ্ধেঽর্জ্জুনে তথা দ্রোণে সাত্বতে চ মহারথে ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে সঙ্কুলযুদ্ধে
অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

নবাধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অপরাহ্ণে মহারাজ! সংগ্রামঃ সমপদ্যত।
পর্জন্যসমনির্ঘোষঃ পুনর্দ্রোণস্য সোমকৈঃ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। বৃত্তো জাতঃ। সাত্বতে সাত্বতবংশীয়ে সাত্যকৌ চ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

অপেতি। সমপদ্যত সমজায়ত। পর্জন্যো মেঘস্তন্নির্ঘোষস্তৎসমো নির্ঘোষো যস্মিন্ সঃ ॥১॥

অধিক মহাকোলাহল হইতে লাগিল; মহাযুদ্ধে সাত্যকি ও কৌরবসৈন্যের মধ্যে ভীষণ কোলাহল হইতে থাকিল এবং ব্যূহদ্বারে বিপক্ষগণের সহিত দ্রোণের মহাযুদ্ধেও ভয়ঙ্কর কোলাহল হইতে লাগিল ॥৪১—৪২॥

মহারাজ! মহারথ অর্জ্জুন, দ্রোণ ও সাত্যকি ক্রুদ্ধ হইলে, এইভাবে পৃথিবীতে এই লোকক্ষয় হইতে লাগিল' ॥৪৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ক্রমে অপরাহ্ণকালে পুনরায় সোমকগণের সহিত দ্রোণের যুদ্ধ লাগিয়া গেল; তখন মেঘগর্জ্জনের ন্যায় রথসমূহের গম্ভীর ধ্বনি হইতে লাগিল ॥১॥

(৪৩)···সাত্বতানাং মহারথে—বঙ্গ বৰ্দ্ধ। * '···দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ···' বঙ্গ বৰ্দ্ধ, '···চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ···' বা রা নি। (১)···সংগ্রামঃ সুমহানভূৎ··· পি বা নি।

শোণাশ্বং রথমাস্থায় নরবীরঃ সমাহিতঃ।
সমরেঽভ্যদ্রবৎ পাণ্ডূন্ জবমাস্থায় মধ্যমম্ ॥২॥
তব প্রিয়হিতে যুক্তো মহেষ্বাসো মহাবলঃ।
চিত্রপুঙ্খৈঃ শিতৈর্ব্বাণৈঃ কলসোত্তমসম্ভবঃ ॥৩॥
বরান্ বরান্ হি যোধানাং বিচিন্বন্নিব ভারত !।
অক্রীড়ত রণে রাজন্ ! ভারদ্বাজঃ প্রতাপবান্ ॥৪॥ (যুগ্মকম্)
তমভ্যয়াদ্বৃহৎক্ষত্রঃ কৈকেয়ানাং মহারথঃ।
ভ্রাতৃণাং নৃপ ! পঞ্চানাং জ্যেষ্ঠঃ সমরকর্কশঃ ॥৫॥
বিমুঞ্চন্ বিশিখাংস্তীক্ষ্ণানাচার্য্যঞ্চার্দ্দয়দ্ভৃশম্।
মহামেঘো যথা বর্ষং বিমুঞ্চন্ গন্ধমাদনে ॥৬॥
তস্য দ্রোণো মহারাজ ! স্বর্ণপুঙ্খান্ শিলাশিতান্।
প্রেষয়ামাস সংক্রুদ্ধঃ সায়কান্ দশ পঞ্চ চ ॥৭॥

ভারতকৌমুদী

শোণেতি। শোণা রক্তবর্ণা অশ্বা যস্য তম্। নরবীরো দ্রোণঃ। জবং বেগম্ ॥২॥
তবেতি। কলসোত্তমে দ্রোণে সম্ভব উৎপত্তির্যস্য সঃ। বিচিন্বন্ গৃহ্ণন্ সংহরন্ ॥৩—৪॥
তমিতি। অভ্যয়াৎ অভ্যগচ্ছৎ। সমরে কর্কশঃ কঠিনঃ ॥৫॥
বিমুঞ্চন্নিতি। বিশিখান্ বাণান্, আচার্য্যং দ্রোণম্। বর্ষং বৃষ্টিম্ ॥৬॥
তস্যেতি। শিলয়া তত্র ঘর্ষণেন শিতান্ সুধারীকৃতান্ ॥৭॥

নরবীর দ্রোণ রক্তবর্ণঘোটকযুক্ত রথে আরোহণ করিয়া যুদ্ধে মনোযোগী হইয়া মধ্যম বেগ অবলম্বনপূর্ব্বক পাণ্ডবপক্ষের দিকে ধাবিত হইলেন ॥২॥

ভরতনন্দন রাজা ! ক্রমে আপনার প্রিয় ও হিত কার্য্যে নিরত, মহাধনুর্দ্ধর, মহাবল, দ্রোণসঞ্জাত ও প্রতাপশালী দ্রোণ বিচিত্রপুঙ্খ ও সুধার বাণসমূহদ্বারা বিপক্ষ যোদ্ধাদের মধ্যে প্রধান প্রধান বীরকে সংহার করিতে থাকিয়া যেন ক্রীড়া করিতে লাগিলেন ॥৩—৪॥

রাজা ! তখন মহারথ, রণকর্কশ ও কেকয়দেশীয় পঞ্চভ্রাতার মধ্যে জ্যেষ্ঠ বৃহৎক্ষত্র দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৫॥

ক্রমে মহামেঘ যেমন গন্ধমাদনপর্ব্বতে বারি বর্ষণ করিয়া তাহাকে পীড়ন করে, সেইরূপ বৃহৎক্ষত্র তীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া দ্রোণকে গুরুতর পীড়ন করিতে থাকিলেন ॥৬॥

মহারাজ ! তখন দ্রোণ অত্যন্তক্রুদ্ধ হইয়া তাঁহার উপরে স্বর্ণপুঙ্খ ও শিলাঘর্ষণে সুধারীকৃত পনরটা বাণ নিক্ষেপ করিলেন ॥৭॥

তাংস্তু দ্রোণধনুর্ম্মুক্তান্ শরানাশীবিষোপমান্।
একৈকং দশভির্বাণৈর্যুধি চিচ্ছেদ হৃষ্টবৎ ॥৮॥
তদস্য লাঘবং দৃষ্ট্বা প্রহসন্ দ্বিজপুঙ্গবঃ।
প্রেষয়ামাস বিশিখানষ্টৌ সন্নতপর্ব্বণঃ ॥৯॥
তান্ দৃষ্ট্বাপততস্তূর্ণং দ্রোণচাপচ্যুতান্ শরান্।
অবারয়চ্ছরৈরেব তাবদ্ভির্নিশিতৈর্দৃঢ়ৈঃ ॥১০॥
ততোঽভবন্মহারাজ! সৈন্যস্য তব বিস্ময়ঃ।
বৃহৎক্ষত্রেণ তৎ কর্ম্ম কৃতং দৃষ্ট্বা সুদুষ্করম্ ॥১১॥
ততো দ্রোণো মহারাজ! বৃহৎক্ষত্রং বিশেষয়ন্।
প্রাদুশ্চক্রে রণে দিব্যং ব্রাহ্মমস্ত্রং সুদুর্জয়ম্ ॥১২॥

ভারতকৌমুদী

তানিতি। একৈকমিতি বীপ্সানুসারাদ্দশভিরিত্যত্রাপি বীপ্সাবগন্তব্যা ॥৮॥
তদিতি। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্। দ্বিজপুঙ্গবো দ্রোণঃ ॥৯॥
তানিতি। আপততঃ আগচ্ছতঃ। অবারয়ৎ বৃহৎক্ষত্রঃ ॥১০॥
তত ইতি। লঘুহস্ততাতিশয়দর্শনাদেব বিস্ময় ইতি ভাবঃ ॥১১॥
তত ইতি। বিশেষয়ন্ স্বাপেক্ষয়া ন্যূনীকুর্ব্বন্। দিব্যং স্বর্গীয়ম্ ॥১২॥

পরে বৃহৎক্ষত্র আনন্দিতের ন্যায় হইয়া দশ দশটা বাণদ্বারা দ্রোণকার্ম্মুক-নিক্ষিপ্ত সর্পতুল্য সেই বাণগুলির এক একটাকে ছেদন করিলেন ॥৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ বৃহৎক্ষত্রের সেই লঘুহস্ততা দেখিয়া হাস্য করিতে থাকিয়া নতপর্ব্ব আটটা বাণ নিক্ষেপ করিলেন ॥৯॥

দ্রোণকার্ম্মুকনির্গত সেই বাণগুলিকে সত্বর আসিতে দেখিয়া বৃহৎক্ষত্র ততগুলি সুধার ও দৃঢ় বাণদ্বারাই সেগুলিকে নিবারণ করিলেন ॥১০॥

মহারাজ! বৃহৎক্ষত্র অতিদুষ্কর কার্য্য করিয়াছেন দেখিয়া তখন আপনার সৈন্যগণের বিস্ময় জন্মিল ॥১১॥

মহারাজ! তদনন্তর দ্রোণ বৃহৎক্ষত্রকে খর্ব্ব করতঃ রণস্থলে স্বর্গীয় অতিদুর্জ্জয় ব্রহ্মাস্ত্র আবিষ্কার করিলেন ॥১২॥

(৮) তাংস্তু দ্রোণবিনির্ম্মুক্তান্—বা নি,· ক্রুদ্ধাশীবিষসন্নিভান্···পি বা নি। (৯)··· প্রহস্য দ্বিজসত্তমঃ···বঙ্গ বর্দ্ধ,·· প্রহস্য দ্বিজপুঙ্গবঃ···বা নি। (১০)···নিশিতৈ রণে—পি,··· নিশিতৈর্ম্মৃধে—বা নি। (১২)···কৈকেয়ং বৈ বিশেষয়ন্···অস্ত্রং মহাতপাঃ—বর্দ্ধ।

কৈকেয়োঽস্ত্রং সমালোক্য মুক্তং দ্রোণেন সংযুগে।
ব্রহ্মাস্ত্রেণৈব রাজেন্দ্র! ব্রাহ্মমস্ত্রমশাতয়ৎ ॥১৩॥
ততোঽস্ত্রে নিহতে ব্রাহ্মে বৃহৎক্ষত্রস্তু ভারত!।
বিব্যাধ ব্রাহ্মণং ষষ্ট্যা স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥১৪॥
তং দ্রোণো দ্বিপদাং শ্রেষ্ঠো নারাচেন সমার্পয়ৎ।
স তস্য কবচং ভিত্ত্বা প্রাবিশদ্ধরণীতলম্ ॥১৫॥
কৃষ্ণসর্পো যথা মুক্তো বল্মীকং নৃপসত্তম!।
তথাভ্যগান্মহীং বাণো ভিত্ত্বা কৈকেয়মাহবে ॥১৬॥
সোঽতিবিদ্ধো মহারাজ! কৈকেয়ো দ্রোণসায়কৈঃ।
ক্রোধেন মহতাবিষ্টো ব্যাবর্ত্ত্য নয়নে শুভে ॥১৭॥
দ্রোণং বিব্যাধ সপ্তত্যা স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
সারথিঞ্চাস্য বাণেন ভৃশং মর্ম্মস্বতাড়য়ৎ ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কৈকেয় ইতি। কৈকেয়ো বৃহৎক্ষত্রঃ। অশাতয়ৎ ব্যনাশয়ৎ ॥১৩॥
তত ইতি। ব্রাহ্মণং দ্রোণম্। শিলাশিতৈঃ শরৈরিতি শেষঃ ॥১৪॥
তমিতি। দ্বিপদাং মনুষ্যাণাম্। সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥১৫॥
উক্তমর্থং সাদৃশ্যপ্রদর্শনায় পুনরপ্যাহ কৃষ্ণেতি। যথা অভ্যেতীতি শেষঃ ॥১৬॥

রাজশ্রেষ্ঠ! বৃহৎক্ষত্র তখন যুদ্ধে দ্রোণনিক্ষিপ্ত সেই ব্রহ্মাস্ত্র দেখিয়া ব্রহ্মাস্ত্রদ্বারাই তাহা বিনাশ করিলেন ॥১৩॥

ভরতনন্দন! সেই ব্রহ্মাস্ত্র প্রতিহত হইলে, বৃহৎক্ষত্র স্বর্ণপুঙ্খ ও শিলা-শাণিত ষাটটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন ॥১৪॥

তখন মনুষ্যশ্রেষ্ঠ দ্রোণও একটা নারাচদ্বারা বৃহৎক্ষত্রকে পীড়ন করিলেন। ক্রমে সেই নারাচটা যাইয়া বৃহৎক্ষত্রের কবচ ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল ॥১৫॥

রাজশ্রেষ্ঠ! একটা কৃষ্ণসর্পকে ছাড়িয়া দিলে, সে যেমন বল্মীকের (উয়ীর মাটীর) ভিতরে প্রবেশ করে, সেইরূপ সেই নারাচটা যাইয়া বৃহৎক্ষত্রকে ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিয়াছিল ॥১৬॥

(১৩) তদস্য রাজন্! কৈকেয়ঃ প্রত্যবারয়দচ্যুতঃ। ব্রাহ্মেণৈব মহাবাহুরাহবে সমুদীরিতম্—বর্দ্ধ। (১৪) প্রতিহত্য তদস্ত্রন্তু ভারদ্বাজস্য সংযুগে…বর্দ্ধ। (১৭)…দ্রোণেনাস্ত্রবিদা ভৃশম্…বর্দ্ধ,…ব্যাবৃত্য নয়নে শুভে—বঙ্গ বর্দ্ধ বা নি। (১৮)…সারথিঞ্চাস্য ভল্লেন বাহ্বোরুরসি চার্পয়ৎ—বঙ্গ বর্দ্ধ।

দ্রোণস্তু বহুধা বিদ্ধো বৃহৎক্ষত্রেণ মারিষ!।
অসৃজদ্বিশিখাংস্তীক্ষ্ণান্ কৈকেয়স্য রথং প্রতি ॥১৯॥
ব্যাকুলীকৃত্য তং দ্রোণো বৃহৎক্ষত্রং মহারথম্।
অশ্বাংশ্চতুর্ভির্ন্যবধীচ্চতুরোঽস্য পতত্রিভিঃ ॥২০॥
সূতঞ্চৈকেন বাণেন রথনীড়াদপাতয়ৎ।
দ্বাভ্যাং ধ্বজঞ্চ চ্ছত্রঞ্চ চ্ছিত্ত্বা ভূমাবপাতয়ৎ ॥২১॥
ততঃ সাধু বিসৃষ্টেন নারাচেন দ্বিজর্ষভঃ।
হৃদ্যবিধ্যদ্‌বৃহৎক্ষত্রং স চ্ছিন্নহৃদয়োঽপতৎ ॥২২॥
বৃহৎক্ষত্রে হতে রাজন্! কৈকেয়ানাং মহারথে।
শৈশুপালিরতিক্রুদ্ধো যন্তারমিদমব্রবীৎ ॥২৩॥

ভারতকৌমুদী

স ইতি। কৈকেয়ো বৃহৎক্ষত্রঃ। ব্যাবর্ত্ত্য উত্তোল্য। শিলাশিতৈঃ শরৈঃ ॥১৭—১৮॥
দ্রোণ ইতি। মা রেষতি সজ্জনং ন হিনস্তীতি মারিষঃ নাম্যুপধত্বাৎ কপ্রত্যয়ঃ ॥১৯॥
ব্যাকুলীতি। ব্যাকুলীকৃত্য যুগপদ্বহুতরশরতাড়নেনেত্যর্থঃ। পতত্রিভির্বাণৈঃ ॥২০॥
সূতমিতি। সূতং সারথিম্। রথনীড়াদিত্যনেন সূতস্য পক্ষিতুল্যত্বং ব্যজ্যতে ॥২১॥
তত ইতি। সাধু সম্যক্, বিসৃষ্টেন নিক্ষিপ্তেন, দ্বিজর্ষভো দ্রোণঃ ॥২২॥

মহারাজ! তখন বৃহৎক্ষত্র দ্রোণের বাণে অত্যন্তবিদ্ধ ও মহাক্রুদ্ধ হইয়া সুন্দর নয়নযুগল উত্তোলন করিয়া স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত সত্তরটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন এবং একটা বাণদ্বারা দ্রোণের সারথির বক্ষস্থলে গুরুতর তাড়ন করিলেন ॥১৭—১৮॥

মাননীয় রাজা! বৃহৎক্ষত্র বহুপ্রকারে বিদ্ধ করিলে, দ্রোণ তাঁহার রথের দিকে বহুতর তীক্ষ্ণ বাণ নিক্ষেপ করিলেন ॥১৯॥

এবং দ্রোণ সেইভাবে মহারথ বৃহৎক্ষত্রকে আকুল করিয়া চারিটা বাণদ্বারা বৃহৎক্ষত্রের চারিটা অশ্বকে বধ করিলেন ॥২০॥

আর দ্রোণ একটা বাণদ্বারা বৃহৎক্ষত্রের সারথিকে রথনীড় হইতে নিপাতিত করিলেন এবং দুইটা বাণদ্বারা তাঁহার ধ্বজ ও ছত্র ছেদন করিয়া ভূতলে পাতিত করিলেন ॥২১॥

তাহার পর দ্রোণ একটা নারাচ সমীচীনভাবে নিক্ষেপ করিয়া বৃহৎক্ষত্রের বক্ষস্থল বিদ্ধ করিলেন; তখন তিনি বিদীর্ণহৃদয় হইয়া পতিত হইলেন ॥২২॥

(২১) সারথিঞ্চাস্য বাণেন রথনীড়াদপাহরৎ—পি,…রথনীড়াদপাহরৎ—বঙ্গ বর্দ্ধ। (২৩)…শৈশুপালিঃ সুসংক্রুদ্ধঃ…বর্দ্ধ,…অভিক্রুদ্ধঃ…বা নি।

সারথে ! যাহি যত্রৈষ দ্রোণস্তিষ্ঠতি দংশিতঃ ।
বিনিঘ্নন্ কেকয়ান্ সর্ব্বান্ পাঞ্চালানাঞ্চ বাহিনীম্ ॥২৪॥
তস্য তদ্বচনং শ্রুত্বা সারথী রথিনাং বরম্ ।
দ্রোণায় প্রাপয়ামাস কাম্বোজৈর্জবনৈর্হয়ৈঃ ॥২৫॥
ধৃষ্টকেতুশ্চ চেদীনামৃষভোঽতিবলোদিতঃ ।
বধায়াভ্যদ্রবদ্দ্রোণং পতঙ্গ ইব পাবকম্ ॥২৬॥
সোঽবিধ্যত তদা দ্রোণং ষষ্ট্যা সাশ্বরথধ্বজম্ ।
পুনশ্চান্যৈঃ শরৈস্তীক্ষ্ণৈঃ সুপ্তং ব্যাঘ্রং তুদন্নিব ॥২৭॥
তস্য দ্রোণো ধনুর্মধ্যে ক্ষুরপ্রেণ শিতেন চ ।
চকর্ত্ত গার্ধ্রপত্রেণ যতমানস্য শুষ্মিণঃ ॥২৮॥

ভারতকৌমুদী

বৃহদিতি । শৈশুপালিঃ শিশুপালপুত্রো ধৃষ্টকেতুঃ, যন্তারং স্বসারথিম্ ॥২৩॥

সারথ ইতি । দংশিতঃ সন্নদ্ধঃ । কেকয়ান্ কেকয়দেশীয়ান্ যোধান্ ॥২৪॥

তস্যেতি । কাম্বোজৈঃ কাম্বোজদেশীয়ৈঃ, জবনৈর্ব্বেগবদ্ভিঃ, হয়ৈরশ্বৈঃ ॥২৫॥

ধৃষ্টেতি । ঋষভঃ শ্রেষ্ঠঃ, অতিবলেন উদিতো গর্বিতঃ ॥২৬॥

স ইতি । সুপ্তং নিদ্রিতম্, তুদন্ ব্যথয়ন্ ॥২৭॥

তস্যেতি । দ্রোণঃ, শিতেন সুধারেণ, গৃধ্রাণামিমানীতি গার্ধ্রাণি পত্রাণি পক্ষা যত্র তেন, ক্ষুরপ্রেণ বাণেন, জয়ায় যতমানস্য, শুষ্মিণো গর্ব্বোষ্মশালিনস্তস্য, মধ্যে ধনুশ্চকর্ত্ত চিচ্ছেদ ॥২৮॥

রাজা ! কৈকেয়গণের মধ্যে মহারথ বৃহৎক্ষত্র নিহত হইলে, শিশুপালের পুত্র ধৃষ্টকেতু অত্যন্তক্রুদ্ধ হইয়া তাঁহার সারথিকে এই কথা বলিলেন—॥২৩॥

'সারথি ! যুদ্ধসজ্জায় সজ্জিত এই দ্রোণ সমস্ত কৈকেয় এবং পাঞ্চালসৈন্য বধ করিতে থাকিয়া যেখানে অবস্থান করিতেছেন, সেইখানে যাও' ॥২৪॥

তাঁহার সেই কথা শুনিয়া সারথি, কাম্বোজদেশীয় বেগবান্ অশ্বগণের গুণে সত্বর রথিশ্রেষ্ঠ ধৃষ্টকেতুকে দ্রোণের সম্মুখে উপস্থিত করিল ॥২৫॥

চেদিশ্রেষ্ঠ ও অত্যন্তবলগর্বিত ধৃষ্টকেতু দ্রোণকে বধ করিবার জন্য—পতঙ্গ যেমন অগ্নির দিকে ধাবিত হয়, সেইরূপ দ্রোণের দিকে ধাবিত হইয়াছিলেন ॥২৬॥

তিনি যাইয়া তখনই ষাটটা বাণদ্বারা অশ্ব, রথ ও ধ্বজের সহিত দ্রোণকে বিদ্ধ করিলেন এবং নিদ্রিত ব্যাঘ্রকে তাড়ন করার ন্যায় আবারও অপর কতকগুলি তীক্ষ্ণ বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥২৭॥

অথান্যদ্ধনুরাদায় শৈশুপালির্মহারথঃ।
বিব্যাধ সায়কৈর্দ্রোণং কঙ্কবর্হিণবাজিভিঃ ॥২৯॥
তস্য দ্রোণো হয়ান্ হত্বা চতুর্ভিশ্চতুরঃ শরৈঃ।
সারথেশ্চ শিরঃ কায়াচ্চকর্ত্ত প্রহসন্নিব।
অথৈনং পঞ্চবিংশত্যা সায়কানাং সমার্পয়ৎ ॥৩০॥
অবপ্লুত্য রথাচ্চৈদ্যো গদামাদায় সত্বরঃ।
ভারদ্বাজায় চিক্ষেপ রুষিতামিব পন্নগীম্ ॥৩১॥
তামাপতন্তীমালোক্য কালরাত্রিমিবোদ্যতাম্।
অশ্মসারময়ীং গুর্বীং তপনীয়বিভূষিতাম্।
শরৈরনেকসাহস্রৈর্ভারদ্বাজোঽচ্ছিনচ্ছিতৈঃ ॥৩২॥
সা চ্ছিন্না বহুভির্বাণৈর্ভারদ্বাজেন মারিষ!।
গদা পপাত কৌরব্য! নাদয়ন্তী ধরাতলম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

অথেতি। কঙ্কস্য বর্হিণস্য ময়ূরস্য চ বাজাঃ পক্ষা এষাং সন্তীতি তৈঃ ॥২৯॥

তস্যেতি। চতুরঃ চতুঃসংখ্যকান্। সমার্পয়ৎ অপীড়য়ৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

অবেতি। চৈদ্যো ধৃষ্টকেতুঃ। ভারদ্বাজায় দ্রোণায়, রুষিতাং ক্রুদ্ধাম্ ॥৩১॥

তামিতি। অশ্মসারময়ীং দৃঢ়প্রস্তরময়ীম্। অচ্ছিনৎ ন্যবারয়ৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩২॥

তখন দ্রোণ সুধার ও গৃধ্রপক্ষযুক্ত একটা ক্ষুরপ্রদ্বারা জয়ে যত্নশীল ও গর্বিত ধৃষ্টকেতুর ধনুর মধ্যস্থান ছেদন করিলেন ॥২৮॥

তদনন্তর শিশুপালনন্দন ধৃষ্টকেতু অন্য ধনু লইয়া কঙ্ক ও ময়ূরের পক্ষযুক্ত বহুতর বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন ॥২৯॥

তখন দ্রোণ হাসিতে হাসিতেই যেন চারিটা বাণদ্বারা ধৃষ্টকেতুর চারিটা অশ্বকে বধ করিয়া সারথির দেহ হইতে মস্তকটা কাটিয়া ফেলিলেন, তৎপরে আবার পঁচিশটা বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥৩০॥

এই সময়ে ধৃষ্টকেতু গদা লইয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া দ্রোণের প্রতি ক্রুদ্ধ সর্পীর ন্যায় সত্বর সেই গদাটাকে নিক্ষেপ করিলেন ॥৩১॥

পাষাণসারনির্ম্মিতা, ভারবতী ও স্বর্ণভূষিতা সেই গদাটাকে সংহারোদ্যত কালরাত্রির ন্যায় আসিতে দেখিয়া দ্রোণ সুধার বহুসহস্র বাণদ্বারা সেটাকে নিবারণ করিলেন ॥৩২॥

(২৯)···দ্রোণং পুনঃ সুনিশিতৈর্দৃঢৈঃ—বঙ্গ বৰ্দ্ধ,···বাজিতৈঃ···বা নি। (৩২)···সহসা ঘোররূপাং ভয়াবহাম্···বঙ্গ বৰ্দ্ধ।

গদাং বিনিহতাং দৃষ্ট্বা ধৃষ্টকেতুরমর্ষণঃ।
তোমরং ব্যসৃজত্তূর্ণং শক্তিঞ্চ কনকোজ্জ্বলাম্ ॥৩৪॥
তোমরস্তু ত্রিভির্বাণৈর্দ্রোণশ্ছিত্ত্বা মহাহবে।
শক্তিঞ্চিচ্ছেদ শতধা কৃতহস্তো মহাবলঃ ॥৩৫॥
ততোঽস্য বিশিখং তীক্ষ্ণং বধার্থং বধকাঙ্ক্ষিণঃ।
প্রেষয়ামাস সমরে ভারদ্বাজঃ প্রতাপবান্ ॥৩৬॥
স তস্য কবচং ভিত্ত্বা হৃদয়ঞ্চামিতৌজসঃ।
অভ্যগাদ্ধরণীং বাণো হংসঃ পদ্মবনং যথা ॥৩৭॥
ক্ষুদ্রং পতঙ্গং গ্রসতে যথা চাসো বুভুক্ষিতঃ।
তথা দ্রোণোঽগ্রসচ্ছূরো ধৃষ্টকেতুং মহাহবে ॥৩৮॥

ভারতকৌমুদী

সেতি। ছিন্না নিবারিতা। নাদয়ন্তী পতনশব্দান্বিতং কুর্বতী ॥৩৩॥
গদামিতি। অমর্ষণঃ কোপনঃ। কনকোজ্জ্বলাং স্বর্ণখচিততয়া দীপ্তিমতীম্ ॥৩৪॥
তোমরমিতি। কৃতহস্তঃ শিক্ষিতহস্তো মহাবলশ্চেতি দ্রুতং তদুভয়চ্ছেদ ইতি ভাবঃ ॥৩৫॥
তত ইতি। বধকাঙ্ক্ষিণ আত্মন এব বধাভিলাষিণঃ। প্রেষয়ামাস চিক্ষেপ ॥৩৬॥
স ইতি। তস্য ধৃষ্টকেতোঃ। অভ্যগাৎ প্রাবিশৎ ॥৩৭॥
ক্ষুদ্রমিতি। চাসঃ পক্ষী, বুভুক্ষিতঃ ক্ষুধিতঃ ॥৩৮॥

মাননীয় কৌরবনন্দন! দ্রোণ বহুতর বাণদ্বারা প্রতিহত করিলে, সে গদাটা ভূতল শব্দিত করিয়া পতিত হইল ॥৩৩॥

গদাটাকে প্রতিহত দেখিয়া ধৃষ্টকেতু আরও ক্রুদ্ধ হইয়া সত্বর একটা তোমর এবং একটা স্বর্ণসমুজ্জ্বল শক্তি নিক্ষেপ করিলেন ॥৩৪॥

তখন শিক্ষিতহস্ত ও মহাবল দ্রোণ তিনটা বাণদ্বারা সেই তোমরটাকে ছেদন করিয়া শক্তিটাকেও শতভাগে ছেদন করিলেন ॥৩৫॥

তদনন্তর প্রতাপশালী দ্রোণ নিজের বধাভিলাষী ধৃষ্টকেতুর বধের জন্য একটা তীক্ষ্ণ বাণ নিক্ষেপ করিলেন ॥৩৬॥

ক্রমে হংস যেমন পদ্মবন ভেদ করিয়া ভূমিতে গমন করে, সেইরূপ সেই বাণটা যাইয়া অমিততেজা ধৃষ্টকেতুর কবচ ও হৃদয় ভেদ করিয়া ভূমিতে গমন করিল ॥৩৭॥

ক্ষুধার্ত্ত চাসপক্ষী যেমন ক্ষুদ্র পতঙ্গকে গ্রাস করে, সেইরূপ মহাবীর দ্রোণ মহাযুদ্ধে ধৃষ্টকেতুকে গ্রাস করিলেন ॥৩৮॥

(৩৭)…হংসঃ পদ্মসরো যথা—বঙ্গ বৰ্দ্ধ।

নিহতে চেদিরাজে তু তৎখণ্ডং পিত্র্যমাবিশৎ।
অমর্ষবশমাপন্নঃ পুত্রোঽস্য পরমাস্ত্রবিৎ ॥৩৯॥
তমপি প্রহসন্ দ্রোণঃ শরৈর্নিন্যে যমক্ষয়ম্।
মহাব্যাঘ্রো যথারণ্যে মৃগশাবং বুভুক্ষিতঃ ॥৪০॥
তেষু প্রক্ষীয়মাণেষু পাণ্ডবেয়েষু ভারত!।
জরাসন্ধসুতো বীরঃ স্বয়ং দ্রোণমুপাদ্রবৎ ॥৪১॥
স তু দ্রোণং মহারাজ! ছাদয়ন্ সায়কৈঃ শিতৈঃ।
অদৃশ্যমকরোত্তূর্ণং জলদো ভাস্করং যথা ॥৪২॥
তস্য তল্লাঘবং দৃষ্ট্বা দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ।
ব্যসৃজৎ সায়কাংস্তূর্ণং শতশোঽথ সহস্রশঃ ॥৪৩॥
ছাদয়িত্বা রণে দ্রোণো রথস্থো রথিনাং বরম্।
জারাসন্ধিমথো জঘ্নে মিষতাং সর্বধন্বিনাম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

নিহত ইতি। পিত্র্যং পৈতৃকম্, তৎ খণ্ডং শূন্যং স্থানম্, আবিশৎ অপূরয়ৎ ॥৩৯॥
তমিতি। যমক্ষয়ং যমালয়ম্। মৃগশাবং হরিণশিশুম্ ॥৪০॥
তেম্বিতি। পাণ্ডবেয়েষু পাণ্ডবসৈন্যেষু। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৪১॥
স ইতি। শিতৈঃ শিলাঘর্ষণেন সুধারীকৃতৈঃ। জলদো মেঘঃ ॥৪২॥
তস্যেতি। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্। ব্যসৃজৎ ন্যক্ষিপৎ ॥৪৩॥

চেদিরাজ ধৃষ্টকেতু নিহত হইলে, তাঁহার পরমাস্ত্রজ্ঞ পুত্র ক্রুদ্ধ হইয়া যাইয়া পিতার সেই শূন্য স্থান পূরণ করিলেন ॥৩৯॥

তখন ক্ষুধার্ত্ত মহাব্যাঘ্র যেমন বনমধ্যে হরিণশিশুকে যমালয়ে প্রেরণ করে, সেইরূপ দ্রোণও হাসিতে হাসিতে বাণদ্বারা তাঁহাকেও যমালয়ে প্রেরণ করিলেন ॥৪০॥

ভরতনন্দন! সেই পাণ্ডবযোদ্ধারা এইভাবে ক্ষয় পাইতে লাগিলে, জরাসন্ধের বীর পুত্র স্বয়ং দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৪১॥

মহারাজ! তিনি যাইয়া সুধার বাণসমূহদ্বারা আচ্ছাদন করতঃ, মেঘ যেমন সূর্য্যকে অদৃশ্য করে, সেইরূপ দ্রোণকে সত্বর অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৪২॥

ক্ষত্রিয়মর্দ্দন দ্রোণ জরাসন্ধপুত্রের সেই লঘুহস্ততা দেখিয়া তাঁহার উপরে সত্বর শত শত ও সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিলেন ॥৪৩॥

(৪১)···স্বয়ন্ দ্রোণমুপাদ্রবৎ—বঙ্গ বৰ্দ্ধ।

যো যোঽস্য নীয়তে তত্র তং তং দ্রোণোঽন্তকোপমঃ।
আদত্ত সর্বভূতানি প্রাপ্তে কালে যথান্তকঃ ॥৪৫॥
ততো দ্রোণো মহেষ্বাসো নাম বিশ্রাব্য সংযুগে।
শরৈরনেকসাহস্রৈঃ পাণ্ডবেয়ান্ ব্যমোহয়ৎ ॥৪৬॥
তে তু দ্রোণাঙ্কিতা বাণাঃ স্বর্ণপুঙ্খাঃ শিলাশিতাঃ।
নরান্ নাগান্ হয়াংশ্চৈব নিজঘ্নুঃ সর্ব্বতো রণে ॥৪৭॥
তে বধ্যমানা দ্রোণেন শক্রেণেব মহাসুরাঃ।
সমকম্পন্ত পাঞ্চালা গাবঃ শীতার্দ্দিতা ইব ॥৪৮॥
ততো নিষ্টানকো ঘোরঃ পাণ্ডবানামজায়ত।
দ্রোণেন বধ্যমানেষু সৈন্যেষু ভরতর্ষভ ! ॥৪৯॥

ভারতকৌমুদী

ছাদয়িত্বেতি। জরাসন্ধস্যাপত্যমিতি জারাসন্ধিস্তম্। মিষতাং পশ্যতাম্ ॥৪৪॥
য ইতি। তত্র দ্রোণসম্মুখে। আদত্ত অগৃহ্লাৎ ব্যনাশয়দিত্যর্থঃ ॥৪৫॥
তত ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, নাম স্বসংজ্ঞাম্ ॥৪৬॥
ত ইতি। দ্রোণাঙ্কিতা দ্রোণনামচিহ্নিতাঃ। নাগান্ গজান্ ॥৪৭॥
ত ইতি। পাঞ্চালা ইতি তেম্বেব দ্রোণস্য ক্রোধাতিরেকাদিত্যাশয়ঃ ॥৪৮॥
তত ইতি। নিষ্টানক আর্ত্তনাদঃ। "ষ্টন শব্দে" ইত্যতো ঘঞন্তাৎ স্বার্থে কঃ ॥৪৯॥

ক্রমে রথারোহী দ্রোণ যুদ্ধে জরাসন্ধপুত্রকে বাণদ্বারা আচ্ছাদন করিয়া সমস্ত ধনুর্দ্ধরের সমক্ষেই সেই রথিশ্রেষ্ঠকে বধ করিলেন ॥৪৪॥

এইভাবে দ্রোণের সম্মুখে যে যে যোদ্ধা প্রেরিত হইতে লাগিলেন, কাল উপস্থিত হইলে যম যেমন সমস্ত প্রাণীকে গ্রহণ করেন, যমতুল্য দ্রোণও তাঁহাকে তাঁহাকেই গ্রহণ করিতে লাগিলেন ॥৪৫॥

তাহার পর মহাধনুর্দ্ধর দ্রোণ যুদ্ধে নিজের নাম শুনাইয়া শুনাইয়া অনেক সহস্র বাণদ্বারা পাণ্ডবসৈন্যগণকে মোহিত করিতে থাকিলেন ॥৪৬॥

দ্রোণের নামাঙ্কিত, স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত সেই বাণ সকল যাইয়া সকল দিকে পাণ্ডবপক্ষের মানুষ, হস্তী ও অশ্ব সকল বধ করিতে লাগিল ॥৪৭॥

ইন্দ্র যেমন মহাসুরদিগকে বধ করিয়াছিলেন, সেইরূপ দ্রোণ বধ করিতে লাগিলে, পাঞ্চালেরা শীতপীড়িত গোসমূহের ন্যায় কাঁপিতে লাগিল ॥৪৮॥

---

(৪৫)···আদত্তে সর্বভূতানি প্রাপ্তকালে যথান্তকঃ—বঙ্গ বৰ্দ্ধ। (৪৬) ততো দ্রোণো মহারাজ !···পাণ্ডবেয়ান্ সমাবৃণোৎ—বা নি। (৪৭) তে তু নামাঙ্কিতা বাণা দ্রোণেনাস্তাঃ ···নিজঘ্নুঃ শতশো মৃধে—বা নি।

মোহিতা বাণজালেন ভারদ্বাজেন সংযুগে।
উরুগ্রাহগৃহীতা হি পাঞ্চালানাং মহারথাঃ ॥৫০॥
চেদয়শ্চ মহারাজ! স্বঞ্জয়াঃ সোমকাস্তথা।
অভ্যদ্রবন্ত সংহৃষ্টা ভারদ্বাজং যুযুৎসয়া ॥৫১॥
ব্রুবন্তশ্চ রণেঽন্যোন্যং চেদিপাঞ্চালসৃঞ্জয়াঃ।
হত দ্রোণং হত দ্রোণমিতি তে দ্রোণমভ্যয়ুঃ ॥৫২॥
তে যতন্তো নরব্যাঘ্রাঃ সর্ব্বশক্ত্যা মহাদ্যুতিম্।
নিনীষন্তো রণে দ্রোণং যমস্য সদনং প্রতি ॥৫৩॥
যতমানাংশ্চ তান্ সর্বান্ ভারদ্বাজঃ শিলীমুখৈঃ।
যমায় প্রেষয়ামাস চেদিমুখ্যান্ বিশেষতঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

মোহিতা ইতি। উরুগ্রাহেণ ভয়াদূরুস্তম্ভেন গৃহীতা আক্রান্তা অভবন্ ॥৫০॥
চেদয় ইতি। অদ্রবন্ত অভ্যধাবন্। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥৫১॥
ব্রুবন্ত ইতি। হত যূয়ং বিনাশয়ত। অভ্যয়ুঃ অভিজগ্মুঃ ॥৫২॥
ত ইতি। যতন্তো জয়ায় যতমানাঃ। নিনীষন্তো নেতুমিচ্ছন্তঃ অভবন্ ॥৫৩॥
যতেতি। শিলীমুখৈর্বাণৈঃ। বিশেষতো বাহুল্যেন ॥৫৪॥

ভরতনন্দন! দ্রোণ সৈন্যগণকে বধ করিতে থাকিলে, পাণ্ডবপক্ষে ভয়ঙ্কর আর্ত্তনাদ হইতে থাকিল ॥৪৯॥

দ্রোণ বাণজালদ্বারা যুদ্ধে মোহিত করিলে, পাঞ্চালসৈন্যের মহারথেরা উরুস্তম্ভে আক্রান্ত হইয়া পড়িলেন ॥৫০॥

মহারাজ! তখন চেদি, সৃঞ্জয় ও সোমকসৈন্যেরা আনন্দিত হইয়া যুদ্ধ করিবার ইচ্ছায় দ্রোণের দিকে ধাবিত হইল ॥৫১॥

‘দ্রোণকে বধ কর, দ্রোণকে বধ কর’ এইরূপ পরস্পর বলিতে থাকিয়া সেই চেদি, পাঞ্চাল ও সৃঞ্জয়েরা ধাবিত হইয়াছিল ॥৫২॥

সেই নরশ্রেষ্ঠেরা সমস্ত শক্তিপ্রয়োগপূর্ব্বক জয়ে যত্নবান্ হইয়া যুদ্ধে মহাতেজা দ্রোণকে যমালয়ে প্রেরণ করিবার ইচ্ছা করিয়াছিলেন ॥৫৩॥

তাঁহারা সকলে জয়ের জন্য যত্ন করিতে থাকিলে, দ্রোণ বাণসমূহদ্বারা তাঁহাদিগকে এবং বিশেষভাবে চেদিশ্রেষ্ঠগণকে যমালয়ে প্রেরণ করিতে লাগিলেন ॥৫৪॥

(৫০) মোহিতাঃ শরজালেন…বর্দ্ধ। (৫১)…যুযুৎসবঃ—পি। (৫৩)…মহাদ্যুতে!…বঙ্গ বর্দ্ধ,…নিনীষবঃ…বা নি। (৫৪)…তান্ বীরান্…বা নি।

তেষু প্রক্ষীয়মাণেষু চেদিমুখ্যেষু ভারত ! ।
পাঞ্চালাঃ সমকম্পন্ত দ্রোণসায়কপীড়িতাঃ ॥৫৫॥
আক্রোশন্ ভীমসেনং তে ধৃষ্টদ্যুম্নঞ্চ ভারত ! ।
দৃষ্ট্বা দ্রোণস্য কর্ম্মাণি তথারূপাণি মারিষ ! ॥৫৬॥
ব্রাহ্মণেন তপো নূনং চরিতং দুশ্চরং মহৎ ।
তথাহি যুধি সংক্রুদ্ধো দহতি ক্ষত্রিয়র্ষভান্ ॥৫৭॥
ধর্ম্মো যুদ্ধং ক্ষত্রিয়স্য ব্রাহ্মণস্য পরং তপঃ ।
তপস্বী কৃতবিদ্যশ্চ প্রেক্ষিতেনাপি নির্দ্দহেৎ ॥৫৮॥
দ্রোণাস্ত্রমগ্নিসংস্পর্শং প্রবিষ্টাঃ ক্ষত্রিয়র্ষভাঃ ।
বহবো দুস্তরং ঘোরং যতোঽদহ্যন্ত ভারত ! ॥৫৯॥

ভারতকৌমুদী

তেম্বিতি । পাঞ্চালাঃ সমকম্পন্ত, একচ্ছাগচ্ছেদে ছাগান্তরাণীবেতি ভাবঃ ॥৫৫॥

আক্রোশন্নিতি । আক্রোশন্ রক্ষণায় তারস্বরমাহ্বয়ন্ ॥৫৬॥

অথ কেচন যোদ্ধারো ভরতবংশীয়স্যাপরস্য যোদ্ধুরন্তিকে দ্রোণক্রিয়ামাহুশ্চতুর্ভিঃ । ব্রাহ্মণেনেতি । ব্রাহ্মণেন দ্রোণেন । দহতি দাহমিবানায়াসেন নাশং করোতি ॥৫৭॥

ধর্ম্ম ইতি । পরং তপশ্চ ব্রাহ্মণস্য ধর্ম্ম ইতি সম্বন্ধঃ । প্রেক্ষিতেন দর্শনেনাপি ॥৫৮॥

দ্রোণেতি । যতোঽদহ্যন্ত, অতো দুশ্চরং তপশ্চরিতমিত্যর্থঃ ॥৫৯॥

ভরতনন্দন ! সেই চেদিশ্রেষ্ঠেরা ক্ষয় পাইতে লাগিলে, পাঞ্চালেরাও দ্রোণের বাণে পীড়িত হইয়া কাঁপিতে লাগিল ॥৫৫॥

মাননীয় ভরতনন্দন ! তখন তাহারা দ্রোণের সেইরূপ কার্য্য দেখিয়া উচ্চস্বরে ভীমসেন ও ধৃষ্টদ্যুম্নকে আহ্বান করিতে থাকিল ॥৫৬॥

(অনেকে বলিতে লাগিল—) 'নিশ্চয়ই ব্রাহ্মণ দুষ্কর মহাতপস্যা করিয়াছেন। তাহাতেই ক্রুদ্ধ হইয়া যুদ্ধে ক্ষত্রিয়শ্রেষ্ঠগণকে দগ্ধ করিতেছেন ॥৫৭॥

যুদ্ধ যেমন ক্ষত্রিয়ের ধর্ম্ম, তেমন পরম তপস্যা ব্রাহ্মণের ধর্ম্ম। সুতরাং তপস্বী ও কৃতবিদ্য ব্রাহ্মণ কেবল দৃষ্টিদ্বারাও দগ্ধ করিতে পারেন ॥৫৮॥

ভরতনন্দন ! যেহেতু বহু ক্ষত্রিয়শ্রেষ্ঠ অগ্নিসমস্পর্শ, দুস্তর ও ভয়ঙ্কর দ্রোণাস্ত্রের মধ্যে প্রবেশ করিয়া দগ্ধ হইতেছেন ॥৫৯॥

---

(৫৫)…চেদিমুখ্যেষু সর্বশঃ…বা নি। (৫৮) ধর্ম্মং যুদ্ধং ক্ষত্রিয়স্য…পি। (৫৯) দ্রোণাগ্নিমস্ত্রসংস্পর্শম্…নি,…যস্মাদহ্যন্ত ভারত !—পি বা নি।

যথাবলং যথোৎসাহং যথাসত্ত্বং মহাদ্যুতিঃ।
মোহয়ন্ সর্ব্বসৈন্যানি দ্রোণো হন্তি বলানি নঃ ॥৬০॥
তেষাং তদ্বচনং শ্রুত্বা ক্ষত্রধর্ম্মব্যবস্থিতঃ।
অর্দ্ধচন্দ্রেণ চিচ্ছেদ ক্ষত্রধর্ম্মা মহাবলঃ।
ক্রোধসংবিগ্নমনসো দ্রোণস্য সশরং ধনুঃ ॥৬১॥
স সংরব্ধস্ততো ভূত্বা দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ।
অন্যৎ কার্ম্মুকমাদায় ভাস্বরং বেগবত্তরম্ ॥৬২॥
তত্রাধায় শরং তীক্ষ্ণং পরঘ্নং বিমলং দৃঢ়ম্।
আকর্ণপূর্ণমাচার্য্যো বলবানভ্যবাসৃজৎ ॥৬৩॥ (যুগ্মকম্)
স জীবিতমুপাদায় ধার্ষ্টদ্যুম্নেঃ শরোত্তমঃ।
আশীবিষ ইব ক্রুদ্ধো জগাম ধরণীতলম্ ॥৬৪॥
স ভিন্নহৃদয়ো বাহাদপতন্মেদিনীতলে।
ততঃ সৈন্যান্যকম্পন্ত ধৃষ্টদ্যুম্নসুতে হতে ॥৬৫॥

ভারতকৌমুদী

যথেতি। যথাসত্ত্বং যথাধ্যবসায়ম্। বলানি সৈন্যান্যেব ॥৬০॥

তেষামিতি। ক্ষত্রধর্ম্মা নাম। ক্রোধেন সংবিগ্নমনসঃ অস্থিরচিত্তস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬১॥

স ইতি। সংরব্ধঃ সোৎসাহঃ। পরঘ্নং শত্রুনাশকম্ ॥৬২—৬৩॥

স ইতি। ধৃষ্টদ্যুম্নস্যাপত্যমিতি ধার্ষ্টদ্যুম্নিস্তস্য প্রাগুক্তস্য ক্ষত্রধর্ম্মনাম্নঃ ॥৬৪॥

মহাতেজা দ্রোণ শক্তি, উৎসাহ ও অধ্যবসায় অনুসারে আমাদের সমস্ত সৈন্যকে মুগ্ধ করিয়া তাহা সংহার করিতেছেন' ॥৬০॥

তাহাদের সেই কথা শুনিয়া ক্ষত্রিয়ধর্ম্মস্থিত মহাবল ক্ষত্রধর্ম্মা একটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা ক্রোধে অস্থিরচিত্ত দ্রোণের শরযুক্ত ধনু ছেদন করিলেন ॥৬১॥

তাহার পর বলবান্ ও ক্ষত্রিয়মর্দ্দন দ্রোণাচার্য্য বিশেষ উৎসাহী হইয়া উজ্জ্বল ও বিশেষ আকর্ষণসহ অন্য একখানা ধনু লইয়া, তাহাতে তীক্ষ্ণ, নির্ম্মল, দৃঢ় ও শত্রুনাশক একটা বাণ স্থাপন করিয়া আকর্ণপূর্ণ আকর্ষণে তাহা নিক্ষেপ করিলেন ॥৬২—৬৩॥

সেই উত্তম বাণটা ধৃষ্টদ্যুম্নের পুত্র ক্ষত্রধর্ম্মার জীবন লইয়া ক্রুদ্ধ সর্পের ন্যায় ভূতলে গমন করিল ॥৬৪॥

(৬২)·· দ্রোণঃ প্রহরতাং বরঃ···পি।

অথ দ্রোণং সমাসাদ্য চেকিতানো মহারথঃ।
স দ্রোণং দশভির্বিদ্ধা প্রত্যবিধ্যৎ স্তনান্তরে।
পঞ্চভিঃ সারথিঞ্চাস্য চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৬৬॥
তমাচার্য্যস্ত্রিভির্ব্বাণৈর্ব্বাহ্বোরুরসি চার্পয়ৎ।
ধ্বজং সপ্তভিরুন্মথ্য যন্তারমবধীত্রিভিঃ ॥৬৭॥
তস্য সূতে হতে বাহা রথমাদায় বিদ্রুতাঃ।
সমরে শরসংবীতা ভারদ্বাজেন মারিষ! ॥৬৮॥
চেকিতানরথং দৃষ্ট্বা বিদ্রুতং হতসারথিম্।
পাঞ্চালান্ পাণ্ডবাংশ্চৈব মহদ্ভয়মথাবিশৎ ॥৬৯॥

ভারতকৌমুদী

স ইতি। উহ্যতে অনেনেতি বাহো রথস্তস্মাৎ। করণে ঘঞ্ ॥৬৫॥

অথেতি। দশভিঃ শরৈঃ। এবমগ্রত্র। স্তনান্তরে বক্ষসি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥

তমিতি। উরসি বক্ষসি আর্পয়ৎ অপীড়য়ৎ। যন্তারং সারথিম্ ॥৬৭॥

তস্যেতি। সূতে সারথৌ। বিদ্রুতা দ্রুতং রণস্থলাদ্‌গতাঃ। শরৈঃ সংবীতা ব্যাপ্তাঃ ॥৬৮॥

চেকিতানেতি। হতঃ সারথির্যস্য তম্। ভয়ং কর্তৃ ॥৬৯॥

তখন বিদীর্ণহৃদয় সেই ক্ষত্রধর্ম্মা রথ হইতে ভূতলে পতিত হইলেন। ক্রমে সেই ধৃষ্টদ্যুম্নের পুত্র নিহত হইলে, পাণ্ডবসৈন্যেরা কাঁপিতে লাগিল ॥৬৫॥

তদনন্তর মহারথ চেকিতান দ্রোণের নিকটে উপস্থিত হইয়া দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিয়া আবারও তাঁহার বক্ষস্থল বিদ্ধ করিলেন; আর পাঁচটা বাণদ্বারা উহার সারথিকে এবং চারিটা বাণদ্বারা চারিটা অশ্বকে তাড়ন করিলেন ॥৬৬॥

তখন দ্রোণাচার্য্য তিনটা বাণদ্বারা চেকিতানের বাহুদ্বয় ও বক্ষস্থল পীড়ন করিলেন এবং সাতটা বাণদ্বারা তাঁহার ধ্বজটাকে বিনষ্ট করিয়া তিনটা বাণদ্বারা সারথিকে বধ করিলেন ॥৬৭॥

মাননীয় রাজা! চেকিতানের সারথি নিহত হইলে, দ্রোণের শরে ব্যাপ্তদেহ অশ্বগণ তাঁহার রথখানাকে লইয়া রণস্থল হইতে দ্রুত অপসৃত হইল ॥৬৮॥

চেকিতানের সারথি নিহত হইল এবং তাঁহার রথখানা দ্রুত চলিয়া গেল দেখিয়া পাঞ্চালগণ ও পাণ্ডবগণের গুরুতর ভয় উপস্থিত হইল ॥৬৯॥

(৬৬) অথ দ্রোণং সমারোহৎ—বঙ্গ বর্দ্ধ বা নি, চেকিতানো মহাবলঃ···বা নি। অত্রাপরেঽপি বহব এব পাঠভেদা লক্ষ্যন্তে।

তান্ সমেতান্ রণে শূরাংশ্চেদিপাঞ্চালসৃঞ্জয়ান্।
সমন্তাদ্দ্রাবয়ন্ দ্রোণো বহ্বশোভত ভারত!॥৭০॥
আকর্ণপলিতঃ শ্যামো বয়সাশীতিপঞ্চকঃ।
রণে পর্য্যচরদ্দ্রোণো বৃদ্ধঃ ষোড়শবর্ষবৎ॥৭১॥
অথ দ্রোণং মহারাজ! বিচরন্তমভীতবৎ।
বজ্রহস্তমমন্যন্ত শত্রবঃ শত্রুসূদনম্॥৭২॥
ততোঽব্রবীন্মহাবাহুর্দ্রুপদো বুদ্ধিমান্ নৃপ!।
লুব্ধোঽয়ং ক্ষত্রিয়ান্ হন্তি ব্যাঘ্রঃ ক্ষুদ্রমৃগানিব॥৭৩॥

ভারতকৌমুদী

তানিতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু, দ্রাবয়ন্ মর্দ্দয়ন্। অশোভত বীরশ্রিয়া॥৭০॥

দ্রোণং স্তৌতি। আকর্ণেতি। আকর্ণং কর্ণপর্য্যন্তপাতি পলিতং জরসা কেশশৌক্ল্যং শুক্লঃ কেশপাশো যস্য সঃ, শ্যামঃ শ্যামবর্ণদেহঃ, বয়সা জীবনকালেন, বৎসরাণামশীতিঃ পঞ্চকঞ্চ যস্য স পঞ্চাশীতিবর্ষবয়স্ক ইত্যর্থঃ। "অশীতিপঞ্চকঃ অতিবৃদ্ধতমঃ, অশীতিপঞ্চকশ্চতুঃশতাব্দ ইতি বা" ইতি নীলকণ্ঠঃ। তদসৎ, সপ্ততিবর্ষবয়স্কস্যার্জ্জুনস্য সখ্যুরশ্বত্থাম্নোঽপি কিঞ্চিন্ন্যূন-সপ্ততিবর্ষবয়স্কতায়া অবশ্যবক্তব্যতয়া ত্রিংশদধিকত্রিশতবর্ষবয়সি দ্রোণেন তজ্জননাসম্ভবাৎ। ষোড়শবর্ষবয়সি দ্রোণেনাশ্বত্থাম্নো জননন্তু সম্ভবত্যেব, অভিমন্যুনা পরীক্ষিতো জননবদিতি সুধীভির্ভাব্যম্॥৭১॥

অথেতি। বজ্রহস্তমিন্দ্রমমন্যন্ত অনিবার্য্যত্বাৎ॥৭২॥

ভারতভাবদীপঃ

অপরাহ্ন ইতি॥১—৩৭॥ চাযঃ স্বর্ণকারঃ॥৩৮—৪৮॥ নিষ্টানকঃ কষ্টস্বনঃ॥৪৯॥ উরুগ্রাহ উরুস্তম্ভঃ॥৫০—৭০॥ আকর্ণমুপাগতং কেশাদেঃ শৌক্ল্যং যস্য বয়সা কালপিণ্ড-

---

ভরতনন্দন! যুদ্ধে সমবেত সেই বীর চেদি, পাঞ্চাল ও সৃঞ্জয়দিগকে সকল দিকে পীড়ন করিতে থাকিয়া দ্রোণ বীরশোভায় গুরুতর শোভা পাইতে লাগিলেন॥৭০॥

পক্ক কেশকলাপ কর্ণপর্য্যন্ত পড়িয়াছিল, দেহ শ্যামবর্ণ ছিল এবং বয়স পঁচাশী বৎসর হইয়াছিল; এইরূপ বৃদ্ধ হইয়াও দ্রোণ ষোড়শবর্ষবয়স্ক যুবার ন্যায় যুদ্ধে বিচরণ করিতেছিলেন॥৭১॥

মহারাজ! দ্রোণ নির্ভয়ের ন্যায় সেইরূপ বিচরণ করিতে লাগিলে, শত্রুরা সেই শত্রুসূদনকে বজ্রপাণি ইন্দ্র বলিয়া মনে করিতেছিল॥৭২॥

---

(৭১) আকর্ণপলিতশ্যামঃ···পি বঙ্গ বর্দ্ধ,···বয়সাশীতিকাপরঃ···পি,···বয়সাশীতিপঞ্চ চ··· বঙ্গ বর্দ্ধ। (৭৩) ততোঽব্রবীন্মহারাজ!···নৃপঃ···পি বঙ্গ বর্দ্ধ।

কৃচ্ছ্রান্ দুর্য্যোধনো লোকান্ পাপঃ প্রাপ্স্যতি দুর্ম্মতিঃ।
যস্য লোভাদ্বিনিহতাঃ সমরে ক্ষত্রিয়র্ষভাঃ ॥৭৪॥
শতশঃ শেরতে ভূমৌ নিকৃত্তা গোবৃষা ইব।
রুধিরেণ পরীতাঙ্গাঃ শ্বশৃগালাদনীকৃতাঃ ॥৭৫॥
এবমুক্ত্বা মহারাজ! দ্রুপদোঽক্ষৌহিণীপতিঃ।
পুরস্কৃত্য রণে পার্থান্ দ্রোণমভ্যদ্রবদ্দ্রুতম্ ॥৭৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি জয়দ্রথবধে দ্রোণপরাক্রমে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। লুব্ধো দুর্য্যোধনাদর্থলোভী। কথমন্যথা ঈদৃশী প্রবৃত্তিরিতি ভাবঃ ॥৭৩॥

কৃচ্ছ্রানিতি। কৃচ্ছ্রান্ কষ্টকরান্, লোকান্ নরকান্। লোভাৎ রাজ্যস্য ॥৭৪॥

শতশ ইতি। নিকৃত্তাশ্ছিন্নাঃ, গোবৃষাঃ প্রধানা গাবঃ। পরীতাঙ্গা আপ্লুতগাত্রাঃ। শুনাং কুকুরাণাং শৃগালানাঞ্চ অদনীকৃতা দ্রোণেনৈব খাদ্যীকৃতাঃ। অদনমিতি কর্ম্মণি যুট্ ॥৭৫॥

এবমিতি। পার্থান্ পাণ্ডবান্, অভ্যদ্রবৎ যোদ্ধুমভ্যধাবৎ ॥৭৬॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সংযোগেন, অশীতিপঞ্চকঃ অতিবৃদ্ধতমঃ, অশীতিপঞ্চকঃ চতুঃশতাব্দ ইতি বা ॥৭১—৭৫॥
পার্থান্ অপনয়ন্ ॥৭৬॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৯॥

রাজা! তাহার পর মহাবাহু ও বুদ্ধিমান্ দ্রুপদ বলিলেন—'ব্যাঘ্র যেমন ক্ষুদ্র মৃগ বধ করে, সেইরূপ এই লুব্ধ ব্রাহ্মণ ক্ষত্রিয় বধ করিতেছে ॥৭৩॥

যাহার লোভে ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা যুদ্ধে নিহত হইয়াছেন, সেই পাপাত্মা ও দুর্বুদ্ধি দুর্য্যোধন নিশ্চয়ই কষ্টজনক নরকে যাইবে ॥৭৪॥

হায়! ছিন্ন প্রধান প্রধান বৃষের ন্যায় রক্তলিপ্তদেহ শত শত ক্ষত্রিয় কুকুর ও শৃগালপ্রভৃতির খাদ্য হইয়া ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন' ॥৭৫॥

মহারাজ! অক্ষৌহিণীপতি দ্রুপদ এইরূপ বলিয়া পাণ্ডবগণকে অগ্রবর্ত্তী করিয়া দ্রোণের দিকে সত্বর ধাবিত হইলেন' ॥৭৬॥

* '...ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ...' বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ...' বা রা নি।

দশাধিকশততমোহধ্যায়ঃ।

—————:-০-:—————

সঞ্জয় উবাচ।

ব্যূহেম্বালোড্যমানেষু পাণ্ডবানাং ততস্ততঃ।
সুদূরমন্বয়ুঃ পার্থাঃ পাঞ্চালাঃ সোমকৈঃ সহ ॥১॥
বর্ত্তমানে তথা রৌদ্রে সংগ্রামে লোমহর্ষণে।
প্রক্ষয়ে জগতস্তীব্রে যুগান্ত ইব ভারত! ॥২॥
দ্রোণে যুধি পরাক্রান্তে নর্দ্দমানে মুহুর্মুহুঃ।
পাঞ্চাল্যেষু চ ক্ষীণেষু বধ্যমানেষু পাণ্ডুষু ॥৩॥
নাপশ্যচ্ছরণং কঞ্চিদ্ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
চিন্তয়ামাস রাজেন্দ্রঃ কথমেতদ্ভবিষ্যতি ॥৪॥ (বিশেষকম্)
তত্রাবেক্ষ্য দিশঃ সর্ব্বাঃ সব্যসাচিদিদৃক্ষয়া।
যুধিষ্ঠিরো দদর্শাথ নৈব পার্থং ন মাধবম্ ॥৫॥

ভারতকৌমুদী

ব্যূহেম্বিতি। অলোড্যমানেষু দ্রোণেন মর্দ্দ্যমানেষু। সুদূরং দ্রোণাদেব ॥১॥

বর্ত্তমান ইতি। প্রক্ষয়ে জায়মানে, যুগান্তে প্রলয়কালে। নর্দ্দমানে সিংহনাদং কুর্ব্বতি। শরণং রক্ষকম্। এতদ্যুদ্ধং কথং ভবিষ্যতি, মৎপক্ষে দ্রোণপ্রতিপক্ষাভাবাৎ ॥২—৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! দ্রোণ নানাস্থানে পাণ্ডবসৈন্য আলোড়ন করিতে লাগিলে, পাণ্ডবগণ ও পাঞ্চালগণ সোমকগণের সহিত অতিদূরে সরিয়া গেলেন ॥১॥

ভরতনন্দন! সেইরূপ ভয়ঙ্কর ও লোমহর্ষণ যুদ্ধ চলিতে লাগিলে, প্রলয়-কালের ন্যায় দারুণ লোকক্ষয় হইতে থাকিলে, পরাক্রমশালী দ্রোণ যুদ্ধে মুহুর্মুহু সিংহনাদ করিতে লাগিলে, পাঞ্চালসৈন্যগণ ক্ষয় পাইতে থাকিলে এবং পাণ্ডবসৈন্যগণও নিহত হইতে লাগিলে, ধর্ম্মরাজ যুধিষ্ঠির কোন রক্ষক দেখিতে পাইলেন না; তখন সেই রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির চিন্তা করিলেন—'কি করিয়া এ যুদ্ধ হইবে' ॥২—৪॥

(১)···সহ সোমকৈঃ—পি বা নি। (২)···সংক্ষয়ে জগতস্তীব্রে···বা নি। (৩)··· বধ্যমানেষু যোধেষু পাণ্ডবেষু চ ভারত!—পি। (৪)···চিন্তয়ামাস ধর্ম্মাত্মা···পি,···চিন্তয়ামাস রাজেন্দ্র!···বা নি। (৫) ততো বীক্ষ্য···পি বা নি।

সোঽপশ্যন্ নরশার্দ্দূলং বানরর্ষভলক্ষণম্ ।
গাণ্ডীবস্য চ নির্ঘোষমশৃণ্বন্ ব্যথিতেন্দ্রিয়ঃ ॥৬॥
অপশ্যন্ সাত্যকিঞ্চাপি বৃষ্ণীনাং প্রবরং রথম্ ।
চিন্তয়াভিপরীতাঙ্গো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ।
নাধ্যগচ্ছত্তদা শান্তিং তাবপশ্যন্ নরর্ষভৌ ॥৭॥
লোকোপক্রোশভীরুত্বাদ্ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ।
অচিন্তয়ন্মহাবাহুঃ শৈনেয়স্য রথং প্রতি ॥৮॥
পদবীং প্রেষিতশ্চৈব ফাল্গুনস্য মহারণে ।
শৈনেয়ঃ সাত্যকিঃ শূরো মিত্রাণামভয়ঙ্করঃ ॥৯॥

ভারতকৌমুদী

তত্রেতি । সব্যসাচিদিদৃক্ষয়া অর্জ্জুনদর্শনেচ্ছয়া । পার্থমর্জ্জুনম্, মাধবং কৃষ্ণম্ ॥৫॥

স ইতি । নরশার্দ্দূলমর্জ্জুনম্, বানরর্ষভো লক্ষণং ধ্বজচিহ্নং যস্য তম্ । ব্যথিতেন্দ্রিয়োঽভবং ॥৬॥

অপশ্যন্নিতি । রথং রথিনম্ । অভিপরীতাঙ্গো ব্যাপ্তচিত্তঃ । তৌ কৃষ্ণার্জ্জুনৌ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

লোকেতি । লোকোপক্রোশো লোকাপবাদস্তদ্ভীরুত্বাৎ ॥৮॥

পদবীমিতি । পদবীং পন্থানম্, ফাল্গুনস্য অর্জ্জুনস্য ॥৯॥

তখন যুধিষ্ঠির অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় সকল দিকে দৃষ্টিপাত করিয়া অর্জ্জুন বা কৃষ্ণ ইহার কাঁহাকেও দেখিতে পাইলেন না ॥৫॥

তিনি নরশ্রেষ্ঠ ও কপিধ্বজ অর্জ্জুনকে না দেখিয়া এবং গাণ্ডীবের শব্দ শুনিতে না পাইয়া গুরুতর দুঃখিতচিত্ত হইলেন ॥৬॥

মহারাজ! তখন আমরা ভীমসেনের অদ্ভুত বিক্রম দেখিলাম। যেহেতু তিনি বাণদ্বারা কর্ণকে বারণ করিয়াও আপনার পুত্রগণকে বধ করিলেন ॥৩৭॥

মহারাজ! ভীমসেন সুধার বাণদ্বারা সকল দিকে বারণ করিতে থাকিলে, কর্ণ ক্রোধের সহিত ভীমের প্রতি দৃষ্টিপাত করিলেন ॥৩৮॥

ক্রোধে আরক্তনয়ন ভীমসেনও বিশাল ধনু বিস্ফারিত করিয়া ক্রোধে মুহুর্মুহু কর্ণের দিকে দৃষ্টিপাত করিতে থাকিলেন ॥৩৯॥

এদিকে প্রতাপশালী কর্ণ আপনার পুত্রগণকে পতিত দেখিয়া মহাক্রোধাবিষ্ট হইয়া আপন জীবনে ধিক্কার দিতে লাগিলেন ॥৪০॥

---

(৩৯) ইতঃ পরম্ '·· ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি। (৪০)·· স জীবিতাৎ—পি বঙ্গ বর্দ্ধ বা। (৪১) ইতঃ পরম্ 'ভীমসেনস্ততঃ ক্রুদ্ধস্তমাধাবদসংভ্রমম্' ইতি পাদদ্বয়মধিকম্ পি বঙ্গ বর্দ্ধ বা।

স ভীমং পঞ্চভির্বিদ্ধা রাধেয়ঃ প্রহসন্নিব।
পুনর্বিব্যাধ সপ্তত্যা স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥৪২॥
অবিচিন্ত্যাথ তান্ বাণান্ কর্ণেনাস্তান্ বৃকোদরঃ।
রণে বিব্যাধ রাধেয়ং শতেনানতপর্ব্বণাম্ ॥৪৩॥
পুনশ্চ বিশিখৈস্তীক্ষ্ণৈর্বিদ্ধা মর্ম্মসু পঞ্চভিঃ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন সূতপুত্রস্য মারিষ! ॥৪৪॥
অথান্যদ্ধনুরাদায় কর্ণো ভারত! দুর্ম্মনাঃ।
ইষুভিশ্ছাদয়ামাস ভীমসেনং পরন্তপঃ ॥৪৫॥
তস্য ভীমো হয়ান্ হত্বা বিনিহত্য চ সারথিম্।
প্রজহাস মহাহাসং কৃতে প্রতিকৃতে পুনঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

আগ ইতি। আগস্কৃতমপরাধকারিণম্। আবিরথিঃ কর্ণঃ ॥৪১॥
স ইতি। পঞ্চভিঃ শরৈঃ। এবমন্যত্র ॥৪২॥
অবীতি। অস্তান্ ক্ষিপ্তান্। আনতপর্বণামীষদ্বক্রোপান্তানাং শরাণাম্ ॥৪৩॥
পুনরিতি। বিশিখৈর্বাণৈঃ। চিচ্ছেদ বৃকোদর ইত্যনুবৃত্তিঃ ॥৪৪॥
অথেতি। দুর্ম্মনাঃ পুনঃ পুনঃ পরাজয়াদ্দুঃখিতচিত্তঃ। ইষুভির্বাণৈঃ ॥৪৫॥
তস্যেতি। কর্ণেন কৃতে প্রহারে বিষয়ে, পুনঃ প্রতিকৃতে প্রতিপ্রহারে কৃতে সতি ॥৪৬॥

এবং কর্ণ তখন আপনাকে অপরাধকারী বলিয়া মনে করিতে থাকিলেন। যেহেতু তাঁহার সমক্ষেই ভীমসেন আপনার পুত্রগণকে যুদ্ধে বধ করিয়াছিলেন ॥৪১॥

তখন কর্ণ হাস্য করতই যেন পাঁচটা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিয়া পুনরায় স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত সত্তরটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৪২॥

তদনন্তর ভীমসেন কর্ণনিক্ষিপ্ত সেই বাণগুলিকে অবজ্ঞা করিয়া নতপর্ব্ব একশত বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৪৩॥

মাননীয় রাজা! পুনরায় তিনি পাঁচটা তীক্ষ্ণ বাণদ্বারা কর্ণের মর্ম্মদেশে তাড়ন করিয়া একটা ভল্লদ্বারা তাঁহার ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥৪৪॥

ভরতনন্দন! তাহার পর শত্রুসন্তাপক কর্ণ দুঃখিতচিত্ত থাকিয়াও অন্য ধনু লইয়া বাণদ্বারা ভীমসেনকে আচ্ছাদন করিয়া ফেলিলেন ॥৪৫॥

(৪৩)…শতেন নতপর্ব্বণাম্—পি। (৪৫)…ভীমসেনং পরন্তপম্—বঙ্গ বৰ্দ্ধ। (৪৬)…কৃতপ্রতিকৃতং মহৎ—নি।

ইষুভিঃ কার্ম্মুকঞ্চাস্য চকর্ত্ত পুরুষর্ষভঃ।
তৎ পপাত মহারাজ! স্বর্ণপৃষ্ঠং মহাস্বনম্ ॥৪৭॥
অবারোহদ্রথাত্তস্মাদথ কর্ণো মহারথঃ।
গদাং গৃহীত্বা সমরে ভীমায় প্রাহিণোদ্রুষা ॥৪৮॥
তামাপতন্তীমালোক্য ভীমসেনো মহাগদাম্।
শরৈরবারয়দ্রাজন্! সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ ॥৪৯॥
ততো বাণসহস্রাণি প্রেষয়ামাস পাণ্ডবঃ।
সূতপুত্রবধাকাঙ্ক্ষী ত্বরমাণঃ পরাক্রমী ॥৫০॥
তানিষূনিষুভিঃ কর্ণো বারয়িত্বা মহামৃধে।
কবচং ভীমসেনস্য পাটয়ামাস সায়কৈঃ ॥৫১

ভারতকৌমুদী

ইষুভিরিতি। পুরুষর্ষভো ভীমঃ। মহান্ স্বনো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥৪৭॥
অবেতি। অবারোহৎ অবাতরৎ। প্রাহিণোৎ তামেব গদাং ন্যক্ষিপৎ ॥৪৮॥
তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। অবারয়ৎ বেগেন বেগপ্রতিঘাতাৎ ॥৪৯॥
তত ইতি। প্রেষয়ামাস চিক্ষেপ, পাণ্ডবো ভীমসেনঃ ॥৫০॥
তানিতি। ইষূন্ বাণান্। মহামৃধে মহাযুদ্ধে ॥৫১॥

তখন ভীম কর্ণের অশ্বগণ ও সারথিকে বধ করিয়া কর্ণকৃত প্রহারের প্রতি-প্রহার করা হইলে বিশাল হাস্য করিয়া উঠিলেন ॥৪৬॥

মহারাজ! এবং পুরুষশ্রেষ্ঠ ভীম বাণদ্বারা পুনরায় কর্ণের ধনু ছেদন করিলেন। তখন সেই স্বর্ণখচিতপৃষ্ঠ ধনু পতিত হইয়া গুরুতর শব্দ করিল ॥৪৭॥

তৎপরে মহারথ কর্ণ ক্রোধে গদা ধারণ করিয়া সেই রথ হইতে অবতীর্ণ হইলেন এবং ভীমের প্রতি তাহা নিক্ষেপ করিলেন ॥৪৮॥

রাজা! সেই বিশাল গদাটা আসিতেছে দেখিয়া ভীমসেন বহুতর বাণ-দ্বারা সমস্ত সৈন্যের সমক্ষেই সেটাকে বারণ করিলেন ॥৪৯॥

তদনন্তর পরাক্রমশালী ভীমসেন ত্বরান্বিত হইয়া কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া যুগপৎ বহুসহস্র বাণ নিক্ষেপ করিলেন ॥৫০॥

তখন কর্ণ বাণদ্বারাই সে বাণগুলিকে বারণ করিয়া মহাযুদ্ধে অপর বাণ-সমূহদ্বারা ভীমের কবচটাকে বিদারণ করিয়া ফেলিলেন ॥৫১॥

(৪৯) তামাপতন্তীমালক্ষ্য···বঙ্গ বর্দ্ধ বা নি। (৫১) ··পাতয়ামাস সায়কৈঃ—পি বঙ্গ বর্দ্ধ।

অথৈনং পঞ্চবিংশত্যা নারাচানাং সমার্পয়ৎ।
পশ্যতাং সর্বসৈন্যানাং তদদ্ভুতমিবাভবৎ ॥৫২॥
ততো ভীমো মহাবাহুর্নবভির্নতপর্ব্বভিঃ।
প্রেষয়ামাস সংক্রুদ্ধঃ সূতপুত্রস্য মারিষ ! ॥৫৩॥
তে তস্য কবচং ভিত্ত্বা তথা বাহুঞ্চ দক্ষিণম্।
অভ্যয়ুর্ধরণীং তীক্ষ্ণা বল্মীকমিব পন্নগাঃ ॥৫৪॥
সংছাদ্যমানো বাণৌঘৈর্ভীমসেনধনুশ্চ্যুতৈঃ।
পুনরেবাভবৎ কর্ণো ভীমসেনপরাঙ্মুখঃ ॥৫৫॥
তং পরাঙ্মুখমালোক্য পদাতিং সূতনন্দনম্।
কৌন্তেয়শরসংছন্নং রাজা দুর্য্যোধনোঽব্রবীৎ।
ত্বরধ্বং সর্বতো যত্তা রাধেয়স্য রথং প্রতি ॥৫৬॥

ভারতকৌমুদী

অথেতি। সমার্পয়দপীড়য়ৎ। লঘুহস্ততাতিরেকাদদ্ভুতত্বমিতি ভাবঃ ॥৫২॥
তত ইতি। নবভির্নতপর্ব্বভির্ব্বাণৈরাহন্তুং তান্ প্রেষয়ামাসেত্যর্থঃ ॥৫৩॥
ত ইতি। অভ্যয়ুঃ প্রাবিশন্। বল্মীকম্ উয়ীমৃত্তিকাস্তূপম্ ॥৫৪॥
সমিতি। প্রাগুক্তং দুর্ম্মনস্ত্বমেবাত্র কারণমিত্যাশয়ঃ ॥৫৫॥
তমিতি। পদাতিং পাদচারিণম্। যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬॥

তৎপরে আবার তিনি সমস্ত সৈন্যের সমক্ষে পঁচিশটা নারাচদ্বারা ভীমকে তাড়ন করিলেন। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৫২॥

মাননীয় রাজা ! তাহার পর মহাবাহু ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া নয়টা নতপর্ব বাণদ্বারা কর্ণকে তাড়ন করিবার ইচ্ছা করিয়া সেগুলি নিক্ষেপ করিলেন ॥৫৩॥

সেই তীক্ষ্ণ বাণগুলি যাইয়া কর্ণের কবচ ও দক্ষিণ বাহু ভেদ করিয়া—সর্প যেমন উয়ীর মৃত্তিকার ভিতরে প্রবেশ করে, সেইরূপ ভূমির ভিতরে প্রবেশ করিল ॥৫৪॥

ক্রমে ভীমসেনের ধনু হইতে নির্গত বাণসমূহে আবৃত হইতে থাকিয়া কর্ণ পুনরায় ভীমসেন হইতে পরাঙ্মুখ হইলেন ॥৫৫॥

কর্ণকে পরাঙ্মুখ, পাদচারী ও ভীমের বাণে আবৃত দেখিয়া রাজা দুর্য্যোধন বলিলেন—'তোমরা সর্ব্বপ্রকারে যত্নবান্ হইয়া সত্বর কর্ণের রথের দিকে গমন কর' ॥৫৬॥

(৫৫) স চ্ছাদ্যমানঃ···ভীমসেনাৎ পরাঙ্মুখঃ—নি।

ততস্তব সুতা রাজন্! শ্রুত্বা ভ্রাতুর্বচো দ্রুতম্।
অভ্যয়ুঃ পাণ্ডবং যুদ্ধে বিসৃজন্তঃ শিলীমুখান্ ॥৫৭॥
চিত্রোপচিত্রশ্চিত্রাক্ষশ্চারুচিত্রঃ শরাসনঃ।
চিত্রায়ুধশ্চিত্রবর্ম্মা সমরে চিত্রযোধিনঃ ॥৫৮॥ (যুগ্মকম্)
তানাপতত এবাশু ভীমসেনো মহারথঃ।
একৈকেন শরেণাজৌ পাতয়ামাস তে সুতান্।
তে হতা ন্যপতন্ ভূমৌ বাতরুগ্ণা ইব দ্রুমাঃ ॥৫৯॥
দৃষ্ট্বা বিনিহতান্ পুত্রাংস্তব রাজন্! মহারথান্।
অশ্রুপূর্ণমুখঃ কর্ণঃ ক্ষত্তুঃ সস্মার তদ্বচঃ ॥৬০॥
রথঞ্চান্যং সমাস্থায় বিধিবৎ কল্পিতং পুনঃ।
অভ্যয়াৎ পাণ্ডবং যুদ্ধে ত্বরমাণঃ পরাক্রমী ॥৬১॥

ভারতকৌমুদী

তত ইতি। অভ্যয়ুরভ্যগচ্ছন্। চিত্রেণ যুক্ত উপচিত্রশ্চিত্রোপচিত্রঃ, মধ্যপদলোপী সমাসঃ। চিত্রযোধিনো বিচিত্রযোদ্ধারঃ ॥৫৭—৫৮॥

তানিতি। আজৌ যুদ্ধে। বাতরুগ্ণা বায়ুভগ্নাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

দৃষ্টেতি। ক্ষত্তুর্বিদুরস্য। তদ্বচো যথা উদ্যোগপর্ব্বণি ত্রিষষ্টিতমাধ্যায়ে—"অতো নূনং ভবিতায়ং কুরূণাং সুদারুণঃ সর্বহরো বিনাশঃ" ইত্যাদি ॥৬০॥

ভারতভাবদীপঃ

দৈবমিতি ॥১—৮॥ যমঃ সংযমনব্যাপারঃ, কালঃ কলনব্যাপারঃ, অন্তকো মারণব্যাপারঃ তদ্ধতম্ ॥৪৫॥ প্রতিকৃতে প্রতিকর্ম্মণিকৃতে সতীত্যন্বয়ঃ ॥৪৬—৪৭॥ অবারোহৎ আসদৎ ॥৪৮—৫৭॥ চিত্রোপচিত্রঃ চিত্র উপচিত্রশ্চেতি চিত্রোপচিত্রঃ ॥৫৮—৭৭॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৭॥

রাজা! তাহার পর আপনার পুত্র বিচিত্রযোদ্ধা চিত্র, উপচিত্র, চিত্রাক্ষ, চারুচিত্র, শরাসন, চিত্রায়ুধ ও চিত্রবর্ম্মা ভ্রাতার বাক্য শুনিয়া বাণক্ষেপ করিতে করিতে ভীমের দিকে গমন করিতে লাগিলেন ॥৫৭—৫৮॥

তাঁহারা আসিতে লাগিলেই মহারথ ভীমসেন যুদ্ধে এক একটা বাণদ্বারা আপনার এক এক পুত্রকে সত্বর নিপাতিত করিলেন; তখন তাঁহারা নিহত হইয়া বায়ুভগ্ন বৃক্ষসমূহের ন্যায় ভূতলে পতিত হইলেন ॥৫৯॥

রাজা! কর্ণ আপনার মহারথ পুত্রগণকে নিহত দেখিয়া অশ্রুপূর্ণবদন হইয়া বিদুরের সেই কথা স্মরণ করিতে লাগিলেন ॥৬০॥

---

(৫৭)···প্রত্যয়ুঃ পাণ্ডবং যুদ্ধে ·পি। (৬১) · প্রত্যগাৎ পাণ্ডবং যুদ্ধে ··পি।

তাবন্যোন্যং শরৈর্ভিত্ত্বা স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
ব্যভ্রাজেতাং যথা মেঘৌ সংস্যূতৌ সূর্য্যরশ্মিভিঃ ॥৬২॥
ষট্‌ত্রিংশতা ততো বাণৈঃ স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
ব্যধমৎ কবচং ক্রুদ্ধঃ সূতপুত্রস্য পাণ্ডবঃ ॥৬৩॥
সূতপুত্রোঽপি কৌন্তেয়ং শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
পঞ্চাশতা মহাবাহুর্বিব্যাধ ভরতর্ষভ! ॥৬৪॥
রক্তচন্দনদিগ্ধাঙ্গৌ শরৈঃ কৃতমহাব্রণৌ।
শোণিতাক্তৌ ব্যরাজেতাং চন্দ্রসূর্য্যাবিবোদিতৌ ॥৬৫॥
তৌ শোণিতোক্ষিতৈর্গাত্রৈঃ শরৈশ্ছিন্নতনুচ্ছদৌ।
কর্ণভীমৌ ব্যরাজেতাং নির্ম্মুক্তাবিব পন্নগৌ ॥৬৬॥

ভারতকৌমুদী

রথমিতি। সমাস্থায় আরুহ্য, কল্পিতং সজ্জিতম্। অভ্যয়াৎ কর্ণঃ ॥৬১॥
তাবিতি। শিলয়া শিলাঘর্ষণেন শিতৈঃ সুধারীকৃতৈঃ। সংস্যূতৌ গ্রথিতৌ ॥৬২॥
ষড়িতি। ব্যধমৎ ব্যদারয়ৎ। সূতপুত্রস্য কর্ণস্য, পাণ্ডবো ভীমসেনঃ ॥৬৩॥
সূতেতি। সন্নতপর্ব্বভির্বক্রোপাস্থদেশৈঃ। বিব্যাধ তাড়য়ামাস ॥৬৪॥
রক্তেতি। রক্তচন্দনেন দিগ্ধানি লিপ্তানি অঙ্গানি যয়োস্তৌ। বীরব্যবহারোঽয়ম্ ॥৬৫॥
তাবিতি। ছিন্নৌ তনুচ্ছদৌ বর্ম্মণী যয়োস্তৌ। নির্ম্মুক্তৌ ত্যক্তচর্ম্মাণৌ ॥৬৬॥

এবং পরাক্রমশালী কর্ণ যথাবিধানে সজ্জিত অন্য রথে আরোহণ করিয়া ত্বরান্বিত হইয়া যুদ্ধে ভীমের দিকে ধাবিত হইলেন ॥৬১॥

ক্রমে তাঁহারা স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত শরসমূহদ্বারা পরস্পর বিদীর্ণ করিয়া সূর্য্যরশ্মিগ্রথিত দুইটা মেঘের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৬২॥

তদনন্তর ক্রুদ্ধ ভীমসেন স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত ছত্রিশটা বাণদ্বারা কর্ণের বর্ম্মটা বিদীর্ণ করিলেন ॥৬৩॥

ভরতশ্রেষ্ঠ! মহাবাহু কর্ণও নতপর্ব্ব পঞ্চাশটা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিলেন ॥৬৪॥

তৎকালে রক্তচন্দনলিপ্তগাত্র, বাণাঘাতে ক্ষত-বিক্ষতদেহ ও রক্তাক্তশরীর কর্ণ ও ভীম উদয়কালীন চন্দ্র ও সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে থাকিলেন ॥৬৫॥

তাঁহাদের গাত্র রক্তে সিক্ত হইয়া গিয়াছিল এবং বাণের আঘাতে দুই

(৬৩) ষট্‌ত্রিংশদ্ভিস্ততো ভল্লৈর্নিশিতৈস্তিগ্মতেজনৈঃ⋯ বা নি। (৬৫) বিবৃতাঙ্গৌ ব্যরাজেতাং কালসূর্য্যাবিবোদিতৌ—নি।

ব্যাঘ্রাবিব নরব্যাঘ্রৌ দংষ্ট্রাভিরিতরেতরম্ ।
শরধারাসৃজৌ বীরৌ মেঘাবিব ববর্ষতুঃ ॥৬৭॥
বারণাবিব চান্যোন্যং বিষাণাভ্যামরিন্দমৌ ।
নির্ভিন্দন্তৌ স্ম গাত্রাণি সায়কৈশ্চারু রেজতুঃ ॥৬৮॥
নাদয়ন্তৌ প্রবল্গন্তৌ বিক্রীড়ন্তৌ পরস্পরম্ ।
মণ্ডলানি বিকুর্বাণৌ রথাভ্যাং রথসত্তমৌ ॥৬৯॥
বৃষভাবিব নর্দ্দন্তৌ বলিনৌ বাসিতান্তরে ।
সিংহাবিব পরাক্রান্তৌ নরসিংহৌ মহাবলৌ ॥৭০॥
পরস্পরং বীক্ষমাণৌ ক্রোধসংরক্তলোচনৌ ।
যুযুধাতে মহাবীর্য্যৌ শক্রবৈরোচনী যথা ॥৭১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ব্যাঘ্রাবিতি। দংষ্ট্রাভির্দন্তশ্রেণীভিঃ। ববর্ষতুরিতি "বর্ষ স্নেহনে" ভৌবাদিকো ধাতুঃ পরস্মৈপদকার্যম্ ॥৬৭॥

বারণাবিতি। বারণৌ গজৌ। বিষাণাভ্যাং দন্তাভ্যাম্ ॥৬৮॥

নাদেতি। নাদয়ন্তৌ দিশো নর্দ্দনেনৈব, প্রবল্গন্তৌ বিবিধভঙ্গ্যা ব্রজন্তৌ। অতএব বিক্রীড়ন্তাবিব। মণ্ডলানি মণ্ডলাকারেণ বিচরণানি, বিকুর্বাণৌ বিশেষেণ কুর্বাণৌ, রথসত্তমৌ রথিশ্রেষ্ঠৌ। বাসিতান্তরে ঋতুমত্যা গোরর্থে। বৈরোচনির্বলিঃ ॥৬৯—৭১॥

জনের বর্ম্মই ছিন্ন হইয়াছিল। সুতরাং তাঁহারা ত্যক্তচর্ম্মা দুইটা সর্পের ন্যায় বিরাজ করিতেছিলেন ॥৬৬॥

দন্তদ্বারা দুইটা ব্যাঘ্রের ন্যায় নরশ্রেষ্ঠ ও বীর কর্ণ ও ভীমসেন বারিবর্ষী দুইটা মেঘের তুল্য বাণধারা বর্ষণ করতঃ পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥৬৭॥

দুইটা হস্তী যেমন দন্তদ্বারা পরস্পর গাত্র বিদারণ করে, সেইরূপ শত্রু-দমনকারী কর্ণ ও ভীম বাণদ্বারা পরস্পর গাত্র বিদারণ করিতে থাকিয়া সুন্দর শোভা পাইতে থাকিলেন ॥৬৮॥

সিংহের ন্যায় পরাক্রমশালী, রথিপ্রধান, নরশ্রেষ্ঠ, মহাবল, মহাবীর ও ক্রোধে আরক্তনয়ন কর্ণ ও ভীম ঋতুমতী গাভীর জন্য দুইটা বলবান্ বৃষের ন্যায় গর্জনে সমস্ত দিক্ নিনাদিত করিয়া, বিবিধভঙ্গীতে গমন, রথযুগলে

(৬৮) বৃষভাবিব চান্যোন্যম্…বা, স্বগাত্রাণি সায়কৈঃ…বা নি। (৬৯)…বিকুর্বন্তৌ…পি,…চিক্রীড়ন্তৌ…বৰ্দ্ধ, নাদয়ন্তৌ প্রহর্ষন্তৌ…রথাভ্যাং রথিমুত্তমৌ—বা নি। (৭০) তৌ ষণ্ডাবিব নর্দ্দন্তৌ…পি, বৃষাবিবাথ নর্দ্দন্তৌ… বা নি। (৭১)…শক্রবৈরোচনৌ যথা—পি।

ততো ভীমো মহাবাহুর্ব্বাহুভ্যাং বিক্ষিপন্ ধনুঃ।
ব্যরাজত রণে রাজন্! সবিদ্যুদিব তোয়দঃ ॥৭২॥
স নেমিঘোষস্তনিতশ্চাপবিদ্যুচ্ছরাম্বুভিঃ।
ভীমসেনমহামেঘঃ কর্ণপর্ব্বতমাবৃণোৎ ॥৭৩॥
ততঃ শরসহস্রেণ ধনুর্মুক্তেন ভারত!।
পাণ্ডবোঽবাকিরৎ কর্ণং ভীমো ভীমপরাক্রমঃ ॥৭৪॥
তত্রাপশ্যংস্তব সুতা ভীমসেনস্য বিক্রমম্।
সুপুঙ্খৈঃ কঙ্কবাসোভির্যৎ কর্ণং ছাদয়ন্ শরৈঃ ॥৭৫॥
স নন্দয়ন্ রণে পার্থং কেশবঞ্চ যশস্বিনম্।
সাত্যকিং চক্ররক্ষৌ চ ভীমঃ কর্ণমবারয়ৎ ॥৭৬॥

ভারতকৌমুদী

তত ইতি। সবিদ্যুদিত্যনেন ধনুষঃ স্বর্ণখচিতত্বমাক্ষিপ্তম্ ॥৭২॥

স ইতি। অত্র সাধকবাধকপ্রমাণাভাবাদুপমারূপকয়োঃ সন্দেহসঙ্করঃ। তথা চ নেমিঘোষো রথচক্রপ্রান্তশব্দঃ স্তনিতং গর্জিতমিব যস্য সঃ, রূপকসমাসো বা। এবমন্যত্র ॥৭৩॥

তত ইতি। ধনুষা মুক্তেন ক্ষিপ্তেন। অবাকিরদপীড়য়ৎ ॥৭৪॥

তত্রেতি। কঙ্কাঃ কঙ্কপক্ষিপক্ষা বাসাংসি আবরণানি যেষাং তৈঃ। ছাদয়ন্নাসীৎ ॥৭৫॥

স ইতি। পার্থমর্জ্জুনং কেশবসাহচর্য্যাৎ। চক্ররক্ষৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥৭৬॥

মণ্ডলাকারে বিচরণ এবং পরস্পর যেন খেলা করিতে থাকিয়া পরস্পর দর্শন করতঃ ইন্দ্র ও বলির ন্যায় যুদ্ধ করিতে লাগিলেন ॥৬৯—৭১॥

রাজা! তদনন্তর মহাবাহু ভীমসেন বাহুযুগলদ্বারা ধনু আকর্ষণ করতঃ বিদ্যুৎসমন্বিত মেঘের ন্যায় সমরাঙ্গনে প্রকাশ পাইতে থাকিলেন ॥৭২॥

ক্রমে রথচক্রের শব্দরূপ-গর্জনশালী এবং ধনুস্বরূপ-বিদ্যুৎ-সমন্বিত ভীমসেনরূপ মহামেঘ বাণরূপ-জল-বর্ষণদ্বারা কর্ণরূপ পর্ব্বতকে আবৃত করিলেন ॥৭৩॥

ভরতনন্দন! তাহার পর ভয়ঙ্করপরাক্রমশালী পাণ্ডুনন্দন ভীমসেন কার্ম্মুকনিক্ষিপ্ত বাণসমূহদ্বারা কর্ণকে আঘাত করিতে লাগিলেন ॥৭৪॥

মহারাজ! তখন আপনার পুত্রেরা ভীমসেনের বিক্রম দর্শন করিতে লাগিলেন। যে হেতু ভীমসেন সুন্দরপুঙ্খযুক্ত এবং কঙ্কপক্ষসমন্বিত বাণসমূহদ্বারা কর্ণকে আবৃত করিতেছিলেন ॥৭৫॥

(৭৪)···সম্যগস্তেন ভারত!···পি। (৭৫)· সুবর্ণপুঙ্খৈরিষুভিঃ কর্ণং প্রচ্ছাদয়চ্ছরৈঃ—পি।
(৭৬)· কর্ণমযোধয়ৎ—বা নি।

বিক্রমং ভুজয়োর্ব্বীর্য্যং ধৈর্য্যঞ্চ সুমহাত্মনঃ।
পুত্রাস্তব মহারাজ! দৃষ্ট্বা বিমনসোঽভবন্ ॥৭৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমযুদ্ধে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

ভীমসেনস্য রাধেয়ঃ শ্রুত্বা জ্যাতলনিস্বনম্।
নামৃষ্যত যথা মত্তো গজঃ প্রতিগজস্বনম্ ॥১॥
সোঽপক্রম্য মুহূর্ত্তন্তু ভীমসেনস্য গোচরাৎ।
পুত্রাংস্তব দদর্শাথ ভীমসেনেন পাতিতান্ ॥২॥

ভারতকৌমুদী

বিক্রমমিতি। সুমহাত্মনো ভীমস্য। বিমনসঃ পরাজয়ভয়াদ্বিষণ্ণচিত্তাঃ ॥৭৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভীমেতি। জ্যা মৌর্ব্বী তলং হস্তাবাপশ্চ তয়োর্নিস্বনম্। নামৃষ্যত নাসহত ॥১॥

স ইতি। অপক্রম্য অপসৃত্য। গোচরাৎ বাণপাতদেশাৎ ॥২॥

তৎকালে ভীমসেন যুদ্ধে যশস্বী অর্জ্জুন, কৃষ্ণ, সাত্যকি এবং চক্ররক্ষক যুধামন্যু ও উত্তমৌজাকে আনন্দিত করিতে থাকিয়া কর্ণকে বারণ করিতে থাকিলেন ॥৭৬॥

মহারাজ! তখন আপনার পুত্রেরা মহাত্মা ভীমসেনের বিক্রম, বাহুবল ও ধৈর্য্য দেখিয়া ক্রমে বিষণ্ণচিত্ত হইয়া উঠিলেন' ॥৭৭॥

———:০:———

সঞ্জয় বলিলেন—'কর্ণ ভীমসেনের ধনুষ্টঙ্কার এবং হস্তাবরণের শব্দ শুনিয়া—মত্তহস্তী যেমন অপর মত্তহস্তীর শব্দ সহ্য করিতে পারে না, সেইরূপ তাহা সহ্য করিতে পারিলেন না ॥১॥

(৭৭)…ধৈর্য্যঞ্চ বিদিতাত্মনঃ…বা নি। * '…'চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গবৰ্দ্ধ, '…ষট্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

তানবেক্ষ্য নরশ্রেষ্ঠ ! বিমনা দুঃখিতস্তদা।
নিশ্বসন্ দীর্ঘমুষ্ণঞ্চ পুনঃ পাণ্ডবমভ্যয়াৎ ॥৩॥
স তাম্রনয়নঃ ক্রোধাৎ শ্বসন্নিব মহোরগঃ।
বভৌ কর্ণঃ শরানস্যন্ রশ্মীনিব দিবাকরঃ ॥৪॥
কিরণৈরিব সূর্য্যস্য বিততৈর্ভরতর্ষভ !।
কর্ণচাপচ্যুতৈর্ব্বাণৈঃ প্রাচ্ছাদ্যত বৃকোদরঃ ॥৫॥
তে কর্ণচাপপ্রভবাঃ কঙ্কবর্হিণবাসসঃ।
বিবিশুঃ সর্ব্বতঃ পার্থং বাসায়েবাণ্ডজা দ্রুমম্ ॥৬॥
কর্ণচাপচ্যুতা বাণাঃ সংপতন্তস্ততস্ততঃ।
রুক্মপুঙ্খা ব্যরাজন্ত হংসাঃ শ্রেণীকৃতা ইব ॥৭॥

ভারতকৌমুদী

তানিতি। বিমনা দুঃখিতশ্চ তান্ রক্ষিতুমশক্তত্বাৎ। পাণ্ডবং ভীমম্ ॥৩॥

স ইতি। অস্যন্ নিক্ষিপন্, রশ্মীন্ কিরণান্ ॥৪॥

কিরণৈরিতি। বিততৈর্বিস্তৃতৈঃ ॥৫॥

ত ইতি। কঙ্কবর্হিণাঃ কঙ্কময়ূরপক্ষিপক্ষা বাসাংসি আবরণানি যেষাং তে। অণ্ডজাঃ পক্ষিণঃ ॥৬॥

কর্ণেতি। রুক্মপুঙ্খাঃ স্বর্ণখচিতমূলদেশাঃ ॥৭॥

মহারাজ! তিনি ভীমের বাণপতনের স্থান হইতে সরিয়া যাইয়া কিছু কাল ভীমনিহত আপনার পুত্রগণকে দেখিলেন ॥২॥

নরশ্রেষ্ঠ! তিনি তাঁহাদিগকে দেখিয়া বিষণ্ণ ও দুঃখিত হইয়া তখন দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করিয়া পুনরায় ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩॥

পরে কর্ণ ক্রোধে তাম্রনয়ন হইয়া মহাসর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া সূর্য্য যেমন কিরণ নিক্ষেপ করেন, সেইরূপ বাণক্ষেপ করতঃ প্রকাশ পাইতে লাগিলেন ॥৪॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমে সূর্য্যের বিস্তৃত কিরণের ন্যায় কর্ণকার্ম্মুকনির্গত বাণ সকল যাইয়া ভীমসেনকে আবৃত করিল ॥৫॥

কর্ণকার্ম্মুকনির্গত কঙ্ক (হাড়গিলা) ও ময়ূরের পক্ষযুক্ত বাণসমূহ যাইয়া—বাস করিবার জন্য পক্ষিগণ যেমন বৃক্ষে প্রবেশ করে, সেইরূপ ভীমের শরীরে প্রবেশ করিতে লাগিল ॥৬॥

কর্ণধনুর্নিঃসৃত স্বর্ণপুঙ্খ বাণ সকল শ্রেণীকৃত হংসগণের ন্যায় ইতস্ততঃ পতিত হইতে থাকিয়া প্রকাশ পাইতে থাকিল ॥৭॥

চাপধ্বজোপস্করেভ্যশ্ছত্রাদীষামুখাদ্যুগাৎ ।
প্রভবন্তো ব্যদৃশ্যন্ত রাজন্নাধিরথেঃ শরাঃ ॥৮॥
খং পূরয়ন্ মহাবেগান্ খগমান্ গৃধ্রবাসসঃ ।
সুবর্ণবিকৃতাংশ্চিত্রান্ মুমোচাধিরথিঃ শরান্ ॥৯॥
তমন্তকমিবায়ন্তমাপতন্তং বৃকোদরঃ ।
ত্যক্ত্বা প্রাণানতিক্রম্য বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥১০॥
তস্য বেগমসহ্যং স দৃষ্ট্বা কর্ণস্য পাণ্ডবঃ ।
মহতশ্চ শরৌঘাংস্তান্ নৈবাব্যথত বীর্য্যবান্ ॥১১॥
ততো নিরস্যাধিরথেঃ শরজালানি পাণ্ডবঃ ।
বিব্যাধ কর্ণং বিংশত্যা পুনরন্যৈঃ শিলাশিতৈঃ ॥১২॥
যথৈব হি স কর্ণেন পার্থঃ প্রচ্ছাদিতঃ শরৈঃ ।
তথৈব স রণে কর্ণং ছাদয়ামাস পাণ্ডবঃ ॥১৩॥

ভারতকৌমুদী

চাপেতি। উপস্করাদয়ো রথাঙ্গবিশেষাঃ। প্রভবন্ত আবির্ভবন্তঃ। আধিরথেঃ কর্ণস্য ॥৮॥
খমিতি। খমাকাশম্। খগমান্ আকাশচরান্। সুবর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্ ॥৯॥
তমিতি। অয়ন্তমক্লান্তং যথা স্যাত্তথা। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা, অতিক্রম্যান্যান্ ॥১০॥
তস্যেতি। পাণ্ডবো ভীমঃ। নৈবাব্যথত বীর্য্যবত্ত্বাদেব ॥১১॥
তত ইতি। নিরস্য প্রতিহত্য। শিলাশিতৈঃ শিলাঘর্ষণেন সুধারীকৃতৈঃ শরৈঃ ॥১২॥
যথেতি। পার্থো ভীমঃ। পাণ্ডবোঽপি ভীম এব ॥১৩॥

রাজা! কর্ণের বাণ সকল—ধনু, ধ্বজ, উপস্কর, ঈষা ও যুগ হইতে আবির্ভূত হইতে দেখা যাইতে লাগিল ॥৮॥

ক্রমে কর্ণ আকাশ পূর্ণ করিতে থাকিয়া মহাবেগশালী, আকাশগামী, গৃধ্রপক্ষযুক্ত ও স্বর্ণখচিত বিচিত্র বাণ সকল নিক্ষেপ করিতে থাকিলেন ॥৯॥

কর্ণ যমের ন্যায় অনায়াসে আসিতে লাগিলে, ভীমসেন প্রাণত্যাগে উদ্যত হইয়া অন্য যোদ্ধাদিগকে অতিক্রম করিয়া সুধার বাণসমূহদ্বারা কর্ণকেই বিদ্ধ করিতে লাগিলেন ॥১০॥

বলবান্ ভীমসেন কর্ণের অসহ্য বেগ এবং বিশাল বাণসমূহ দেখিয়াও ব্যথিত হইলেন না ॥১১॥

তদনন্তর ভীমসেন কর্ণের শরজাল প্রতিহত করিয়া পুনরায় অপর শিলাশাণিত কুড়িটা বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ॥১২॥

(১০) তমন্তকমিবায়ান্তমাপতন্তম্...পি বঙ্গ বর্দ্ধ।

দৃষ্ট্বা তু ভীমসেনস্য বিক্রমং যুধি ভারত!।
অভ্যনন্দংস্ত্বদীয়াশ্চ সংপ্রহৃষ্টাশ্চ চারণাঃ ॥১৪॥
ভূরিশ্রবাঃ কৃপো দ্রৌণির্মদ্ররাজো জয়দ্রথঃ।
উত্তমৌজা যুধামন্যুঃ সাত্যকিঃ কেশবার্জ্জুনৌ ॥১৫॥
কুরুপাণ্ডবপ্রবরা দশ রাজন্! মহারথাঃ।
সাধু সাধ্বিতি বেগেন সিংহনাদমথানদন্ ॥১৬॥ (যুগ্মকম্)
তস্মিন্ সমুত্থিতে শব্দে তুমুলে লোমহর্ষণে।
অভ্যভাষত পুত্রস্তে রাজন্! দুর্য্যোধনস্ত্বরন্ ॥১৭॥
রাজ্ঞঃ সরাজপুত্রাংশ্চ সোদর্য্যাংশ্চ বিশেষতঃ।
কর্ণং গচ্ছত ভদ্রং বঃ পরীপ্সন্তো বৃকোদরাৎ ॥১৮॥ (যুগ্মকম্)
পুরা নিঘ্নন্তি রাধেয়ং ভীমচাপচ্যুতাঃ শরাঃ।
তে যতধ্বং মহেষ্বাসাঃ! সূতপুত্রস্য রক্ষণে ॥১৯॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। অভ্যনন্দন্ প্রাশংসন্। চারণা আকাশস্থা দেবযোনিবিশেষাঃ ॥১৪॥
ভূরীতি। দ্রৌণিরশ্বত্থামা। সিংহস্যেব নাদো। যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা ॥১৫—১৬॥
তস্মিন্নিতি। ত্বরন্ ত্বরমাণঃ। ভদ্রং মঙ্গলমস্তু, পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥১৭—১৮॥
পুরেতি। পুরা পরস্মিন্ কালে। হে মহেষ্বাসা! মহাধনুর্দ্ধরাঃ! ॥১৯॥

কর্ণ যেমন শরজালদ্বারা ভীমকে আবৃত করিয়াছিলেন, ভীমও তেমনই শরজালদ্বারা কর্ণকে আবৃত করিয়া ফেলিলেন ॥১৩॥

ভরতনন্দন! যুদ্ধে ভীমসেনের বিক্রম দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা এবং আকাশবর্ত্তী চারণেরা আনন্দিত হইয়া তাঁহার প্রশংসা করিতে লাগিলেন ॥১৪॥

রাজা! কুরুপক্ষের ভূরিশ্রবা, কৃপাচার্য্য, অশ্বত্থামা, শল্য ও জয়দ্রথ এবং পাণ্ডবপক্ষের উত্তমৌজা, যুধামন্যু, সাত্যকি, কৃষ্ণ ও অর্জ্জুন এই দশ জন মহারথ সাধু সাধু বলিয়া বেগে সিংহনাদ করিলেন ॥১৫—১৬॥

রাজা! সেই তুমুল ও লোমহর্ষণ শব্দ উত্থিত হইলে, আপনার পুত্র দুর্য্যোধন ত্বরান্বিত হইয়া রাজগণ, রাজপুত্রগণ এবং বিশেষভাবে সহোদরগণকে বলিলেন—'তোমরা ভীমের হাত হইতে কর্ণকে রক্ষা করিবার জন্য সত্বর গমন কর; তোমাদের মঙ্গল হউক ॥১৭—১৮॥

(১৬) কুরুপাণ্ডবপক্ষস্থাঃ···নি। (১৯) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

দুর্য্যোধনসমাদিষ্টাঃ সোদর্য্যাঃ সপ্ত ভারত ! ।
ভীমসেনমভিক্রুত্য সংরব্ধাঃ পর্য্যবারয়ন্ ॥২০॥
তে সমাসাদ্য কৌন্তেয়মাবৃণ্বন্ শরবৃষ্টিভিঃ ।
পর্ব্বতং বারিধারাভিঃ প্রাবৃষীব বলাহকাঃ ॥২১॥
তেঽপীড়য়ন্ ভীমসেনং ক্রুদ্ধাঃ সপ্ত মহারথাঃ ।
প্রজাসংহরণে রাজন্ ! সোমং সপ্ত গ্রহা ইব ॥২২॥
ততো বামেন কৌন্তেয়ঃ পীড়য়িত্বা শরাসনম্ ।
মুষ্টিনা পাণ্ডবো রাজন্ ! দৃঢ়েন সুপরিষ্কৃতম্ ॥২৩॥
স মুষ্টিসমতাং জ্ঞাত্বা সপ্ত সন্ধায় সায়কান্ ।
তেভ্যো ব্যসৃজদায়স্তঃ সূর্য্যরশ্মিনিভান্ প্রভুঃ ॥২৪॥
নিরস্যন্নিব দেহেভ্যস্তনয়ানামসূংস্তব ।
ভীমসেনো মহারাজ ! পূর্ব্ববৈরমনুস্মরন্ ॥২৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। অভিক্রুত্য দ্রুতমভিগত্য, সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥২০॥

ত ইতি। কৌন্তেয়ং ভীমসেনম্। প্রাবৃষি বর্ষাকালে, বলাহকা মেঘাঃ ॥২১॥

ত ইতি। প্রজা লোকাঃ সংহ্রিয়ন্তে অস্মিন্নিতি প্রজাসংহরণঃ প্রলয়কালস্তত্র ॥২২॥

তত ইতি। শরাসনং ধনুঃ। মুষ্টেঃ সমতাং ধার্ত্তরাষ্ট্রাণাং সমসূত্রপাতিতাম্। এতত্ সন্ধানসমীচীনত্বার্থমুক্তম্। আয়স্তোঽধিকাকর্ষণেন শ্রান্তঃ। নিরস্যন্ বহিষ্কুর্বন্। অসূন্ প্রাণান্ ॥২৩—২৫॥

ভীমের ধনু হইতে নির্গত বাণ সকল যাইয়া হয় ত পরে কর্ণকে বধ করিবে। সুতরাং মহাধনুর্দ্ধরগণ ! আপনারা কর্ণকে রক্ষা করিবার জন্য যত্ন করুন' ॥১৯॥

ভরতনন্দন ! তখন দুর্য্যোধনের আদেশে সাত জন সহোদর ক্রুদ্ধ হইয়া সত্বর যাইয়া ভীমকে পরিবেষ্টন করিলেন ॥২০॥

এবং বর্ষাকালে মেঘসমূহ যেমন জলধারাদ্বারা পর্ব্বত আবৃত করে, সেইরূপ তাঁহারা উপস্থিত হইয়া বাণবৃষ্টিদ্বারা ভীমকে আবৃত করিলেন ॥২১॥

রাজা ! প্রলয়কালে সাতটা গ্রহ যেমন চন্দ্রকে পীড়ন করে, সেইরূপ সেই সাত জন মহারথ ক্রুদ্ধ হইয়া ভীমসেনকে পীড়ন করিতে লাগিলেন ॥২২॥

মহারাজ ! তখন প্রভাবশালী কুন্তীনন্দন ভীমসেন পূর্ব্বশত্রুতা স্মরণপূর্বক

(২৩) ততো বেগেন·কৌন্তেয়ঃ···বা নি। (২৪) মনুষ্যসমতাং জ্ঞাত্বা···বা, অমানুষং কর্ম্ম কৃত্বা···নি।

তে ক্ষিপ্তা ভীমসেনেন শরা ভারত! ভারতান্।
বিদার্য্য খং সমুৎপেতুঃ স্বর্ণপুঙ্খাঃ শিলাশিতাঃ ॥২৬॥
তেষাং বিদার্য্য দেহাংস্তে শরা হেমবিভূষিতাঃ।
ব্যরাজন্ত মহারাজ! সুপর্ণা ইব খেচরাঃ ॥২৭॥
শোণিতাদিগ্ধসর্ব্বাঙ্গাঃ সপ্ত হেমপরিষ্কৃতাঃ।
পুত্রাণাং তব রাজেন্দ্র! পীত্বা শোণিতমুদ্গতাঃ ॥২৮॥
তে শরৈর্ভিন্নমর্ম্মাণো রথেভ্যঃ প্রাপতন্ ক্ষিতৌ।
গিরি-সানু-রুহা ভগ্না দ্বিপেনেব মহাদ্রুমাঃ ॥২৯॥
শত্রুঞ্জয়ঃ শত্রুসহশ্চিত্রশ্চিত্রায়ুধো দৃঢ়ঃ।
চিত্রসেনো বিকর্ণশ্চ সপ্তৈতে বিনিপাতিতাঃ ॥৩০॥

ভারতকৌমুদী

ত ইতি। ভারতান্ ভরতবংশীয়ান্ ত্বৎপুত্রান্। খমাকাশম্ ॥২৬॥

তেষামিতি। সুপর্ণাঃ স্বর্ণবর্ণপক্ষাঃ পক্ষিণঃ, খেচরা আকাশচরাঃ ॥২৭॥

শোণিতেতি। শোণিতেন আদিগ্ধানি সংলিপ্তানি সর্বাণ্যঙ্গানি যেষাং তে শরাঃ ॥২৮॥

ত ইতি। ভিন্নমর্ম্মাণো বিদীর্ণহৃদয়াঃ। গিরিসানুরুহাঃ পর্ব্বতসমতলদেশজাতাঃ ॥২৯॥

বামমুষ্টিদ্বারা সুমার্জিত ধনুখানাকে দৃঢ়ভাবে ধরিয়া, সূর্য্যরশ্মির ন্যায় উজ্জ্বল সাতটা বাণ সন্ধান করিয়া, আপনার পুত্রেরা মুষ্টির সমসূত্রপাতে রহিয়াছেন জানিয়া, তাঁহাদের দেহ হইতে প্রাণগুলিকে যেন বাহির করিতে থাকিয়া, বিশেষ শ্রান্ত হইয়া (সজোরে) তাঁহাদের উদ্দেশে ক্রমে সে বাণগুলিকে নিক্ষেপ করিলেন ॥২৩—২৫॥

ভরতনন্দন! ক্রমে ভীমসেননিক্ষিপ্ত স্বর্ণপুঙ্খ ও সুধার সেই বাণগুলি যাইয়া আপনার পুত্রগণকে বিদীর্ণ করিয়া আকাশে উঠিল ॥২৬॥

মহারাজ! স্বর্ণভূষিত সেই বাণগুলি তাঁহাদের দেহ বিদীর্ণ করিয়া আকাশ-চারী স্বর্ণবর্ণপক্ষযুক্ত পক্ষিগণের ন্যায় প্রকাশ পাইয়াছিল ॥২৭॥

রাজশ্রেষ্ঠ! স্বর্ণভূষিত সেই সাতটা বাণ আপনার পুত্রগণের রক্ত পান করিয়া রক্তলিপ্তসর্বাঙ্গ হইয়া আকাশে উঠিয়াছিল ॥২৮॥

তখন পর্ব্বতের সমতলদেশজাত বিশাল বৃক্ষ সকল যেমন হস্তিকর্তৃক ভগ্ন হইয়া ভূতলে পতিত হয়, সেইরূপ সেই ধার্ত্তরাষ্ট্রেরা শরাঘাতে বিদীর্ণহৃদয় হইয়া ভূতলে পতিত হইলেন ॥২৯॥

(২৭) তেষাং বিদার্য্য চেতাংসি…পি বা বঙ্গ বর্দ্ধ। (২৮) শোণিতাদিগ্ধবাজাগ্রাঃ…পি বা নি,… পীত্বা শোণিতমুদ্গতম্—পি বঙ্গ বর্দ্ধ। (২৯) তৈঃ শরৈঃ…পি।

তান্ নিহত্য মহাবাহু রাধেয়স্যৈব পশ্যতঃ।
সিংহনাদরবং ঘোরমসৃজৎ পাণ্ডুনন্দনঃ ॥৩১॥
স রবস্তস্য শূরস্য ধর্ম্মরাজস্য ভারত!।
আচখ্যাবিব তদ্‌যুদ্ধং বিজয়ঞ্চাত্মনো মহৎ ॥৩২॥
তং শ্রুত্বা তু মহানাদং ভীমসেনস্য ধন্বিনঃ।
বভূব পরমপ্রীতির্ধর্ম্মরাজস্য ধীমতঃ ॥৩৩॥
ততো হৃষ্টমনা রাজন্! বাদিত্রাণাং মহাস্বনৈঃ।
সিংহনাদরবং ভ্রাতুঃ প্রতিজগ্রাহ পাণ্ডবঃ ॥৩৪॥
হর্ষেণ মহতা যুক্তঃ কৃতসংজ্ঞে বৃকোদরে।
অভ্যয়াৎ সমরে দ্রোণং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

অথ কে তে সপ্তেত্যাহ শত্রুঞ্জয় ইতি। অত্র চিত্রচিত্রায়ুধৌ পূর্ব্বোক্তভিন্নৌ ।৩০॥
তানিতি। পশ্যতো রাধেয়স্য পশ্যন্তমেব রাধেয়মনাদৃত্যেত্যর্থঃ। অনাদরে ষষ্ঠী ॥৩১॥
স ইতি। আচখ্যৌ উবাচেব। মহদিতি যুদ্ধবিশেষণম্ ॥৩২॥
তমিতি। পরমপ্রীতির্বভূব জয়াবগমাদিত্যাশয়ঃ ॥৩৩॥
তত ইতি। ভ্রাতুর্ভীমস্য, প্রতিজগ্রাহ স্বীচকার, পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥৩৪॥
হর্ষেণেতি। যুক্তো যুধিষ্ঠিরঃ, কৃতা সংজ্ঞা জয়সঙ্কেতো যেন তস্মিন্ ॥৩৫॥

শত্রুঞ্জয়, শত্রুসহ, চিত্র, চিত্রায়ুধ, দৃঢ়, চিত্রসেন ও বিকর্ণ এই সাত জন নিপাতিত হইয়াছিলেন ॥৩০॥

মহাবাহু ভীমসেন কর্ণের সমক্ষেই তাঁহাদিগকে বধ করিয়া ভয়ঙ্কর সিংহনাদ করিলেন ॥৩১॥

ভরতনন্দন! সেই সিংহনাদ যাইয়া বীর যুধিষ্ঠিরের নিকটে যেন সেই মহাযুদ্ধের ও ভীমের জয়ের সংবাদ বলিল ॥৩২॥

ধনুর্দ্ধর ভীমসেনের সেই মহানাদ শুনিয়া ধীমান্ যুধিষ্ঠিরের পরম প্রীতি জন্মিল ॥৩৩॥

রাজা! তাহার পর যুধিষ্ঠির হৃষ্টচিত্ত হইয়া বিশাল বাদ্যধ্বনি করিয়া ভ্রাতা ভীমসেনের সিংহনাদ স্বীকার করিলেন ॥৩৪॥

ভীমসেন জয়সঙ্কেত করিলে, যুধিষ্ঠির মহাহর্ষযুক্ত হইয়া যুদ্ধে সর্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

(৩১)···রাধেয়স্য চ পশ্যতঃ···পি। (৩৫)··সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ—বা নি।

একত্রিংশন্মহারাজ! পুত্রাংস্তব নিপাতিতান্।
ততো দুর্য্যোধনো দৃষ্ট্বা ক্ষত্তুঃ সস্মার তদ্বচঃ ॥৩৬॥
তদিদং সমনুপ্রাপ্তং ক্ষত্তুর্নৈঃশ্রেয়সং বচঃ।
ইতি সঞ্চিন্ত্য তে পুত্রো নোত্তরং প্রত্যপদ্যত ॥৩৭॥
যদ্দ্যূতকালে দুর্বুদ্ধিরব্রবীত্তনয়স্তব।
সভামানায্য পাঞ্চালীং কর্ণেন সহিতোঽল্পধীঃ ॥৩৮॥
যচ্চ কর্ণোঽব্রবীৎ কৃষ্ণাং সভায়াং পরুষং বচঃ।
প্রমুখে পাণ্ডুপুত্রাণাং তব চৈব বিশাংপতে!।
শৃণ্বতস্তব রাজেন্দ্র! কৌরবাণাঞ্চ সর্ব্বশঃ ॥৩৯॥
বিনষ্টাঃ পাণ্ডবাঃ কৃষ্ণে! শাশ্বতং নরকং গতাঃ।
পতিমন্যং বৃণীষ্বেতি তস্যেদং ফলমাগতম্ ॥৪০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

একেতি। একত্রিংশৎ ভীমপ্রবেশাদারভ্যেতি গণনীয়ম্। ক্ষত্তুর্বিদুরস্য ॥৩৬॥

তদিতি। তৎ তদ্বচঃপ্রতিপাদ্যং ফলম্। নৈঃশ্রেয়সং নিশ্চিতমঙ্গলবম্। তদ্বচস্তু প্রাগেবোল্লিখিতম্। পুত্রো দুর্য্যোধনঃ, উত্তরং পরকর্ত্তব্যম্, ন প্রত্যপদ্যত ন নিরধারয়ৎ ॥৩৭॥

যদিতি। তনয়ো দুর্য্যোধন এব। প্রমুখে সম্মুখে। কৌরবাণাঞ্চ শৃণ্বতাম্, সর্ব্বশঃ সর্ব্বেষাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। কর্ণো যদব্রবীৎ তদনুবদতি বিনষ্টা ইতি। শাশ্বতং চিরন্তনম্ ॥৩৮—৪০॥

মহারাজ! তাহার পর দুর্য্যোধন আপনার একত্রিশটী পুত্রকে নিপাতিত দেখিয়া বিদুরের সেই সকল বাক্য স্মরণ করিতে লাগিলেন ॥৩৬॥

'এই সেই বিদুরের হিতকারী বাক্যের ফল উপস্থিত হইয়াছে' ইহা মনে করিয়া আপনার পুত্র (দুর্য্যোধন) কোন পরকর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৩৭॥

নরনাথ রাজশ্রেষ্ঠ! সেই দ্যূতক্রীড়ার সময়ে দুর্বুদ্ধি ও অল্পবুদ্ধি আপনার পুত্র (দুর্য্যোধন) দ্রৌপদীকে সভায় আনাইয়া যাহা বলিয়াছিলেন, আর পাণ্ডবগণের ও আপনার সম্মুখে এবং আপনি শোনেন ও কৌরবেরা সকলে শুনিতে পান এই অবস্থায় সভামধ্যে দ্রৌপদীর প্রতি কর্ণ যে নিষ্ঠুর কথা কহিয়াছিলেন—'দ্রৌপদি! পাণ্ডবেরা বিনষ্ট হইয়া চিরকালের জন্য নরকে গিয়াছে। সুতরাং তুমি অন্য পতি বরণ কর' সেই বাক্যের এই ফল উপস্থিত হইয়াছে ॥৩৮—৪০॥

যচ্চ ষণ্ডতিলাদীনি পরুষাণি তবাত্মজৈঃ।
শ্রাবিতাস্তে মহাত্মানঃ পাণ্ডবাঃ কোপয়িষ্ণুভিঃ ॥৪১॥
তং ভীমসেনঃ ক্রোধাগ্নিং ত্রয়োদশ সমাঃ স্থিতম্।
উদ্গিরংস্তব পুত্রাণামন্তং গচ্ছতি পাণ্ডবঃ ॥৪২॥ (যুগ্মকম্)
বিলপংশ্চ বহু ক্ষত্তা শমং নালভত ত্বয়ি।
সপুত্রো ভরতশ্রেষ্ঠ! তস্য ভুঙ্ক্ষ্ব ফলোদয়ম্ ॥৪৩॥
ত্বয়া বৃদ্ধেন ধীরেণ কার্য্যতত্ত্বার্থদর্শিনা।
ন কৃতং সুহৃদাং বাক্যং দৈবমত্র পরায়ণম্ ॥৪৪॥
তন্মা শুচো নরব্যাঘ্র! তবৈবাপনয়ো মহান্।
বিনাশহেতুঃ পুত্রাণাং ভবানেব মতো মম ॥৪৫॥

ভারতকৌমুদী

যদিতি। কোপয়িষ্ণুভিঃ ক্রোধয়িতৃভিঃ। তং তন্নিবন্ধনম্। সমা বৎসরান্ ।৪১—৪২॥
বিলপন্নিতি। ক্ষত্তা বিদুরঃ, শমং তন্মতগ্রহণেন শান্তিম্ ॥৪৩॥
ত্বয়েতি। পরায়ণং পরমো হেতুঃ ॥৪৪॥
তদিতি। মা শুচঃ শোকং ন কুরু। অপনয়ো দুর্নীতিঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

ভীমসেনস্তেতি ॥১—৩৪॥ কৃতসংজ্ঞো গৃহীতসঙ্কেতঃ ॥৩৫—৩৬॥ নিঃশ্রেয়সং নিশ্চিতং শ্রেয়ঃসাধনম্ ॥৩৭—৪০॥ যে পরুষাণ্যাহুস্তেষামন্তমিত্যন্বয়ঃ যত্তদোর্নিত্যসম্বন্ধাৎ ॥৪১—৪৮॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৮॥

তা'র পর আপনার অন্য পুত্রেরা পাণ্ডবগণের ক্রোধ জন্মাইবার জন্য 'ষণ্ডতিল-'প্রভৃতি যে সকল নিষ্ঠুর বাক্য সেই মহাত্মাদিগকে শুনাইয়াছিলেন, তাহাতে উৎপন্ন এবং ত্রয়োদশ বৎসর যাবৎ সঞ্চিত ক্রোধাগ্নি উদ্গার করতঃ পাণ্ডুনন্দন ভীমসেন আপনার পুত্রগণকে বিনাশ করিতেছেন ॥৪১—৪২॥

ভরতশ্রেষ্ঠ! বিদুর বহু বিলাপ করিয়াও আপনার নিকটে শান্তি পান নাই। সুতরাং আপনি এখন পুত্রগণের সহিত তাহার ফলভোগ করুন ॥৪৩॥

আপনি বৃদ্ধ, বুদ্ধিমান্ এবং কার্য্যতত্ত্বজ্ঞ; তথাপি আপনি বন্ধুগণের বাক্য রক্ষা করেন নাই। অতএব এ বিষয়ে দৈবকেই প্রধান কারণ বলিতে হইবে ॥৪৪॥

সুতরাং নরশ্রেষ্ঠ! আপনি শোক করিবেন না; আপনারই গুরুতর দুর্নীতি এবং আপনিই এই পুত্রবিনাশের হেতু, ইহা আমার ধারণা ॥৪৫॥

(৪২)···ত্রয়োদশ সমা হৃতম্···পি।

হতো বিকর্ণো রাজেন্দ্র! চিত্রসেনশ্চ বীর্য্যবান্।
প্রবরাশ্চাত্মজানাং তে সুতাশ্চান্যে মহারথাঃ ॥৪৬॥
যানন্যান্ দদৃশে ভীমশ্চক্ষুর্বিষয়মাগতান্।
পুত্রাংস্তব মহারাজ! ত্বরয়া তান্ জঘান হ ॥৪৭॥
ত্বৎকৃতে হ্যহমদ্রাক্ষং দহ্যমানাং বরূথিনীম্।
সহস্রশঃ শরৈর্মুক্তৈঃ পাণ্ডবেন বৃষেণ চ ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমযুদ্ধে অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।
মহানপনয়ঃ সূত! মমৈবাত্র বিশেষতঃ।
স ইদানীমনুপ্রাপ্তো মন্যে সঞ্জয়! শোচতঃ ॥১॥

ভারতকৌমুদী

হত ইতি। প্রবরাঃ শ্রেষ্ঠাঃ ॥৪৬॥
যানিতি। দদৃশে দদর্শ ॥৪৭॥
ত্বদিতি। ত্বৎকৃতে ত্বন্নিমিত্তে। বরূথিনীং সেনাম্। বৃষেণ কর্ণেন ॥৪৮॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

রাজশ্রেষ্ঠ! বলবান্ বিকর্ণ ও চিত্রসেন নিহত হইয়াছেন এবং আপনার পুত্রদের মধ্যে প্রধান পুত্রেরা ও অন্য মহারথেরা বিনষ্ট হইয়াছেন ॥৪৬॥

মহারাজ! অন্য যাঁহারা ভীমের দৃষ্টিগোচর হইয়াছিলেন, ভীম আপনার সেই সকল পুত্রকেও সত্বর বধ করিয়াছেন ॥৪৭॥

রাজা! আপনার জন্যই ভীম ও কর্ণ সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিয়া কৌরবসৈন্য ও পাণ্ডবসৈন্য বধ করিতেছিলেন, তাহা আমি দেখিয়াছি' ॥৪৮॥

* '.. পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

যদ্‌গতং তদ্‌গতমিতি মমাসীন্মনসি স্থিতম্ ।
ইদানীমত্র কিং কার্য্যং প্রকরিষ্যামি সঞ্জয় ! ॥২॥
যথা ত্বেষ ক্ষয়ো বৃত্তো মমাপনয়সম্ভবঃ ।
বীরাণাং তন্মমাচক্ষ্ব স্থিরীভূতোঽস্মি সঞ্জয় ! ॥৩॥

সঞ্জয় উবাচ ।

কর্ণভীমৌ মহারাজ ! পরাক্রান্তৌ মহাবলৌ ।
বাণবর্ষাণ্যসৃজতাং বৃষ্টিমন্তাবিবাম্বুদৌ ॥৪॥
ভীমনামাঙ্কিতা বাণাঃ স্বর্ণপুঙ্খাঃ শিলাশিতাঃ ।
বিবিশুঃ কর্ণমাসাদ্য ছিন্দন্ত ইব জীবিতম্ ॥৫॥
তথৈব কর্ণনির্ম্মুক্তাঃ শরা বর্হিণবাসসঃ ।
ছাদয়াঞ্চক্রিরে ভীমং শতশোঽথ সহস্রশঃ ॥৬॥

ভারতকৌমুদী

মহানিতি। অপনয়ো দুর্নীতিঃ। বিশেষতঃ প্রাধান্যেন, শক্তৌ সত্যামপি নিবৃত্ত্যকরণাৎ ॥১॥
যদিতি। যদত্যাচারাদিকম্। অত্র সংক্ষয়ে। কিমপি নেত্যর্থঃ উপায়াভাবাৎ ॥২॥
যথেতি। বৃত্তো জাতঃ। স্থিরীভূতোঽস্মি তৎসর্বশ্রবণে ॥৩॥
কর্ণেতি। অসৃজতামকুরুতাম্, অম্বুদৌ মেঘৌ ॥৪॥
ভীমেতি। শিলাশিতাঃ শিলায়াং ঘর্ষণেন সুধারীকৃতাঃ। ছিন্দন্তো নাশয়ন্তঃ ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সারথিবংশীয় সঞ্জয়! এ বিষয়ে প্রধানতঃ আমারই গুরুতর দুর্নীতি। সুতরাং আমি মনে করি—আমার এখন সেই দুর্নীতিরই ফল উপস্থিত হইয়াছে ; তাই আমি শোকার্ত্ত হইয়াছি ॥১॥

সঞ্জয়! আমার মনে ছিল যে, যাহা গিয়াছে, তাহা ত গিয়াছেই। এখন আমি এ বিষয়ে কি উপায় করিব ? ॥২॥

সে যাহা হউক, সঞ্জয়! আমার দুর্নীতিনিবন্ধন বীরগণের যেরূপ এই ক্ষয় হইয়াছিল, তাহা তুমি আমার নিকট বল ; আমি শুনিবার পক্ষে স্থির হইলাম' ॥৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! পরাক্রমশালী ও মহাবল কর্ণ এবং ভীম বৃষ্টিকারী দুইটা মেঘের ন্যায় বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪॥

ভীমনামাঙ্কিত, স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত বাণ সকল যাইয়া জীবনই যেন বিনাশ করিতে থাকিয়া কর্ণের দেহে প্রবেশ করিতে থাকিল ॥৫॥

(৫)···বিবিশুঃ কর্ণমাহত্য ছিন্দন্ত ইব জীবিতম্—পি বঙ্গ বর্দ্ধ। (৬)···ছাদয়াঞ্চক্রিরে বীরম্··· বা নি।

তয়োঃ শরৈর্মহারাজ ! সম্পতদ্ভিঃ সমন্ততঃ।
বভূব তব সৈন্যানাং সংক্ষোভঃ সাগরোপমঃ ॥৭॥
ভীমচাপচ্যুতৈর্বাণৈস্তব সৈন্যমরিন্দম !।
অবধ্যত চমূমধ্যে ঘোরৈরাশীবিষোপমৈঃ ॥৮॥
বারণৈঃ পতিতৈ রাজন্ ! বাজিভিশ্চ নরৈঃ সহ।
অদৃশ্যত মহী কীর্ণা বাতরুগ্ণৈরিব দ্রুমৈঃ ॥৯॥
তে বধ্যমানাঃ সমরে ভীমচাপচ্যুতৈঃ শরৈঃ।
প্রাদ্রবংস্তাবকা যোধাঃ কিমেতদিতি চাব্রুবন্ ॥১০॥
ততো ব্যুদস্তং তৎ সৈন্যং সিন্ধুসৌবীরকৌরবম্।
প্রোৎসারিতং মহাবেগৈঃ কর্ণপাণ্ডবয়োঃ শরৈঃ ॥১১॥

ভারতকৌমুদী

তথেতি। বর্হিণা ময়ূরাস্তৎপক্ষা বাসাংসি আবরণানি যেষাং তে ॥৬॥

তয়োরিতি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু। সাগরোপমঃ সাগরসংক্ষোভতুল্যঃ ॥৭॥

ভীমেতি। আশীবিষোপমৈঃ সর্পতুল্যৈর্দীর্ঘৈঃ ॥৮॥

বারণৈরিতি। বারণৈর্গজৈঃ। বাজিভিরশ্বৈঃ। বাতরুগ্ণৈর্বায়ুভগ্নৈঃ ॥৯॥

ত ইতি। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥১০॥

ভারতভাবদীপঃ

মহানিতি ॥১—৬॥ সাগরোপমঃ মহত্তরঃ ॥৭—১০॥ শরৈর্ব্যুদস্তমাক্ষিপ্তং প্রসারিতং দূরমপসারিতম্ ॥১১—২৮॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৯॥

সেইরূপই আবার কর্ণনিক্ষিপ্ত ময়ূরপক্ষযুক্ত শত শত ও সহস্র সহস্র বাণ যাইয়া ভীমকে আচ্ছাদন করিল ॥৬॥

মহারাজ ! তাঁহাদের বাণগুলি যাইয়া সকল দিকে পতিত হইতে থাকায় আপনার পক্ষের সৈন্যগণের সমুদ্রসংক্ষোভের ন্যায় সংক্ষোভ হইল ॥৭॥

অরিন্দম ! ভীমের ধনু হইতে নির্গত, সর্পতুল্য দীর্ঘ ও ভয়ঙ্কর বাণ সকল যাইয়া বাহিনীমধ্যে আপনার সৈন্য বধ করিতে লাগিল ॥৮॥

রাজা ! ক্রমে দেখা গেল—বায়ুভগ্ন বৃক্ষসমূহের ন্যায় পতিত হস্তী, অশ্ব ও মনুষ্যে সমরভূমি ব্যাপ্ত হইয়া গিয়াছে ॥৯॥

ভীমের ধনু হইতে নিঃসৃত বাণ সকল যাইয়া বধ করিতে লাগিলে, আপনার পক্ষের যোদ্ধারা পলায়ন করিতে লাগিল এবং 'এ কি' এইরূপ বলিতে থাকিল ॥১০॥

তে শূরা হতভূয়িষ্ঠা হতাশ্বরথবারণাঃ।
উৎসৃজ্য ভীমং কর্ণঞ্চ ব্যদ্রবন্ সর্ব্বতো দিশঃ ॥১২॥
নূনং পার্থার্থমেবাস্মান্ মোহয়ন্তি দিবৌকসঃ।
যদ্ভীমকর্ণপ্রভবৈর্হন্যতে নো বলং শরৈঃ ॥১৩॥
এবং ব্রুবাণা যোধাস্তে তাবকা ভয়পীড়িতাঃ।
শরপাতং সমুৎসৃজ্য স্থিতা যুদ্ধদিদৃক্ষবঃ ॥১৪॥
ততঃ প্রাবর্ত্তত নদী ঘোররূপা রণাজিরে।
শূরাণাং হর্ষজননী ভীরূণাং ভয়বর্দ্ধিনী।
বারণাশ্বমনুষ্যাণাং রুধিরৌঘসমুদ্ভবা ॥১৫॥
সংবৃতা গতসত্ত্বৈশ্চ মনুষ্যগজবাজিভিঃ।
সানুকর্ষপতাকৈশ্চ দ্বিপাশ্বরথভূষণৈঃ ॥১৬॥
স্যন্দনৈরপবিদ্ধৈশ্চ ভগ্নচক্রাক্ষকূবরৈঃ।
জাতরূপপরিষ্কারৈর্ধনুর্ভিঃ সুমহাস্বনৈঃ ॥১৭॥
সুবর্ণপুঙ্খৈরিষুভির্নারাচৈশ্চ সহস্রশঃ।
কর্ণপাণ্ডবনির্ম্মুক্তৈর্নির্ম্মুক্তৈরিব পন্নগৈঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। ব্যূদস্তং বিশৃঙ্খলীকৃতম্। প্রোৎসারিতমপসারিতম্ ॥১১॥
ত ইতি। হতা ভূয়িষ্ঠা বহুলা যেষাং তে। ব্যদ্রবন্ পলায়ন্ত ॥১২॥
নূনমিতি। পার্থার্থং দেবপুত্রার্জ্জুনস্থবিধার্থম্। নঃ অস্মাকম্ ॥১৩॥
এবমিতি। শরপাতং বাণপতনদেশপর্য্যন্তম্। যুদ্ধদিদৃক্ষবো যুদ্ধং দ্রষ্টুমিচ্ছবঃ ॥১৪॥
তত ইতি। রণাজিরে সমরচত্বরে। বারণা গজাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

তদনন্তর সিন্ধু ও সৌবীরদেশীয় এবং কৌরবপক্ষীয় সেই সকল সৈন্য মহাবেগশালী কর্ণ ও ভীমের বাণে বিশৃঙ্খল হইয়া অপসৃত হইতে লাগিল ॥১১॥

বহুসংখ্যক নিহত এবং হস্তী, অশ্ব ও রথ বিনষ্ট হইলে, সেই বীরেরা ভীম ও কর্ণকে পরিত্যাগ করিয়া সকল দিকে পলায়ন করিতে থাকিলেন ॥১২॥

'নিশ্চয় অর্জ্জুনের জন্যই দেবতারা আমাদিগকে মোহিত করিতেছেন। যে হেতু ভীম ও কর্ণের বাণগুলি আসিয়া আমাদের সৈন্য সংহার করিতেছে' ॥১৩॥

এইরূপ বলিতে থাকিয়া আপনার পক্ষের ভয়ার্ত্ত যোদ্ধারা বাণপতনের স্থানপর্য্যন্ত ত্যাগ করিয়া যাইয়া যুদ্ধ দেখিবার ইচ্ছায় দাঁড়াইল ॥১৪॥

তাহার পর হস্তী, অশ্ব ও মনুষ্যের রক্তে সঞ্জাত, বীরগণের হর্ষজনক ও ভীরুদিগের ভয়বর্দ্ধক একটা ভয়ঙ্কর নদী সমরাঙ্গনে প্রবাহিত হইল ॥১৫॥

প্রাসতোমরসংঘাতৈঃ খড়্গৈশ্চ সপরশ্বধৈঃ।
সুবর্ণবিকৃতৈশ্চাপি গদামুষলপট্টিশৈঃ ॥১৯॥
বজ্রৈশ্চ বিবিধাকারৈঃ শক্তিভিঃ পরিঘৈরপি।
শতঘ্নীভিশ্চ চিত্রাভির্বভৌ ভারত! মেদিনী ॥২০॥ (কুলকম্)
কনকাঙ্গদহারৈশ্চ কুণ্ডলৈর্মুকুটৈস্তথা।
বলয়ৈরপবিদ্ধৈশ্চ তথৈবাঙ্গুলিবেষ্টকৈঃ ॥২১॥
চূড়ামণিভিরুষ্ণীষৈঃ স্বর্ণসূত্রৈশ্চ মারিষ!।
তনুত্রৈঃ সতলত্রৈশ্চ গ্রৈবেয়ৈশ্চৈব ভারত! ॥২২॥
বস্ত্রৈশ্ছত্রৈশ্চ বিধ্বস্তৈশ্চামরব্যজনৈরপি।
গজাশ্বমনুজৈর্ভিন্নৈঃ শোণিতাক্তৈশ্চ পত্রিভিঃ ॥২৩॥
তৈস্তৈশ্চ বিবিধৈর্ভিন্নৈস্তত্র তত্র বসুন্ধরা।
পতিতৈরপবিদ্ধৈশ্চ বিভবৌ দ্যৌরিব গ্রহৈঃ ॥২৪॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

সংবৃতেতি। গতসত্ত্বৈর্নির্গতপ্রাণৈঃ। অনুকৃষ্যস্ত ইত্যনুকর্ষা রথাধোগতদারুবিশেষাঃ পতাকাশ্চ তাভিঃ সহেতি তৈঃ। স্যন্দনৈ রথৈঃ, অপবিদ্ধৈঃ পাতিতৈঃ, ভগ্নানি চক্রাণি অক্ষাস্তির্য্যগ্দারুণি কুবরাণি দীর্ঘদারুণি চ তৈঃ। জাতরূপেণ স্বর্ণনিবেশেন পরিষ্কারঃ শোভা যেষাং তৈঃ। নির্মুক্তৈর্ত্যক্তচর্ম্মভিঃ। সুবর্ণবিকৃতৈঃ স্বর্ণখচিতৈঃ। শতঘ্নীভিশ্চ সংবৃতেতি সম্বন্ধঃ ॥১৬—২০॥

কনকেতি। অপবিদ্ধৈঃ পাতিতৈঃ, অঙ্গুলিবেষ্টকৈরঙ্গুরীয়কৈঃ। তনুত্রৈঃ কবচৈঃ, তলত্রৈর্হস্তাবরণৈঃ সহেতি তৈঃ, গ্রৈবেয়ৈর্গ্রীবালঙ্কারৈঃ। ভিন্নৈর্বিদীর্ণৈঃ। দ্যৌরাকাশম্ ॥২১-২৪॥

ভরতনন্দন! প্রাণবিহীন মানুষ, হস্তী ও অশ্ব; রথের নীচের কাঠ ও পতাকা; হস্তী, অশ্ব ও রথের ভূষণ; নিপাতিত রথ; ভগ্ন চক্র, তেরচা কাঠ ও খাড়া কাঠ; স্বর্ণভূষিত ও মহাশব্দকারী ধনু; খোলসশূন্য সর্পের ন্যায় উজ্জ্বল ও স্বর্ণপুঙ্খ কর্ণ ও ভীমনিক্ষিপ্ত সহস্র সহস্র বাণ ও নারাচ; প্রাস ও তোমরসমূহ; তরবারি ও পরশু; স্বর্ণখচিত গদা, মুষল ও পট্টিশ; নানাপ্রকার বজ্র; শক্তি ও পরিঘ এবং বিচিত্র শতঘ্নীদ্বারা আবৃত হইয়া সমরভূমি শোভা পাইতে লাগিল ॥১৬—২০॥

মাননীয় ভরতনন্দন! নিপাতিত স্বর্ণের কেয়ূর, হার, কুণ্ডল, মুকুট, বলয় ও অঙ্গুরীয়; চূড়ামণি, উষ্ণীষ, স্বর্ণসূত্র, বর্ম্ম, হস্তাবরণ, গ্রীবালঙ্কার, ছিন্ন-বিচ্ছিন্ন

---

(১৯)···গদামুষলপট্টিসৈঃ—নি। (২১)··তথৈবাঙ্গুলিবেষ্টকৈঃ—বা নি। (২২)···হারৈর্নিষ্কৈশ্চ ভারত!—বা নি।

অচিন্ত্যমদ্ভুতঞ্চৈব তয়োঃ কর্ম্মাতিমানুষম্ ।
দৃষ্ট্বা চারণসিদ্ধানাং বিস্ময়ঃ সমজায়ত ॥২৫॥
অগ্নের্বায়ুসহায়স্য গতিঃ কক্ষ ইবাহবে ।
আসীদ্ভীমসহায়স্য রৌদ্রমাধিরথের্গতম্ ॥২৬॥
নিপাতিতধ্বজরথং হতবাজিনরদ্বিপম্ ।
গজাভ্যাং সম্প্রযুক্তাভ্যামাসীন্নলবনং যথা ॥২৭॥
মেঘজালনিভং সৈন্যমাসীত্তব নরাধিপ ! ।
বিমর্দ্দঃ কর্ণভীমাভ্যামাসীচ্চ পরমো রণে ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমকর্ণযুদ্ধে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অচিন্ত্যমিতি। তয়োর্ভীমকর্ণয়োঃ। চারণসিদ্ধানাং গগনস্থানাং দেবযোনিবিশেষাণাম্ ॥২৫॥
অগ্নেরিতি। কক্ষে শুষ্কতৃণসমূহে। আধিরথেঃ কর্ণস্য, গতং বিচরণম্ ॥২৬॥
নিপাতিতেতি। পূর্বার্দ্ধে যুদ্ধমিতি শেষঃ। সম্প্রযুক্তাভ্যাং যুদ্ধে মিলিতাভ্যাম্ ॥২৭॥
মেঘেতি। বিমর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ, কর্ণভীমাভ্যাং কর্ণভীমযোঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

বস্ত্র, ছত্র, চামর ও ব্যজন ; বাণবিদীর্ণ ও রক্তাক্ত হস্তী, অশ্ব ও মনুষ্য এবং বিদীর্ণ, পতিতও পাতিত নানাবিধ দ্রব্যদ্বারা ভিন্ন ভিন্ন স্থানের রণভূমিগুলি—গ্রহদ্বারা আকাশের ন্যায় শোভা ধারণ করিল ॥২১—২৪॥

ভীম ও কর্ণের অচিন্তনীয়, অদ্ভুত ও অলৌকিক কার্য্য দেখিয়া আকাশবর্ত্তী সিদ্ধ ও চারণগণের বিস্ময় জন্মিল ॥২৫॥

শুষ্ক তৃণসমূহে বায়ুসমন্বিত অগ্নির যেমন ভয়ঙ্কর গতি হয়, সেইরূপ যুদ্ধে ভীমের সহিত সম্মিলিত কর্ণের ভয়ঙ্কর গতি চলিতে লাগিল ॥২৬॥

দুইটা হাতী যুদ্ধে মিলিত হইলে নলবনের যেরূপ অবস্থা হয়, সেইরূপ ধ্বজ ও রথ নিপাতিত এবং হস্তী, অশ্ব ও পদাতি নিহত হওয়ায় ভীম-কর্ণ-যুদ্ধের অবস্থা হইয়া পড়িল ॥২৭॥

(২৮) তথারূপং মহৎ সৈন্যম্···নি। * '··ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—————ঃ-০-ঃ—————

সঞ্জয় উবাচ।

ততঃ কর্ণো মহারাজ! ভীমং বিদ্ধা ত্রিভিঃ শরৈঃ।
মুমোচ শরবর্ষাণি বিচিত্রাণি বহূনি চ ॥১॥
বধ্যমানো মহাবাহুঃ সূতপুত্রেণ পাণ্ডবঃ।
ন বিব্যথে ভীমসেনো ভিদ্যমান ইবাচলঃ ॥২॥
স কর্ণং কর্ণিনা কর্ণে পীতেন নিশিতেন চ।
বিব্যাধ সুভৃশং সংখ্যে তৈলধৌতেন মারিষ! ॥৩॥
স কুণ্ডলং মহৎ কর্ণাৎ কর্ণস্যাপাতয়দ্ভুবি।
তাপনীয়ং মহারাজ! দীপ্তং জ্যোতিরিবাম্বরাৎ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। বিদ্ধা তাড়য়িত্বা। মুমোচ চকার ॥১॥

বধ্যেতি। বধ্যমান আহন্যমানঃ। ন বিব্যথে দৃঢ়দেহত্বাদ্বর্ম্মাবৃতত্বাচ্চ ॥২॥

স ইতি। কর্ণিনা তদাখ্যেন বাণেন, পীতেন প্রাক্পীতরক্তসজাতীয়েন ॥৩॥

স ইতি। তপনীয়স্য স্বর্ণস্যেদমিতি তাপনীয়ম্, দীপ্তমুজ্জ্বলম্, জ্যোতির্নক্ষত্রম্ ॥৪॥

মহারাজ! আপনার সৈন্য মেঘসমূহের তুল্য ছিল এবং কর্ণ ও ভীমসেনের সংঘর্ষ সমরাঙ্গনে গুরুতরভাবে চলিতেছিল' ॥২৮॥

—————ঃ০ঃ—————

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর কর্ণ তিনটা বাণদ্বারা ভীমকে তাড়ন করিয়া আবার তাঁহার উপরে বিচিত্র ও বহুতর বাণ বর্ষণ করিলেন ॥১॥

কর্ণ আঘাত করিলেও মহাবাহু পাণ্ডুনন্দন ভীমসেন বিদার্য্যমাণ পর্ব্বতের ন্যায় ব্যথিত হইলেন না ॥২॥

মাননীয় রাজা! পরে ভীমসেন একটা রক্তপায়ী, সুধার ও তৈলমাজিত কর্ণী-(বাণবিশেষ) দ্বারা গুরুতরভাবে কর্ণের কর্ণে আঘাত করিলেন ॥৩॥

মহারাজ! সেই কর্ণীটা যাইয়া কর্ণের কর্ণ হইতে স্বর্ণময় বিশাল কুণ্ডলটাকে—আকাশ হইতে উজ্জ্বল নক্ষত্রের ন্যায় ভূতলে পাতিত করিল ॥৪॥

(৪) স কুণ্ডলং মহচ্চারু·· বঙ্গ বর্দ্ধ বা নি।

অথাপরেণ ভল্লেন সূতপুত্রং স্তনান্তরে।
আজঘান ভৃশং ক্রুদ্ধো হসন্নিব বৃকোদরঃ ॥৫॥
পুনরস্য ত্বরন্ ভীমো নারাচান্ দশ ভারত!।
রণে প্রৈষীন্মহাবাহুর্নির্ম্মুক্তাশীবিষোপমান্ ॥৬॥
তে ললাটং বিনির্ভিদ্য সূতপুত্রস্য মারিষ!।
বিবিশুশ্চোদিতাস্তেন বল্মীকমিব পন্নগাঃ ॥৭॥
ললাটস্থৈস্তু তৈর্ব্বাণৈঃ সূতপুত্রো ব্যরোচত।
নীলোৎপলময়ীং মালাং ধারয়ন্ বৈ যথা পুরা ॥৮॥
সোঽতিবিদ্ধো ভৃশং কর্ণঃ পাণ্ডবেন তরস্বিনা।
রথকূবরমালম্ব্য ন্যমীলয়ত লোচনে ॥৯॥

ভারতকৌমুদী

অথেতি। সূতপুত্রং কর্ণম্, স্তনান্তরে বক্ষসি ॥৫॥
পুনরিতি। নির্ম্মুক্তাস্ত্যক্তচর্ম্মাণো য আশীবিষাঃ সর্পাস্তদুপমান্ ॥৬॥
ত ইতি। চোদিতাঃ প্রেরিতাঃ, তেন ভীমেন, বল্মীকম্ উয়ীমৃত্তিকাস্তূপম্ ॥৭॥
ললাটেতি। ধারয়ন্, কণ্ঠে তেষাং বাণানাং ছায়াপতনাৎ। পুরা পূর্ব্বং স্বস্থকালে ॥৮॥
স ইতি। তরস্বিনা বলবতা। রথস্য কূবরমূর্দ্ধদণ্ডম্, ন্যমীলয়ত মুদ্রিতবান্ ॥৯॥

তদনন্তর অত্যন্তক্রুদ্ধ ভীমসেন হাসিতে হাসিতেই যেন অন্য একটা ভল্ল-দ্বারা কর্ণের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৫॥

ভরতনন্দন! পুনরায় মহাবাহু ভীমসেন ত্বরান্বিত হইয়া কর্ণের উপরে ত্যক্তচর্ম্মা সর্পসমূহের ন্যায় দশটা নারাচ নিক্ষেপ করিলেন ॥৬॥

মাননীয় রাজা! ভীমনিক্ষিপ্ত সেই নারাচগুলি যাইয়া কর্ণের ললাট ভেদ করিয়া—সর্প যেমন উয়ীর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ কর্ণের ললাটের ভিতরে প্রবেশ করিল ॥৭॥

সেই বাণগুলি যাইয়া কর্ণের ললাটদেশে প্রবিষ্ট থাকিলে, সেগুলির ছায়া কণ্ঠে পতিত হওয়ায়—কর্ণ পূর্ব্বে কণ্ঠে নীলোৎপলমালা ধারণ করিয়া যেমন শোভা পাইতেন, তেমন শোভা পাইতে লাগিলেন ॥৮॥

বলবান্ ভীমসেন অত্যন্ত বিদ্ধ করিলে, কর্ণ বেদনায় রথের উর্দ্ধদণ্ড ধারণ করিয়া নয়নযুগল মুদ্রিত করিলেন ॥৯॥

---

(৮) ললাটস্থৈস্ততো বাণৈঃ···বঙ্গ বর্দ্ধ বা নি।

স মুহূর্ত্তাৎ পুনঃ সংজ্ঞাং লব্ধ্বা কর্ণঃ পরন্তপঃ।
রুধিরোক্ষিতসর্ব্বাঙ্গঃ ক্রোধমাহারয়ৎ পরম্ ॥১০॥
ততঃ ক্রুদ্ধো রণে কর্ণঃ পীড়িতো দৃঢ়ধন্বনা।
বেগং চক্রে মহাবেগো ভীমসেনরথং প্রতি ॥১১॥
তস্মৈ কর্ণঃ শতং রাজন্নিষূণাং গার্দ্ধ্রবাসসাম্।
অমর্ষী বলবান্ ক্রুদ্ধঃ প্রেষয়ামাস ভারত! ॥১২॥
ততঃ প্রাসৃজদুগ্রাণি শরবর্ষাণি পাণ্ডবঃ।
সমরে তমনাদৃত্য তস্য বীর্য্যমচিন্তয়ন্ ॥১৩॥
কর্ণস্ততো মহারাজ! পাণ্ডবং নবভিঃ শরৈঃ।
আজঘানোরসি ক্রুদ্ধঃ ক্রুদ্ধরূপং পরন্তপঃ ॥১৪॥
তাবুভৌ নরশার্দ্দূলৌ শার্দ্দূলাবিব দংষ্ট্রিণৌ।
জীমূতাবিব চান্যোন্যং প্রববর্ষতুরাহবে ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। আহারয়ৎ অকরোৎ, পরমত্যন্তম্ ॥১০॥
তত ইতি। দৃঢ়ং ধনুর্যস্য তেন ভীমসেনেন ॥১১॥
তস্মা ইতি। গার্দ্ধ্রবাসসাং গৃধ্রপক্ষাবৃতানাম্। অমর্ষী অসহিষ্ণুঃ ॥১২॥
তত ইতি। প্রাসৃজৎ অকরোৎ। তং কর্ণম্। উভয়ত্রাপি ন্যূনত্বাবধারণাদিতি ভাবঃ ॥১৩॥
কর্ণ ইতি। পাণ্ডবং ভীমম্। উরসি বক্ষসি ॥১৪॥
তাবিতি। দংষ্ট্রিণৌ অতিশয়েন দন্তবন্তৌ। জীমূতৌ মেঘৌ ॥১৫॥

রক্তসিক্তসর্ব্বাঙ্গ পরন্তপ কর্ণ মুহূর্ত্তকালপরে পুনরায় সংজ্ঞা লাভ করিয়া গুরুতর ক্রোধ করিলেন ॥১০॥

দৃঢ়ধনুর্দ্ধর ভীমসেন পীড়ন করিলে, ক্রুদ্ধ ও মহাবেগশালী কর্ণ ভীমসেনের রথের দিকে বিশেষ বেগ করিলেন ॥১১॥

ভরতনন্দন রাজা! তদনন্তর অসহিষ্ণু, বলবান্ ও ক্রুদ্ধ কর্ণ গৃধ্রপক্ষযুক্ত একশত বাণ ভীমের উপরে নিক্ষেপ করিলেন ॥১২॥

তাহার পর ভীমও যুদ্ধে কর্ণকে অবজ্ঞা করিয়া এবং তাঁহার বলের বিষয় চিন্তা না করিয়া কর্ণের উপরে ভয়ঙ্কর বাণবর্ষণ করিলেন ॥১৩॥

মহারাজ! তৎপরে ক্রুদ্ধ ও পরন্তপ কর্ণ নয়টা বাণদ্বারা ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥১৪॥

(১০)…সংজ্ঞাং লেভে…বা নি।

তলশব্দবরৈশ্চৈব ত্রাসয়েতাং পরস্পরম্।
শরজালৈশ্চ বিবিধৈশ্ছাদয়ামাসতুর্ম্মৃধে।
অন্যোন্যং সমরে ক্রুদ্ধৌ কৃতপ্রতিকৃতৈষিণৌ ॥১৬॥
ততো ভীমো মহাবাহুঃ সূতপুত্রস্য ভারত!।
ক্ষুরপ্রেণ ধনুশ্ছিত্ত্বা ননাদ পরবীরহা ॥১৭॥
তদপাস্য ধনুশ্ছিন্নং সূতপুত্রো মহারথঃ।
অন্যৎ কার্ম্মুকমাদত্ত ভারঘ্নং বেগবত্তরম্ ॥১৮॥
দৃষ্ট্বা সকুরুসৌবীরসিন্ধুবীরবলক্ষয়ম্।
সবর্ম্মধ্বজশস্ত্রৈশ্চ পতিতৈঃ সংবৃতাং মহীম্ ॥১৯॥
হস্ত্যশ্বনরদেহাংশ্চ গতাসূন্ প্রেক্ষ্য সর্ব্বতঃ।
সূতপুত্রস্য সংরম্ভাদ্দীপ্তং বপুরজায়ত ॥২০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তলেতি। তলশব্দবরৈর্বিশালহস্তাবাপশব্দৈঃ। মৃধে যুদ্ধে। কৃতস্য আঘাতস্য প্রতিকৃতং প্রত্যাঘাতং কর্ত্তুমিচ্ছত ইতি কৃতপ্রতিকৃতৈষিণৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

তত ইতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণবিশেষেণ। পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥১৭॥

তদিতি। আদত্ত অগৃহ্লাৎ, ভারং শত্রোরাক্রমণরূপং দুঃসহং ব্যাপারং হন্তীতি তৎ ॥১৮॥

দৃষ্ট্বেতি। কুরুসৌবীরসিন্ধূনাং দেশানাং বীরৈঃ সহেতি তত্তাদৃশং যদ্বলং তস্য ক্ষয়ম্। সবর্ম্মধ্বজশস্ত্রৈশ্চ রথাদিভিঃ। গতাসূন্ নির্গতপ্রাণান্। সংরম্ভাৎ ক্রোধাৎ, দীপ্তং রক্তোজ্জ্বলম্ ॥১৯—২০॥

বিশালদন্তশালী দুইটা ব্যাঘ্রের ন্যায় ভীষণ সেই দুই জন নরশ্রেষ্ঠ দুইটা মেঘের তুল্য যুদ্ধে পরস্পর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥১৫॥

ক্রুদ্ধ ও আঘাতের প্রত্যাঘাত করিবার অভিলাষী কর্ণ ও ভীম বিশাল হস্তাবরণের শব্দে পরস্পরের ত্রাস জন্মাইতে লাগিলেন এবং যুদ্ধে নানাবিধ বাণজালদ্বারা পরস্পরকে আবৃত করিতে থাকিলেন ॥১৬॥

ভরতনন্দন! তাহার পর মহাবাহু ও বিপক্ষবীরহন্তা ভীমসেন একটা ক্ষুরপ্রদ্বারা কর্ণের ধনু ছেদন করিয়া সিংহনাদ করিলেন ॥১৭॥

তখন মহারথ কর্ণ সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া বিপক্ষের আক্রমণনাশক ও বিশেষবেগশালী অন্য একখানা ধনু লইলেন ॥১৮॥

ক্রমে কুরু, সৌবীর ও সিন্ধুদেশীয় বীরগণের বিনাশ এবং বর্ম্ম, ধ্বজ ও

(১৬) তলশব্দরবৈশ্চৈব · বঙ্গ বর্দ্ধ বা নি,···ত্রাসয়ামাসতুর্ম্মৃধে···বা নি। (২০) · প্রেক্ষ্য সর্ব্বশঃ··· বা নি।

স বীস্ফার্য্য মহচ্চাপং কার্ত্তস্বরবিভূষিতম্।
ভীমং প্রৈক্ষত রাধেয়ো রাজন্! ঘোরেণ চক্ষুষা ॥২১॥
ততঃ ক্রুদ্ধঃ শরানস্যন্ সূতপুত্রো ব্যরোচত।
মধ্যন্দিনগতোঽর্চ্চিষ্মান্ শরদীব দিবাকরঃ ॥২২॥
মরীচিবিকচস্যেব রাজন্! ভানুমতো বপুঃ।
আসীদাধিরথের্ঘোরং বপুঃ শরশতাচিতম্ ॥২৩॥
করাভ্যামাদদানস্য সন্দধানস্য চাশুগান্।
কর্ষতো মুঞ্চতো বাণান্ নান্তরং দদৃশে রণে ॥২৪॥
অগ্নিচক্রোপমং ঘোরং মণ্ডলীকৃতমায়ুধম্।
কর্ণস্যাসীন্মহীপাল! সব্যদক্ষিণমস্যতঃ ॥২৫॥

ভারতকৌমুদী

স ইতি। কার্ত্তস্বরবিভূষিতং স্বর্ণালঙ্কৃতম্ ॥২১॥
তত ইতি। অস্যন্ ক্ষিপন্। অর্চ্চিষ্মান্ কিরণবান্, শরদি শরৎকালে ॥২২॥
মরীচীতি। মরীচিবিকচস্য কিরণপ্রকাশিতস্য, ভানুমতঃ সূর্য্যস্য ॥২৩॥
করাভ্যামিতি। আশুগান্ বাণান্। কর্ষতঃ তূণাদুদ্ধরতঃ। অন্তরমবকাশঃ ॥২৪॥
অগ্নীতি। আয়ুধং ধনুঃ। সব্যদক্ষিণং বামদক্ষিণয়োর্দিশোঃ, অস্যতঃ ক্ষিপতঃ ॥২৫॥

অস্ত্রের সহিত পতিত রথপ্রভৃতিদ্বারা সমরভূমি আবৃত হইয়াছে দেখিয়া, আর সকল দিকে প্রাণহীন হস্তী, অশ্ব ও মনুষ্যগণের দেহ দর্শন করিয়া ক্রোধে কর্ণের দেহ আরক্তবর্ণ হইয়া উঠিল ॥১৯—২০॥

রাজা! তখন তিনি স্বর্ণভূষিত বিশাল ধনু বিস্ফারিত করিয়া ভীষণ নয়নদ্বারা ভীমের দিকে দৃষ্টিপাত করিলেন ॥২১॥

তদনন্তর ক্রুদ্ধ কর্ণ বাণক্ষেপ করিতে থাকিয়া শরৎকালে মধ্যাহ্নসময়ে তেজস্বী সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥২২॥

রাজা! তৎকালে কর্ণের বহুতরবাণব্যাপ্ত দেহটা কিরণসমন্বিত সূর্য্যের মূর্ত্তির তুল্য ভয়ঙ্কর হইয়া পড়িল ॥২৩॥

তখন কর্ণ যে বাণ গ্রহণ, তূণ হইতে উত্তোলন, সন্ধান এবং হস্তযুগলদ্বারা ক্ষেপ করিতেছিলেন, তাহার অবকাশ দেখা যাইতেছিল না ॥২৪॥

মহারাজ! কর্ণ যখন বামে ও দক্ষিণে বাণক্ষেপ করিতেছিলেন, তখন

(২২)…সূতপুত্রো ব্যদৃশ্যত…পি। (২৫)… সব্যং দক্ষিণমস্যতঃ—বা নি।

স্বর্ণপুঙ্খাঃ সুনিশিতাঃ কর্ণচাপচ্যুতাঃ শরাঃ।
প্রাচ্ছাদয়ন্ মহারাজ! দিশঃ সূর্য্যস্য চ প্রভাঃ ॥২৬॥
ততঃ কনকপুঙ্খানাং শরাণাং নতপর্ব্বণাম্।
ধনুশ্চ্যুতানাং বিয়তি দদৃশে বহুধা ব্রজঃ ॥২৭॥
বাণাসনাদাধিরথেঃ প্রভবন্তি স্ম সায়কাঃ।
শ্রেণীকৃতা ব্যরোচন্ত রাজন্! ক্রৌঞ্চা ইবাম্বরে ॥২৮॥
গার্দ্ধ্রপত্রান্ শিলাধৌতান্ কার্ত্তস্বরবিভূষিতান্।
মহাবেগান্ প্রসন্নাগ্রান্ মুমোচাধিরথিঃ শরান্ ॥২৯॥
তে তু চাপবলোদ্ধৃতাঃ শাতকুম্ভবিভূষিতাঃ।
অজস্রমপতন্ বাণা ভীমসেনরথং প্রতি ॥৩০॥

ভারতকৌমুদী

স্বর্ণেতি। সুনিশিতাঃ সুধারাঃ ॥২৬॥
তত ইতি। বিয়তি আকাশে। ব্রজঃ সমূহঃ ॥২৭॥
বাণেতি। বাণাসনাৎ কার্ম্মুকাৎ, প্রভবন্তি নির্গচ্ছন্তি। ক্রৌঞ্চাঃ পক্ষিণঃ ॥২৮॥
গার্দ্ধ্রেতি। গার্দ্ধ্রেত্যাদিকং প্রাগ্‌ব্যাখ্যাতম্। প্রসন্নাগ্রান্ নির্ম্মলমুখান্ ॥২৯॥
ত ইতি। চাপবলেন ধনুঃশক্ত্যা উদ্ধৃতাঃ সঞ্চালিতাঃ, শাতকুম্ভবিভূষিতাঃ স্বর্ণখচিতাঃ ॥৩০॥

তাঁহার ভয়ঙ্কর ধনুখানা অগ্নিচক্রের ন্যায় কেবল মণ্ডলীকৃত দেখা যাইতেছিল ॥২৫॥

নরনাথ! কর্ণের ধনু হইতে নির্গত স্বর্ণপুঙ্খ ও সুধার বাণ সকল সমস্ত দিক্ ও সূর্য্যের আলোক আবৃত করিয়াছিল ॥২৬॥

তাহার পর কর্ণের কার্ম্মুক হইতে নির্গত স্বর্ণপুঙ্খ ও নতপর্ব্ব বাণসমূহ আকাশে বহুপ্রকার দেখা যাইতে লাগিল ॥২৭॥

রাজা! কর্ণের ধনু হইতে বাণ সকল নির্গত হইতে থাকিল; তখন আকাশে শ্রেণীকৃত ক্রৌঞ্চপক্ষীর ন্যায় সেগুলি প্রকাশ পাইতে থাকিল ॥২৮॥

কর্ণ গৃধ্রপক্ষযুক্ত, শিলাশাণিত, স্বর্ণভূষিত, মহাবেগশালী ও নির্ম্মলমুখ বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥২৯॥

কর্ণের কার্ম্মুকনিক্ষিপ্ত স্বর্ণালঙ্কৃত সেই বাণগুলি যাইয়া অনবরত ভীমসেনের রথের উপরে পতিত হইতে থাকিল ॥৩০॥

(২৬)…দিশঃ সূর্য্য ইবাংশুভিঃ—নি। (২৯)…মহাবেগান্ প্রদীপ্তাগ্রান্…পি বা নি।

তে ব্যোম্নি রুক্মবিকৃতা ব্যকাশন্ত সহস্রশঃ।
শলভানামিব ব্রাতাঃ শরাঃ কর্ণসমীরিতাঃ ॥৩১॥
চাপাদাধিরথের্ব্বাণাঃ প্রপতন্তশ্চকাশিরে।
একো দীর্ঘ ইবাত্যর্থমাকাশে সংহিতঃ শরঃ ॥৩২॥
পর্ব্বতং বারিধারাভিশ্ছাদয়ন্নিব তোয়দঃ।
কর্ণঃ প্রাচ্ছাদয়ৎ ক্রুদ্ধো ভীমং সায়কবৃষ্টিভিঃ ॥৩৩॥
তত্র ভারত! ভীমস্য বলং বীর্য্যং পরাক্রমম্।
ব্যবসায়ঞ্চ পুত্রাস্তে দদৃশুঃ সহসৈনিকাঃ ॥৩৪॥
তাং সমুদ্রমিবোদ্ধূতাং শরবৃষ্টিং সমুত্থিতাম্।
অচিন্তয়িত্বা ভীমস্তু ক্রুদ্ধঃ কর্ণমুপাদ্রবৎ ॥৩৫॥
রুক্মপৃষ্ঠং মহচ্চাপং ভীমস্যাসীদ্বিশাংপতে!।
আকর্ণান্মণ্ডলীভূতং শক্রচাপমিবাপরম্।
তস্মাচ্ছরাঃ প্রাদুরাসন্ পূরয়ন্ত ইবাম্বরম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

ত ইতি। রুক্মবিকৃতাঃ স্বর্ণখচিতাঃ। ব্রাতাঃ সমূহাঃ ॥৩১॥
চাপাদিতি। সংহিতঃ সন্ধানপূর্ব্বকং ক্ষিপ্তঃ ॥৩২॥
পর্ব্বতমিতি। তোয়দো মেঘঃ ॥৩৩॥
তত্রেতি। বলং মনঃশক্তিম্, বীর্য্যং দেহশক্তিম্। ব্যবসায়মধ্যবসায়ম্ ॥৩৪॥
তামিতি। উদ্ধূতামুদ্বেলিতাম্। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩৫॥

কর্ণনিক্ষিপ্ত স্বর্ণখচিত সেই বাণসমূহ পতঙ্গসমূহের ন্যায় আকাশে প্রকাশ পাইতে লাগিল ॥৩১॥

কর্ণের ধনু হইতে নির্গত বাণসমূহ, সন্ধানপূর্ব্বক নিক্ষিপ্ত একটা অতিদীর্ঘ বাণের ন্যায় আকাশে প্রকাশ পাইতে থাকিল ॥৩২॥

মেঘ যেমন বারিধারাদ্বারা পর্ব্বত আচ্ছাদন করে, সেইরূপ কর্ণ ক্রুদ্ধ হইয়া বাণবৃষ্টিদ্বারা ভীমকে আচ্ছাদন করিয়া ফেলিলেন ॥৩৩॥

ভরতনন্দন! তখন আপনার পুত্রেরা ভীমের মানসিক বল, দৈহিক বল, পরাক্রম ও অধ্যবসায় দেখিতে লাগিলেন ॥৩৪॥

সমুদ্রের ন্যায় উদ্বেলিত সেই বাণবৃষ্টি অগ্রাহ্য করিয়া ক্রুদ্ধ ভীমসেন কর্ণের দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

(৩২)···সংস্থিতঃ শরঃ—বা নি।

স্বর্ণপুঙ্খৈর্ভীমেন সায়কৈর্নতপর্ব্বভিঃ।
গগনে রচিতা মালা কাঞ্চনীব ব্যরাজত ॥৩৭॥
ততো ব্যোম্নি বিষক্তানি শরজালানি ভাগশঃ।
আহতানি ব্যশীর্য্যন্ত ভীমসেনস্য পত্রিভিঃ ॥৩৮॥
কর্ণস্য শরজালৌঘৈর্ভীমসেনস্য চোভয়োঃ।
অগ্নিস্ফুলিঙ্গসংস্পর্শৈরঞ্জোগতিভিরাহবে।
তৈস্তৈঃ কনকপুঙ্খানাং দ্যৌরাসীৎ সংবৃতা ব্রজৈঃ ॥৩৯॥
ন স্ম সূর্য্যস্তদা ভাতি ন স্ম বাতি সমীরণঃ।
শরজালাবৃতে ব্যোম্নি ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৪০॥
স ভীমং ছাদয়ন্ বাণৈঃ সূতপুত্রঃ পৃথগ্‌বিধৈঃ।
উপারোহদনাদৃত্য তস্য বীর্য্যং মহাত্মনঃ ॥৪১॥

ভারতকৌমুদী

রুক্মেতি। রুক্মপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্। প্রাদুরাসন্ নিরগচ্ছন্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

স্বর্ণেতি। কাঞ্চনস্য স্বর্ণস্যেয়মিতি কাঞ্চনী, অণ্‌প্রত্যয়ান্তাদীপ্রত্যয়ঃ ॥৩৭॥

তত ইতি। বিষক্তানি লগ্নানি, শরজালানি কর্ণস্য, ভাগশো ভাগে ভাগে ॥৩৮॥

কর্ণস্যেতি। অঞ্জোগতিভির্দ্রুতগমনৈঃ। দ্যৌরাকাশম্। ব্রজৈঃ সমূহৈঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৯॥

নেতি। শরজালাবৃতে সতি, ব্যোম্নি গগনে ॥৪০॥

নরনাথ! স্বর্ণখচিতপৃষ্ঠ ও বিশাল ভীমের ধনু আকর্ষণবশতঃ অপর ইন্দ্র-ধনুর ন্যায় যেন মণ্ডলীভূত হইয়াই রহিতেছিল এবং তাহা হইতে বাণ সকল আকাশ পূর্ণ করতই যেন নির্গত হইতেছিল ॥৩৬॥

ভীমসেন যেন স্বর্ণপুঙ্খ ও নতপর্ব বাণসমূহদ্বারা আকাশে একটা স্বর্ণময়ী মালা নির্ম্মাণ করিয়া দিতেছিলেন ॥৩৭॥

তদনন্তর কর্ণের শরজাল আকাশে ভাগে ভাগে সংসক্ত হইতেছিল; সেগুলি আবার ভীমের বাণজালে আহত হইয়া বিনষ্ট হইতেছিল ॥৩৮॥

কর্ণের শরজালসমূহে এবং ভীমসেনের অগ্নিস্ফুলিঙ্গসংস্পর্শ ও দ্রুতগামী স্বর্ণপুঙ্খ বাণসমূহে আকাশটা আবৃত হইয়া গিয়াছিল ॥৩৯॥

তখন আকাশটা বাণজালে আবৃত হইলে, সূর্য্য প্রকাশ পান নাই, বায়ু চলে নাই এবং আকাশের কোন বিষয় জানা যায় নাই ॥৪০॥

(৪০)…ন চাজ্ঞায়ত কিঞ্চন—পি।

তয়োর্বিসৃজতোস্তত্র শরজালানি মারিষ !।
বায়ুভূতান্যদৃশ্যন্ত সংসক্তানীতরেতরম্ ॥৪২॥
অন্যোন্যশরসংঘর্ষাত্তয়োর্ম্মনুজসিংহয়োঃ।
আকাশে ভরতশ্রেষ্ঠ ! পাবকঃ সমজায়ত ॥৪৩॥
তস্মৈ কর্ণঃ শিতান্ বাণান্ কর্ম্মারপরিমার্জ্জিতান্।
সুবর্ণবিকৃতান্ ক্রুদ্ধঃ প্রাহিণোদ্বধকাঙ্ক্ষয়া ॥৪৪॥
চিরেতি। চিরকালেপ্সিতং ত্বয়েব ময়াপি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

রাজা ! তখন সাত্যকি যেন হাসিতে হাসিতে ভূরিশ্রবাকে বলিলেন—'কৌরবনন্দন ! যুদ্ধে আমার ভয় নাই ॥১৪॥

কেবল বাক্যদ্বারা আমাকে ভীত করিতে পারিবে না। যে লোক যুদ্ধে আমাকে নিরস্ত্র করিতে পারিবে, সে-ই আমাকে বধ করিতে সমর্থ হইবে ॥১৫॥

যে লোক আমাকে যুদ্ধে বধ করিতে পারিবে, সে লোক চিরকালই শত্রু-সংহার করিতে সমর্থ হইবে। সে যাহা হউক, বহুতর বৃথা বাক্যে ফল কি, তুমি সেই উক্তিগুলি কার্য্যে পরিণত কর ॥১৬॥

বীর ! শরৎকালের মেঘগর্জনের ন্যায় তোমার গর্জন নিষ্ফল। সুতরাং তোমার গর্জন শুনিয়া আমার হাস্য জন্মিতেছে ॥১৭॥

কৌরব ! তোমার ও আমার চিরকালের অভীষ্ট যুদ্ধ আজ হউক ; বৎস ! তোমার সহিত যুদ্ধাভিলাষিণী আমার মতি ত্বরান্বিত হইয়াছে। পুরুষাধম ! আজ আমি তোকে বধ না করিয়া নিবৃত্তি পাইব না' ॥১৮॥

(১৬)... কর্ম্মণা তু সমাচর—বঙ্গ বর্দ্ধ। (১৮)...ত্বামদ্য পুরুষর্ষভ !—পি।

অন্যোন্যং তৌ তথা বাগ্‌ভিস্তক্ষন্তৌ নরপুঙ্গবৌ।
জিঘাংসূ পরমক্রুদ্ধাবভিজঘ্নতুরাহবে ॥১৯॥
সমেতৌ তৌ মহেষ্বাসৌ শুষ্মিণৌ স্পর্দ্ধিনৌ রণে।
দ্বিরদাবিব সংক্রুদ্ধৌ বাসিতার্থে মদোৎকটৌ ॥২০॥
ভূরিশ্রবাঃ সাত্যকিশ্চ ববর্ষতুররিন্দমৌ।
শরবর্ষাণি ঘোরাণি মেঘাবিব পরস্পরম্ ॥২১॥
সৌমদত্তিস্তু শৈনেয়ং প্রচ্ছাদ্যেষুভিরাশুগৈঃ।
জিঘাংসুর্ভরতশ্রেষ্ঠ! বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
দশভিঃ সাত্যকিং বিদ্ধা সৌমদত্তিরথাপরান্।
মুমোচ নিশিতান্ বাণান্ জিঘাংসুঃ শিনিপুঙ্গবম্ ॥২৩॥

ভারতকৌমুদী

অন্যোন্যমিতি। তক্ষন্তৌ তনূকুর্বন্তৌ ব্যথয়ন্তাবিত্যর্থঃ ॥১৯॥

সমেতাবিতি। শুষ্মিণৌ ক্রোধোষ্মবন্তৌ। বাসিতার্থে ঋতুমত্যা হস্তিন্যাঃ কৃতে ॥২০॥

ভূরীতি। বরযতুঃ কৃতবন্তাবিত্যর্থঃ ॥২১॥

সৌমেতি। সৌমদত্তিঃ সোমদত্তপুত্রো ভূরিশ্রবাঃ, শৈনেয়ং সাত্যকিম্, আশুগৈদ্রুতগামিভিঃ ॥২২॥

দশভিরিতি। নিশিতান্ সুধারান্, জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ ॥২৩॥

মহারাজ! অত্যন্তক্রুদ্ধ নরশ্রেষ্ঠ ভূরিশ্রবা ও সাত্যকি সেইরূপ বাক্যদ্বারা পরস্পর আঘাত করিয়া যুদ্ধে পরস্পর জিঘাংসু হইয়া প্রহার করিতে প্রবৃত্ত হইলেন ॥১৯॥

ঋতুমতী হস্তিনীর জন্য মদমত্ত ও ক্রুদ্ধ দুইটা হস্তীর ন্যায় মহাধনুর্দ্ধর, ক্রোধে উত্তেজিত ও পরস্পর স্পর্দ্ধাকারী ভূরিশ্রবা এবং সাত্যকি যুদ্ধে মিলিত হইলেন ॥২০॥

ক্রমে শত্রুদমনকারী ভূরিশ্রবা ও সাত্যকি দুইটা মেঘের ন্যায় পরস্পর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২১॥

ভরতশ্রেষ্ঠ! ভূরিশ্রবা সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া দ্রুতগামী বাণসমূহদ্বারা তাঁহাকে আচ্ছাদনপূর্ব্বক পুনরায় সুধার বাণসমূহদ্বারা তাড়ন করিলেন ॥২২॥

তৎপরে আবার ভূরিশ্রবা সাত্যকিকে বিনাশ করিবার ইচ্ছায় দশটি বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিয়া পুনরায় অপর সুধার বাণসমূহ নিক্ষেপ করিলেন ॥২৩॥

তানস্য বিশিখাংস্তীক্ষ্ণানন্তরীক্ষে বিশাংপতে ! ।
অপ্রাপ্তানস্ত্রমায়াভিরগ্রসৎ সাত্যকিঃ প্রভো ! ॥২৪॥
তৌ পৃথগস্ত্রবর্ষাভ্যামবর্ষেতাং পরস্পরম্ ।
উত্তমাভিজনৌ বীরৌ কুরুবৃষ্ণিযশস্করৌ ॥২৫॥
তৌ নখৈরিব শার্দ্দূলৌ দন্তৈরিব মহাদ্বিপৌ ।
রথশক্তিভিরন্যোন্যং বিশিখৈশ্চাপ্যকৃন্ততাম্ ॥২৬॥
নির্ভিন্দন্তৌ হি গাত্রাণি বিক্ষরন্তৌ চ শোণিতম্ ।
ব্যষ্টম্ভয়েতামন্যোন্যং প্রাণদ্যূতাভিদেবিনৌ ॥২৭॥
এবমুত্তমকর্ম্মাণৌ কুরুবৃষ্ণিযশস্করৌ ।
পরস্পরমযুধ্যেতাং বারণাবিব যূথপৌ ॥২৮॥
তাবদীর্ঘেণ কালেন ব্রহ্মলোকপুরস্কৃতৌ ।
যিযাসন্তৌ পরং স্থানমন্যোন্যং সংজগর্জতুঃ ॥২৯॥

ভারতকৌমুদী

তানিতি। অস্ত্রাণাং মায়াভিঃ প্রয়োগকৌশলৈঃ, অগ্রসৎ বানাশয়দিত্যর্থঃ ॥২৪॥
তাবিতি। অবর্ষেতাং প্রাহরতাম্। উত্তমাভিজনৌ সংকুলৌ ॥২৫॥
তাবিতি। মহাদ্বিপৌ বিশালহস্তিনৌ। অকৃন্ততাং ছিন্নবন্তৌ ॥২৬॥
নিরিতি। ব্যষ্টম্ভয়েতাং বিহ্বলৌ কৃতবন্তৌ, প্রাণদ্যূতেন অভিদীব্যতঃ ক্রীড়ত ইতি তৌ ॥২৭॥
এবমিতি। বারণৌ গজৌ, যূথপৌ গজসমূহরক্ষকৌ ॥২৮॥

নরনাথ প্রভু ! ভূরিশ্রবার সেই তীক্ষ্ণ বাণ সকল না আসিতেই সাত্যকি অস্ত্রপ্রয়োগের কৌশলে আকাশেই সেগুলিকে ছেদন করিলেন ॥২৪॥

সৎকুলজাত, মহাবীর ও কুরু-বৃষ্ণিবংশের যশস্কর ভূরিশ্রবা ও সাত্যকি পৃথক্ পৃথক্ অস্ত্রবর্ষণ করিয়া পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥২৫॥

নখদ্বারা দুইটা ব্যাঘ্রের ন্যায় এবং দন্তদ্বারা দুইটা মহাহস্তীর তুল্য ভূরিশ্রবা ও সাত্যকি রথশক্তি ও বাণদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥২৬॥

প্রাণদ্বারা দ্যূতক্রীড়ায় প্রবৃত্ত ভূরিশ্রবা ও সাত্যকি পরস্পর অঙ্গবিদারণ ও রক্ত নিঃসারণ করিতে থাকিয়া পরস্পর আকুল করিয়া তুলিলেন ॥২৭॥

উত্তমকার্য্যকারী এবং কুরু ও বৃষ্ণিবংশের যশস্কর ভূরিশ্রবা ও সাত্যকি দুইটা যূথপতি হস্তীর ন্যায় পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন ॥২৮॥

(২৭)···প্রাণদ্যূতাভিবেদিনৌ—পি।

সাত্যকিঃ সৌমদত্তিশ্চ শরবৃষ্ট্যা পরস্পরম্।
হৃষ্টবদ্ধার্ত্তরাষ্ট্রাণাং পশ্যতামভ্যবর্ষতাম্ ॥৩০॥
সংপ্রেক্ষন্ত জনাস্তৌ তু যুধ্যমানৌ যূথাং পতী।
যূথপৌ বাসিতাহেতোঃ প্রবৃদ্ধাবিব কুঞ্জরৌ ॥৩১॥
অন্যোন্যস্য হয়ান্ হত্বা ধনুষী বিনিকৃত্য চ।
বিরথাবসিযুদ্ধায় সমেয়াতাং মহারণে ॥৩২॥
আর্যভে চর্ম্মণী চিত্রে প্রগৃহ্য বিপুলে শুভে।
বিকোষৌ চাপ্যসী কৃত্বা সমরে তৌ বিচেরতুঃ ॥৩৩॥
চরন্তৌ বিবিধান্ মার্গান্ মণ্ডলানি চ ভাগশঃ।
মুহুরাজঘ্নতুঃ ক্রুদ্ধাবন্যোন্যমরিমর্দ্দনৌ ॥৩৪॥
সখড়্গৌ চিত্রবর্ম্মাণৌ সনিষ্কাঙ্গদভূষণৌ।
ভ্রান্তমুদ্ভ্রান্তমাবিদ্ধমাপ্লুতং বিপ্লুতং দ্রুতম্।
সম্পাতং সমুদীর্ণঞ্চ দর্শয়ন্তৌ যশস্বিনৌ ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তাবিতি। ব্রহ্মলোকঃ পুরস্কৃতো যুদ্ধমৃত্যুনা সম্মুখবর্ত্তী কৃতো যাভ্যাং তৌ ॥২৯॥
সাত্যকিরিতি। অভ্যবর্ষতাং প্রাহরতাম্ ॥৩০॥
সমিতি। যূথাং পতী যুদ্ধনিয়ন্তারৌ। বাসিতা ঋতুমতী হস্তিনী তস্যা হেতোঃ ॥৩১॥
অন্যোন্যস্যেতি। বিনিকৃত্য ছিত্ত্বা। সমেয়াতাং মিলিতাবভবতাম্ ॥৩২॥
আর্যভে ইতি। ঋষভস্য বৃষস্য ইমে ইত্যার্ষভে। বিকোষৌ কোষমুক্তৌ ॥৩৩॥

তাঁহারা অল্পকালমধ্যেই ব্রহ্মলোকলাভের আশা করিয়া কিংবা অন্য কোন উত্তম স্থানে যাইবার ইচ্ছা করিয়া পরস্পর গর্জ্জন করিতে থাকিলেন ॥২৯॥

সাত্যকি ও ভূরিশ্রবা হৃষ্ট হইয়াই যেন বাণবৃষ্টিদ্বারা ধার্ত্তরাষ্ট্রগণের সমক্ষে পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥৩০॥

একটা ঋতুমতী হস্তিনীর সঙ্গমের জন্য যুদ্ধে প্রবৃত্ত দুইটা যূথপতি হস্তীর ন্যায় যোদ্ধৃশ্রেষ্ঠ ভূরিশ্রবা ও সাত্যকিকে যুধ্যমান অবস্থায় সমস্ত লোক দেখিতে থাকিল ॥৩১॥

ক্রমে তাঁহারা পরস্পরের অশ্ববধ ও কার্ম্মুকচ্ছেদন করিয়া রথবিহীন হইয়া অসিযুদ্ধ করিবার জন্য মহাযুদ্ধে মিলিত হইলেন ॥৩২॥

পরে তাঁহারা বিচিত্র, বিশাল ও সুন্দর দুইখানা বৃষচর্ম্ম (ঢাল) লইয়া দুই-খানা তরবারিকে কোষমুক্ত করিয়া সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥৩৩॥

(৩৫)...বিপ্লুতং প্লুতম্...বা নি।

অসিভ্যাং সম্প্রজহ্রাতে পরস্পরমরিন্দমৌ।
উভৌ ছিদ্রৈষিণৌ বীরাবুভৌ চিত্রং ববল্গতুঃ ॥৩৬॥
দর্শয়ন্তাবুভৌ শিক্ষাং লাঘবং সৌষ্ঠবং তথা।
রণে রণকৃতাং শ্রেষ্ঠাবন্যোন্যং পর্য্যকর্ষতাম্ ॥৩৭॥
মুহূর্ত্তমিব রাজেন্দ্র! সমাহত্য পরস্পরম্।
পশ্যতাং সর্বসৈন্যানাং বীরাবাশ্বসতাং পুনঃ ॥৩৮॥
অসিভ্যাং চর্ম্মণী চিত্রে শতচন্দ্রে নরাধিপ!।
নিকৃত্য পুরুষব্যাঘ্রৌ বাহুযুদ্ধং প্রচক্রতুঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

চরন্তাবিতি। ভাগশো ভাগে ভাগে। নিষ্কঃ কণ্ঠগতম্ অঙ্গদঞ্চ বাহুগতং ভূষণং তাভ্যাং সহেতি তৌ। ভ্রান্তং ভ্রমণাত্মকং গমনম্। এবমন্যত্র। উদ্‌ভ্রান্তম্ উত্থায়োত্থায় ভ্রমণম্, আবিদ্ধং পরস্পরাঙ্গসংসক্তম্, আপ্লুতং পুর উৎপতনম্, বিপ্লুতং পশ্চাদুৎপতনম্, দ্রুতং শীঘ্র-গমনম্, সম্পাতং বেগাৎ পরোপরি পতনম্, সমুদীর্ণং পরসম্পাতে বেগাদুৎপতনম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪—৩৫॥

অসিভ্যামিতি। ছিদ্রৈষিণৌ প্রহারাবকাশান্বেষিণৌ। ববল্গতুর্ননৃততুঃ ॥৩৬॥

দর্শয়ন্তাবিতি। লাঘবং প্রহারাদৌ শীঘ্রতাম্, সৌষ্ঠবং প্রহারে সম্যক্‌ত্বম্ ॥৩৭॥

মুহূর্ত্তমিতি। আশ্বসতাং শ্বাসত্যাগমকুরুতাম্ ॥৩৮॥

অসিভ্যামিতি। শতং চন্দ্রাশ্চন্দ্রাকারাণি রৌপ্যচিহ্নানি যয়োস্তে। নিকৃত্য ছিত্ত্বা ॥৩৯॥

তদনন্তর তরবারি ও বিচিত্রবর্ম্মধারী, কণ্ঠভূষণ ও বাহুভূষণসমন্বিত, শত্রু-মর্দ্দনসমর্থ এবং যশস্বী ভূরিশ্রবা ও সাত্যকি ক্রুদ্ধ হইয়া নানাবিধ পথে বিচরণ এবং ভাগে ভাগে মণ্ডলাকারে ভ্রমণ করতঃ ভ্রান্ত, উদ্‌ভ্রান্ত, আবিদ্ধ, আপ্লুত, বিপ্লুত, দ্রুত, সম্পাত ও সমুদীর্ণ এই অষ্টবিধ গতি দেখাইতে থাকিয়া পরস্পর মুহুর্মুহু আঘাত করিতে থাকিলেন ॥৩৪—৩৫॥

শত্রুদমনকারী দুই বীরই তরবারিদ্বারা পরস্পর প্রহার, ছিদ্রান্বেষণ এবং বিচিত্র, উল্লম্ফন ও প্রলম্ফন করিতে লাগিলেন ॥৩৬॥

যোদ্ধ্‌শ্রেষ্ঠ দুই জনই শিক্ষা, শীঘ্রতা ও সমীচীনতা দেখাইতে থাকিয়া যুদ্ধে পরস্পর আকর্ষণ করিতে থাকিলেন ॥৩৭॥

রাজশ্রেষ্ঠ! দুই বীরই সমস্ত সৈন্যের সমক্ষে পরস্পর আঘাত করিয়া পুনরায় শ্বাসত্যাগ করিতে (হাপাইতে) লাগিলেন ॥৩৮॥

নরনাথ! পুরুষশ্রেষ্ঠ ভূরিশ্রবা ও সাত্যকি তরবারিদ্বারা শতচন্দ্রচিহ্নযুক্ত

ব্যূঢ়োরস্কৌ দীর্ঘভুজৌ নিযুদ্ধকুশলাবুভৌ।
বাহুভিঃ সমসজ্জেতামায়সৈঃ পরিঘৈরিব ॥৪০॥
তয়ো রাজন্! ভুজাঘাতনিগ্রহপ্রগ্রহাস্তথা।
শিক্ষাবলসমুদ্ভূতাঃ সর্বযোধপ্রহর্ষণাঃ ॥৪১॥
তয়োর্নৃবরয়ো রাজন্! সমরে যুধ্যমানয়োঃ।
ভীমোঽভবন্মহাশব্দো বজ্রপর্বতয়োরিব ॥৪২॥
দ্বিপাবিব বিষাণাগ্রৈঃ শৃঙ্গৈরিব মহর্ষভৌ।
ভুজযোক্ত্রাববন্ধৈশ্চ শিরোভ্যাঞ্চাবঘাতনৈঃ ॥৪৩॥
পাদাবকর্ষসন্দানৈস্তোমরাঙ্কুশলাসনৈঃ।
পাদোদরবিবন্ধৈশ্চ ভূমাবুদ্ভ্রমণৈস্তথা ॥৪৪॥
গতপ্রত্যাগতাক্ষেপৈঃ পাতনোত্থানকাপ্লুতৈঃ।
যুযুধাতে মহাত্মানৌ কুরুসাত্বতপুঙ্গবৌ ॥৪৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ব্যূঢ়েতি। ব্যূঢ়োরস্কৌ দৃঢ়বিশালবক্ষসৌ, নিযুদ্ধকুশলৌ বাহুযুদ্ধনিপুণৌ ॥৪০॥

তয়োরিতি। নিগ্রহঃ অপসারণং প্রগ্রহশ্চ আকর্ষণম্। সর্বযোধপ্রহর্ষণা বভূবুঃ ॥৪১॥

তয়োরিতি। নৃবরয়োর্মনুষ্যশ্রেষ্ঠয়োঃ। ভীমো ভয়ঙ্করঃ ॥৪২॥

দ্বিপাবিতি। দ্বিপৌ গজৌ, বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ, মহর্ষভৌ বিশালবৃষৌ। ভুজা এব যোক্ত্রাণি রজ্জবস্তৈর্যে অববন্ধাঃ পরস্পরবন্ধনানি তৈঃ। বহুবারকরণাদ্বহুবচনং সর্বত্র। অবঘাতনৈরাঘাতৈঃ। পাদৈরবকর্ষা আকর্ষণানি সন্দানানি বন্ধনানি চ তৈঃ, তোমরা-

ও বিচিত্র দুইখানা চর্ম্মই (ঢালই) ছেদন করিয়া বাহুযুদ্ধ করিতে থাকিলেন ॥৩৯॥

দৃঢ় ও বিশালবক্ষা, দীর্ঘবাহু ও বাহুযুদ্ধনিপুণ ভূরিশ্রবা ও সাত্যকি লৌহময় পরিঘের তুল্য চারিখানা বাহুদ্বারা পরস্পর মিলিত হইতে লাগিলেন ॥৪০॥

রাজা! তাঁহাদের শিক্ষা ও বলসঞ্জাত বাহুপ্রহার, অপসারণ ও আকর্ষণ সকল যোদ্ধারই আনন্দ জন্মাইতে থাকিল ॥৪১॥

রাজা! রণাঙ্গনে যুধ্যমান নরশ্রেষ্ঠ ভূরিশ্রবা ও সাত্যকির বজ্র ও পর্বতের তুল্য ভীষণ ও বিশাল শব্দ হইতে লাগিল ॥৪২॥

কুরুবংশপ্রধান ও সাত্বতবংশশ্রেষ্ঠ এবং মহাত্মা ভূরিশ্রবা ও সাত্যকি—দন্ত-দ্বারা দুইটা হস্তীর ন্যায় এবং শৃঙ্গদ্বারা দুইটা মহাবৃষের তুল্য বাহুরজ্জুদ্বারা

(৪১)…ভুজাঘাতা নিগ্রহপ্রগ্রহৌ তথা…পি বঙ্গ বর্দ্ধ। (৪৪) পাদাবকর্ষসন্ধানৈঃ… বা নি। (৪৫)…পাতনোত্থানসংপ্লুতৈঃ—বা নি।

দ্বাত্রিংশৎকরণানি স্যুর্যানি যুদ্ধানি ভারত ! ।
তান্যদর্শয়তাং তত্র যুধ্যমানৌ মহাবলৌ ॥৪৬॥
ক্ষীণায়ুধে সাত্বতে যুধ্যমানে ততোঽব্রবীদর্জ্জুনং বাসুদেবঃ ।
পশ্যস্বৈনং বিরথং যুধ্যমানং রণে বরং সর্ব্বধনুর্দ্ধরাণাম্ ॥৪৭॥
প্রবিষ্টো ভারতীং ভিত্ত্বা তব পাণ্ডব ! পৃষ্ঠতঃ ।
যোধিতশ্চ মহাবীর্য্যৈঃ সর্বৈর্ভারত ! ভারতৈঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

ক্ষুশয়োরশ্বয়োরিব লাসনং বিলাসো যেষু তৈঃ। পাদানামুদরৈর্মধ্যদেশৈশ্চ বিবন্ধাঃ পরস্পরবেষ্টনানি তৈঃ, উদ্ভ্রমণৈর্ঘূর্ণনৈঃ। আক্ষেপ আকর্ষণম্, পাতনং ভূমৌ উত্থানঞ্চ ভূমিতঃ আপ্লুতমুৎপতনঞ্চ তৈঃ। কুরুসাত্তপুঙ্গবৌ কুরুবংশসাত্বতবংশশ্রেষ্ঠৌ ভূরিশ্রবঃ-সাত্যকী ॥৪৩—৪৫॥

দ্বেতি। দ্বাত্রিংশৎ করণানি প্রকারা যেষাং তানি। যুদ্ধানি মল্লযুদ্ধানি ॥৪৬॥

ক্ষীণেতি। সাত্বতে সাত্যকৌ। অব্রবীৎ স্ববংশীয়ত্বেন স্বপক্ষীয়ত্বেন চ স্নেহাৎ ॥৪৭॥

প্রবিষ্ট ইতি। ভারতীং কৌরবীম্। যোধিতঃ কৃতযুদ্ধঃ। ভারতৈঃ কৌরবৈঃ ॥৪৮॥

ভারতভাবদীপঃ

তমিতি ॥১—১৫॥ শাশ্বতীঃ সমাঃ সর্ব্বকালং ভুরবধারণে নিত্যমেব অসৌ হন্যাৎ জয়েদেব তস্যেত্যর্থঃ ॥১৬—৩৮॥ চর্ম্মণী বর্ম্মণী চর্ম্মপটিতে শরাবরে অঙ্গুলিত্রে অসিভ্যাং সন্নিকৃত্তোত্যন্বয়ঃ ॥৩৯—৪০॥ ভুজাঘাতো ভুজাস্ফোটঃ নিগ্রহো হস্তধারণং প্রগ্রহো গলহস্তকঃ ॥৪১—৪২॥ ভুজযোক্ত্রাববন্ধৈর্বাহুপাশবেষ্টনৈঃ অবঘাতৈস্তাড়নৈঃ ।৪৩॥ পাদশব্দঃ প্রত্যেকং সংবধ্যতে পাদাবকর্ষৈশ্চরণাবকর্ষণৈঃ পাদোদরবিবন্ধৈশ্চ পাদাভ্যামুদরক্রোড়ীকরণৈঃ উদ্ভ্রমণৈঃ পরিবর্ত্তনৈঃ গতৈঃ গমনৈঃ প্রত্যাগতৈরাবর্ত্তনৈঃ আক্ষেপৈরাস্ফালনৈঃ পাতনৈর্ভূমিপ্রাপণৈঃ

পরস্পর বন্ধন ও মস্তকদ্বয়দ্বারা পরস্পর আঘাত, তোমর ও অঙ্কুশতুল্য চরণদ্বারা আকর্ষণ ও বন্ধন, চরণমধ্যদেশদ্বারা বন্ধন, ভূতলে ভ্রমণ, গমন, প্রত্যাগমন ও আকর্ষণ এবং পাতন, উত্থান ও উল্লম্ফন করিয়া করিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৩—৪৫॥

ভরতনন্দন ! সেই যুধ্যমান মহাবলেরা দুই জন তখন—দ্বাত্রিংশৎপ্রকার যে মল্লযুদ্ধ আছে, তাহা দেখাইতে থাকিলেন ॥৪৬॥

ক্ষীণশস্ত্র সাত্যকি যুদ্ধ করিতে থাকিলে, তখন কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন ! দেখ—সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ সাত্যকি রথবিহীন হইয়া রণস্থলে যুদ্ধ করিতেছেন ॥৪৭॥

ভরতবংশীয় পাণ্ডুনন্দন ! ইনি কৌরবসৈন্য ভেদ করিয়া তোমার পিছনে

পরিশ্রান্তং যুধাং শ্রেষ্ঠং সংপ্রাপ্তো ভূরিদক্ষিণঃ।
যুদ্ধাকাঙ্ক্ষী সমায়ান্তং নৈতৎ সমমিবার্জ্জুন ! ॥৪৯॥
ততো ভূরিশ্রবাঃ ক্রুদ্ধঃ সাত্যকিং যুদ্ধদুর্ম্মদঃ।
উদ্যম্যাভ্যহনদ্রাজন্ ! মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৫০॥
রথস্থয়োর্দ্বয়োর্যুদ্ধে ক্রুদ্ধয়োর্যোধমুখ্যয়োঃ।
কেশবার্জ্জুনয়ো রাজন্ ! সমরে প্রেক্ষমাণয়োঃ ॥৫১॥ (যুগ্মকম্)
অথ কৃষ্ণো মহাবাহুরর্জ্জুনং প্রত্যভাষত।
বহুভির্যস্তু সেনাভির্দুর্জয়ঃ সমরেঽনঘ !।
পশ্য বৃষ্ণ্যন্ধকব্যাঘ্রং সৌমদত্তিবশং গতম্ ॥৫২॥
পরিশ্রান্তং গতং ভূমৌ কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্।
তবান্তেবাসিনং শূরং পালয়ার্জ্জুন ! সাত্যকিম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

পরীতি। ভূরিদক্ষিণো ভূরিশ্রবাঃ। এতদ্যুদ্ধং ন সমং শ্রান্তসুস্থাভ্যাং ক্রিয়মাণত্বাৎ ॥৪৯॥
তত ইতি। উদ্যম্য উত্তোল্য। রথস্থয়োরিত্যাদাবনাদরে ষষ্ঠী ॥৫০—৫১॥
অথেতি। বৃষ্ণ্যন্ধকব্যাঘ্রং তদুভয়বংশশ্রেষ্ঠং সাত্যকিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥
পরীতি। গতং পতিতম্, কর্ম্ম শত্রুনিবহজয়রূপম্। অন্তেবাসিনং শিষ্যম্ ॥৫৩॥

প্রবেশ করিয়াছেন এবং কৌরবপক্ষীয় সকল মহাবীরের সহিত যুদ্ধ করিয়াছেন ॥৪৮॥

অর্জ্জুন ! যোদ্ধৃশ্রেষ্ঠ সাত্যকি পরিশ্রান্ত হইয়া আসিতে লাগিলে, ভূরিশ্রবা যুদ্ধার্থী হইয়া উঁহার নিকট উপস্থিত হইয়াছেন। সুতরাং এই যুদ্ধ যেন সমান হইবে না বলিয়া বোধ হইতেছে ॥৪৯॥

রাজা ! তাহার পর রথস্থিত, ক্রুদ্ধ ও যোদ্ধৃশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনের সমক্ষেই যুদ্ধদুর্দ্ধর্ষ ভূরিশ্রবা ক্রুদ্ধ হইয়া—মত্ত হস্তী যেমন অপর মত্ত হস্তীকে আঘাত করে, সেইরূপ সাত্যকিকে উত্তোলন করিয়া আঘাত করিতে লাগিলেন ॥৫০—৫১॥

তদনন্তর মহাবাহু কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'নিষ্পাপ অর্জ্জুন ! দেখ—যিনি যুদ্ধে বহুসৈন্যেরও দুর্জয়, সেই বৃষ্ণি ও অন্ধকবংশের শ্রেষ্ঠ সাত্যকি ভূরিশ্রবার বশীভূত হইয়াছেন ॥৫২॥

অর্জ্জুন ! সাত্যকি অতিদুষ্কর কার্য্য করিয়া পরিশ্রান্ত হইয়া ভূতলে পতিত হইয়াছেন। অতএব তোমার শিষ্য ও বীর সাত্যকিকে রক্ষা কর ॥৫৩॥

(৫০)···ভ্যহনদ্রাজন্ ! বর্দ্ধ।

ন বশং যজ্ঞশীলস্য গচ্ছেদেষ বরারিহন্ !।
ত্বৎকৃতে পুরুষব্যাঘ্র ! তদাশু ক্রিয়তাং বিভো ! ॥৫৪॥
অথাব্রবীদ্ধৃষ্টমনা বাসুদেবং ধনঞ্জয়ঃ।
পশ্য বৃষ্ণিপ্রবীরেণ ক্রীড়ন্তং কুরুপুঙ্গবম্।
মহাদ্বিপেনেব বনে মত্তেন হরিযূথপম্ ॥৫৫॥

সঞ্জয় উবাচ।

হাহাকারো মহানাসীৎ সৈন্যানাং ভরতর্ষভ !।
যদুদ্যম্য মহাবাহুঃ সাত্যকিং ন্যহনদ্ভুবি ॥৫৬॥
স সিংহ ইব মাতঙ্গং বিকর্ষন্ ভূরিদক্ষিণঃ।
ব্যরোচত কুরুশ্রেষ্ঠঃ সাত্বতপ্রবরং যুধি ॥৫৭॥
অথ কোষাদ্বিনিষ্ক্রম্য খড়্গং ভূরিশ্রবা রণে।
মূর্দ্ধজেষু নিজগ্রাহ পদা চোরস্যতাড়য়ৎ ॥৫৮॥

ভারতকৌমুদী

নেতি। যজ্ঞশীলস্য ভূরিশ্রবসঃ। হে বরারিহন্ ! প্রবলশত্রুনাশক ! ॥৫৪॥
অথেতি। বৃষ্ণিপ্রবীরেণ সহ। হরিযূথপং মহাসিংহম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫॥
হাহেতি। মহাবাহুর্ভূরিশ্রবাঃ। ন্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ পূর্ববৎ ॥৫৬॥
স ইতি। ভূরিঃ প্রচুরা যজ্ঞাদৌ দক্ষিণা যস্য স ভূরিশ্রবাঃ ॥৫৭॥
অথেতি। মূর্দ্ধজেষু সাত্যকেঃ কেশেষু, উরসি বক্ষসি ॥৫৮॥

প্রবলশত্রুহন্তা পুরুষশ্রেষ্ঠ প্রভাবশালী অর্জ্জুন ! ইনি তোমার জন্য আসিয়া এখন যাহাতে ভূরিশ্রবার বশীভূত না হন, সত্বর তাহা কর' ॥৫৪॥

তৎপরে অর্জ্জুন হৃষ্টচিত্ত হইয়া কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ ! দেখ—বনমধ্যে মহাসিংহ যেমন মত্তহস্তীর সহিত ক্রীড়া করে, সেইরূপ কৌরবশ্রেষ্ঠ ভূরিশ্রবা বৃষ্ণিপ্রবীর সাত্যকির সহিত যেন ক্রীড়া করিতেছেন ॥৫৫॥

ভরতশ্রেষ্ঠ ! মহাবাহু ভূরিশ্রবা যখন সাত্যকিকে উত্তোলনপূর্ব্বক ভূতলে পাতিত করিয়া আঘাত করিতে লাগিলেন, তখন সৈন্যমধ্যে বিশাল হাহাকার হইতে থাকিল ॥৫৬॥

সিংহ যেমন হস্তীকে আকর্ষণ করে, সেইরূপ প্রচুরদক্ষিণাদাতা কৌরবশ্রেষ্ঠ ভূরিশ্রবা সাত্যকিকে ভূতলে আকর্ষণ করতঃ শোভা পাইতে লাগিলেন ॥৫৭॥

---

(৫৪)···গচ্ছেদেব···বর্দ্ধ,···বরোঽর্জ্জুন !···বা নি। (৫৬) ইতঃ পূর্ব্বম্ 'ইত্যেবং ভাষমাণে তু পাণ্ডবে বৈ ধনঞ্জয়ে' ইতি পাদদ্বয়মধিকং বর্দ্ধ।

ততোঽস্য ছেত্তুমারব্ধঃ শিরঃ কায়াৎ সকুণ্ডলম্।
তাবৎ ক্ষণাৎ সাত্বতোঽপি শিরঃ সংভ্রময়ংস্তরন্ ॥৫৯॥
যথা রথাঙ্গং কৌলালো দণ্ডাবিদ্ধন্তু ভারত!।
সহৈব ভূরিশ্রবসো বাহুনা কেশধারিণা ॥৬০॥ (যুগ্মকম্)
তং তথা পরিকৃষ্যন্তং দৃষ্ট্বা সাত্বতমাহবে।
বাসুদেবস্ততো রাজন্! ভূয়োঽর্জ্জুনমভাষত ॥৬১॥
পশ্য বৃষ্ণ্যন্ধকব্যাঘ্রং সৌমদত্তিবশং গতম্।
তব শিষ্যং মহাবাহো! ধনুষ্যনবরং ত্বয়া ॥৬২॥
অসহ্যবিক্রমং পার্থ! যত্র ভূরিশ্রবা রণে।
বিশেষয়তি বার্ষ্ণেয়ং সাত্যকিং সত্যবিক্রমম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

তত ইতি। আরব্ধ ইত্যাদিকর্ম্মণি কর্ত্তরি ক্তঃ। রথাঙ্গং চক্রম্, কুলাল এব কৌলালঃ কুম্ভকারঃ স্বার্থে অণ্, দণ্ডেনাবিদ্ধং যুক্তম্ ॥৫৯—৬০॥

তমিতি। পরিকৃষ্যন্তং সর্বতঃ কৃষ্যমাণম্, সাত্বতং সাত্যকিম্ ॥৬১॥

পশ্যেতি। অনবরম্ অন্যূনম্ ॥৬২॥

অসহ্যেতি। বিশেষয়তি স্বাপেক্ষয়া ন্যূনীকরোতি ॥৬৩॥

তদনন্তর ভূরিশ্রবা কোষ হইতে তরবারি আকর্ষণ করিয়া সাত্যকির কেশ ধারণ ও বক্ষে পদাঘাত করিলেন ॥৫৮॥

ভরতনন্দন! তাহার পর ভূরিশ্রবা সাত্যকির দেহ হইতে কুণ্ডলযুক্ত মস্তকটী ছেদন করিতে প্রবৃত্ত হইলেন। তৎক্ষণাৎ কুম্ভকার যেমন দণ্ডযুক্ত চক্র ঘূর্ণিত করে, সেইরূপ সাত্যকিও কেশধারী ভূরিশ্রবার হস্তের সহিতই আপন মস্তকটী ঘূর্ণিত করিতে লাগিলেন ॥৫৯—৬০॥

রাজা! তৎপরে সাত্যকিকে যুদ্ধে আকর্ষণ করিতে দেখিয়া কৃষ্ণ পুনরায় অর্জ্জুনকে বলিলেন—॥৬১॥

'মহাবাহু! দেখ—বৃষ্ণি ও অন্ধকবংশশ্রেষ্ঠ, তোমার শিষ্য এবং তোমা অপেক্ষা ধনুর্যুদ্ধে অন্যূন সাত্যকি ভূরিশ্রবার বশীভূত হইয়াছেন ॥৬২॥

পৃথানন্দন! শত্রুরা যাঁহার বিক্রম সহ্য করিতে পারে না এবং যিনি যথার্থবিক্রমশালী, সেই বৃষ্ণিবংশীয় সাত্যকিকে ভূরিশ্রবা যুদ্ধে কাতর করিয়া ফেলিয়াছেন ॥৬৩॥

(৬৩) অসহ্যো বিক্রমঃ পার্থঃ...বঙ্গ বর্দ্ধ।

এবমুক্তো মহাবাহুর্বাসুদেবেন পাণ্ডবঃ।
মনসা পূজয়ামাস ভূরিশ্রবসমাহবে ॥৬৪॥
বিকর্ষন্ সাত্বতশ্রেষ্ঠং ক্রীড়মান ইবাহবে।
সংহর্ষয়তি মাং ভূয়ঃ কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনঃ ॥৬৫॥
প্রবরং বৃষ্ণিবীরাণাং যন্নিহন্যাদ্ধি সাত্যকিম্।
মহাদ্বিপমিবারণ্যে মৃগেন্দ্র ইব কর্ষতি ॥৬৬॥
এবং তং মনসা রাজন্! পার্থঃ সম্পূজ্য কৌরবম্।
বাসুদেবং মহাবাহুরর্জ্জুনঃ প্রত্যভাষত ॥৬৭॥
সৈন্ধবে সক্তদৃষ্টিত্বান্নৈনং পশ্যামি মাধব!।
এতত্তু দুষ্করং কর্ম্ম যাদবার্থে করোম্যহম্ ॥৬৮॥

ভারতকৌমুদী

এবমিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। পূজয়ামাস প্রশশংস ॥৬৪॥
পূজনপ্রকারমাহ বিকর্ষন্নিতি। ভূয়ো বহুলম্, কীর্ত্তিবর্দ্ধনো ভূরিশ্রবাঃ ॥৬৫॥
প্রবরমিতি। মৃগেন্দ্রঃ সিংহঃ, কর্ষতি তদিতি গম্যতে যত্তদোর্নিত্যসম্বন্ধাৎ ॥৬৬॥
এবমিতি। সম্পূজ্য বীরত্বে প্রশস্য, কৌরবং ভূরিশ্রবসম্ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

॥৪৪॥ উত্থানৈরুৎপাতনৈঃ, সংপ্লুতৈঃ বিক্ষারান্নুবন্ধৈঃ ॥৪৫—৪৮॥ সমমন্তরূপম্ ॥৪৯॥ অভ্যাহননদাস্ফালিতবান্ ॥৫০—৫৯॥ কুলাল এব কৌলালঃ ॥৬০—৬৫॥ ন হন্যাদ্ধিন্তুং ন শক্নোতি, দ্বিতীয় ইবশব্দ এবার্থে কর্ষত্যেবেত্যন্বয়ঃ ॥৬৬—৭০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৩॥

কৃষ্ণ এইরূপ বলিলে, মহাবাহু অর্জ্জুন মনে মনে যুদ্ধে ভূরিশ্রবার প্রশংসা করিতে লাগিলেন—॥৬৪॥

'কুরুকুলের কীর্ত্তিবর্দ্ধক ভূরিশ্রবা যুদ্ধে যেন খেলা করিতে থাকিয়া সাত্বতবংশশ্রেষ্ঠ সাত্যকিকে আকর্ষণ করতঃ আমাকে গুরুতর আনন্দিত করিতেছেন ॥৬৫॥

ইনি যে হেতু বৃষ্ণিবীরশ্রেষ্ঠ সাত্যকিকে বধ করিবেন, সেই হেতু—বনমধ্যে সিংহ যেমন মহাহস্তীকে আকর্ষণ করে, সেইরূপ সাত্যকিকে আকর্ষণ করিতেছেন' ॥৬৬॥

রাজা! পৃথানন্দন মহাবাহু অর্জ্জুন এইভাবে মনে মনে ভূরিশ্রবার প্রশংসা করিয়া কৃষ্ণকে বলিলেন—॥৬৭॥

(৬৮) এস ত্বদুষ্করং কর্ম্ম···বঙ্গ বদ্ধ বা মি।

ইত্যুক্ত্বা বচনং কুর্ব্বন্ বাসুদেবস্য পাণ্ডবঃ।
ততঃ ক্ষুরং সুনিশিতং গাণ্ডীবে সমযোজয়ৎ ॥৬৯॥
পার্থবাহুবিসৃষ্টঃ স মহোল্কেব নভশ্চ্যুতা।
সখড়্গং যজ্ঞশীলস্য সাঙ্গদং বাহুমচ্ছিনৎ ॥৭০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভূরিশ্রবসো বাহুচ্ছেদে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০*০——

ভারতকৌমুদী

সৈন্ধব ইতি। সৈন্ধবে জয়দ্রথে। এনমিত্থম্ভূতং সাত্যকিম্। যাদবার্থে সাত্যকিকৃতে ॥৬৮॥

ইতীতি। কুর্ব্বন্ রক্ষন্। ক্ষুরং ক্ষুরপ্রং নাম বাণম্, সুনিশিতং সুধারম্ ॥৬৯॥

পার্থেতি। স ক্ষুরঃ। যজ্ঞশীলস্য ভূরিশ্রবসঃ, সাঙ্গদং সকেয়ূরম্। অর্জ্জুনঃ শস্ত্রিনীচতাপরিহারার্থং শিরশ্ছেদমকৃত্বা বাহুচ্ছেদমাত্রমকার্ষীদিত্যালোচনীয়ম্ ॥৭০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

'কৃষ্ণ! জয়দ্রথের উপরে আমার দৃষ্টি রহিয়াছিল বলিয়া আমি এ যাবৎ এ অবস্থায় সাত্যকিকে দেখিতে পাই নাই। সে যাহা হউক, সাত্যকিকে রক্ষা করিবার জন্য আমি এই দুষ্কর কার্য্য করি' ॥৬৮॥

এইরূপ বলিয়া অর্জ্জুন কৃষ্ণের বাক্য রক্ষা করতঃ গাণ্ডীবধনুতে একটা সুধার ক্ষুরপ্রবাণ সংযোগ করিলেন ॥৬৯॥

পরে অর্জ্জুনবাহুনিক্ষিপ্ত সেই বাণটা আকাশচ্যুত বিশাল উল্কার ন্যায় যাইয়া তরবারি ও কেয়ূরযুক্ত ভূরিশ্রবার দক্ষিণবাহু ছেদন করিল' ॥৭০॥

——:০:——

* '... চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '...দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

স বাহুর্ন্যপতদ্ভূমৌ সখড়্গঃ সশুভাঙ্গদঃ।
আদধজ্জীবলোকস্য দুঃখমুত্তমমুত্তমঃ ॥১॥
প্রহরিষ্যন্ হৃতো বাহুরদৃশ্যেন কিরীটিনা।
বেগেন ন্যপতদ্ভূমৌ পঞ্চাস্য ইব পন্নগঃ ॥২॥
স মোঘং কৃতমাত্মানং দৃষ্ট্বা পার্থেন কৌরবঃ।
উৎসৃজ্য সাত্যকিং ক্রোধাদ্গর্হয়ামাস পাণ্ডবম্ ॥৩॥

ভূরিশ্রবা উবাচ।

নৃশংসং বত কৌন্তেয়! কর্ম্মেদং কৃতবানসি।
অপশ্যতো বিষক্তস্য যন্মে বাহুং ত্বমচ্ছিদঃ ॥৪॥

ভারতকৌমুদী

স ইতি। সশুভাঙ্গদঃ সুন্দরকেয়ূরসহিতঃ। আদধৎ জনয়ন্ অতীবাগ্রাহ্যাহাং ॥১॥
প্রেতি। হৃতশ্ছিন্নঃ। পঞ্চাস্যঃ পঞ্চবদনঃ। এতেন পঞ্চাঙ্গুলীযুক্তত্বমাপিপ্যতে ॥২॥
স ইতি। মোঘং সাত্যকের্হননকার্য্যাদ্ব্যর্থীকৃতম্। কৌরবো ভূরিশ্রবাঃ ॥৩॥
নৃশংসমিতি। বত খেদে। বিষক্তস্য পরেণ সহ যুদ্ধব্যাপৃতস্য ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তরবারি ও সুন্দরকেয়ূরযুক্ত ভূরিশ্রবার সেই উত্তম বাহুখানা সমস্ত লোকের গুরুতর দুঃখ উৎপাদন করতঃ ভূতলে পতিত হইল ॥১॥

ভূরিশ্রবার দক্ষিণ বাহু সাত্যকিকে প্রহার করিবে, এমন সময়ে অর্জ্জুন অদৃশ্য থাকিয়া তাহা ছেদন করিয়াছিলেন। সুতরাং পঞ্চমুখ সর্পের ন্যায় তাহা বেগে ভূতলে পড়িয়াছিল ॥২॥

অর্জ্জুন নিজের উদ্যম ব্যর্থ করিয়াছেন দেখিয়া ভূরিশ্রবা সাত্যকিকে ত্যাগ করিয়া ক্রোধবশতঃ অর্জ্জুনকে নিন্দা করিতে লাগিলেন ॥৩॥

ভূরিশ্রবা বলিলেন—'কুন্তীনন্দন! তুমি এটা গুরুতর নৃশংসকার্য্য করিলে। যে হেতু আমি অন্যের সহিত যুদ্ধে ব্যাপৃত রহিয়াছি; সুতরাং

(১) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'যন্ত্রমুক্তো মহেন্দ্রস্য ধ্বজো বৃত্তোৎসবো যথা' ইতি পাদদ্বয়মধিকং পি নি,...দুঃখমুত্তমম্—পি,.. দুঃখমদ্ভুতমুত্তমঃ—নি।

কিং নু বক্ষ্যসি রাজানং ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্।
কিং কুর্ব্বাণো ময়া সংখ্যে হতো ভূরিশ্রবা ইতি ॥৫॥
ইদমিন্দ্রেণ তে সাক্ষাদুপদিষ্টং মহাত্মনা।
অস্ত্রং রুদ্রেণ বা পার্থ! দ্রোণেনাথ কৃপেণ বা ॥৬॥
ননু নামাস্ত্রধর্ম্মজ্ঞস্ত্বং লোকেঽভ্যধিকঃ পরৈঃ।
সোঽযুধ্যমানস্য কথং রণে প্রহৃতবানসি ॥৭॥
ন প্রমত্তায় ভীতায় বিরথায় প্রযাচতে।
ব্যসনে বর্ত্তমানায় প্রহরন্তি মনস্বিনঃ ॥৮॥
ইদন্তু নীচাচরিতমসৎপুরুষসেবিতম্।
কথমাচরিতং পার্থ! পাপকর্ম্ম সুদুষ্করম্ ॥৯॥

ভারতকৌমুদী

কিমিতি। ধর্ম্মপুত্রাগ্রিকে ঈদৃশাধর্ম্মকার্য্যকরণকথনমতীবলজ্জাকরমিতি ভাবঃ ॥৫॥
সোল্লুণ্ঠনমাহ ইদমিতি। ইদমীদৃশম্। অস্ত্রম্ অস্ত্রপ্রয়োগঃ ॥৬॥
নন্বিতি। পরৈঃ পরেভ্যঃ। অযুধ্যমানস্য আত্মনা সহেতি শেষঃ ॥৭॥
নেতি। প্রমত্তায় অসাবধানায়। প্রযাচতে অভয়ং যাচমানায়। ব্যসনে বিপদি ॥৮॥
ইদমিতি। সুদুষ্করং সজ্জনস্য। পৃথাপুত্রস্য এতদাচরণমতীবগর্হিতমিতি ভাবঃ ॥৯॥

তোমাকে দেখিতে পাইতেছি না; এই অবস্থায় তুমি আমার বাহু ছেদন করিলে ॥৪॥

তুমি যাইয়া ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠিরকে কি বলিবে? ইহাই বলিবে কি? যে, ভূরিশ্রবা অন্যের সহিত যুদ্ধ করিতেছিলেন, সেই অবস্থায় আমি তাঁহাকে বধ করিয়াছি ॥৫॥

পৃথানন্দন! এইরূপ অস্ত্রপ্রয়োগ করায় কি তোমাকে সাক্ষাৎ মহাত্মা ইন্দ্র উপদেশ দিয়াছিলেন? কিংবা রুদ্র, বা দ্রোণ, অথবা কৃপ শিক্ষা দিয়াছিলেন? ॥৬॥

অর্জ্জুন! তুমি অন্য যোদ্ধা অপেক্ষা অধিক অস্ত্রধর্ম্ম জান। সেই তুমি কি করিয়া নিজের সহিত অযুধ্যমান ব্যক্তির উপরে প্রহার করিলে? ॥৭॥

প্রশস্তচিত্ত লোকেরা অসাবধান, ভীত, রথবিহীন, অভয়প্রার্থী এবং বিপদাপন্ন লোকের উপরে প্রহার করেন না ॥৮॥

পৃথানন্দন! নীচজনাচরিত, অসৎপুরুষব্যবহৃত এবং সজ্জনের পক্ষে অতিদুষ্কর এই পাপকার্য্য তুমি কি করিয়া করিলে? ॥৯॥

আর্য্যেণ সুকরং প্রাহুরার্য্যকর্ম্ম ধনঞ্জয় ! ।
অনার্য্যকর্ম্ম ত্বার্য্যেণ সুদুষ্করতমং ভুবি ॥১০॥
যেষু যেষু নরঃ পার্থ ! যত্র যত্র চ বর্ত্ততে ।
আশু তচ্ছীলতামেতি তদিদং ত্বয়ি দৃশ্যতে ॥১১॥
কথং হি রাজবংশ্যস্ত্বং কৌরবেয়ো বিশেষতঃ ।
ক্ষত্রধর্ম্মাদপক্রান্তঃ সুবৃত্তশ্চরিতব্রতঃ ॥১২॥
ইদন্তু যদতিক্ষুদ্রং বার্ষ্ণেয়ার্থে কৃতং ত্বয়া ।
বাসুদেবমতং নূনং নৈতত্ত্বয্যুপপদ্যতে ॥১৩॥
কো হি নাম প্রমত্তায় পরেণ সহ যুধ্যতে ।
ঈদৃশং ব্যসনং দদ্যাদ্যো ন কৃষ্ণবশো ভবেৎ ॥১৪॥
ব্রাত্যাঃ সংশ্লিষ্টকর্ম্মাণঃ প্রকৃত্যৈব চ গর্হিতাঃ ।
বৃষ্ণ্যন্ধকাঃ কথং পার্থ ! প্রমাণং ভবতা কৃতাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

আর্য্যেণেতি। আর্য্যেণ সজ্জনেন, আর্য্যকর্ম্ম সজ্জনকার্য্যম্ ॥১০॥
যেম্বিতি। যেষু যেষু ব্যাপারেষু, যত্র যত্র চ জনসংসর্গে ॥১১॥
কথমিতি। সুবৃত্তঃ সদাচারঃ, চরিতব্রতঃ কৃততপাঃ ॥১২॥
ইদমিতি। অতিক্ষুদ্রমতিনীচজনকর্ম্ম, বার্ষ্ণেয়ার্থে সাত্যকিকৃতে ॥১৩॥
ক ইতি। প্রমত্তায় অসাবধানায়। যুধ্যতে যুধ্যমানায়। ব্যসনং বিপদম্ ॥১৪॥

ধনঞ্জয় ! অভিজ্ঞলোকেরা বলিয়া থাকেন—জগতে সজ্জনের পক্ষে সজ্জনের কার্য্য করাই সম্ভবপর ; কিন্তু সজ্জনের পক্ষে অসজ্জনের কার্য্য করা অতিদুষ্কর ॥১০॥

পৃথানন্দন ! মানুষ যে যে ব্যাপারে বা যে যে সংসর্গে থাকে, সত্বর সেই স্বভাব প্রাপ্ত হয়। তাহা এই তোমাতে দেখা যাইতেছে ॥১১॥

অর্জ্জুন ! তুমি রাজবংশে, বিশেষতঃ কুরুবংশে জন্মিয়া, সদাচারপরায়ণ হইয়া এবং তপস্যা করিয়া শেষে কি করিয়া ক্ষত্রিয়ধর্ম্মচ্যুত হইলে ? ॥১২॥

তুমি সাত্যকির জন্য এই যে অতিনীচকার্য্য করিয়াছ, ইহা নিশ্চয়ই কৃষ্ণের মত ; কিন্তু ইহা তোমাতে সম্ভবপর হয় না ॥১৩॥

যে লোক কৃষ্ণের বশীভূত নহে, সেরূপ কোন্ লোক অসাবধান ও পরের সহিত যুধ্যমান ব্যক্তিকে এইরূপ বিপদাপন্ন করে ? ॥১৪॥

---

(১০)···সুকরং হ্যাহুঃ···বঙ্গ বৰ্দ্ধ,···সুকরং ত্বাহুঃ···বা নি। (১১)···নরব্যাঘ্র !···বা, ।। শ্লোকো নাস্তি নি। (১৫) ব্রাত্যাঃ সুক্লিষ্টকর্ম্মাণঃ···পি, ব্রাত্যাঃ সংক্লিষ্টকর্ম্মাণঃ · বএনযি

সঞ্জয় উবাচ ।

এবমুক্ত্বা মহাবাহুর্যূপকেতুর্মহাযশাঃ ।
যুযুধানং সমুৎসৃজ্য রণে প্রায়মুপাবিশৎ ॥১৬॥
শরানাস্তীর্য্য সব্যেন পাণিনা পুণ্যলক্ষণঃ ।
যিযাসুর্ব্রহ্মলোকায় প্রাণান্ প্রাণেষ্বথাজুহোৎ ॥১৭॥
সূর্য্যে চক্ষুঃ সমাধায় প্রসন্নং সলিলে মনঃ ।
ধ্যায়ন্ মহোপনিষদং যোগযুক্তোঽভবন্মুনিঃ ॥১৮॥

ভারতকৌমুদী

ব্রাত্যা ইতি। ব্রাত্যাঃ যথাকালমনুপনীতাঃ, সংশ্লিষ্টম্ অবিবাহ্যমাতুলকন্যাদৌ সম্বন্ধং কর্ম্ম বিবাহব্যাপারো যেষাং তে। অতএব প্রকৃত্যা স্বভাবেনৈব। প্রমাণং গ্রাহ্যবাক্যাঃ ॥১৫॥

এবমিতি। যূপো যজ্ঞীয়পশুবন্ধনদারু কেতৌ ধ্বজে যস্য স ভূরিশ্রবাঃ। এতেনাস্য যাজ্ঞিকত্বং সূচিতম্। যুযুধানং সাত্যকিম্। প্রায়ং মৃত্যুমুদ্দিশ্যেতি শেষঃ, "প্রায়োভক্তান্ত-গমনে" ইত্যমরঃ ॥১৬॥

শরানিতি। সব্যেন বামেন। যিযাসুর্যাতুমিচ্ছুঃ, প্রাণান্ নিজানস্থূন্, প্রাণেষু জগৎ-প্রাণেষু মহাবায়ৌ, অজুহোৎ ন্যক্ষিপৎ মিশ্রয়িতুমদযচ্ছদিত্যর্থঃ। ইদমেব পুণ্যলক্ষণত্ব-মিত্যাশয়ঃ ॥১৭॥

সূর্য্য ইতি। প্রসন্নং রাগদ্বেষাদিমলশূন্যং মনশ্চ, সলিলে সলিলদেবতায়াং চন্দ্রে। মহোপনিষদং "তত্ত্বমসি" ইতি মহোপনিষদ্বাক্যপ্রতিপাদ্যং জীবব্রহ্মণোরৈক্যম্, যোগযুক্-শ্চিত্তবৃত্তিনিরোধবান্, মুনির্মৌনী চাভবৎ, "যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্। তং তমেবৈতি কৌন্তেয়! সদা তদ্ভাবভাবিতঃ ॥" ইতিগীতাস্মরণাদিত্যাশয়ঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

স ইতি ॥১—৩॥ বিষক্তস্য অন্যাসক্তস্য ॥৪—১০॥ যেষু যেষু সংস্থসংস্থু বা যত্র যত্র শ্রুতে শুভে বা কর্ম্মণি ॥১১—১৪॥ সংশ্লিষ্টকর্ম্মাণঃ কুৎসিতা বা ॥১৫॥ প্রায়ম্ উপাবিশৎ মরণায় উপাবিশৎ আরব্ধবান্ ॥১৬॥ প্রাণেষু বায়ুন্ অজুহোদাহিতবান্ ॥১৭॥ প্রসন্নমকল্মষম্

পৃথানন্দন! বৃষ্ণি ও অন্ধকবংশীয় লোকেরা ব্রাত্যক্ষত্রিয় (যথাসময়ে উপনয়নহীন ক্ষত্রিয়) এবং অবিবাহ্যা কন্যা বিবাহ করিয়া থাকে। সুতরাং উহারা স্বভাবতই গর্হিত। অতএব তুমি সেই বৃষ্ণিবংশীয় কৃষ্ণের কথা গ্রাহ্য করিলে কেন?' ॥১৫॥

সঞ্জয় বলিলেন—'মহাবাহু ও মহাযশা ভূরিশ্রবা এইরূপ বলিয়া সাত্যকিকে ত্যাগ করিয়া রণস্থলেই প্রায়োপবেশন করিবার সঙ্কল্প করিলেন ॥১৬॥

পুণ্যলক্ষণ ভূরিশ্রবা ব্রহ্মলোকে যাইবার ইচ্ছা করিয়া বামহস্তদ্বারা ভূতলে শর আস্তরণপূর্ব্বক আপন প্রাণবায়ুকে মহাবায়ুতে মিশাইয়া দিলেন ॥১৭॥

ততঃ স সর্ব্বসেনায়াং জনঃ কৃষ্ণধনঞ্জয়ৌ ।
গর্হয়ামাস তঞ্চাপি শশংস পুরুষর্ষভম্ ॥১৯॥
নিন্দ্যমানৌ তথা কৃষ্ণৌ নোচতুঃ কিঞ্চিদপ্রিয়ম্ ।
তথা প্রশস্যমানশ্চ নাহৃষ্যদ্‌যূপকেতনঃ ॥২০॥
তাংস্তথাবাদিনো রাজন্ ! পুত্রাংস্তব ধনঞ্জয়ঃ ।
অমৃষ্যমাণো মনসা তেষাং তস্য চ ভাষিতম্ ॥২১॥
অসংক্রুদ্ধমনা বাচঃ স্মারয়ন্নিব ভারত ! ।
উবাচ পাণ্ডুতনয়ঃ সাক্ষেপমিব ফাল্গুনঃ ॥২২॥ (যুগ্মকম্)
মম সর্ব্বেঽপি রাজানো জানন্ত্যেব মহাব্রতম্ ।
ন শক্যো মামকো হন্তুং যো মে স্যাদ্বাণগোচরে ॥২৩॥

ভারতকৌমুদী

তত ইতি। গর্হয়ামাস অন্যায্যাচরণাৎ, তং ভূরিশ্রবসম্, শশংস পুণ্যলক্ষণত্বাৎ ॥১৯॥

নিন্দ্যেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, নোচতুঃ, নিন্দায়া এব ন্যায্যত্বাৎ। নাহৃষ্যৎ নির্ম্মল-চিত্তত্বাৎ ॥২০॥

তানিতি। অমৃষ্যমাণঃ অসহমানঃ, তেষাং তব পুত্রাণাম্, তস্য ভূরিশ্রবসশ্চ। বাচ আত্মনঃ প্রতিজ্ঞাবচনানি। সাক্ষেপং তৈর্বিস্মরণাৎ সানুতাপমিব, ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥২১—২২॥

মমেতি। কিং তন্মহাব্রতমিত্যাহ নেতি। মামকো মদীয়ো জনঃ ॥২৩॥

আর তিনি সূর্য্যে নয়ন ও চন্দ্রে প্রসন্ন মনটীকে নিবিষ্ট করিয়া "তত্ত্বমসি" এই মহোপনিষদের অর্থ জীব ও ব্রহ্মের ঐক্য ধ্যান করতঃ যোগযুক্ত ও মৌনী হইলেন ॥১৮॥

তদনন্তর সেই সমস্ত সৈন্যই কৃষ্ণ ও অর্জ্জুনের নিন্দা এবং সেই পুরুষশ্রেষ্ঠের প্রশংসা করিতে লাগিল ॥১৯॥

সেইরূপ নিন্দা করিতে লাগিলেও কৃষ্ণ এবং অর্জ্জুন কোন অপ্রিয় কথা বলিলেন না; আবার সেইভাবে প্রশংসা করিতে থাকিলেও ভূরিশ্রবা আনন্দিত হইলেন না ॥২০॥

ভরতনন্দন রাজা! আপনার পুত্রেরা সেইরূপ বলিতে লাগিলে, পাণ্ডুনন্দন অর্জ্জুন তাঁহাদিগকে এবং তাঁহাদের বাক্য ও ভূরিশ্রবার বাক্যকে সহ্য করিতে না পারিয়া অথ চ অক্রুদ্ধ থাকিয়া নিজের প্রতিজ্ঞা স্মরণ করাইবার জন্য আক্ষেপের সহিতই যেন বলিলেন—॥২১—২২॥

'রাজারা সকলেই আমার মহাব্রতের বিষয় জানেন যে, যিনি আমার বাণ-

যূপকেতো! সমীক্ষ্যৈতন্ন মামর্হসি গর্হিতুম্।
নহি ধর্ম্মমবিজ্ঞায় যুক্তং গর্হয়িতুং পরম্ ॥২৪॥
আত্তশস্ত্রস্য হি রণে বৃষ্ণিবীরং জিঘাংসতঃ।
যদহং বাহুমচ্ছৈৎসং ন স ধর্ম্মো বিগর্হিতঃ ॥২৫॥
ন্যস্তশস্ত্রস্য বালস্য বিরথস্য বিবর্ম্মণঃ।
অভিমন্যোর্বধং তাত! ধার্ম্মিকঃ কো নু পূজয়েৎ ॥২৬॥
এবমুক্তঃ স পার্থেন শিরসা ভূমিমস্পৃশৎ।
পাণিনা চৈব সব্যেন প্রাহিণোদস্য দক্ষিণম্ ॥২৭॥
এতৎ পার্থস্য তু বচস্ততঃ শ্রুত্বা মহাদ্যুতিঃ।
যূপকেতুর্মহারাজ! তূষ্ণীমাসীদবাঙ্মুখঃ ॥২৮॥

ভারতকৌমুদী

যূপেতি। হে যূপকেতো! ভূরিশ্রবঃ!, সমীক্ষ্য পর্য্যালোচ্য ॥২৪॥

আত্তেতি। আত্তশস্ত্রস্য গৃহীতাস্ত্রস্য তব, বৃষ্ণিবীরং নিরস্ত্রং সাত্যকিম্ ॥২৫॥

তথাপি পরেণ সহ যুধ্যমানে তথাচরণং গর্হিতমেবেত্যাহ ন্যস্তেতি। পূজয়েৎ প্রশংসেৎ ॥২৬॥

এবমিতি। স ভূরিশ্রবাঃ। ভূমিমস্পৃশৎ তাদৃশাভিমন্যুবধদোষে ক্ষমাপ্রার্থনাজ্ঞাপনায় শিরোঽবনমনার্থমিতি ভাবঃ। সব্যেন বামেন, অস্যার্জ্জুনস্য দিশি, দক্ষিণম্ আত্মনশ্ছিন্নং দক্ষিণং বাহুম্, প্রাহিণোৎ প্রক্ষিপৎ, তাদৃশস্য নিরস্ত্রস্য সাত্যকের্বধোদ্যমদোষে স্ববাহুচ্ছেদস্য ন্যায্যত্বসূচনার্থমিত্যাশয়ঃ ॥২৭॥

এতদিতি। এতদভিমন্যুবধবিষয়কম্। তূষ্ণীমবাঙ্মুখশ্চাসীৎ লজ্জয়েতি ভাবঃ ॥২৮॥

পথে থাকিবেন, এমন আমার কোন লোককেই কেহ বধ করিতে পারিবে না ॥২৩॥

অতএব ভূরিশ্রবা! তুমি আমার এই প্রতিজ্ঞার বিষয় পর্য্যালোচনা করিয়া আমাকে নিন্দা করিতে পার না। কারণ, ধর্ম্ম না জানিয়া পরের নিন্দা করা উচিত নহে ॥২৪॥

তুমি অস্ত্র ধারণ করিয়া নিরস্ত্র সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়াছিলে, সেই অবস্থায় আমি যে তোমার বাহু ছেদন করিয়াছি, সে কার্য্য গর্হিত হয় নাই ॥২৫॥

বৎস! নিরস্ত্র, বালক, রথবিহীন ও বর্ম্মশূন্য অভিমন্যুকে তোমরা যে বধ করিয়াছ, কোন্ ধার্ম্মিক লোক তাহার প্রশংসা করিয়া থাকেন?' ॥২৬॥

অর্জ্জুন এইরূপ বলিলে, ভূরিশ্রবা মস্তকদ্বারা ভূমি স্পর্শ করিলেন এবং

(২৬)…বিরথস্য বিচর্ম্মণঃ… পি।

অর্জ্জুন উবাচ।

যা প্রীতির্ধর্ম্মরাজে মে ভীমে চ বলিনাং বরে।
নকুলে সহদেবে চ সা মে ত্বয়ি শলাগ্রজ! ॥২৯॥
ময়া ত্বং সমনুজ্ঞাতঃ কৃষ্ণেন চ মহাত্মনা।
গচ্ছ পুণ্যকৃতাল্লোঁকান্ শিবিরৌশীনরো যথা ॥৩০॥

বাসুদেব উবাচ।

যে লোকা মম বিমলাঃ সকৃদ্বিভান্তি
ব্রহ্মাদ্যৈঃ সুরবৃষভৈরপীপ্স্যমাণাঃ।
তান্ ক্ষিপ্রং ব্রজ সততাগ্নিহোত্রযাজিন্!
মত্তুল্যো ভব গরুড়োত্তমাঙ্গযানঃ ॥৩১॥

সঞ্জয় উবাচ।

উত্থিতঃ স তু শৈনেয়ো বিমুক্তঃ সৌমদত্তিনা।
খড়্গমাদায় চিচ্ছিৎসুঃ শিরস্তস্য মহাত্মনঃ ॥৩২॥

ভারতকৌমুদী

যেতি। শলো নাম কশ্চিৎ কৌরবস্তস্যাগ্রজ! ॥২৯॥
তৎপ্রীতিনিবন্ধনামাশিষং প্রযুঙ্ক্তে ময়েতি। ঔশীনর উশীনরপুত্রঃ ॥৩০॥
য ইতি। সকৃচ্চিরম্। গরুড়স্য উত্তমমঙ্গং পৃষ্ঠং যানং বাহনং যস্য সঃ ॥৩১॥

বামহস্তদ্বারা ছিন্ন দক্ষিণ বাহুখানাকে অর্জ্জুনের দিকে নিক্ষেপ করিলেন (টীকায় ভাব দ্রষ্টব্য) ॥২৭॥

মহারাজ! তদনন্তর মহাতেজা ভূরিশ্রবা অর্জ্জুনের এই কথা শুনিয়া নীরব ও অধোমুখ হইয়া রহিলেন ॥২৮॥

অর্জ্জুন বলিলেন—'শলাগ্রজ! ধর্ম্মরাজ, বলিশ্রেষ্ঠ ভীমসেন, নকুল ও সহদেবের উপরে আমার যেরূপ প্রীতি আছে, তোমার উপরেও আমার সেই রূপই প্রীতি রহিয়াছে ॥২৯॥

অতএব তুমি আমার ও মহাত্মা কৃষ্ণের অনুমতিক্রমে উশীনরনন্দন শিবি-রাজার ন্যায় পুণ্যার্জিত লোকে গমন কর' ॥৩০॥

কৃষ্ণ বলিলেন—'সর্ব্বদা অগ্নিহোত্রযাগকারী ভূরিশ্রবা! আমার যে নির্ম্মল লোক চিরদিন প্রকাশ পাইতেছে এবং যাহাতে যাইবার জন্য ব্রহ্মা-প্রভৃতি দেবতাশ্রেষ্ঠেরাও ইচ্ছা করেন, তুমি সত্বর তাহাতে গমন কর, আর আমারই ন্যায় গরুড়ের উত্তম অঙ্গে আরোহণ করিয়া বিচরণ কর' ॥৩১॥

---

(৩২)…খড়্গমাদায় চিচ্ছেদ…পি।

নিহতং পাণ্ডুপুত্রেণ প্রসক্তং ভূরিদক্ষিণম্।
ইয়েষ সাত্যকির্হন্তুং শলাগ্রজমকল্মষম্ ॥৩৩॥
নিকৃত্তভুজমাসীনং ছিন্নহস্তমিব দ্বিপম্।
ক্রোশতা সর্ব্বসৈন্যেন নিন্দ্যমানঃ সুদুর্ম্মনাঃ ॥৩৪॥
বার্য্যমাণঃ স কৃষ্ণেন পার্থেন চ মহাত্মনা।
ভীমেন চক্ররক্ষাভ্যামশ্বত্থাম্না কৃপেণ চ ॥৩৫॥
কর্ণেন বৃষসেনেন সৈন্ধবেন তথৈব চ।
বিক্রোশতাঞ্চ সৈন্যানামবধীত্তং যতব্রতম্ ॥৩৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

উত্থিত ইতি। উত্থিতো মূর্চ্ছয়া ভূশয়নাদুদ্গতঃ। চিচ্ছিৎসুঃ ছেত্তুমিচ্ছুঃ ॥৩২॥

নিহতমিতি। নিহতং বাহুচ্ছেদেনাহতম্, প্রসক্তং ব্রহ্মচিন্তায়াং ব্যাপৃতম্ ॥৩৩॥

নিকৃত্তেতি। নিকৃত্তভুজং ছিন্নবাহুম্, ছিন্নহস্তং ছিন্নশুণ্ডম্। ক্রোশতা 'ধিক ধিক' ইত্যেবমুচ্চৈর্বদতা। সুদুর্ম্মনা আত্মধিক্কারব্যাপৃতচিত্তঃ। চক্ররক্ষাভ্যাং যুধামন্যূত্তমৌজোভ্যাম্। বৃষসেনেন তদাখ্যেন কর্ণপুত্রেণ, সৈন্ধবেন জয়দ্রথেন। বিক্রোশতাং 'মা জহি' ইত্যেবমুচ্চৈর্বদতাম্ ॥৩৪—৩৬॥

সঞ্জয় বলিলেন—'ভূরিশ্রবা ছাড়িয়া দিলে সাত্যকি মূর্চ্ছিত হইয়া ভূতলে পড়িয়া ছিলেন, ক্রমে তিনি চৈতন্য লাভ করিয়া উঠিয়া তরবারি লইয়া মহাত্মা ভূরিশ্রবার মস্তক ছেদন করিবার ইচ্ছা করিলেন ॥৩২॥

অর্জ্জুন দক্ষিণবাহু ছেদন করিয়া আহত করিলে, ভূরিশ্রবা প্রায়োপবেশন-পূর্ব্বক পরব্রহ্মে চিত্ত নিবেশ করিয়া রহিয়াছিলেন, সেই অবস্থায় সাত্যকি সেই নিষ্পাপ ভূরিশ্রবাকে বধ করিবার ইচ্ছা করিয়াছিলেন ॥৩৩॥

ছিন্নবাহু ভূরিশ্রবা তখন ছিন্নশুণ্ড হস্তীর ন্যায় উপবেশন করিয়া রহিয়া-ছিলেন এবং সংযমীর ন্যায় ব্রহ্মচিন্তায় নিমগ্ন ছিলেন, সেই অবস্থায় সাত্যকি অতিদুর্ম্মনা হইয়াও তাঁহাকে বধ করিতে উদ্যত হইলে, সমস্ত সৈন্য উচ্চস্বরে ধিক্ ধিক্ বলিয়া সাত্যকির নিন্দা করিতে লাগিল এবং মহাত্মা কৃষ্ণ, অর্জ্জুন, ভীমসেন, অর্জ্জুনের চক্ররক্ষক যুধামন্যু ও উত্তমৌজা, অশ্বত্থামা, কৃপাচার্য্য, কর্ণ, বৃষসেন ও জয়দ্রথ বারণ করিতে থাকিলেন; আর সমস্ত সৈন্যই উচ্চস্বরে 'বধ করিবেন না, বধ করিবেন না' এইরূপ বলিতে লাগিল; তথাপি সাত্যকি ভূরিশ্রবাকে বধ করিলেন ॥৩৪—৩৬॥

(৩৪)…ক্রোশতাং সর্ব্বসৈন্যানাম্…বা নি। (৩৬)…অবধীত্তং ধৃতব্রতম্—বা নি।

প্রায়োপবিষ্টায় রণে পার্থেন ছিন্নবাহবে।
সাত্যকিঃ কৌরবেয়ায় খড়্গেনাপাহরচ্ছিরঃ ॥৩৭॥
নাভ্যনন্দন্ত সৈন্যানি সাত্যকিং তেন কর্ম্মণা।
অর্জ্জুনেন হতং পূর্ব্বং যজ্জঘান কুরূদ্বহম্ ॥৩৮॥
সহস্রাক্ষসমং তত্র সিদ্ধচারণমানবাঃ।
ভূরিশ্রবসমালোক্য যুদ্ধে প্রায়গতং হতম্ ॥৩৯॥
অপূজয়ন্ত তং দেবা বিস্মিতাস্তস্য কর্ম্মভিঃ।
পক্ষবাদাংশ্চ সুবহূন্ প্রাবদংস্তব সৈনিকাঃ ॥৪০॥ (যুগ্মকম্)
ন বার্ষ্ণেয়স্যাপরাধো ভবিতব্যং হি তত্তথা।
তস্মান্মন্যুর্ন বঃ কার্য্যঃ ক্রোধো দুঃখতরো নৃণাম্ ॥৪১॥
হন্তব্যশ্চৈব বীরেণ নাত্র কার্য্যা বিচারণা।
বিহিতো হ্যস্য ধাত্রৈব মৃত্যুঃ সাত্যকিরাহবে ॥৪২॥

ভারতকৌমুদী

প্রায়েতি। কৌরবেয়ায় কুরুবংশ্যায় ভূরিশ্রবসে। সর্ব্বত্র ষষ্ঠ্যর্থে চতুর্থী ॥৩৭॥
নেতি। নাভ্যনন্দন্ত ন প্রাশংসন্। হতং বাহুচ্ছেদেনাহতম্ ॥৩৮॥
সহস্রেতি। প্রায়গতং মরণাসনস্থিতম্। পক্ষবাদান্ তদনুকূলোক্তীঃ ॥৩৯—৪০॥
নেতি। বার্ষ্ণেয়স্য সাত্যকেঃ। তৎ সাত্যকিনা ভূরিশ্রবসো হননম্। মন্যুঃ ক্রোধঃ ॥৪১॥

সাত্যকি তরবারিদ্বারা যুদ্ধস্থলে প্রায়োপবিষ্ট ও অর্জ্জুনকর্ত্তৃক ছিন্নবাহু ভূরিশ্রবার মস্তক ছেদন করিলেন ॥৩৭॥

পূর্ব্বে অর্জ্জুনকর্ত্তৃক আহত ভূরিশ্রবাকে যে হেতু বধ করা হইল, সেই জন্য সৈন্যেরা সাত্যকির প্রশংসা করিল না ॥৩৮॥

ওদিকে দেবগণ, সিদ্ধগণ, চারণগণ ও মানবগণ ইন্দ্রের তুল্য ভূরিশ্রবাকে প্রায়োপবিষ্ট অবস্থায় নিহত দেখিয়া এবং তাঁহার কার্য্যে বিস্মিত হইয়া তাঁহার প্রশংসা করিতে লাগিলেন; আর আপনার সৈন্যেরা সাত্যকির অনুকূলে বহুতর কথা বলিতে থাকিল—॥৩৯—৪০॥

'এ বিষয়ে সাত্যকির কোন অপরাধ নাই। কারণ, ইহার এইরূপই ভবিতব্য ছিল। অতএব তোমাদের ক্রোধ করা উচিত নহে। যে হেতু ক্রোধ মানুষের গুরুতর দুঃখজনক হয় ॥৪১॥

(৪০)···বিস্মিতাস্তেঽস্য কর্ম্মভিঃ···বা নি। (৪১) এতৎপ্রকরণে নির্ণয়সাগরপুস্তকে বিবিধা এবান্যবিধাঃ পাঠা বিদ্যন্তে।

সাত্যকিরুবাচ।

ন হন্তব্যো ন হন্তব্য ইতি যন্মাং প্রভাষথ।
ধর্ম্মবাদৈরধর্ম্মিষ্ঠা ধর্ম্মকঞ্চুকমাস্থিতাঃ ॥৪৩॥
যদা বালঃ সুভদ্রায়াঃ সুতঃ শস্ত্রবিনাকৃতঃ।
যুষ্মাভির্নিহতো যুদ্ধে তদা ধর্ম্মঃ ক বো গতঃ ॥৪৪॥
ময়া ত্বেতৎ প্রতিজ্ঞাতং ক্ষেপে কস্মিংশ্চিদেব হি।
যো মাং নিষ্পিষ্য সংগ্রামে জীবন্ হন্যাৎ পদা রুষা।
স মে বধ্যো ভবেচ্ছত্রুর্যদ্যপি স্যান্মুনিব্রতঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

হন্তব্য ইতি। হন্তব্যঃ শত্রুরিতি শেষঃ। মৃত্যুঃ মৃত্যুসাধকঃ ॥৪২॥

নেতি। ধর্ম্মকঞ্চুকং ধর্ম্মাবরণম্। তদসঙ্গতমিতি শেষঃ ॥৪৩॥

যদেতি। শস্ত্রেণ বিনাকৃতো বিরহিতঃ। অতো ময়াপি তথৈব ভূরিশ্রবা হত ইতি ভাবঃ ॥৪৪॥

ময়েতি। ক্ষেপে শত্রোস্তিরস্কারে। মৃতেন কবন্ধীভূতেনাপি নিষ্পেষণং পদপ্রহারশ্চ সম্ভবতীতি যো জীবন্নিত্যুক্তম্। হন্যাৎ প্রহরেৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

॥১৮—২৬॥ দক্ষিণং কৃত্তমাত্মনঃ পাণিম্ অস্যার্জ্জুনস্য সমীপে প্রহিণোৎ প্রাহিতবান্ ॥২৭—৩০॥ গরুড়স্যোমাঙ্গেন পৃষ্ঠেন যানং যস্য ॥৩১—৩২॥ প্রসক্তমন্যাসক্তম্ ॥৩৩—৪৪॥ ক্ষেপে নিন্দায়াং জীবন্নপি দ্বিতীয়ার্থে প্রথমা, এবেত্যপার্থঃ ॥৪৫—৫৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৪॥

বীরের শত্রুবধ করা উচিত; এ বিষয়ে কোন বিচার করা সঙ্গত নহে। বিশেষতঃ বিধাতাই সাত্যকিকে ভূরিশ্রবার মৃত্যুজনক করিয়া সৃষ্টি করিয়াছিলেন' ॥৪২॥

সাত্যকি বলিলেন—'অধার্ম্মিকগণ! তোমরা ধর্ম্মের আবরণ ধারণ করিয়া ধর্ম্মকথাদ্বারা আমাকে যে 'বধ করিও না, বধ করিও না' বলিতেছিলে, তাহা অত্যন্ত অসঙ্গত ॥৪৩॥

কারণ, তোমরা যখন বালক ও অস্ত্রবিহীন অভিমন্যুকে যুদ্ধে বধ করিয়াছিলে, তখন তোমাদের এ ধর্ম্ম কোথায় গিয়াছিল? ॥৪৪॥

কিন্তু আমি কোন শত্রুর তিরস্কারের সময়ে এইরূপ প্রতিজ্ঞা করিয়াছিলাম যে, যুদ্ধে যে লোক জীবিত অবস্থায় ক্রোধবশতঃ আমাকে নিষ্পেষণ করিয়া পদাঘাত করিবে, সে যদি মুনির ন্যায় নিয়মশালীও হয়, তথাপি আমি তাহাকে বধ করিব ॥৪৫॥

চেষ্টমানং প্রতীঘাতে সভুজং মাং সচক্ষুষঃ।
মন্যধ্বং মৃত ইত্যেবমেতদ্বো বুদ্ধিলাঘবম্।
যুক্তো হ্যস্য প্রতীঘাতঃ কৃতো মে কুরুপুঙ্গবাঃ! ॥৪৬॥
যত্তু পার্থেন মাং দৃষ্ট্বা প্রতিজ্ঞামভিরক্ষতা।
সখড়্গোঽস্য হৃতো বাহুরেতেনৈবাস্মি বঞ্চিতঃ ॥৪৭॥
ভবিতব্যং হি যদ্ভাবি দৈবং চেষ্টয়তীব চ।
সোঽয়ং হতো বিমর্দ্দেঽস্মিন্ কিমত্রাধর্ম্মচেষ্টিতম্ ॥৪৮॥
অপি চায়ং পুরা গীতঃ শ্লোকো বাল্মীকিনা ভুবি।
ন হন্তব্যাঃ স্ত্রিয় ইতি যদ্‌ব্রবীষি প্লবঙ্গম!।
পীড়াকরমমিত্রাণাং যৎ স্যাৎ কর্ত্তব্যমেব তৎ ॥৪৯॥

ভারতকৌমুদী

চেষ্টেতি। সচক্ষুষো যুষ্মম্। বুদ্ধেলাঘবং দৌর্বল্যম্। মে ময়া। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪৬॥

যদিতি। হৃতশ্ছিন্নঃ। বঞ্চিতোঽস্মি, সাঙ্গস্যাস্য হননমশক্যত্বাদিত্যাশয়ঃ ॥৪৭॥

ভবিতব্যমিতি। দৈবং কর্তৃ, চেষ্টয়তীব মানুষান্ তদনুকূলচেষ্টাং কারয়তীব ॥৪৮॥

অপীতি। যৎ স্ত্রীচরিত্রমপি পীড়াকরং স্যাং, তদ্ধননমমিত্রাণাং কর্ত্তব্যমেব। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪৯॥

তা'র পর আমার বাহুযুগল ছিল। সুতরাং আমি ভূরিশ্রবাকে প্রত্যাঘাত করিবার জন্য চেষ্টা করিতেছিলাম; তোমাদেরও চক্ষু ছিল; ইহাতেও তোমরা আমাকে যে মৃত বলিয়া মনে করিয়াছিলে, সেটা তোমাদের বুদ্ধির দুর্ব্বলতা। অতএব কুরুশ্রেষ্ঠগণ! আমি যে ভূরিশ্রবাকে বধ করিয়াছি, তাহা সঙ্গতই হইয়াছে ॥৪৬॥

তবে অর্জ্জুন আমাকে দেখিয়া নিজের প্রতিজ্ঞা রক্ষা করিবার জন্য তরবারির সহিত ভূরিশ্রবার বাহু যে ছেদন করিয়াছেন, তাহাতে তিনিই আমাকে বঞ্চিত করিয়াছেন ॥৪৭॥

যাহা হইবে, তাহা হইবেই; দৈব যেন মানুষকে তাহার অনুকূলে চেষ্টা করাইয়া থাকে। সুতরাং এই যুদ্ধে ভূরিশ্রবা নিহত হইয়াছেন; ইহাতে অধর্ম্মের কার্য্য কি হইয়াছে ॥৪৮॥

তা'র পর পূর্ব্বকালে বাল্মীকিমুনি জগতে এই শ্লোক গাহিয়াছিলেন—'প্লবঙ্গম! তুমি যে বলিতেছ—'স্ত্রীহত্যা করিবে না' (তাহাতে আমি বলি—) যাহা পীড়াজনক হইবে, তাহা নাশ করা শত্রুর অবশ্যকর্ত্তব্য' ॥৪৯॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তে মহারাজ! সর্ব্বে কৌরবপুঙ্গবাঃ।
ন স্ম কিঞ্চিদভাষন্ত মনসা তমপূজয়ন্ ॥৫০॥
মন্ত্রাভিপূতস্য মহাধ্বরেষু যশস্বিনো ভূরিসহস্রদস্য।
মুনেরিবারণ্যগতস্য তস্য ন তত্র কশ্চিদ্বধমভ্যনন্দৎ ॥৫১॥
সুনীলকেশং বরদস্য তস্য শূরস্য পারাবতলোহিতাক্ষম্।
অশ্বস্য মেধ্যস্য শিরো নিকৃত্তং ন্যস্তং হবির্দ্ধানমিবান্তরেণ ॥৫২॥

ভারতকৌমুদী

অত্র সুধীভিরিদমবধেয়ম্—বাল্মীকিরামায়ণে লঙ্কাকাণ্ডে একাশীতিতমে সর্গে ইন্দ্রজিতো মায়াসীতাবধোদ্যমে তত্র চ হনুমতো নিষেধে অবিকল এবায়ং শ্লোক ইন্দ্রজিতা অভিহিতঃ। তত্র চায়মষ্টাবিংশতিতমঃ শ্লোকঃ। এতন্মহাভারতে বনপর্বণি দ্বাবিংশত্যধিকশততমেঽধ্যায়ে চায়মেকাদশঃ শ্লোকো যথা—"ভ্রাতা মম গুণশ্লাঘ্যো বুদ্ধিসত্ত্ববলান্বিতঃ। রামায়ণেঽতিবিখ্যাতঃ শ্রীমান্ বানরপুঙ্গবঃ॥" ইত্থঞ্চাত্র যোদ্ধপুরুষেণ সাত্যকিনা প্রমাণতয়া বাল্মীকিরামায়ণশ্লোকস্যাবিকলমভিধানং তত্র চ ভীমসেনেন হনুমৎপরিচয়কালে রামায়ণগ্রন্থনামোল্লেখাৎ মহাভারতবর্ণিতবৃত্তান্তকালাদপ্যতিপূর্বত এব বাল্মীকিরামায়ণং সর্বলোকসমাজে এব ভূয়ঃ প্রচলিতমাসীদিত্যকামেনাপি স্বীকার্য্যম্। এবঞ্চ যে ব্রুবতে মহাভারতরচনাতঃ পরং বাল্মীকিনা রামায়ণং রচিতমিতি তে নিতান্তমেব ভ্রান্তাঃ। অতশ্চ [illegible] সর্বথৈব হেয়মিতি ॥৪৯॥

এবমিতি। তং সাত্যকিম্, অপূজয়ন্ বীরত্বমাত্রেণ প্রাশংসন্ ॥৫০॥

মন্ত্রেতি। ভূরিসহস্রদস্য অনেকসহস্রধনদানকারিণঃ। অভ্যনন্দৎ প্রাশংসৎ ॥৫১॥

মন্তব্য—এখানে সাত্যকি বাল্মীকিরামায়ণের লঙ্কাকাণ্ডের ৮১ সর্গের ২৮ শ্লোক অবিকল উল্লেখ করিলেন, আবার মহাভারতের বনপর্বে ১২২ অধ্যায়ে ১১ শ্লোক—"ভ্রাতা মম গুণশ্লাঘ্যো বুদ্ধিসত্ত্ববলান্বিতঃ। রামায়ণেঽতিবিখ্যাতঃ শ্রীমান্ বানরপুঙ্গবঃ॥" এইরূপ বলিয়া ভীমসেন স্পষ্টভাবে রামায়ণগ্রন্থের নাম বলিয়াছেন। অতএব বাধ্য হইয়াই স্বীকার করিতে হইবে যে, মহাভারতবর্ণিতবৃত্তান্তেরও বহুপূর্বকালে বাল্মীকি রামায়ণ রচনা করিয়াছিলেন এবং সে রামায়ণগ্রন্থ মহাভারতবর্ণিত বৃত্তান্তের সময়ে সর্বসমাজে বিশেষভাবে প্রচলিত ছিল। সুতরাং যাঁহারা বলেন—'মহাভারতরচনার পরে রামায়ণ রচিত হইয়াছিল' তাঁহারা অত্যন্ত ভ্রান্ত ॥৪৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সাত্যকি এইরূপ বলিলে, কৌরবশ্রেষ্ঠেরা কিছুই বলিলেন না, কিন্তু মনে মনে সাত্যকির প্রশংসা করিলেন ॥৫০॥

তবে বহুমহাযজ্ঞের মন্ত্রে অভিপূত, যশস্বী, অনেকসহস্রধনদাতা এবং তৎকালে বনবাসী মুনির ন্যায় সংযমী ভূরিশ্রবাকে বধ করার অনুমোদন কেহই করিলেন না ॥৫১॥

স তেজসা শস্ত্রহতেন পূতো মহাহবে দেহবরং বিসৃজ্য।
আক্রামদূর্দ্ধং বরদো বরার্হো ব্যাবৃত্য ধর্ম্মেণ বরেণ রোদসী ॥৫৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে ভূরিশ্রবসো বধে চতুর্বিংশত্যধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:-০-:—

ধৃতরাষ্ট্র উবাচ।
অজিতো দ্রোণরাধেয়বিকর্ণকৃতবর্ম্মভিঃ।
তীর্ণঃ সৈন্যার্ণবং বীরঃ প্রতিশ্রুত্য যুধিষ্ঠিরে ॥১॥

ভারতকৌমুদী

সুনীলেতি। সুনীলাঃ কেশা যত্র তৎ, বরদস্য যাচকাভীষ্টদাতুঃ। পারাবতস্যেব লোহিতে অক্ষিণী যত্র তৎ। মেধ্যস্য অশ্বমেধীয়স্য, নিকৃত্তং ছিন্নম্, হবিদানমন্ত্রেণ বিনা ন্যস্তং স্থাপিতম্ ॥৫২॥

স ইতি। শস্ত্রহতেন শস্ত্রাঘাতজনিতেন। আক্রামদগচ্ছৎ। ব্যাবৃত্য ব্যাপ্য, রোদসী স্বর্গমর্ত্ত্যৌ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে
চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

অজিত ইতি। তীর্ণোঽভবৎ, বীরঃ সাত্যকিঃ, প্রতিশ্রুত্য অর্জ্জুনদর্শনং তদ্বার্ত্তাপ্রদানঞ্চ ॥১॥

সকলেরই অভীষ্টদাতা ও বীর ভূরিশ্রবার কৃষ্ণকেশযুক্ত এবং কপোতচক্ষুর ন্যায় রক্তচক্ষু ছিন্ন মস্তকটী—যজ্ঞব্যতীত অশ্বমেধীয় অশ্বের ছিন্ন মস্তকের ন্যায় ভূতলে পতিত রহিল ॥৫২॥

আর প্রার্থিমাত্রের অভীষ্টদাতা এবং অভীষ্টপ্রাপ্তির যোগ্য ভূরিশ্রবা মহাযুদ্ধে অস্ত্রাঘাতের পুণ্যতেজে পবিত্র হইয়া উত্তম দেহ পরিত্যাগপূর্ব্বক প্রচুর ধর্ম্মদ্বারা স্বর্গ ও মর্ত্ত্য ব্যাপ্ত করিয়া স্বর্গে চলিয়া গেলেন' ॥৫৩॥

* '…একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

স কথং কৌরবেয়েণ সমরেষ্বনিবারিতঃ।
নিগৃহ্য ভূরিশ্রবসা বলাদ্ভুবি নিপাতিতঃ ॥২॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নিহোৎপত্তিং শৈনেয়স্য যথা পুরা।
যথা চ ভূরিশ্রবসো যত্র তে সংশয়ো নৃপ ! ॥৩॥
অত্রেঃ পুত্রোঽভবৎ সোমঃ সোমস্য তু বুধঃ স্মৃতঃ।
বুধস্ত্বেলো মহেন্দ্রাভঃ পুত্র আসীৎ পুরূরবাঃ ॥৪॥
পুরূরবস আয়ুস্তু আয়ুষো নহুষঃ সুতঃ।
নহুষস্য যযাতিস্তু রাজর্ষির্দেবসম্মিতঃ ॥৫॥
যযাতের্দেবযান্যান্তু যদুর্জ্যেষ্ঠোঽভবৎ সুতঃ।
যদোরভূদন্ববায়ে দেবমীঢ় ইতি শ্রুতঃ ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। নিগৃহ্য অভিভূয়। নিপাতিত এব ন নিহতঃ ॥২॥
শৃণ্বিতি। যথোৎপত্তিরভবৎ তথা তয়োরুৎপত্তিং শৃণ্বিত্যর্থঃ ॥৩॥
অত্রেরিতি। অত্রের্ব্রহ্মণো দ্বিতীয়মানসপুত্রস্য। ঐল ইলায়াং জাতঃ ॥৪॥
পুরূরবস ইতি। দেবসম্মিতো দেবতুল্যঃ ॥৫॥
যযাতেরিতি। দেবযান্যাং তদাখ্যায়াং শুক্রতনয়ায়াম্। অন্ববায়ে বংশে ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! বীর সাত্যকি যুধিষ্ঠিরের নিকটে অর্জ্জুনের দর্শন ও তাঁহার সংবাদ প্রদান করিতে স্বীকার করিয়া নির্গত হইয়াছিলেন; কিন্তু দ্রোণ, কর্ণ, বিকর্ণ ও কৃতবর্ম্মা তাঁহাকে জয় করিতে না পারায় তিনি কৌরবসৈন্যসাগর উত্তীর্ণ হইয়া গিয়াছিলেন ॥১॥

সুতরাং বহুযুদ্ধে অনিবারিত সেই সাত্যকিকে কুরুবংশীয় ভূরিশ্রবা কি প্রকারে বলপূর্ব্বক অভিভূত করিয়া ভূতলে পাতিত করিয়াছিলেন ?' ॥২॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ রাজা ! পূর্ব্বে যেভাবে সাত্যকি ও ভূরিশ্রবার উৎপত্তি হইয়াছিল এবং যে বিষয়ে আপনার সন্দেহ হইতেছে, তাহা আপনি শ্রবণ করুন ॥৩॥

অত্রির পুত্র চন্দ্র, চন্দ্রের পুত্র বুধ, বুধের ঔরসে ইলার গর্ভে 'পুরূরবা'-নামে ইন্দ্রের তুল্য এক পুত্র হইয়াছিল ॥৪॥

সেই পুরূরবার পুত্র আয়ু, আয়ুর পুত্র নহুষ এবং নহুষের পুত্র যযাতি। সেই যযাতি রাজর্ষি ও দেবতার তুল্য প্রভাবশালী ছিলেন ॥৫॥

(৪)... বুধস্ত্বেকঃ· বা,... বুধস্ত্বেলো মহাবাহুঃ· নি। (৬... আজমীঢ় ইতি শ্রুতঃ—নি।

যাদবস্তস্য তু সুতঃ শূরস্ত্রৈলোক্যসম্মতঃ।
শূরস্য শৌরির্ন্বরো বসুদেবো মহাযশাঃ ॥৭॥
ধনুষ্যনবরঃ শূরঃ কার্ত্তবীর্য্যসমো যুধি।
তদ্বীর্য্যশ্চাপি তত্রৈব কুলে শিনিরভূন্নৃপ ! ॥৮॥
এতস্মিন্নেব কালে তু দেবকস্য মহাত্মনঃ।
দুহিতুঃ স্বয়ম্বরে রাজন্ ! সর্বক্ষত্রসমাগমে ॥৯॥
তত্র বৈ দেবকীং দেবীং বসুদেবার্থমাশু বৈ।
নির্জিত্য পার্থিবান্ সর্ব্বান্ রথমারোপয়চ্ছিনিঃ ॥১০॥ (যুগ্মকম্)
তাং দৃষ্ট্বা দেবকীং শূরো রথস্থাং পুরুষর্ষভ ! ।
নামৃষ্যত মহাতেজাঃ সোমদত্তঃ শিনের্নৃপ ! ॥১১॥
তয়োর্যুদ্ধমভূদ্রাজন্ ! দিনার্দ্ধং চিত্রমদ্ভুতম্।
বাহুযুদ্ধং সুবলিনোঃ প্রসক্তং পুরুষর্ষভ ! ॥১২॥

ভারতকৌমুদী

যাদব ইতি। শূরো নাম। শূরস্যাপত্যং পুত্র ইতি শৌরিঃ ॥৭॥

ধনুষীতি। অনবরঃ অনিকৃষ্টঃ, কার্ত্তবীর্য্যসমঃ শূরো যুদ্ধে শিক্ষিতঃ। তদ্বীর্য্যস্তদ্ধদ্বলবান্ ॥৮॥

এতস্মিন্নিতি। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্। দেবকীং তদাখ্যাং দেবককন্যাম্ ॥৯-১০॥

তামিতি। শূরো বীরঃ। নামৃষ্যত নাসহত, সোমদত্তো নাম কৌরবঃ ॥১১॥

যযাতির জ্যেষ্ঠপুত্র যদু দেবযানীর গর্ভে জন্ম গ্রহণ করেন। কালক্রমে সেই যদুর বংশে দেবমীঢ় উৎপন্ন হন ॥৬॥

সেই দেবমীঢ়ের 'শূর-'নামে একটী পুত্র হয়, তিনি যথাকালে ত্রিভুবনের প্রিয় হইয়াছিলেন। সেই শূরের পুত্র—মনুষ্যশ্রেষ্ঠ মহাযশা বসুদেব ॥৭॥

রাজা ! সেই যদুবংশে ধনুর্ব্বেদে সুশিক্ষিত এবং যুদ্ধে কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য বীর ও বলবান্ 'শিনি-'নামে একব্যক্তি জন্মগ্রহণ করেন ॥৮॥

রাজা ! এই সময়ে মহাত্মা দেবকের কন্যার স্বয়ম্বরসভায় সমস্ত ক্ষত্রিয় উপস্থিত হন; তখন শিনি সকল রাজাকে পরাজিত করিয়া বসুদেবের জন্য দেবকীদেবীকে রথে আরোহণ করান ॥৯—১০॥

পুরুষশ্রেষ্ঠ রাজা ! সেই দেবকীদেবীকে শিনির রথে অবস্থিত দেখিয়া বীর ও মহাতেজা সোমদত্ত সহ্য করিলেন না ॥১১॥

(১১)...রথস্থাং পুরুষর্ষভঃ...বা নি।

শিনিনা সোমদত্তস্তু প্রসহ্য ভুবি পাতিতঃ।
অসিমুদ্যম্য কেশেষু প্রগৃহ্য চ পদাহতঃ ॥১৩॥
মধ্যে রাজসহস্রাণাং প্রেক্ষকাণাং সমন্ততঃ।
কৃপয়া চ পুনস্তেন স জীবেতি বিসর্জিতঃ ॥১৪॥ (যুগ্মকম্)
তদবস্থঃ কৃতস্তেন সোমদত্তোঽথ মারিষ!।
প্রাসাদয়ন্মহাদেবমমর্ষবশমাস্থিতঃ ॥১৫॥
তস্য তুষ্টো মহাদেবো বরদানাং মহাপ্রভুঃ।
বরেণ চ্ছন্দয়ামাস স তু বব্রে বরং নৃপ! ॥১৬॥
পুত্রমিচ্ছামি ভগবন্! যো নিপাত্য শিনেঃ সুতম্।
মধ্যে রাজসহস্রাণাং পদাহন্যাচ্চ সংযুগে ॥১৭॥

ভারতকৌমুদী

তয়োরিতি। যুদ্ধং প্রথমমস্ত্রৈঃ। প্রসক্তং প্রবৃত্তম্ ॥১২॥
শিনিনেতি। প্রসহ্য বলেন। উদ্যম্য উত্তোল্য। তেন শিনিনা, স সোমদত্তঃ ॥১৩-১৪॥
তদিতি। প্রাসাদয়দারাধনেন, মহাদেবং শিবম্ ॥১৫॥
তস্যেতি। মহাপ্রভুরতীবপ্রধানঃ। বরেণ বরদানাঙ্গীকারেণ, ছন্দয়ামাস তোষয়ামাস ॥১৬॥
পুত্রমিতি। শিনেরপ্যা শিনেঃ পৌত্র ইত্যাদিপূর্ব্বোক্তেঃ সুতপদং বংশপরম্ ॥১৭॥

পুরুষশ্রেষ্ঠ রাজা! তদনন্তর দিবসার্দ্ধপর্য্যন্ত বলবান্ সেই শিনি ও সোমদত্তের বিচিত্র ও অদ্ভুত যুদ্ধ হইল, পরে তাঁহাদের বাহুযুদ্ধ আরম্ভ হইল ॥১২॥

ক্রমে সমস্ত দিকে অবস্থিত দর্শক সহস্র সহস্র রাজার মধ্যে শিনি বলপূর্ব্বক সোমদত্তকে ভূতলে নিপাতিত করিয়া কেশাকর্ষণ ও অসি উত্তোলনপূর্ব্বক পদাঘাত করিলেন এবং দয়া করিয়া পুনরায় তিনি 'জীবিত থাক' বলিয়া সোমদত্তকে ছাড়িয়া দিলেন ॥১৩—১৪॥

মাননীয় রাজা! শিনি সেই অবস্থা করায় সোমদত্ত অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যাইয়া বহু আরাধনা করিয়া মহাদেবকে প্রসন্ন করেন ॥১৫॥

রাজা! বরদাতৃগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ মহাদেব সোমদত্তের উপরে সন্তুষ্ট হইয়া বরদান করিবার অঙ্গীকার করিয়া তাঁহাকে সন্তুষ্ট করিলেন; তিনিও বর চাহিলেন ॥১৬॥

'ভগবন্! আমি এমন পুত্র লাভ করিতে ইচ্ছা করি যে, যুদ্ধে সহস্র সহস্র রাজার মধ্যে শিনির বংশধরকে ভূতলে পাতিত করিয়া পদাঘাত করিতে পারিবে' ॥১৭॥

(১৬)···বরাণাং বরদঃ প্রভুঃ···বা নি,···নৃপঃ··· বা নি বর্দ্ধ।

তস্য তদ্বচনং শ্রুত্বা সোমদত্তস্য পার্থিব ! ।
এবমস্ত্বিতি তত্রোক্ত্বা স দেবোঽন্তরধীয়ত ।
স তেন বরদানেন লব্ধবান্ ভূরিদক্ষিণম্ ॥১৮॥
ন্যপাতয়চ্চ সমরে সৌমদত্তিঃ শিনেঃ সুতম্ ।
পশ্যতাং সর্ব্বসৈন্যানাং পদা চৈনমতাড়য়ৎ ॥১৯॥
এতত্তে কথিতং রাজন্ ! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ।
নহি শক্যো রণে জেতুং সাত্বতো মনুজর্ষভৈঃ ॥২০॥
লব্ধলক্ষ্যাশ্চ সংগ্রামে বহুশশ্চিত্রযোধিনঃ ।
দেবদানবগন্ধর্ব্বান্ বিজেতারো হ্যবিস্মিতাঃ ।
স্ববীর্য্যবিজয়ে যুক্তা নৈতে পরপরিগ্রহাঃ ॥২১॥
ন তুল্যং বৃষ্ণিভিরিহ দৃশ্যতে কিঞ্চন প্রভো ! ।
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ বলেন ভরতর্ষভ ! ॥২২॥

ভারতকৌমুদী

তস্যেতি। স সোমদত্তঃ। ভূরিদক্ষিণং ভূরিশ্রবসম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

ন্যপাতয়দিতি। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ, শিনেঃ সুতং পৌত্রং সাত্যকিম্ ॥১৯॥

এতদিতি। শিনেঃ সুতমিত্যনেন সাত্যকেরুৎপত্তিরপি ব্যাখ্যাতেতি ন ন্যূনতা ॥২০॥

লব্ধেতি। স্ববীর্য্যেণৈব অবজয়ে শত্রুজয়ে, যুক্তা যোগ্যাঃ. পরপরিগ্রহাঃ পরবলাশ্রয়াঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

নেতি। কিঞ্চন বলম্। ভব্যং বর্ত্তমানম্, বলেন শক্ত্যা ॥২২॥

রাজা ! মহাদেব সোমদত্তের সেই কথা শুনিয়া 'এইরূপই হউক' এই কথা বলিয়া সেইস্থানেই অন্তর্হিত হইলেন। সোমদত্তও যথাকালে সেই বরের প্রভাবে ভূরিশ্রবাকে পুত্ররূপে লাভ করিয়াছিলেন ॥১৮॥

এই জন্যই ভূরিশ্রবা যুদ্ধে সাত্যকিকে ভূতলে পাতিত করিতে এবং সমস্ত সৈন্যের সমক্ষে উঁহাকে পদাঘাত করিতে পারিয়াছিলেন ॥১৯॥

রাজা ! আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহা এই বলিলাম। স্থূল কথা—প্রধান মানুষেরাও যুদ্ধে সাত্যকিকে জয় করিতে সমর্থ হন না ॥২০॥

এই যদুবংশীয়েরা যুদ্ধে বহু লক্ষ্য পাইয়াছেন, বিচিত্র যুদ্ধ করিয়া থাকেন, দেব, দানব ও গন্ধর্ব্বদিগকে জয় করিতে পারেন, তাহাতেও বিস্মিত হন না, আপন শক্তিতেই বিপক্ষজয় করিতে সমর্থ এবং পরের শক্তি অবলম্বন করেন না ॥২১॥

ন জ্ঞাতিমবমন্যন্তে বৃদ্ধানাং শাসনে রতাঃ।
ন দেবাসুরগন্ধর্ব্বা ন যক্ষোরগরাক্ষসাঃ।
জেতারো বৃষ্ণিবীরাণাং কিং পুনর্মানবা রণে ॥২৩॥
ব্রহ্মদ্রব্যে গুরুদ্রব্যে জ্ঞাতিস্বে চাপ্যহিংসকাঃ।
এতেষাং রক্ষিতারশ্চ যে স্যুঃ কস্যাঞ্চিদাপদি ॥২৪॥
অর্থবন্তো ন চোৎসিক্তা ব্রহ্মণ্যাঃ সত্যবাদিনঃ।
সর্ব্বথা নাবমন্যন্তে দীনানভ্যুদ্ধরন্তি চ ॥২৫॥
নিত্যং দেবপরা দান্তা দাতারশ্চাবিকত্থনাঃ।
তেন বৃষ্ণিপ্রবীরাণাং চক্রং ন প্রতিহন্যতে ॥২৬॥

ভারতকৌমুদী

নেতি। বৃদ্ধানাং শাসনে রতা ইত্যনেন সৎপথবর্ত্তিত্বং সূচিতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৩॥
ব্রহ্মেতি। ব্রহ্মদ্রব্যে ব্রাহ্মণধনে। যে স্যুস্তেষাং দ্রব্যে চাহিংসকা ইতি সম্বন্ধঃ ॥২৪॥
অর্থেতি। উৎসিক্তা গর্ব্বিতাঃ, ব্রহ্মণ্যা ব্রাহ্মণহিতকারিণঃ। নাবমন্যন্তে কমপি ॥২৫॥
নিত্যমিতি। দান্তা বিনীতাঃ। অবিকত্থনা অনাত্মশ্লাঘাকারিণঃ। চক্রং সৈন্যম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

